আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

ক্ষুদ্র ব্যবসাপ্রতিষ্ঠানও স্টিমুলাস পাচ্ছে

বাংলা পত্রিকা ডেস্কঃ- করোনা মহামারির নেতিবাচক প্রভাব পড়েছে যুক্তরাষ্ট্রের অর্থনীতিতে। এতে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানগুলো। ক্ষুদ্র ব্যবসাপ্রতিষ্ঠানকে **(বাকি অংশ ৪ পাতায়)**

সাপ্তাহিক
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
বর্ষ ২৫ || সংখ্যা ৩৪ || সোমবার || জৈষ্ঠ্য ৩ || ১৪২৮ || শাওয়াল ৫ || ১৪৪২ || Vol. 25 || Issue 34 || 17May || 2021 || USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086



জ্বলছে গাজাঃ নিহত ১৩২

বাংলা পত্রিকা ডেস্ক : ফিলিস্তিনের রাজধানী গাজা জ্বলছে। ইসরাইলের মুহুর্মুহু বিমান ও সমুদ্র পথে হামলায় অগ্নিকুণ্ডে পরিণত হয়েছে বিচ্ছিন্ন জনপদটি। শনিবার ভোরে নতুন করে আকাশপথে হামলা জোরালো করেছে ইসরাইল। এর জবাবে হামাস রকেট ছুড়েছে ইসরাইলের দিকে। ইসরাইলের হামলায় গাজায় একটি মসজিদ **(বাকি অংশ ৪২ পাতায়**

বাইডেনের ঈদের দাওয়াত বয়কট মুসলিম নেতাদের

বাংলা পত্রিকা ডেস্কঃ-পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে একটি অনুষ্ঠানের আয়োজন করেছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন। এই অনুষ্ঠানে যোগ দেওয়ার কথা ছিল মুসলমানদের অধিকার সংগঠনগুলোর নেতৃস্থানীয়দের। তবে ফিলিস্তিন ইস্যুতে মার্কিন সরকারের অবস্থান ও ভূমিকার প্রতিবাদ হিসেবে সংগঠনগুলো ওই অনুষ্ঠান **(বাকি অংশ ৪১ পাতায়)**

যুক্তরাষ্ট্রে ইমিগ্র্যাশনে পাবলিক চার্জ বাতিল

ঢাকা ডেস্ক : হেলথ ইন্সুরেন্স আর্থিক সক্ষমতা না থাকলে যুক্তরাষ্ট্রে অভিবাসন দেওয়া হবে না বলে নির্দেশনা জারি করেছিলেন সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। প্রেসিডেন্ট জো বাইডেন এমন নির্দেশনা বাতিল করে বলেছেন, ওই নির্দেশনা যুক্তরাষ্ট্রের স্বার্থের পরিপন্থী। এর মাধ্যমে যুক্তরাষ্ট্রে অভিবাসীদের আসা কঠিন করে তোলা ট্রাম্প জমানার আরেকটি নির্দেশনা বাতিল হয়ে গেল। প্রেসিডেন্ট জো বাইডেন ১৪ মে বলেছেন, তাঁর প্রশাসন জনগণের জন্য সাশ্রয়ী ও মানসম্মত স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। যাঁরা আইনসম্মত অভিবাসন প্রক্রিয়ায় যুক্তরাষ্ট্রে প্রবেশ করবেন, তাঁদের স্বাস্থ্যসেবা থেকে বাদ না দিয়েও এ লক্ষ্য অর্জন সম্ভব। ২০১৯ সালের **(বাকি অংশ ৪২ পাতায়)**

www.banglapatrikausa.com


টিকা গ্রহণকারীদের মাস্ক ছাড়া থাকার অনুমতি

বাংলা পত্রিকা ডেস্ক : করোনাভাইরাসের টিকা গ্রহণকারীদের ঘরে-বাইরে বেশিরভাগ জায়গায় মাস্ক ছাড়া থাকার অনুমতি **(বাকি অংশ ৪২ পাতায়)**


APOLLO INSURANCE BROKERAGE INC.
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
BASE NO. B03152
Shamsher Ali
President & CEO
29-10 36th Avenue, Astoria, NY 11106
Tel : 718-472-9800 Fax : 718-472-9801
Email: apollobrokerageinc@gmail.com exitluxuryinc@gmail.com Website: www.exitluxuryinc.com

বাঙালী যোদ্ধার কাছে ধরাশায়ী হয়েছিল ইসরাইল

বাংলা পত্রিকা ডেস্কঃ গত এক সপ্তাহ ধরে সংঘাতে লিপ্ত ইসরাইল-ফিলিস্তিন। মূলত দখলদার ইসরাইলি বাহিনীর বর্বরোচিত হামলার পাল্টা জবাব দিচ্ছে ফিলিস্তিনের ইসলামী প্রতিরোধ আন্দোলন হামাস। এবারের সংঘাত মূলত রমজান মাসে পবিত্র আল আকসায় মুসল্লিদের নামাজে বাধা দেওয়ার **(বাকি অংশ ৪২ পাতায়)**



'ফিলিস্তিনিদের কি বাঁচার অধিকার আছে?'

আলেকজান্দ্রিয়া ওকাসিও


বাংলা পত্রিকা ডেস্ক : যুক্তরাষ্ট্রের আইন পরিষদ **(বাকি অংশ ৪২ পাতায়)**

নিউইয়র্কে ব্লাজিওর উত্তরসূরি কে

বাংলা পত্রিকা ডেস্ক।- বিশ্বের রাজধানী হিসেবে খ্যাত নিউইয়র্ক সিটি মেয়র পদে নির্বাচনের বাতাস বইতে শুরু করেছে। ফলে, **(বাকি অংশ ৪২ পাতায়)**

মিতু হত্যাকাণ্ড

বিস্ফোরক তথ্য দিলেন বাবুলের সোর্সের স্ত্রী



বাংলা পত্রিকা ডেস্ক : চট্টগ্রামে সাবেক এসপি-পত্নী মাহমুদা খানম মিতু হত্যাকা- নতুন মোড় নিয়েছে। খুনের ৫ **(বাকি অংশ ৪২ পাতায়)**

প্রাণঘাতী হবে করোনা সংক্রমণের দ্বিতীয় বছর

বাংলা পত্রিকা ডেস্ক : বিশ্বজুড়ে আরো মারাত্মক আকার নিতে পারে করোনা পরিস্থিতি। এই আশঙ্কার কথা **(বাকি অংশ ৪২ পাতায়)**

যৌন অপরাধীর সঙ্গে যোগাযোগের কারণে সম্পর্ক ভাঙলেন মেলিন্ডা!



বাংলা পত্রিকা ডেস্ক : মাইক্রোসফটের সহপ্রতিষ্ঠাতা বিল (বাকি অংশ ৪১ পাতায়)

NO MORE ODD JOBS
GET A JOB WITH $80K PLUS SALARY!
OUR MOST POPULAR COURSES:
Basic Computing for IT Help Desk Support
Software Testing with Selenium
BI Developer with Power BI & SQL Server
We provide guaranteed job assistance
No IT experience required
Interactive courses
Weekend classes
ADMISSION GOING ON
QA TEK SOLUTIONS INC.
An Information Technology Company
NY (929) 601-8565 NY (347) 658-9284
167-11 Hillside Avenue # 2a, Jamaica, NY 11434
admin@qateksolutions.com www.qateksolutions.com

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
সারা বছর জুড়ে একাউন্টিং সার্ভিসেস
বাক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আই আর এস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আপনার ট্যাক্স ফাইল একজন সিপিএ দিয়ে করুন
আহাদ আলী, সিপিএ
Tel: (929)371-9915 | info@ahadandco.com
2153 Westchester Ave Suite 200, Bronx, NY 10462
47-01 Van Dam Street Long Island City, NY 11101

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
Bangla Travel
JACKSON HEIGHTS NEW YORK
সবচেয়ে কম দামের গ্যারান্টি দিচ্ছি
7305 37th Road, Jackson Heights, NY 11372
Email: digitalonetravel@gmail.com (কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজা)
Phone: 917-396-4140, 917-592-7828
সুপার সেভ $689+
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

SUNNATI HAJJ & UMRAH GROUP
Haji trusted since 2000
All Air Tickets Visa Services
Peace Tour
Tel: 718-739-3189
Cell: 347-527-6276, 347-750-3909
87-26, 175 Street, Apt. #1A, Jamaica, NY 11432
Email: sunnatihajj@gmail.com
Web: www.hajjmakkah.com


CENTURY 21
AMERICAN HOMES
বাড়ি ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন
M: 917-749-4143
B: 718-446-1300
F: 718-452-2152
khanf04@yahoo.com
c21amhomes.com
76-26 Broadway, Elmhurst, NY 11373
Ferdous Khan
Real Estate Licensed Sales Assoricate

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs Inquiries Collections
Garnishment Bankruptcy Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com


স্বল্পমূল্যে Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
(718) 626-0733
(718) 626-2321
crescentinsurance@gmail.com
(বিস্তারিত দেখুন ৯ পাতায়)
Crescent Insurance Brokegage Inc.
37-11 74 th Street # 2 Floor, Jackson Heights, NY 11372
KABIR CHOWDHURRY

AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

BANGLA HOME CARE
BANGLA CDPAP SERVICES

LOVE WITH CARE IS HUMANITY"

বাঙালীর জন্যে বাঙালীর সেবা, মানুষ মানুষের জন্যে



Corporate Office

72-26 BROADWAY (2ND FL.)
JACKSON HEIGHTS, NY 11372

WE ARE HIRING HHA
HHA CERTIFICATE CLASS AVAILABLE

HHA সার্টিফিকেট এর মাধ্যমে আপনি ঘরে-বাইরে
যে কোন রোগীকে স্বাস্থ্য-সেবা দিতে পারেন।

- Highest Rate • Home Care Services
- CDPAP Services • MLTC Related Supports
- Medicaid Apply, Renewal & Code Removal




BROOKLYN OFFICE : 518 McDONALD AVENUE, BROOKLYN, NY 11218

FOR MORE INFO

718-708-9751 | 646-769-0966 | 718-415-3924 | 718-629-7169
718-414-7210 | 718-500-2388

E-MAIL: BANGLACDPAP.CLIENTS@GMAIL.COM

বাংলা পত্রিকা
৩-এর পৃষ্ঠা
The Weekly Bangla Patrika
The Weekly Bangla Patrika // Monday // May 17 // 2021

গংগা-তিস্তার পানিবঞ্চিত বাংলাদেশে ফারাক্কা লংমার্চ এখনো প্রাসঙ্গিক

ঢাকাঃ ঐতিহাসিক ফারাক্কা লং মার্চ দিবস স্মরণে আন্তর্জাতিক ফারাক্কা কমিটি রোববার এক বিবৃতিতে ঢাকা ও দিল্লীকে উভয় দেশের মধ্যদিয়ে প্রবাহিত ৫৪টি নদী বাঁচিয়ে রাখতে উৎস থেকে সাগর পর্যন্ত নদীর প্রবাহ বজায় রাখার জন্য চুক্তি স্বাক্ষর করার আহবান জানিয়েছে। বাঁধদিয়ে স্বল্প মেয়াদী সুবিধার জন্য নদীর গতি পরিবর্তন এই প্রাকৃতিক পানির উৎসগুলোকে মেরে ফেলছে। ১৬ মে ঐতিহাসিক লংমার্চ দিবস। ১৯৭৬ সালের এই দিনে বাংলাদেশের মজলুম জননেতা মাওলানা আবদুল হামিদ খান ভাসানী রাজশাহী থেকে গংগার উপর নির্মিত ফারাক্কা বাঁধ অভিমূখে আয়োজিত লংমার্চের নেতৃত্ব দেন। নদীর গতি একতরফা পরিবর্তনের ফলে ভাটিতে অবস্থিত বাংলাদেশে গংগা তখন শুকিয়ে গিয়েছিল। বাংলাদেশের সাথে পরামর্শক্রমে ১৯৭৫ সালের ২১ এপ্রিল থেকে ৩১ মে মোট ৪১ দিনের জন্য বাঁধটি চালু করে হয়েছিল। কিন্তু (বাকি অংশ ৮ পাতায়)



নিউইয়র্ক বাংলাদেশী আমেরিকান লায়ন্স ক্লাবের ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

নিউইয়র্ক: ধর্মীয় ভাবগাম্ভীর্য ও নিজেদের মধ্যে সৌহার্দ্য-সম্প্রীতি এবং সারা বিশ্বের মুসলিম জাহানের সুখ-শান্তি ও সমৃদ্ধি কামনা করে প্রবাসের অন্যতম সেবামূলক সংগঠন নিউইয়র্ক বাংলাদেশী আমেরিকান লায়ন্স ক্লাবের ইফতার মাহফিল গত ৬মে, বৃহস্পতিবার জ্যাকসন হাইটসের পালকি পার্টি হলে অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠানের স্পন্সর ছিলেন কুইন্স কাউন্টি ডেমোক্র্যাটিক পার্টি ডিস্ট্রিক্ট লীডার এট লার্জ লায়ন এটর্নী মঈন চৌধুরী। ইফতার মাহফিলে মুসলিম উম্মাহ এবং কভিড মহামারীতে কমিউনিটির প্রয়াতের মগফেরাত কামনা ও আক্রান্তদের রোগ মুক্তির জন্য দোয়া পরিচালনা করেন এটর্নী মঈন চৌধুরী।

করেনা পরিস্থিতিতে সীমিত আকারে আয়োজিত অনুষ্ঠানে শতাধিক কমিউনিটি নেতৃবৃন্দ ও লায়ন্স ক্লাব সদস্যরা অংশ নেন। সংগঠনের সভাপতি লায়ন আসিফ বারীর সভাপতিত্বে ও সেক্রেটারী লায়ন আহসান হাবিবের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিশিষ্ট সঙ্গীত শিল্পী লায়ন বেবী নাজনীন, ক্লাবের বিদায়ী প্রেসিডেন্ট লায়ন অ্যাডভোকেট নাসিরুদ্দিন, সাবেক প্রেসিডেন্ট লায়ন শাহ নেওয়াজ ও লায়ন মোহাম্মদ সাঈদ, ইমিগ্রগ্রন্ট এল্ডার্স হোম কেয়ার-এর প্রেসিডেন্ট ও সিইও গিয়াস আহমেদ, ডা. মাসুদুর রহমান, কমিউনিটি অ্যাক্টিভিস্ট নূর ইসলাম বর্ষণ, ক্লাব সেক্রেটার লায়ন আহসান হাবিব, ফার্স্ট ভাইস প্রেসিডেন্ট লায়ন মোঃ রফিকুল ইসলাম, ক্লাব মেম্বারশিপ চেয়ার লায়ন ফাহাদ সোলায়মান, ক্লাব ডিরেক্টর মুনমুন হাসিনা। মঞ্চে উপবিষ্ট ছিলেন জাতিসংঘ হেড কোয়ার্টার্স কারেন্ট মিলিটারি অ্যাফেয়ার্স এর ডেপুটি চিফ লেঃ কর্নেল (অবঃ) আরিফুর রেজা।

অনুষ্ঠানে হামদ ও নাত পরিবেশন করেন কিংবদন্তি শিল্পী ও লায়ন বেবী নাজনীন এবং এটর্নি লায়ন মঈন চৌধুরী। অনুষ্ঠানে বিশিষ্ট সুধীজনদের মধ্যে উপস্থিত ছিলেন লায়ন্স ডিস্ট্রিক্ট ২০-আর ২ নিউইয়র্কের পাস্ট গভর্নর মেধাদী সাই ও আমাদো সাই, ডা. চৌধুরী সারওয়ার হাসান, ফোবানা স্টিয়ারিং কমিটির মেম্বার সেক্রেটারী কাজী সাখাওয়াত হোসেন আজম, ফোবানা ২০১৯ এর মেম্বার সেক্রেটারী ফিরোজ আহমেদ, এটর্নী সোমা সায়ীদ, কমিউনিটি এলিয়েন্স গ্রুপের প্রেসিডেন্ট মিজানুর চৌধুরী, বাংলাদেশী আমেরিকান পুলিশ এসোসিয়েশনের অক্সিলারী সার্জেন্ট সৈয়দ এনায়েত আলী, বিশিষ্ট সংগীত শিল্পী সায়েরা রেজা ও রানু নেওয়াজ, নর্থ বেঙ্গল ফাউন্ডেশনের সেক্রেটারী মোঃ আশরাফুজ্জামান আশরাফ, বাংলাদেশ আওয়ামী ফোরামের সভাপতি মোঃ হারুন-অর-রশিদ, ডিপ্লোম্যাট ফ্যাশন গ্রুপ এর সিইও মোঃ আব্দুর দিলীপ, প্যাসিফিক গ্রুপের সিইও মুহাম্মদ খালেক, গ্লোবাল মাল্টি সার্ভিসের সিইও তারেক হাসান খান, শো টাইম মিউজিকের সিইও আলমগীর খান আলম, লিবার্টি রেনোভেশন এর সিইও মোহাম্মাদ আজাদ, নবাবগঞ্জ এসোসিয়েশনের সভাপতি গিয়াস আহমেদ, ফেমাস ড্রাইভিং স্কুলের স্বত্বাধিকারী মোঃ ইসমাইল ও তাহমিনা চৌধুরী, ডিজিটাল গ্রাফিক্সের সিইও মনিরুল ইসলাম, গ্রফিক্স ওয়ার্ল্ডের প্রেসিডেন্ট শাকিল মিয়া, বিশিষ্ট আর্টিস্ট রাগীব আহমেদ প্রমুখ।

ক্লাবের কর্মকর্তাদের মধ্যে ছিলেন ভাইস প্রেসিডেন্ট লায়ন এ কে এম এ রশিদ ও লায়ন রকি আলিয়ান, ট্রেজারার লায়ন মোঃ সাইফুল ইসলাম, জয়েন্ট সেক্রেটারী লায়ন জে এফ এম রাসেল ও মোঃ হাসান জিলানী, টেল টুইস্টার লায়ন ডেইসি ইয়াসমিন, ডিরেক্টর লায়ন মোঃ হেলাল উদ্দিন, লায়ন মুন মুন হাসিনা বারী ও লায়ন মোহাব্বত আখন্দ, লায়নস চার্টার মেম্বার লায়ন মোঃ মুস্তাফা, লায়ন হারুন ভূঁইয়া, লায়ন ফেমড রকি, লায়ন মুস্তাফা রাজ অনিক, লায়ন আলী সায়েদ টিপু, লায়ন মোহাম্মদ কাশেম, লায়ন আসাদ চৌধুরী।

অনুষ্ঠানের স্পন্সর লায়ন এটর্নী মঈন চৌধুরীর প্রতি কৃতজ্ঞতা সহ তাকে ফুল দিয়ে অভ্যর্থনা জানানো হয় এবং ক্লাব ভাইস প্রেসিডেন্ট লায়ন এ কে এম এ রশিদ এর জন্মদিন উপলক্ষ্যে তাকে ফুল প্রদান এবং কেক কেটে সম্মানিত করা হয়। -প্রেস বিজ্ঞপ্তি।

নিউইয়র্কে সাউন্ডট্রাক নিয়ে হেলাল শেখ'র নির্বাচনী গণসংযোগ

নিউইয়র্ক: নিউইয়র্ক সিটি কাউন্সিলের আসন্ন ডেমেক্র্যাটিক প্রাইমারী নির্বাচনে ডিস্ট্রিক্ট ৩২ কুইন্স এর কাউন্সিলম্যান পদপ্রার্থী হেলাল আবু শেখ কুইন্সের উডহ্যাভেন বুলেভার্ডে জামিয়াহ ইসলামিক সেন্টারে মুসল্লীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেছেন। গত ৭ মে শুক্রবার আকর্ষণীয় সাউন্ড ট্রাক নিয়ে নির্বাচনী গণসংযোগে নামেন তিনি। ঐদিন বাদ জুম্মা মসজিদে নির্বাচনী শুভেচ্ছা বিনিময়কালে তিনি আগামী ২২ জুন অনুষ্ঠেয় নির্বাচনে মুসল্লী সহ বাংলাদেশী কমিউনিটির সকলের সমর্থন ও দোয়া কামনা করেন। মসজিদের খতিব মাওলানা আসাদ ও ইমাম মাওলানা জামিল সহ বিপুল সংখ্যক মুসল্লী এসময় উপস্থিত ছিলেন।



জামিয়াহ ইসলামিক সেনটারের সভাপতি মাসুদ হাসানের পরিচালনায় এসময় হেলাল আবু শেখ তাকে নির্বাচিত করার আহবান জানিয়ে বলেন, ২০১৭ সালে সিটি কাউন্সিল ডেমোকক্র্যাটিক প্রাইমারীতে তিনি উল্লেখিত আসনে প্রতিদ্বন্দ্বি প্রার্থীর মধ্যে দ্বিতীয় হয়েছিলেন। এবার সকল বাঙালী ভোটার ভোটাধিকার প্রয়োগ করলে তার বিজয় অবিসম্ভাবী বলে তিনি আশাবাদী।

তিনি নিউইয়র্ক সিটির প্রথম বাংলাদেশী-আমেরিকান কাউন্সিলম্যান হিসেবে তাকে নির্বাচিত করে বাংলাদেশী কমিউনিটির অধিকার আদায়ে ভূমিকা রাখার জন্য ভোটারদের প্রতি আহবান জানান। তিনি বলেন, সিটি কাউন্সিলে বাংলাদেশী-আমেরিকানদের কণ্ঠস্বর হিসেবে আমি ভূমিকা রাখতে চাই। পাবলিক স্কুলে মুসলমান ছাত্রদের জন্য হালাল খাবার সরবরাহসহ বাংলাদেশীদের বিভিন্ন দাবি-দাওয়া আদায়ে বলিষ্ঠ ভূমিকা রাখবো। হেলাল আবু শেখ তাকে সমর্থন ও সহযোগিতার জন্য বাংলাদেশী কমিউনিটির প্রতি কৃতজ্ঞতা জানিয়ে সবসময় বাংলাদেশীসহ ইমিগ্র্যান্টদের পাশে থাকার অঙ্গীকার পুন:ব্যক্ত করেন।

উল্লেখ্য, কাউন্সিলম্যান পদপ্রার্থী হেলাল শেখ এদিন ১৫ আসন বিশিষ্ট আকর্ষণীয় নির্বাচনী সাউন্ড ট্রাক নিয়ে গণসংযোগে নামেন। নিউইয়র্কে বাংলাদেশী-আমেরিকান প্রার্থীদের মধ্যে তিনিই সর্ব প্রথম ব্যয়বহুল সাউন্ড ট্রাক নিয়ে নির্বাচনী ময়দানে গণসংযোগে নামেন।

আরো উল্লেখ্য, নিউইয়র্ক সিটির আসন্ন নির্বাচনে কাউন্সিলম্যান পদে বাংলাদেশী-আমেরিকান হেলাল আবু শেখ, নিউইয়র্ক সিটির ডিস্ট্রিক্ট ৩২ (কুইন্স- বেলী হারবার, ব্রিজি পয়েন্ট, বোর্ড চ্যানেল, হেমিলটন বীচ, হাওয়ার্ড বীচ, লিন্ডেন উড, নেপনসিট, ওজন পার্ক, রকওয়ে বীচ, রকওয়ে পার্ক, সাউথ ওজনপার্ক, সাউথ রিচমন্ড হিল এবং উড হ্যাভেন) থেকে নির্বাচনে লড়ছেন। ডেমোক্র্যাটিক দলীয় প্রাইমারী নির্বাচন আগামী ২২ জুন মঙ্গলবার অনুষ্ঠিত

কানাডার ইউসিএমএএস প্রতিযোগিতায় বাংলাদেশী অধরা চ্যাম্পিয়ন



বাংলা পত্রিকা ডেস্ক: অধরা রাইমা মজুমদার ২০২১ সালের ইউসিএমএএস জাতীয় প্রতিযোগিতায় জুনিয়র গ্রুপে কানাডার জাতীয় ও আলবার্টার প্রাদেশিক চ্যাম্পিয়ন হয়েছে। প্রায় ১৫ হাজার শিক্ষার্থী পুরো কানাডা থেকে এই প্রতিযোগিতার জুনিয়র গ্রুপে অংশ নেয়।

প্রবাসী বাঙালী শুভ মজুমদার ও রমা মজুমদারের একমাত্র সন্তান অধরা রাইমা। সে বর্তমানে হিউ এ বেনেট স্কুলে গ্রেড-৩ তে অধ্যয়নরত। অধরা স্কুলের জনসেবামূলক কর্মকান্ড, স্বেচ্ছাসেবা এবং পাবলিক স্পিকিংয়ে জড়িত। এছাড়া অধরা বাংলাদেশ কানাডা অ্যাসোসিয়েশন অব ক্যালগেরির হয়ে কমিউনিটির বিভিন্ন সেবামূলক কাজে অংশগ্রহণ নেয়।

ইউসিএমএএস হলো বিশ্বব্যাপী স্বীকৃত এবং বৈজ্ঞানিকভাবে প্রমাণিত মানসিক গণিত এবং অ্যাবাকাসের ওপর ভিত্তি করে শিশু বিকাশ কর্মসূচি। ইউনিভার্সাল কনসেপ্ট মেন্টাল অ্যারিমেটিক সিস্টেম (ইউসিএমএএস) ২০০৪ সালে উত্তর আমেরিকাতে কার্যক্রম শুরু করে এবং বর্তমানে নেটওয়ার্ক জুড়ে প্রায় ৭০টি শিক্ষাকেন্দ্র রয়েছে। এই কেন্দ্রগুলোতে ৩০ হাজারেরও বেশি শিক্ষার্থী নিবন্ধিত।

বিদেশের মাটিতে বাংলাদেশের লাল সবুজের পতাকাকে আলোকিত করতে অধরার এই অর্জন ভূমিকা রাখবে বলে মনে করেন প্রবাসীরা। অধরার অভিভাবকদের প্রত্যাশা, বাংলাদেশকে প্রবাসে ইতিবাচক রূপে তুলে ধরতে অধরা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

অধরা'র মা-বাবা রমা মজুমদার এবং শুভ মজুমদার তাদের প্রতিক্রিয়ায় বলেন. মেয়ের সাফল্যে আমরা সত্যিই অনেক গর্বিত। অধরার এই সাফল্য অন্যান্য প্রবাসী বাঙালীর সন্তানদেরও অনুপ্রাণিত করবে বলেই আমাদের বিশ্বাস। অধরার এই সাফল্য ধরে রাখতে তারা সকলের কাছে দোয়া কামনা করেন।

অ্যাওয়ার্ড প্রাপ্তি প্রসঙ্গে অধরা বলেন, আমার সব কাজের অনুপ্রেরণা বাবা-মা। আমি মনে করি, ছাত্রজীবন থেকেই লেখাপড়ার পাশাপাশি মানসিক বিকাশ ও জনসেবামূলক কর্মকান্ডে এগিয়ে আসা উচিত। বাংলাদেশের সংস্কৃতি ও ঐতিহ্যের জন্য গর্ববোধ করে অধরা।





ইসরায়েল-ফিলিস্তিন ইস্যুতে এরদোয়ান-রুহানির ফোনালাপ

ঢাকা ডেস্ক : ফিলিস্তিনে নিরীহ মানুষের ওপর ইসরায়েলি সামরিক বাহিনীর চলমান বিমান হামলার বিষয়ে তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ান ও ইরানের প্রেসিডেন্ট হাসান রুহানির মধ্যে ফোনালাপ হয়েছে। রোববার (১৬ মে) তুর্কি বার্তা সংস্থা আনাদোলু এজেন্সির এক প্রতিবেদনে এই তথ্য জানা যায়।

রোববার (১৬ মে) তুরস্কের যোগাযোগ মন্ত্রণালয়ের এক বিবৃতিতে বলা হয়- এরদোয়ান রুহানিকে বলেছেন, ইসরায়েল ফিলিস্তিনিদের সঙ্গে যা করছে, এর বিরুদ্ধে তুরস্ক কঠোর ব্যবস্থা নেবে।

এরদোয়ান বলেন, এই আগ্রাসনের বিরুদ্ধে বিশ্ব সম্প্রদায়ের উচিত এখনই ইসরায়েলকে কঠিন বার্তা দেয়া। তুরস্কের প্রেসিডেন্ট জোর দিয়ে বলেন, ইসরায়েলি হামলার বিরুদ্ধে অবশ্যই ইসলামি বিশ্বকে অভিন্ন আলোচনা এবং তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া জরুরি হয়ে দাঁড়িয়েছে। ফোনালাপের সময় দুই দেশের দ্বিপাক্ষিক সম্পর্ক নিয়েও তারা আলোচনা করেন বলে বিবৃতিতে উল্লেখ করা হয়।

গত এক সপ্তাহে গাজায় ইসরায়েলি হামলায় কমপক্ষে ১৮০ জনের বেশি ফিলিস্তিনি নিহত হয়েছে। এর মধ্যে ৫২ জনই শিশু। অপরদিকে আহত হয়েছে এক হাজারের বেশি মানুষ। পশ্চিম তীরে ইসরায়েলি বাহিনীর হাতে কমপক্ষে ১৩ ফিলিস্তিনি নিহত হয়। অপরদিকে হামাসের হামলায় এখন পর্যন্ত ইসরায়েলে ১০ জনের মৃত্যু হয়েছে বলে দেশটির পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে। শনিবার সেখানে নতুন করে দুই ইসরায়েলি নিহত হয়।

শনিবার রাতে টেলিভিশনে দেয়া এক ভাষণে ইসরায়েলি প্রধানমন্ত্রী বেনজামিন নেতানিয়াহু জানিয়েছিলেন, যতক্ষণ প্রয়োজন গাজায় হামলা অব্যাহত থাকবে। অপরদিকে হামাস নেতা ইসমাইল হানিয়া জানিয়েছেন, ইসরায়েলি হামলার পাল্টা জবাব দেয়া হবে।



যুক্তরাষ্ট্রের ক্ষুদ্র ব্যবসাপ্রতিষ্ঠানও প্রণোদনা পাবে

(প্রথম পাতার পর)

টিকিয়ে রাখতে তাদের আর্থিক সহযোগিতা দিয়ে আসছে ক্ষুদ্র ব্যবসা প্রশাসন (এসবিএ)। সম্প্রতি এই প্রশাসন থেকে ঘোষণা দেওয়া হয়েছে, দেউলিয়া হয়ে যাওয়া ব্যবসাপ্রতিষ্ঠানকেও আর্থিক সহযোগিতা দেওয়া হবে।

করোনার প্রাদুর্ভাব শুরুর পর থেকে মার্কিন সরকার নাগরিকদের বেকার ভাতা ও আর্থিক প্রণোদনা দেওয়ার পাশাপাশি ক্ষুদ্র ব্যবসাপ্রতিষ্ঠানের জন্য ঋণ ব্যবস্থা চালু করে। গত বছরের মার্চ থেকে এই ঋণ প্রকল্প চালু করা হয়। কিন্তু জুলাই মাসের মাঝামাঝি সময়ে এ প্রকল্পের জন্য বরাদ্দকৃত অর্থ শেষ হয়ে যায়। এরপর আর কাউকে ঋণ দেওয়া সম্ভব হয়নি। চলতি বছরের শুরু থেকে আবার এই প্রকল্প থেকে ঋণ দেওয়া হচ্ছে।

ক্ষুদ্র ব্যবসা প্রশাসন (এসবিএ) যুক্তরাষ্ট্রের ক্ষুদ্র ব্যবসাপ্রতিষ্ঠানকে প্রায় ৮১৩ বিলিয়ন ডলার ঋণ দেওয়ার উদ্যোগ নিয়েছে। দেউলিয়া হওয়া প্রতিষ্ঠানগুলো এত দিন পর্যন্ত এই প্রকল্পের আওতাধীন ছিল না। গত মার্চ মাস থেকে দেউলিয়া হয়ে যাওয়া প্রতিষ্ঠানকেও এই প্রকল্পের আওতায় ঋণ দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। দেউলিয়া হয়ে যাওয়া প্রতিষ্ঠান ছাড়াও আগে যেসব প্রতিষ্ঠানের ঋণের আবেদন নাকচ করে দেওয়া হয়েছে, তারাও এখন আবেদন করতে পারবে।

অর্থনৈতিক ক্ষেত্রে করোনা মহামারির ব্যাপক প্রভাব পড়েছে। করোনার প্রাদুর্ভাব রোধে অনেক প্রতিষ্ঠান বন্ধ করে দেওয়া হয়। এতে করে অনেকে বিরাট ক্ষতির সম্মুখীন হয়। ব্যাংক থেকে ঋণ নেওয়া অর্থ পরিশোধ করতে না পারার কারণে অনেক প্রতিষ্ঠান দেউলিয়া হয়ে পড়ে। ফলে এসব প্রতিষ্ঠান ঋণ নিতে আপ্রাণ চেষ্টা করতে থাকে। গত বছরের ডিসেম্বরে কংগ্রেস দেউলিয়া হয়ে যাওয়া এসব প্রতিষ্ঠানকে ঋণ প্রদান করার আইন পাশ করে। কিন্তু তা কার্যকর হতে এসব প্রতিষ্ঠানকে দীর্ঘদিন অপেক্ষা করতে হয়েছে।

ব্যবসাপ্রতিষ্ঠান, পারিবারিক খামার ও স্বতন্ত্র গ্রাহকেরা ঋণের আবেদন করতে পারবে বলে ৬ এপ্রিল এসবিএ তাদের ওয়েবসাইটে ঘোষণা করে। প্রশাসনের কর্তারা বিশ্বাস করেন, এই সুযোগ দেউলিয়া হয়ে যাওয়া অনেক প্রতিষ্ঠানকে চিরতরে বন্ধ হয়ে যাওয়া

ইসরায়েল নীতি নিয়ে নিজ দলেই তোপের মুখে বাইডেন

ঢাকা ডেস্ক : গত বছরের নভেম্বরের নির্বাচন নিয়ে সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প অগণতান্ত্রিক পন্থায় নানা মিথ্যাচারের আশ্রয় নিয়েছেন। এ ঘটনায় মার্কিন প্রশাসনের সরকারি নীতি (জিওপি) নিয়ে দেশের মধ্যে সৃষ্ট বিভক্তি অনেকের মনোযোগ আকর্ষণ করে।

কিন্তু এবার মার্কিন প্রশাসনের নেতৃত্বে প্রেসিডেন্ট জো বাইডেন। এখন তাঁর দল ডেমোক্রেটিক পার্টির মধ্যেই মতবিরোধ দানা বেঁধে উঠছে। এর নেপথ্যে রয়েছে ইসরায়েল ও ফিলিস্তিনের মধ্যে চলমান সংঘাতে যুক্তরাষ্ট্রের কীভাবে সাড়া দেওয়া উচিত, সে বিষয়টি। ডেমোক্র্যাটরা মানবাধিকার বিষয়ে প্রেসিডেন্ট বাইডেনের প্রতিশ্রুতি নিয়ে প্রশ্ন তুলছেন। দাবি করছেন, ফিলিস্তিনিদের ওপর অব্যাহত হামলা বন্ধে ইসরায়েলের ওপর আরও চাপ সৃষ্টি করতে। খবর সিএনএনের।

এই চাপ ডেমোক্রেটিক পার্টির জন্য একধরনের অস্বস্তিকর প্রকাশ্য লড়াইয়ের মতো। কেননা গত নির্বাচনে দলটি সামাজিক ও বর্ণবাদী বৈষম্যের অবসান ঘটিয়ে ন্যায়বিচার প্রতিষ্ঠাকে তাদের অন্যতম অ্যাজেন্ডা হিসেবে প্রকাশ করেছে। যুক্তরাষ্ট্রের ইতিহাসে দেশটি নিজেই বিভিন্ন সময়ে নতুন নতুন পন্থায় বর্ণবাদের খপ্পরে পড়েছে। তা থেকে বেরিয়ে আসতে ব্ল্যাক লাইভস ম্যাটারের (কৃষ্ণাঙ্গদের জীবনও মূল্যবান) মতো আন্দোলন মূলধারার পন্থা হিসেবে গৃহীত হয়েছে। এখন ইসরায়েল ও ফিলিস্তিনের মধ্যকার সংঘাতে উদারপন্থীরা চান যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রনীতিতে ন্যায়বিচারের একই রকমের ধারণার প্রয়োগ। ফিলিস্তিনিদের প্রতি ইসরায়েল বর্ণবাদী দৃষ্টিভঙ্গি পোষণ করেএই মতের পক্ষে যুক্তরাষ্ট্রে ক্রমবর্ধমান হারে জনমত সৃষ্টি হচ্ছে।

ইসরায়েলের আগ্রাসী হয়ে ওঠা ও ইসরায়েল-ফিলিস্তিন সংঘাতে অব্যাহতভাবে মানবাধিকার লঙ্ঘনের ঘটনা বেড়ে চললেও তা উপেক্ষা করায় হোয়াইট হাউসের সমালোচনা করছেন সোচ্চার কণ্ঠের উদারপন্থীরা। পূর্ব জেরুজালেমের আশপাশের এলাকা থেকে ফিলিস্তিনি পরিবারগুলোকে উচ্ছেদে ইসরায়েলি পরিকল্পনার প্রকাশ্য নিন্দা না জানানোয় ব্যক্তিগতভাবে বাইডেনের প্রতিও ক্ষোভ প্রকাশ করছেন তাঁরা। গাজায় গত সোমবার থেকে থেমে থেমে ব্যাপক বিমান হামলা চালাচ্ছে ইসরায়েল।

ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু। মার্কিন প্রেসিডেন্ট বাইডেনের সঙ্গে ফোনালাপের পরতিনি ফিলিস্তিনে হামলা চালিয়ে যাওয়ার ঘোষণা দেন

গুঁড়িয়ে দিচ্ছে বাড়িঘরসহ বিভিন্ন স্থাপনা। ফিলিস্তিনিদের বাড়ি বাড়ি ঢুকে তল্লাশি করছে ইসরায়েলের সেনারা। অথচ গত শনিবার দুই পক্ষের নেতাদের সঙ্গে কথা বললেন প্রেসিডেন্ট বাইডেন। ইঙ্গিত দিলেন চলতি ইস্যুতে নিজেকে গভীরভাবে সম্পৃক্ত করার।

বিমান হামলায় গাজায় অ্যাসোসিয়েটেড প্রেসের কার্যালয় থাকা একটি ভবন বিধ্বস্ত হওয়ায় সাংবাদিকদের নিরাপত্তা নিয়ে উদ্বেগ



প্রকাশ করেছেন তিনি।

কিন্তু উদারপন্থী ডেমোক্র্যাটরা চান বাইডেনের আরও সম্পৃক্ততা। তাঁরা চান ইসরায়েলের আগ্রাসন নিয়ে তিনি যেন প্রকাশ্য বিবৃতি দেন। কিন্তু অন্তত প্রকাশ্যে এখন পর্যন্ত তিনি এ রকম কোনো অবস্থান গ্রহণ করা থেকে নিজেকে দূরে সরিয়ে রেখেছেন।

প্রেসিডেন্ট বাইডেন গত সপ্তাহে হোয়াইট হাউসে বলেন, 'এই সংঘাত নিয়ে এ পর্যন্ত বিশেষ কোনো প্রতিক্রিয়া আমার নজরে আসেনি।'

ফিলিস্তিনের স্বাস্থ্য মন্ত্রণালয়ের হিসাব অনুযায়ী, ইসরায়েলি বিমান হামলায় গাজায় এক সপ্তাহে প্রায় ২০০ ফিলিস্তিনি প্রাণ হারিয়েছে। আহত হয়েছে হাজারের বেশি। এর প্রতিক্রিয়ায় ইসরায়েলের বিভিন্ন শহরে ইহুদিদের সঙ্গে স্থানীয় আরবদের সহিংসতা শুরু হয়েছে।

নির্বিচারে হামলা চালিয়ে যাচ্ছে ইসরায়েলি বাহিনী। ফিলিস্তিনের গাজায় ইসরায়েলি ক্ষেপণাস্ত্রের আঘাতে ধ্বংস হয়েছে আল জাজিরা ও এপিসহ আরও কয়েকটি আন্তর্জাতিক সংবাদ মাধ্যমের কার্যালয়

নির্বিচারে হামলা চালিয়ে যাচ্ছে ইসরায়েলি বাহিনী। ফিলিস্তিনের গাজায় ইসরায়েলি ক্ষেপণাস্ত্রের আঘাতে ধ্বংস হয়েছে আল জাজিরা ও এপিসহ আরও কয়েকটি আন্তর্জাতিক সংবাদ মাধ্যমের কার্যালয়ছবি: রয়টার্স

ইসরায়েল ও ফিলিস্তিনজুড়ে চরম অস্থিরতার মধ্যে মার্কিন প্রতিরক্ষামন্ত্রী লয়েড অস্টিন ইসরায়েলি প্রতিরক্ষামন্ত্রী বেনি গ্যান্টজের সঙ্গে রোববার কথা বলেছেন। পরে অস্টিন টুইটারে লেখেন, 'নিজেকে রক্ষায় ইসরায়েলের অধিকার রয়েছে, সে বিষয়ে আমি আবারও আশ্বস্ত করছি। এ ছাড়া বেসামরিক ইসরায়েলিদের নিশানা করে হামাসের হামলার নিন্দা জানাচ্ছি।'

ইতিমধ্যে বুধবার প্রেসিডেন্ট বাইডেনও অতীতে মার্কিন প্রশাসনের বারবার আওড়ানো মন্ত্র উচ্চারণ করে বলেন, ইসরায়েলের আত্মরক্ষার অধিকার রয়েছে। বাইডেনের এ মন্তব্যে আরও ক্ষুব্ধ হন তাঁর দলের উদারপন্থীরা। এ নিয়ে মার্কিন প্রতিনিধি পরিষদে ক্ষোভ প্রকাশ করেন তাঁরা।

গত বৃহস্পতিবার এক জ্বালাময়ী বক্তৃতায় নিউইয়র্ক থেকে নির্বাচিত প্রতিনিধি পরিষদের সদস্য আলেকজান্দ্রিয়া ওকাসিও-কর্টেজ জানতে চান, 'ফিলিস্তিনিদের বেঁচে থাকার অধিকার আছে কি?' প্রগতিশীল এই ডেমোক্র্যাট সদস্য সপ্তাহান্তে টুইটারে লেখেন, যদি বাইডেন প্রশাসন কোনো মিত্রের (ফিলিস্তিন) পাশে দাঁড়াতে না পারে, তবে কে দাঁড়াতে পারবে? তারা (প্রশাসন) কীভাবে মানবাধিকারের পাশে দাঁড়ানোর গ্রহণযোগ্য দাবি করতে পারে?

এদিকে মিশিগান থেকে নির্বাচিত প্রতিনিধি পরিষদের সদস্য রাশিদা তায়েব গাজায় আন্তর্জাতিক গণমাধ্যমের কার্যালয় যে ভবনটিতে অবস্থিত, সেখানে ইসরায়েলি বিমান হামলার নিন্দা করে রোববার বলেন, ইসরায়েল গণমাধ্যমকে নিশানা করছে, যাতে বর্ণবাদী নেতা নেতানিয়াহুর নেতৃত্বে দেশটির যুদ্ধাপরাধ বিশ্ব দেখতে না পারে।

বাইডেন প্রশাসনের প্রতি নানাভাবে ক্ষোভ জানিয়েছেন ডেমোক্র্যাট সিনেটর ক্রিস ভ্যান হোলেন, সিনেটর বার্নি স্যান্ডার্সসহ আরও অনেকে।

অভিবাসনে স্বাস্থ্যবিমার শর্ত উঠে গেল

ঢাকা ডেস্ক : স্বাস্থ্যবিমা ক্রয়ের মতো আর্থিক সক্ষমতা না থাকলে যুক্তরাষ্ট্রে অভিবাসন দেওয়া হবে না বলে নির্দেশনা জারি করেছিলেন সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। প্রেসিডেন্ট জো বাইডেন এমন নির্দেশনা বাতিল করে বলেছেন, ওই নির্দেশনা যুক্তরাষ্ট্রের স্বার্থের পরিপন্থী। এর মাধ্যমে যুক্তরাষ্ট্রে অভিবাসীদের আসা কঠিন করে তোলা ট্রাম্প জমানার আরেকটি নির্দেশনা বাতিল হয়ে গেল।

প্রেসিডেন্ট জো বাইডেন ১৪ মে বলেছেন, তাঁর প্রশাসন জনগণের জন্য সাশ্রয়ী ও মানসম্মত স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। যাঁরা আইনসম্মত অভিবাসন প্রক্রিয়ায় যুক্তরাষ্ট্রে প্রবেশ করবেন, তাঁদের স্বাস্থ্যসেবা থেকে বাদ না দিয়েও এ লক্ষ্য অর্জন সম্ভব।

২০১৯ সালের অক্টোবরে দেওয়া ট্রাম্পের নির্দেশনায় বলা হয়েছিল, স্বাস্থ্যবিমা ক্রয়ের সক্ষমতা দেখাতে না পারলে অভিবাসন ভিসায় আবেদনকারীদের যুক্তরাষ্ট্রে ঢুকতে দেওয়া হবে না। এ দেশে প্রবেশের ৩০ দিনের মধ্যেই অনুমোদিত স্বাস্থ্যবিমা গ্রহণের সক্ষমতা আছে অথবা আগাম জানা যায়, এমন রোগের যুক্তিসংগত চিকিৎসা ব্যয় বহনের যথেষ্ট অর্থ রয়েছে, সেটি প্রমাণ করার নিয়ম চালু করেছিলেন ট্রাম্প। ৩০ দিনের মধ্যেই স্বাস্থ্যবিমা ক্রয়ে সক্ষম না হলে তাদের আবার নিজ দেশে ফেরত পাঠানোর কথাও বলা হয়েছিল সেই নির্দেশনায়।

ট্রাম্পের এমন নির্দেশনার পর অভিবাসী মহলে ব্যাপক প্রতিক্রিয়া শুরু হয়। বিশেষ করে পারিবারিক অভিবাসনে যুক্তরাষ্ট্রে আসা লোকজন সমস্যায় পড়েন। অভিবাসনকে নানা কালাকানুন দিয়ে নিয়ন্ত্রণ করার চেষ্টা করেছিলেন ট্রাম্প।

প্রেসিডেন্ট জো বাইডেন ক্ষমতায় এসে যুক্তরাষ্ট্রে একটি মানবিক অভিবাসনব্যবস্থা গড়ে তোলার ঘোষণা দিয়েছেন। ট্রাম্পের সময়ে অভিবাসনবিরোধী বেশ কিছু বৈরী নির্দেশনা তিনি ইতিমধ্যেই নির্বাহী আদেশের মাধ্যমে বাতিল করেছেন।

প্রেসিডেন্ট জো বাইডেন স্বাস্থ্যবিমা ক্রয়ের সক্ষমতা নিয়ে ট্রাম্পের জারি করা নির্দেশনাই শুধু বাতিল করেছেন, এমন নয়। 'পাবলিক চার্জ' নামের আরেকটি নির্দেশনায় বলা হয়েছিল, যুক্তরাষ্ট্রে সরকারি সুবিধা যেমন স্বাস্থ্যসেবা, খাদ্যনিরাপত্তা, আবাসন নিরাপত্তার মতো সহযোগিতা গ্রহণ করলে গ্রিন কার্ড দেওয়া হবে না।

বাইডেন প্রশাসনের পক্ষ থেকে বলা হয়েছে, বিস্তারিত পরীক্ষা-নিরীক্ষা না করে ট্রাম্পের আরোপিত এমন নির্দেশনাটিও আপাতত কার্যকর করা হচ্ছে না। পাবলিক চার্জ কার্যকর করা নিয়ে রক্ষণশীলদের পক্ষ থেকে একটি মামলা করা হয়েছে। মামলাকারীরা পাবলিক চার্জ বিধি কার্যকর করে অভিবাসন নিয়ন্ত্রণ করার পক্ষে।

মার্কিন অভিবাসন হোমল্যান্ড সিকিউরিটি বিভাগের নিয়ন্ত্রণাধীন নানা সংস্থার মাধ্যমে পরিচালিত হয়ে থাকে। হোমল্যান্ড সিকিউরিটি বিভাগের এক বিবৃতিতে বলা হয়েছে, পাবলিক চার্জ কার্যকর করা বা স্বাস্থ্যবিমা ক্রয়ের আর্থিক সক্ষমতা যাচাই করার মতো বিধিবিধান মার্কিন জনগণের স্বার্থের পরিপন্থী।

নথিপত্রহীন শিক্ষার্থীদের করোনা প্রণোদনাসহ খাদ্য ও আবাসন সহযোগিতা পাওয়ার ক্ষেত্রে ট্রাম্প আরোপিত বাধা দূর করে সম্প্রতি বাইডেন প্রশাসনের পক্ষ থেকে আগেই একটি নির্দেশনা জারি করা হয়েছে।

১৪ মে প্রেসিডেন্ট জো বাইডেন অল্প বয়সে যুক্তরাষ্ট্রে আসা ছয়জন অভিবাসীর সঙ্গে সভা করেন। ডাকা (ডেফার্ড অ্যাকশন ফর চাইল্ডহুড অ্যারাইভালস) নামের পরিচিত ওই কর্মসূচি সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামা চালু করেছিলেন। ট্রাম্প প্রশাসনের সময় কর্মসূচিটি বন্ধ করে দেওয়া হয়।

জো বাইডেন ক্ষমতায় এসে ডাকা কর্মসূচি আবার চালু করেন। ক্ষমতায় আসার পর এ কর্মসূচির আওতায় থাকা অভিবাসীদের মার্কিন নাগরিকত্ব দেওয়ার ঘোষণা দেন তিনি। তিনি সমন্বিত অভিবাসন আইন প্রণয়নের জন্য আবারও আইন প্রণেতাদের প্রতি আহ্বান জানিয়েছেন। বেশ কিছু রিপাবলিকান আইনপ্রণেতাও ডাকা কর্মসূচির প্রতি সহানুভূতিশীল।

সমন্বিত অভিবাসন আইন নিয়ে বিতর্কের দীর্ঘসূত্রতা এড়িয়ে দ্রুত ডাকা কর্মসূচির অন্তর্ভুক্ত অভিবাসীদের বৈধতা দেওয়ার পৃথক আইন করা হতে পারে। এ নিয়ে রিপাবলিকান আইন প্রণেতাদের সঙ্গে সমঝোতা করার চেষ্টা করছেন প্রেসিডেন্ট জো বাইডেন।

বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

Editor : **Abu Taher**

Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

গাজায় ইসরায়েলী আগ্রাসন
জাতিসংঘকে উপযুক্ত ভূমিকা নিতে হবে

গাজায় ইসরায়েলী বাহিনীর ট্যাংক ও বিমান হামলায় এ পর্যন্ত ৪১ শিশুসহ দেড় শতাধিক নিরীহ ফিলিস্তিনীর মৃত্যু হয়েছে এবং আহত হয়েছে এক হাজারের বেশি। বহু মানুষ তাদের বাড়িঘর ছেড়ে পালিয়ে গেছে। সাধারণ মানুষের বাড়িঘরের পাশাপাশি গুঁড়িয়ে দেওয়া হয়েছে আল-জালা টাওয়ার, যেখানে এপি, আলজাজিরাসহ অনেক আন্তর্জাতিক গণমাধ্যমের কার্যালয় ছিল। সারা পৃথিবীর শান্তিকামী মানুষ ইসরায়েলের এমন ন্যক্কারজনক হামলার নিন্দা জানিয়েছে। পাশ্চাত্যের বিভিন্ন দেশেও ইসরায়েলী হামলার বিরুদ্ধে ব্যাপক বিক্ষোভ প্রদর্শন করা হয়েছে। প্যারিসসহ অনেক শহরে পুলিশের সঙ্গে বিক্ষোভকারীদের সংঘর্ষ হয়েছে। বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ বিশ্ব নেতৃবৃন্দ অবিলম্বে হামলা বন্ধের আহ্বান জানিয়েছেন। একই আহ্বান জানিয়ে জাতিসংঘ জরুরি আলোচনায় বসেছে। অথচ সব কিছুকে উপেক্ষা করে ইসরায়েলী প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু ঘোষণা দিয়েছেন, হামাসকে নির্মূল না করা পর্যন্ত ইসরায়েলী হামলা চলবেই।

অর্ধশতাব্দীরও বেশি সময় ধরে নিজ ভূমি থেকে উচ্ছেদ হওয়া ফিলিস্তিনীরা ইসরায়েলী বর্বরতার শিকার হয়ে আসছে। আর পাশ্চাত্যের মানবাধিকারের প্রবক্তারা নানা ছলচাতুরীর আশ্রয় নিয়ে ইসরায়েলকেই সমর্থন দিয়ে যাচ্ছে। বর্তমান আমেরিকান প্রেসিডেন্ট জো বাইডেনও প্রকারান্তরে ইসরায়েলকেই সমর্থন করেছেন। হামাসের সামান্য কিছু রকেট হামলার প্রসঙ্গ টেনে বাইডেন বলেছেন, ইসরায়েলেরও আত্মরক্ষার অধিকার আছে। তাঁর এ বক্তব্যও বিশ্বব্যাপী সমালোচনার ঝড় তুলেছে। অনেকেই জানতে চেয়েছেন, শনিবার (১৫ মে) শান্তি শরণার্থী শিবিরে ইসরায়েলী ক্ষেপণাস্ত্র হামলায় আট শিশু ও দুই নারীর মৃত্যু কি ইসরায়েলের আত্মরক্ষা? অবশ্য আমেরিকান প্রেসিডেন্ট উভয় পক্ষকে শান্ত থাকারও আহ্বান জানিয়েছেন।

ইসরায়েলের সামরিক শক্তির সঙ্গে ফিলিস্তিনের হামাস গোষ্ঠীর শক্তি-সামর্থ্যের কোনো তুলনাই হয় না। তবু হামাস ইসরায়েলের অন্যায় কর্মকান্ড ও নির্বিচার হামলার কিছু জবাব দেওয়ার চেষ্টা করছে মাত্র। প্রকাশিত খবরাখবর অনুযায়ী, ফিলিস্তিনীদের তাদের বাড়িঘর থেকে উচ্ছেদ করে সেখানে ইহুদি বসতি স্থাপনকারীদের তুলে দিতে গেলেই বিরোধের সূত্রপাত হয়। সে সময় ইসরায়েলী বাহিনী শক্তি প্রদর্শন করায় শুরু হয় সংঘাত। এরপর শুরু করা হয় বিমান হামলা। হামাসও এর জবাবে রকেট হামলা চালাতে থাকে। আর তাকেই এখন আত্মরক্ষার যুদ্ধ বলে অভিহিত করা হচ্ছে। সারা দুনিয়া তো বটেই, ইসরায়েলের অনেক ইহুদিও এই হামলার প্রতিবাদ করেছেন। তাঁদের মতে, দুর্নীতির অভিযোগে অভিযুক্ত নেতানিয়াহু তাঁর নড়বড়ে ক্ষমতা ধরে রাখার জন্যই আগ্রাসনের এই পথ বেছে নিয়েছেন।

হিংসার কোনো শেষ নেই। দীর্ঘ সময় ধরেই ফিলিস্তিনীদের বিরুদ্ধে অনেক বর্বরতা চালানো হয়েছে। হামাসকে নির্মূলের কথা বলে ২০১৪ সালেও নেতানিয়াহু সাত সপ্তাহব্যাপী আগ্রাসন চালিয়েছিলেন। তাতে জীবন গিয়েছিল প্রায় আড়াই হাজার মানুষের। কিন্তু ফিলিস্তিনীদের ধ্বংস করা যায়নি। হামাসকেও নির্মূল করা যায়নি। এতে শুধু হিংসাই বাড়ছে। সারা দুনিয়ার শান্তিকামী মানুষের মতো আমরাও আশা করি, ফিলিস্তিনীদের ওপর ইসরায়েলী আগ্রাসনের অবসান হওয়া প্রয়োজন। বিশ্ব নেতৃবৃন্দকে এ ক্ষেত্রে এগিয়ে আসতে হবে। জাতিসংঘকে আরো কার্যকর ভূমিকা পালন করতে হবে।



নেতানিয়াহুর অভ্যন্তরীণ রাজনীতিই এই সংঘর্ষের মূল কারণ

আবদুল গাফ্ফার চৌধুরী

করোনাপ্লাবিত বিশ্বে একটি পুরোনো উপদ্রব আবার নতুনভাবে দেখা দিয়েছে। এ পুরোনো উপদ্রবটি হলো ইসরাইল-ফিলিস্তিনী যুদ্ধ। বিশ্বের সব সংবাদপত্র এটাকে যুদ্ধ আখ্যা দিয়েছে। কী করে দিয়েছে তা আমি ভেবে পাইনি। একদিকে ইসরাইলের হাতে মিসাইল, জঙ্গিবিমানসহ আধুনিক সমরাস্ত্র।

অন্যদিকে ফিলিস্তিনী হামাসের হাতে কিছু রকেট। এ রকেট হামলাও ব্যর্থ করার কায়দা আয়ত্ত করেছে ইসরাইল। ফলে জল-স্থল, আকাশপথে ইসরাইলের একতরফা হামলায় যেখানে নিহত ফিলিস্তিনিদের সংখ্যা এ পর্যন্ত দুই শতাধিক, সেখানে ইসরাইলি নিহতের সংখ্যা মাত্র সাত। তার মধ্যে একজন শিশু।

এই তথাকথিত যুদ্ধে কী হবে? জাতিসংঘ কেবল ইসরাইলীদের বর্বরতার নিন্দা জানিয়ে ক্ষান্ত। ইউরোপীয় দেশগুলোর মধ্যে ফ্রান্স ইতোমধ্যে ইসরাইলের গাজায় সামরিক হামলাকে সমর্থন জানিয়েছে। বলেছে, ইসরাইলের নিরাপত্তার জন্য এটা দরকার ছিল। আরব দেশগুলো, যারা মাত্র কিছুকাল আগে ট্রাম্পের মধ্যস্থতায় ইসরাইলি প্রধানমন্ত্রী নেতানিয়াহুর সঙ্গে দোস্তালি করেছেন, তারা এখন মুখরক্ষার জন্য বিবদমান দুই পক্ষকে সংযত হওয়ার আহ্বান জানিয়েই তাদের দায়িত্ব পালন করছেন। এরা সবাই আমেরিকার দ্বারস্থ হবেন-সমস্যার একটি 'সন্তোষজনক' মিটমাটের জন্য।

আমেরিকা ইসরাইলের পেট্রন, বলতে গেলে এই ইহুদি রাষ্ট্রটির রক্ষাকর্তা। ডোনাল্ড ট্রাম্প যদি এখন আমেরিকার প্রেসিডেন্ট থাকতেন, তিনি নিঃসন্দেহে ফিলিস্তিনীদের 'ধৃষ্টতা'কে নিন্দা জানিয়ে ইসরাইলকে আরও সমরাস্ত্র দেওয়ার ঘোষণা দিতেন। বর্তমান প্রেসিডেন্ট বাইডেন তা করবেন না। তিনি ভদ্রলোক, ভদ্রতার আড়ালে ইসরাইলকে পৃষ্ঠপোষকতাদানের পুরোনো নীতি হয়তো অনুসরণ করবেন।

এই বর্বর হামলার জন্য ইসরাইলকে মুখে নিন্দা জানাতে পারে বাইডেন অ্যাডমিনিস্ট্রেশন। কিন্তু তলে তলে স্থিতাবস্থা ফিরিয়ে আনার নামে ইসরাইলের হাতে এ সংঘর্ষের সব সাফল্য তুলে দিয়ে ফিলিস্তিনীদের আগের মতো 'কবরের শান্তিতে' বাস করতে বলা হতে পারে। ইসরাইলী ফিলিস্তিনীদের সংঘর্ষে গত সত্তর বছর ধরে একই ঘটনার পুনরাবৃত্তি ঘটে আসছে। ফিলিস্তিনীরা মার খাচ্ছে। ঘরবাড়ি-ভূমি হারাচ্ছে। অন্যদিকে ইসরাইল নির্যাতন চালাচ্ছে, ফিলিস্তিনীদের ভূমিদাস করে রাখতে চাইছে। তার বিরুদ্ধে প্রতিবাদ হলেই তাকে টেরোরিজম আখ্যা দিয়ে নির্মমভাবে দমন করা হচ্ছে।

ফিলিস্তিনীরা এই অবস্থা মেনে চললেই তারা শান্তি ও স্থিতাবস্থার পক্ষে বলে পশ্চিমা শক্তির কাছে প্রশংসিত হয়। এবারেও কি তাই হবে? ইসরাইলের প্রোভোকেশনের মুখে হামাসের জঙ্গি অংশের সশস্ত্র প্রতিবাদ না-জানিয়ে হয়তো উপায় ছিল না। কিন্তু হামাস তার সামরিক কার্যক্রম দ্বারা নেতানিয়াহুর ইচ্ছাই পূরণ করেছেন। নেতানিয়াহু চাচ্ছিলেন, এই সংঘর্ষ বাধুক। তাহলে তিনি তার টলটলায়মান গদি রক্ষা করতে পারেন এবং শক্তিশালী হয়ে ওঠা বিরোধী দলগুলোকে (ইসরাইলে) শায়েস্তা করতে পারেন।

নেতানিয়াহু জানেন, তাকে বাধা দেওয়ার কেউ নেই। ট্রাম্পের কৃপায় সৌদি আরব, আমিরাত, কুয়েতসহ অধিকাংশ আরব রাষ্ট্র এখন ইসরাইলের মিত্র। ফিলিস্তিনীদের সমর্থনদানের কোনো আরব রাষ্ট্র নেই। ইসরাইলবিরোধী ইরান ও সিরিয়া আমেরিকার অর্থনৈতিক অবরোধে কোণঠাসা।

একমাত্র তুরস্ক রয়েছে, যারা এখন নতুনভাবে ইসরাইলের বিরুদ্ধে দাঁড়াতে চাইতে পারে। তা এই মুহূর্তে ইসরাইলের জন্য বিপজ্জনক নয়। ফলে এ সময় তথাকথিত মুসলিম বিশ্ব কর্তৃক পরিত্যক্ত ফিলিস্তিন নেতানিয়াহুর জন্য কোনো সমস্যা নয়, এটা তিনি জানেন। তাই হামাসকে শায়েস্তা করার নামে গাজা উপত্যকায় এই বর্বর তান্ডব।

আগেই বলেছি এটা যুদ্ধ নয়, অত্যন্ত আধুনিক সমরাস্ত্রের যুগে রকেট নিয়ে যুদ্ধ করা হচ্ছে বন্দুকের সামনে লাঠি নিয়ে যুদ্ধ করার মতো। সন্দেহ নেই পশ্চিমা দেশগুলো তাদের স্বার্থে ইসরাইলকে এই গণহত্যা আরও কিছুদিন চালাতে দেবে। তারপর তাদেরই প্রচেষ্টায় স্থিতাবস্থা ফিরে আসবে। ইসরাইল তার অপরাধের জন্য শাস্তি পাবে না। কিন্তু ফিলিস্তিনীর মানুষকে এই বর্বরতা, নারী, শিশু হত্যা,



একান্ত আপনজনকে হারানোর বেদনা, শোক, ক্ষোভ, অপমান, এমনকি নিজস্ব ভূসম্পত্তি হারানোর ক্ষতিও মেনে নিতে হবে। এই অবস্থার পরিবর্তন সেদিনই আসবে, যেদিন ফিলিস্তিনীরাও আধুনিক সমরাস্ত্র, জঙ্গিবিমান ও নৌবহর সংগ্রহ করতে পারবে। সেদিন যুদ্ধ হবে সমানে সমানে।

নেতানিয়াহুকে পবিত্র ঈদের দিনেও পবিত্র মসজিদ আল-আকসায় নিরীহ নামাজিদের ওপর বোমা হামলার সিদ্ধান্ত গ্রহণের আগে তখন তিনবার চিন্তা করতে হবে।

এবারের এই ইসরাইলী-ফিলিস্তিনী সংঘর্ষকে অনেকে বলছেন আকস্মিক। কেউ কেউ এজন্য হামাসকে দায়ী করছেন। কিন্তু এই সংঘর্ষ সৃষ্টির একটি মূল কারণ নেতানিয়াহুর সাম্প্রদায়িক রাজনীতি। ইসরাইলের এবারের নির্বাচনে নেতানিয়াহু টিকে গেলেও তার ছিল পতনোন্মুখ অবস্থা। ইসরাইলের ভোট রাজনীতি গত কয়েক বছরে একেবারেই বদলে গেছে। ইসরাইলে বসবাসরত আরবদের সংখ্যা গত কয়েক বছরে বেশ বেড়েছে এবং তারা একটি শক্তিশালী ভোট-বাক্স হয়ে উঠেছে। নেতানিয়াহুর বিরোধী কোনো কোনো বিরোধী দল এ আরব ভোট-বাক্সের সঙ্গে মিতালি পাতিয়ে নির্বাচনে নেতানিয়াহুর পতন ও পরাজয় নিশ্চিত করে এনেছিল।

নেতানিয়াহু গদি রক্ষার জন্য নিজে যে চরমপন্থি ইহুদি সংগঠনগুলোর এতকাল নিন্দা করেছেন, এখন তাদের সঙ্গে হাত মিলিয়েছেন। ইসরাইলের ইহুদি ও আরব অধিবাসীদের মধ্যে তিনি যে বৈষম্যমূলক ব্যবস্থা প্রবর্তন করেন, তাতে ইসরাইলে বসবাসকারী আরবরা এতদিন শান্তিপূর্ণ জীবনযাপন করলেও এখন নানা বৈষম্যমূলক আইনের বিরুদ্ধে প্রতিবাদমুখর হয়ে উঠেছেন। ফলে ইসরাইলের ভেতরেই শুরু হয়েছে সাম্প্রদায়িক দাঙ্গা। ইহুদিরা আরব হত্যা, ঘরবাড়ি লুণ্ঠন, মসজিদে অগ্নিসংযোগ শুরু করে। অন্যদিকে আরবরাও ইহুদিদের ঘরবাড়িতে হামলা, তাদের চার্চে অগ্নিসংযোগ করে।

ইসরাইলি এই সাম্প্রদায়িক দাঙ্গা এতই বেড়ে ওঠে যে, নেতানিয়াহু এখন স্বীকার করতে বাধ্য হয়েছেন, ইসরাইলের ওপর বাইরে থেকে আরবরা যে হামলা চালাচ্ছে, তার চেয়ে ইসরাইলের ভেতরের এই আরব বিদ্রোহ দেশটির অস্তিত্ব ও নিরাপত্তার জন্য আরও বড় হুমকি। ইসরাইলের রাজনৈতিক পর্যবেক্ষকদের অনেকে মনে করছেন, ইসরাইলকে বাইরে থেকে আক্রমণ করে বাইরে আরব দেশ বা ফিলিস্তিনীরা দেশটির অস্তিত্বের জন্য যে হুমকি সৃষ্টি করতে পারেনি, সেই হুমকি সৃষ্টি করেছে ইসরাইলের অভ্যন্তরে আরব-ইহুদি দাঙ্গা। তাতে নেতানিয়াহু সামরিক শক্তির জোরে এবার পার পেলেও তার রাজনৈতিক বিরোধীদের শক্তিহীন করে দীর্ঘসময় ক্ষমতায় স্থায়ী হতে পারবেন কি না সন্দেহ।

ক্রমাগত যুদ্ধে লিপ্ত থেকে এবং এখন অভ্যন্তরীণ সংঘাত-সংঘর্ষে বিপন্ন ইসরাইলকে বাইরে থেকে যতটা শক্তিশালী মনে হয়, ততটা সে নয়। কেবল সামরিক শক্তির ওপর নির্ভর করে টিকে থাকতে গেলে কোনো দেশ যে টিকে থাকে না, তার বড় প্রমাণ সাবেক সোভিয়েত ইউনিয়ন। টিকে থাকতে গেলে যে অভ্যন্তরীণ শক্তি ও সংহতির প্রয়োজন হয়, ইসরাইলি সেই সংহতি ও শক্তিতে ভাঙন ধরেছে। হয়তো তা প্রকাশ পেতে কিছু সময় লাগবে।

আপাতদৃষ্টিতে মনে হবে অধিকৃত এলাকায় একজন আরবকে অবৈধভাবে উচ্ছেদ এবং ইহুদিদের জেরুজালেম দখলের দিবস পালনকে কেন্দ্র করে বর্তমান সংঘর্ষের শুরু। কিন্তু একটু বিশ্লেষণ করলেই দেখা যাবে, নেতানিয়াহু নির্বাচনে তার পরাজয় ঠেকানোর জন্য যে সাম্প্রদায়িক রাজনীতি শুরু করেছিলেন, এই সংঘর্ষ তার অন্যতম মূল কারণ। সাম্প্রদায়িক দাঙ্গা বাধিয়ে নেতানিয়াহু সাময়িক ফায়দা লুটেছেন। কিন্তু তার দেশের জন্য বিপজ্জনক ভবিষ্যৎ তৈরির ব্যবস্থা করে গেলেন।

অন্যদিকে হামাস হয়তো ভেবেছিল, নির্বাচন নিয়ে নেতানিয়াহু এখন ব্যস্ত, তার এই দুর্বল মুহূর্তে তাদের রকেট হামলা ইসরাইলি কট্টরপন্থিদের কিছুটা শায়েস্তা করবে। বাস্তবে কট্টরপন্থি ইসরাইলীরা তাতে উপকৃত হয়েছে। হামাসের লাভ হয়েছে, তারা এখন ফিলিস্তিনী প্রশ্নে একটি প্রধান পক্ষ হিসাবে নিজেদের তুলে ধরতে পেরেছে।

হিটলারের বর্বরতাকেও ছাড়িয়ে গেছে নেতানিয়াহুর বর্বরতা। ১৯৪৮ সালে ব্রিটিশ লর্ড ব্যালকুরের কৃপায় অবৈধভাবে ইসরাইলী রাষ্ট্র প্রতিষ্ঠা পেয়েছিল। প্রতিষ্ঠাকাল থেকেই চলছে এই রাষ্ট্রের আগ্রাসন। ইসরাইল ও পাকিস্তান এই দুটি ধর্মীয় জাতীয়তাভিত্তিক রাষ্ট্র প্রতিষ্ঠা করে গেছেন দুই ব্রিটিশ লর্ড। একটি (ইসরাইল) করেছেন লর্ড ব্যালকুর। অন্যটি (পাকিস্তান) করেছেন লর্ড র‍্যাডক্লিফ। ইসরাইল মধ্যপ্রাচ্যে এবং পাকিস্তান উপমহাদেশে নিরন্তর অশান্তি জিইয়ে রেখেছে। ইসরাইল রাষ্ট্রটি প্রতিষ্ঠা লাভের পর থেকে আরবদের উচ্ছেদ এবং তাদের ভূমি, ভূখন্ড অবৈধভাবে দখল করা শুরু করে। আরব অধ্যুষিত পূর্ব জেরুজালেমও তারা অবৈধভাবে দখল করে। সেই অবৈধ দখল এখন পর্যন্ত বলবৎ রয়েছে এবং বাড়ছে। ইসরাইল অধিকৃত আরব ভূমিতে আরবরা চরম নির্যাতন ও বৈষম্যের মধ্যে বাস করে, তা অসহনীয় হলে তারা বিদ্রোহী হয়। ইসরাইল সরকার তা চরম বর্বরতার সঙ্গে দমন করে।

এই নির্যাতন চূড়ান্ত বর্বরতা। এ সম্পর্কে ইসরাইলের একজন সাবেক প্রধানমন্ত্রী এহুদ বারাক বলেছেন, 'Had he been born a Palestinian, he did not doubt he would have become a fighter.' (তিনি ফিলিস্তিনী হিসাবে জন্ম নিলে, সন্দেহ নেই একজন সংগ্রামী হতেন)। ফিলিস্তিনিরা যতদিন পর্যন্ত শক্তিতে ইসরাইলের সমকক্ষতায় না-আসবে, তাদের শক্তিশালী নেতৃত্ব তৈরি না-হবে, মধ্যপ্রাচ্যের মুসলিম দেশগুলোয়ও বর্তমান বিশ্বাসঘাতক এবং আমেরিকার পদলেহী শাসকদের পতন ঘটিয়ে নাসের ও সাদ্দামের মতো নেতাদের আবির্ভাব না-হবে-ততদিন ফিলিস্তিনী সমস্যার সুষ্ঠু ও স্থায়ী সমাধান হবে না।

ইতোমধ্যে ফিলিস্তিনে স্থিতাবস্থা প্রতিষ্ঠার নামে আমেরিকান কূটনৈতিক ধোঁকাবাজি শুরু হয়েছে। এবার একজন মধ্যম শ্রেণির শান্তিদূত আমেরিকা পাঠিয়েছে ইসরাইল। উদ্দেশ্য বর্তমান সংঘর্ষ থামানো। দেখা যাক বাইডেন প্রেসিডেন্সির এই ব্যাপারে আন্তরিকতা,

নামাজের সময়-সূচী

মে	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩
ফজর	৪.০৫	৪.০৩	৪.০২	৪.০১	৪.০০	৩.৫৯	৩.৫৭
সূর্যোদয়	৫.৩৭	৫.৩৬	৫.৩৫	৫.৩৪	৫.৩৩	৫.৩২	৫.৩২
জোহর	১২.৫২	১২.৫২	১২.৫২	১২.৫২	১২.৫২	১২.৫২	১২.৫২
আসর	৫.৫৭	৫.৫৮	৫.৫৮	৫.৫৯	৫.৫৯	৬.০০	৬.০০
মাগরিব	৮.০৮	৮.০৯	৮.১০	৮.১১	৮.১২	৮.১৩	৮.১৪
এশা	৯.৩৯	৯.৪০	৯.৪১	৯.৪৩	৯.৪৪	৯.৪৫	৯.৪৬



মোফাজ্জল করিম

আর তিন-চার দিন পর ঈদ, ঈদুল ফিতর। মুসলমানদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব। তবে ঠিক কবে ঈদ হবে তা আজই বলা যাচ্ছে না, কারণ সেটা নির্ভর করছে শওয়ালের চাঁদ দেখার ওপর। এখন চলছে রমজান মাস। রমজান যদি ২৯ দিনে শেষ হয়ে যায়, তবে পরদিন ঈদ। আর তা না হলে ৩০টি রোজা পুরো করে তার পরের দিন, অর্থাৎ শওয়ালের প্রথম দিন হবে ঈদ।

ঈদ শব্দের আভিধানিক অর্থ খুশি। ঈদের দিন তাই ছোট-বড়, ধনী-গরিব সবাই রমজান মাসজুড়ে কৃচ্ছতা ও সংযম সাধনার পর খুশিতে মেতে ওঠে। এটাই ঈদের চিরায়ত চিত্র। কিন্তু এবার? এবার সেই চিত্রটাই গেছে বদলে। করোনা নামক এক কাল কেউটের ছোবলে গোটা বিশ্ব এখন বেদনায় নীল। মানুষের জীবন থেকে আনন্দ-হাসি-গান এখন দ্রুত অপসৃয়মাণ। বিশেষ করে বাংলাদেশের মতো দেশে, যেখানে শতকরা আশি জন মানুষেরই বেঁচে থাকার সংগ্রামে নিরন্তর রক্তক্ষরণ হচ্ছে। যে রিকশাওয়ালা সেই কাকভোরে রিকশা নিয়ে বের হয়ে গভীর রাত অব্দি যন্ত্রের সঙ্গে পাল্লা দিয়ে পিঠে মানুষ বয়ে বেড়ায়, তবু ভিক্ষার হাত পাতে না কারো কাছে, এখন সেও লজ্জা-সংকোচ ঝেড়ে ফেলে সওয়ারিকে কটি টাকা বেশি দিতে বলে : সারাদিনে একশটা টাকাও পাইনি আজ। ঘরে এতজন খানেওয়ালা, দশটা টাকা বাড়িয়ে দেন, স্যার। গায়ে-গতরে পরের বাড়িতে খেটে খেটে যে কর্মঠ বুয়া দিনশেষে পঙ্গু স্বামী আর হাড়জিরজিরে অভুক্ত শিশুদের জন্য দুমুঠো অন্নের সংস্থান করত, সে এখন কর্মহীন ভিক্ষুকের দলে ভিড়ে রাজপথে লাঞ্ছনা-গঞ্জনা আর অপমানের শিকার হচ্ছে প্রতিনিয়ত। আর ছয়-সাত বছর বয়েসী শিশু ভিক্ষুকের সংখ্যা তো এখন শহরে-বন্দরে অজস্র। আতুর-ল্যাংড়া-অন্ধ বনেদি ভিক্ষুকরা তো আছেই। করোনার আবির্ভাবের আগে আমরা পথে-ঘাটে ভিক্ষুকের উৎপাত কমে আসছে দেখে যেখানে মনে মনে শ্লাঘা অনুভব করতাম, ভাবতাম, আর কদিন পর হয়তো ভিক্ষা দেওয়ার লোক পাওয়া যাবে না, বছর ঘুরতে না ঘুরতেই করোনা রাক্ষসী এমন ভানুমতীর খেল দেখিয়ে দিল যে অনাগত দিনগুলোর কথা ভেবে আমরা রীতিমতো শঙ্কিত বোধ করছি। এর ভেতর আবার চাল-ডাল-তেল-নুন-পিঁয়াজ-মরিচসহ আমিষ-নিরামিষ সব কিছুর দাম সাধারণ মানুষের নাগালের বাইরে যাই যাই করছে সারাক্ষণ। হ্যাঁ, সাধারণ মানুষের। যাঁরা 'অসাধারণ' মানুষ সেই সব ঐশ্বর্যের বরপুত্রদের যেকোনো জিনিসের–তা তৈলতদ্ভুল ও অন্য যেকোনো ভোগ্যপণ্য হোক আর ওষুধপত্রই হোক–মূল্য গগনচুম্বী হলেও কিছু যায়-আসে না। তাঁদের কাছে চালের কেজি ৫০ টাকাই কী আর ১০০ টাকাই কী, কিচ্ছু যায়-আসে না। তাঁদের বাজেটে সাংসারিক ব্যয়ের মাসিক বরাদ্দ হয়তো দুই লাখ থেকে বেড়ে চার লাখ হবে, সো হোয়াট? তাঁরা ব্যয়ের 'যাউতিটা' বেড়ে যেতে দেখলে সাথে সাথে তাঁদের আয়ের 'আউতিটা' ইলাস্টিকের মতো ইচ্ছামাফিক দেবেন বাড়িয়ে। সেটার কত ফন্দি-ফিকির আছে। সোজা 'ধলো' পথে সেটা সম্ভব না হলে বাঁকা হাজারটা 'কালো' পথ আছে না? পণ্যের গুণগত মান কমিয়ে উৎপাদন-ব্যয় কমানো অথচ বিক্রয়মূল্য আগের মতোই রাখা বা নিজেদের খেয়াল-খুশিমতো বাড়িয়ে দেওয়া, পণ্যে ভেজাল দেওয়া, ওজনে কম দেওয়া ইত্যাদি ছাড়াও আছে মজুদদারি-কালোবাজারি-চোরাচালানির কত শত চোরাগোপ্তা পথ। আছে রমজান ও ঈদের অজুহাত। আর যাঁরা মাইনেখোর কর্মচারী-কর্মকর্তা তাঁরা তাঁদের ঘুষের রেট, পারসেন্টেজের রেট, কমিশনের রেট দেবেন বাড়িয়ে। 'আরে ভাই, কী বলছেন এক লাখ টাকা, সেই দিন কী আর আছে? দেখছেন না জিনিসপত্রের দাম কী পরিমাণ বেড়েছে। গতবার এক লাখ দিয়েছিলেন ঠিক আছে, কিন্তু তখন কি করোনা ছিল? সামনে ঈদ। গিন্নী বায়না ধরেছে তাকে এক সেট জড়োয়া দিতেই হবে অমুক সাহেবের বিবির নতুন সেটটার মতো। আর বসুন্ধরাতে একটা ফ্ল্যাটের বুকিংও এবার দিতে চাই। পরে আবার হাতছাড়া হয়ে গেলে আফসোস করতে হবে। যান, প্যাকেটের সাইজটা ডাবল করে নিয়ে আসুন।' ...এই হচ্ছে তথাকথিত 'ফিক্সড ইনকাম গ্রুপের' সদস্যদের ইদানীংকালের ডায়ালগ।

রমজানের অজুহাত, ঈদের অজুহাত, করোনার জেনুইন অজুহাত সবাই দেয়, দিয়ে ভোক্তার গলা কাটে। অজুহাত দেয় না শুধু একজন। সেজন গলা কাটতেও জানে না। তার চৌদ্দ-পুরুষেও কেউ কোনো দিন কারো গলা কাটেনি। সে হচ্ছে বাংলাদেশের কৃষক। অথচ ফসলটা ন্যায্য দামের কমেও বেচে যখন সে শাড়িটা-লুঙ্গিটা-ওষুধটা কিনতে যায় তখন তার শীর্ণ গলদেশে ছুরি বসায় সব কসাই। তার কাছে ঈদ-পার্বণ, মহামারি-অতিমারি-বেশিমারি-কমমারি শীতগ্রীষ্ম-বার মাস একই ঝকমারি। সে লেখাপড়া জানে না, প্রফিট অ্যান্ড লস বোঝে না, শুধু উৎপাদন খরচটা কোনোমতে উঠিয়ে দুবেলা দুমুঠো গিলতে পারলেই খুশি। তার চাহিদা শুধু ওইটুকুই। সে সত্যিকার অর্থে একজন অল্পে তুষ্ট মানুষ। কিন্তু আফসোস, দিনশেষে দেখা যায় তার ওই সামান্য চাহিদাটুকুও পূরণ হয় না। এভাবে অভাবের নেকড়েটার সঙ্গে লড়াই করতে করতে একদিন সে বাপ-দাদার জন্মভিটা ছেড়ে বৌ-ছেলে-মেয়ের হাত ধরে পাড়ি দেয় শহরে। শুরু হয় তার বস্তির জীবন। শুরু হয় রিকশার প্যাডেল ঘুরিয়ে জীবনের চাকা ঘোরানোর মানবেতর অধ্যায়।

২.

আজ করোনাক্রান্ত জীবনে বাংলাদেশে ঈদ এসেছে। ঈদ এসেছে ধনী-গরিব-সবল-দুর্বল সকলের ঘরে। খুশির বার্তা নিয়ে এসেছে ঈদ। কিন্তু সত্যি কি সবাই খুশি হতে পারছে? পুরো রমজান মাসটা যাদের কেটেছে এক মুঠো ভাতের ধান্দায়, ইফতার করতে হয়েছে এক ঢোক পানি খেয়ে, ক্ষুধার্ত শিশুদের কান্না শুনে শুনে, তারা কি আজ খুশি হতে পারছে? না। তাদের কাছে ঈদ আসে চিরকাল দুঃখের পসরা নিয়ে, ধনী-গরিবের বৈষম্যের ভ্রুকুটি হয়ে। হাঁ, খুশি হয় তারাই, যারা সারা বছর শপিংমল, সি-বিচ, বিউটি পার্লার, রিসোর্ট ইত্যাদি মাতিয়ে রাখে। যাদের মন খারাপ হয় লকডাউনের কারণে ওগুলো এস্তেমাল করতে না পেরে। ঈদ এলে তারা ওগুলোতে আরেকটু বেশি নরক গুলজার করতে পারে।

করুক, করতে দিন। তাদের পয়সা আছে, তারা যা খুশি করবে এটাই তো স্বাভাবিক। তাদের মুরগি তারা যেভাবে খুশি জবাই করবে তাতে কার কি বলার আছে। অতি ন্যায্য কথা। কিন্তু তারপরেও তো দুটি কথা থেকে যায়। আপনারা সমাজের শতকরা পাঁচজন যে বাকি পঁচানব্বই জনের ন্যায্য হিস্যা ছলে-বলে-কৌশলে গাপ্পু করে চলেছেন যুগ যুগ ধরে, সে হিসাব কে দেবে? (সেই আমাদের আমলের গানের কলি গুঞ্জরণ তোলে স্মৃতিতে : বকশিশ চাই না মালিক হিসাবের পাওনা চাই)। হিসাব আপনারা দেবেন না নিশ্চয়ই। আপনারা দেবেন চোখ রাঙানি : হিসাব? কিসের হিসাব? ভাগ ব্যাটা। বড় হিসাব চাইতে এসেছেন। গেলি? ...হাঁ, এভাবেই চলে এসেছে চিরকাল। কিন্তু আপনাকে যদি প্রশ্ন করি, আপনার-আমার–অর্থাৎ আমরা যারা ভাল খাই, ভাল পরি, অভাব কাকে বলে জীবনেও জানি না–কি একটু দায়িত্ব নেই ওই সব হতভাগ্যদের ব্যাপারে, যারা আপনার প্রাসাদের সিংহদ্বার থেকে মাত্র এক কিলোমিটার দূরে রেললাইনের পাশের ঝুপড়িতে দিনের পর দিন জীবন নামক এক বিভীষিকার সঙ্গে বসবাস করে? তাদেরকে হিসাব দেবেন না বুঝলাম, কিন্তু একদিন যখন আপনাকে-আমাকে-ওদেরকে, এককথায় সকলকে, এক কাতারে দাঁড়িয়ে হিসাব দিতে হবে সেই শেষ বিচারের কাজীর কাছে, তখন কী করবেন? তখন দুনিয়াতে কৃত অপকর্মের শাস্তি লাঘবের একটা বড় সুযোগ হচ্ছে জীবদ্দশায় দরিদ্র মানবসন্তানের পাশে দাঁড়ানো। এই রমজানে, বিশেষ করে করোনার মহাদুর্যোগকালে, দান-খয়রাত করে, জাকাত প্রদান করে, আমরা পরকালে নিজেদের নাযাতের পথ সুগম করতে পারি।

করোনাকালে অগণিত হতদরিদ্র মানুষের আহাজারিতে অহর্নিশ বাতাস ভারি হচ্ছে এই কৃচ্ছতার মাসে, সংযম সাধনার মাসে, আমরা তা দেখেও দেখি না। দেশ থেকে দারিদ্র্য ধীরে অথচ নিয়মিত লয়ে দূর হতে যাচ্ছিল। করোনা এসে এক বছরে দারিদ্র্য দূরীকরণের সচল চাকা দিয়েছে ঘুরিয়ে। কর্মহীন ক্ষুধার্ত মানুষ এখন আন্দোলনমুখী হয়ে উঠেছে। দুদিন পরে, খোদা না করুন, এসব মানুষ না আবার মরিয়া হয়ে চুরি-ডাকাতি-ছিনতাই শুরু করে দেয়। অতএব সময় থাকতে সাধু সাবধান। করোনাকে মোকাবেলা করার জন্য সারা বিশ্বে যখন চলছে নানা ধরনের গবেষণা, নেওয়া হচ্ছে সব রকমের যুদ্ধকালীন প্রস্তুতির মতো প্রস্তুতি, করোনা নামক ভয়ঙ্কর অদৃশ্য শত্রুও তখন প্রমাণ করে ছাড়ছে সে কম স্মার্ট না, সে তার তূণ থেকে বের করছে নিত্যনতুন বাণ। ফলে এ যুদ্ধ সহজে থামবে বলে মনে হয় না। আর যতই দিন গড়াবে, দেখা যাবে দেশের গরিব মানুষেরা করোনাতে যতটা না মরছে তার চেয়ে বেশি ঝরে পড়ছে অনাহার ও অনাহারজনিত নানা উপসর্গে। কাজেই আমি মনে করি, করোনাকে ঠেকানোর সঙ্গে সঙ্গে মানুষকে ক্ষুধার অনল থেকে বাঁচাতে হবে। আর এই বিশাল দায়িত্বটি একা সরকারের পক্ষে পালন করা সম্ভব না। সরকারের সম্পদ অবশ্যই সীমিত। সেই সীমিত সম্পদ সরকার কতজনকে দেবে? এখন তো করোনার দোহাই দিয়ে ধনিক-বণিক শ্রেণীও সরকারের কাছে হাত পাতছে। আর প্রণোদনা, সুদমুক্তি, ভর্তুকি ইত্যাদি নানা লেবেলের টনিকের বোতল সরকার তাদের হাতে তুলে দিচ্ছে। এরপর যেটুকু তলানি অবশিষ্ট থাকবে তা দিয়ে কোটি কোটি মানুষের ক্ষুণ্নিবারণ করা যাবে কি? মনে হয় না। তাহলে কী করতে হবে? নিশ্চয়ই সম্পূরক উৎস খুঁজে বের করতে হবে। আর এই করোনাকালের মন্দায় তা বিদেশে খুঁজে লাভ নেই।

৩.

এখানেই দায়িত্ব পালন করতে হবে সমাজের বিত্তশালী শ্রেণীকে। তাঁরা চাইলেই নিজ নিজ পরিমন্ডলে যথাসম্ভব পরিস্থিতি সামাল দিতে পারেন। আর বিত্তশালীদের সংখ্যাও বাংলাদেশে মাশাল্লাহ এখন নেহাত কম নয়। শোনা যায়, পাকিস্তান আমলে পশ্চিম পাকিস্তানে যেখানে বাইশটি পরিবার দেশের অর্থনীতি নিয়ন্ত্রণ করত, সেখানে আমাদের দেশে নাকি ইতিমধ্যেই তা বাইশ শ ছাড়িয়ে গেছে। এখানে ছোটবেলার সেই 'লিটল ড্রপস অব ওয়াটার লিটল গ্রেইনস অব স্যান্ড/মেইক দ্য মাইটি ওউশন্, অ্যান্ড দ্য প্লেজেন্ট ল্যান্ড' কবিতাটি স্মরণ করে চাল-ডাল-টাকা-পয়সা যার যা আছে তাই নিয়ে এই মুহূর্তে নেমে পড়তে হবে। আপনার দেখাদেখি আপনার এলাকার আরো অনেকেই দেখবেন এগিয়ে এসেছেন। এভাবে সকলের সম্মিলিত প্রচেষ্টায় বেঁচে যাবে স্ব স্ব এলাকার অনেকগুলো অভাবী অনাহারক্লিষ্ট মানুষের প্রাণ। দেখা যাবে বুভুক্ষু শিশুর মুখে স্বর্গীয় হাসির ছটা। আর দিনশেষে আপনি দেখবেন এক অনির্বচনীয় প্রশান্তি–যা আপনি আপনার পর্বতসম সম্পদ থাকা সত্ত্বেও কোনো দিন লাভ করেননি–ছড়িয়ে পড়েছে আপনার মনে, আপনার সমস্ত সত্তায়, সমগ্র অস্তিত্বে। যে সামাজিক দূরত্ব (সোশ্যাল ডিসট্যান্সিং) (স্বাস্থ্যবিধি মেনে চলার নির্দেশ দিতে গিয়ে কর্তৃপক্ষ প্রায়শই এই কথাটির ভুল প্রয়োগ করেন দেখা যায়। সে ক্ষেত্রে ওটা সামাজিক নয়, ওটা হবে শারীরিক দূরত্ব)। আপনাকে এতকাল করে রেখেছিল ভিন্ন গ্রহের মানুষ, তাকে আপনি সারময় তাড়ানোর মতো তাড়িয়ে দিয়ে আপনার দেশবাসীকে–হোক না তারা গরিব 'মূঢ় ম্লান মূক মুখের' মানুষ–বুকে টেনে নিয়ে অনুভব করবেন এক অপার্থিব সুখ। তখন আপনার মনে পড়বে ছেলেবেলায় পড়া লালমনিরহাটের কবি শেখ ফজলুল করিমের কবিতা : কোথায় স্বর্গ কোথায় নরক কে বলে তা বহুদূর /মানুষের মাঝে স্বর্গ-নরক মানুষেই সুরাসুর।/...প্রীতি ও প্রেমের পুণ্যবাঁধনে মিলি যবে পরস্পরে/স্বর্গ আসিয়া দাঁড়ায় তখন আমাদের কুঁড়েঘরে।

৪.

রোজা তো চলে যাচ্ছে রোজার নিয়মে। আবার আসবে এক বছর পর। কিন্তু যে উদ্দেশ্যে রোজা এসেছিল তা কি সফল হয়েছে? আরবি শব্দ 'রমজান'-এর একটি অর্থ কোনো কিছু পোড়ানো। রোজা কিন্তু প্রতিবছর আসে আমাদের জন্য এক অপূর্ব সুযোগ সৃষ্টি করে দিতে। কিসের সুযোগ? আমাদের অন্তর্গত হিংসা-বিদ্বেষ-ঘৃণা-লোভ-লালসা ও অন্যান্য যাবতীয় পাপাচারকে পুড়িয়ে ফেলার সুযোগ। এক মাস নিয়মানুগ উপবাসের দ্বারা আমাদের এই দহনক্রিয়া সম্পাদন করার কথা। তা কি আমরা করতে পেরেছি? না পারলে এই উপবাস কিন্তু 'ষোলো আনাই বৃথা'।

৭ জুলাই থেকে আনডকুমেন্টেডদের

(শেষের পাতার পর)

প্রনোদনা দেয়ার কারনে খোশ মেজাজে পার করছেন তারা যাপিত জীবন।

এদিকে আগামী ৭ জুলাই থেকে আনডকুমেন্টেডদের জন্য ১৫ হাজার ডলারের স্টিমুলাস আবেদন শুরু হচ্ছে। পাশাপাশি আইআরএস এবার ইস্যু করতে যাচ্ছে আনএমপ্লয়মেন্ট ইন্সুরেন্স ট্যাক্স। ফলে সংশ্লিস্ট মহলে নতুন করে আশার আলো দেখা দিয়েছে।

আনডকুমেন্টেডদের জন্য ১৫ হাজার ডলারের স্টিমুলাস প্রসঙ্গে সাউথ-এশিয়ানদের মানবাধিকার সংগঠন ড্রাম-এর অন্যতম পরিচালক কাজী ফৌজিয়া জানান, আগামী ৭ জুলাই থেকে আনডকুমেন্টেডদের জন্য ১৫ হাজার ডলারের স্টিমুলাস আবেদন শুরু হচ্ছে। এই অর্থ আগামী এক বছর পর্যন্ত আইআরএসএ'র কাছে থাকবে। রাজনৈতিক আশ্রয় প্রার্থীসহ আনডকুমেন্টেরা এই অর্থ পাবেন। এজন্য সংশ্লিস্টদের গত বছরের অর্থাৎ ২০২০ সালের ২৭ মার্চ থেকে আমেরিকায় বসবাসকারী হতে হবে এবং অভিজ্ঞ একাউন্টেনডেন্ট-এর পরামর্শ মোতাবেক আবেদন করতে হবে। আবেদনের জন্য বেশী রিকোয়ারমেন্টের প্রয়োজন হবে না। তবে কেউ যদি ইতিপূর্বে আন এমপ্লয়মেন্ট বেনিফিট বা স্টিমুলাস বেনিফিট নিয়ে থাকেন বা পেয়ে থাকেন তারা আবেদন করতে পারবেন না। আর কেউ আবেদন করলে তার বিরুদ্ধে প্রতারণার অভিযোগ এনে আইনানুগ ব্যবস্থা নেয়া হতে হবে। তিনি বলেন, উল্লেখিত স্টিমুলাস শুধুমাত্র বঞ্চিতদের জন্য।

এদিকে গত ১৫ মে শনিবার রাতে নিউইয়র্কের চার বরোতেই দেখা গেছে উৎসবের আমেজ। করোনা পূর্ব পরিবেশ ছিল সবখানে। নিউইয়র্ক শহর ঘুরে দেখা গেছে মোড়ে মোড়ে মানুষের ভিড়, সরব রেস্টুরেন্ট-বারগুলোতে আগের ব্যস্ততা। আয় বেড়েছে ক্যাব ব্যবসায়ীদের, ব্যতিক্রম নয় বাংলাদেশী ট্যাক্সী চালকরা, বাড়তি আয় করছেন সবাই। এক বছর আগে মনে হয়েছিল ইয়েলো ক্যাব বিলুপ্ত হয়ে যাবে। অথচ পরিবহন সেক্টর এর এই খাতের ব্যবসা ঘুরে দাঁড়িয়েছে, আবারো ম্যানহাটন এর রাস্তায় শোভা সিটির আইকন ইয়েলো ক্যাব। সব মিলে নির্ঘুম নিউইয়র্ক আবারো মানুষের কোলাহলে সেই নির্ঘুম চেহারায় ফিরেছে, বিদায় জানাচ্ছ বৈশ্বিক মহামারী করোনাকে। তবে করোনা মহামারী সচতনতা ভুলে যাননি তারা মাস্ক পরিধান সহ সাবধানতা অবলম্বন করছেন সবাই।

প্রসঙ্গত গত বছর এই সময় ছিল বিশ্বের চোখ ছিল যুক্তরাষ্ট্রের দিকে। আর এখন ভারতে যে পরিস্থিতি বিরাজ করছে, ঠিক একই অবস্থায় ছিল নিউইয়র্ক সহ পুরো যুক্তরাষ্ট্র জুড়েই মৃত্যুর মিছিল ছিল রাজ্যে রাজ্যে। এক বছর পর ঘুরে দাঁড়িয়েছে যুক্তরাষ্ট্র। একাধিক বাংলাদেশী ট্যাক্সী চালকের সাথে কথা বলে জানা গেছে, চমকে যাওয়ার মত তথ্য তারা দাবী করছেন। করোনার আগে তারা যে ব্যবসা করতেন, তারা অনেক ভাল ব্যবসা এখন করতে পারছেন। এর কারন ব্যাখ্যা করতে দিয়ে তারা বলেন, কম সংখ্যক ড্রাইভার কাজে নামার কারণে তারা ভালো ব্যবসা করতে পারছেন। তবে গ্যারেজ মালিকরা প্রতি সপ্তাহ লীজমানি বাড়িয়ে দিচ্ছেন বলে জানান তারা। এদিকে ২০১৯ সালে যে সব ক্যাব চালক ৫০ হাজার ডলারের উপর নেট ইনকাম করেছেন তারা এখন ফুরফুরা মেজাজে। এসব ড্রাইভাররা পিপিপি ফরগিব, এসবিএ, ইআইডিএল, ডারগেটেড এসবিএসহ নানা নামে দীর্ঘ মেয়াদী কিস্তির লোন এবং মওকুফ লোন সুবিধা। এই সুযোগে অনেক ক্যাব চালক মালিক হয়েছেন গাড়ীর এবং বাড়ীর।

এস্টোরিয়াস্থ ট্যাক্সী ওয়ার্কারস এসোসিয়শন অফিসে ট্যাক্সী চালকদের লম্বা লাইন, এই লাইনের কারণ বিনা ফিতে আর্থিক সুবিধার সব সুযোগ নেয়া। সব মিলে নিউইয়রকে এখন ক্যাব চালকদের চাকাই ঘুরছে যে তানা সচল হচ্ছে অর্থ নীতির চাকা।

শাওয়ালের ছয় রোজায় পূর্ণ বছরের

(শেষের পাতার পর)

শরিয়তের দৃষ্টিতে শাওয়াল মাসে ছয় রোজা রাখা মুস্তাহাব। রাসুলুল্লাহ (সা.) বলেছেন, 'যে ব্যক্তি রমজানের রোজা রাখল, অতঃপর তার সঙ্গে সঙ্গে শাওয়াল মাসের ছয়টি রোজা রাখল, সে যেন পূর্ণ বছরই রোজা রাখল।' (সহিহ মুসলিম, হাদিস : ১১৬৪)

এক বছরের সমান হয় যেভাবে: রাসুলুল্লাহ (সা.) এক বছরের সমান হওয়ার বিষয়টিও ব্যাখ্যা করেছেন। তিনি বলেছেন, 'রমজানের রোজা ১০ মাসের রোজার সমতুল্য আর (শাওয়ালের) ছয় রোজা দুই মাসের রোজার সমান। সুতরাং এই হলো এক বছরের রোজা।' (সুনানে নাসায়ি : ২/১৬২)। মুহাদ্দিসরা বিষয়টি আরো ব্যাখ্যা করে বলেন, আল্লাহ তাআলা বলেন 'কেউ কোনো সৎকাজ করলে সে তার ১০ গুণ সওয়াব পাবে এবং কেউ কোনো অসৎকাজ করলে তাকে শুধু তারই প্রতিদান দেওয়া হবে।' (সুরা : আনআম, আয়াত : ১৬)

এই হিসাবে রমজানের ৩০ রোজায় ৩০০ রোজার সওয়াব হয়। আর শাওয়ালের ছয় রোজায় ৬০ রোজার সওয়াব হয়। এভাবে রমজানের ৩০ রোজা ও শাওয়ালের ছয় রোজা মোট ৩৬০ রোজার সমপরিমাণ হয়।

শাওয়ালের রোজা যেভাবে রাখতে হয়: শাওয়াল মাসের যেকোনো সময় এই রোজা আদায় করা যায়। ধারাবাহিকভাবে বা বিরতি দিয়েও আদায় করা যায়। শাওয়াল মাসে শুরু করে শাওয়াল মাসে শেষ করাটাই আসল কথা। তবে ঈদুল ফিতরের দিনে রোজা রাখা যাবে না। এরপর শাওয়ালের প্রথম দিকে একসঙ্গে ছয়টি রোজা রাখাই উত্তম। যাদের রমজানের রোজার কাজা আছে, তারা আগে রমজানের রোজার কাজা আদায় করবে। অতঃপর সম্ভব হলে শাওয়ালের রোজা আদায় করবে। রমজানের কাজা রোজা আদায় করতে করতে শাওয়াল মাস শেষ হয়ে গেলে অন্য মাসে শাওয়ালের রোজার নিয়ত করে রোজা রাখবে। আশা করা যায়, আল্লাহ তাকে সওয়াব থেকে বঞ্চিত করবেন না। শাওয়ালের রোজা পুররুষ, মহিলা, যুবক, বৃদ্ধসহ সবাই রাখতে পারে। সবার উচিত এই মর্যাদাপূর্ণ আমলে শরিক হওয়া। আল্লাহ আমাদের তাওফিক দান করুন।

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

বাংলাদেশ কম্যুনিটিতে এখন সবচেয়ে বিশ্বস্ত ট্রাভেল এজন্সি

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া



SUPER WINTER SALE

আমরা IATA অনুমোদিত

ফোন: 718-721-2012

উমরাহ্ স্পেশাল

★ হোটেল ★ ভিসা ★ ট্রান্সপোর্টেশান

KUWAIT AIRWAYS

QATAR AIRWAYS القطرية

Emirates

TURKISH AIRLINES

السعودية SAUDIA

আমাদের অফিস শুধুমাত্র এস্টোরিয়ায়

Digital Travel Astoria

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া

2578, 31st Street, Astoria, NY 11102

সাবওয়েতে N ও W ট্রেনে 30th Avenue Station

Cell: 917-459-7181

We are on Facebook

website: www.digitaltraveltour.com

কে হচ্ছেন ব্লাজিওর উত্তরসূরি

ঢাকা ডেস্ক : বিশ্বের রাজধানী হিসেবে খ্যাত নিউইয়র্ক নগরের মেয়র পদে নির্বাচনের বাতাস বইতে শুরু করেছে। ফলে, আলোচনা শুরু হয়েছে, কে হচ্ছেন নিউইয়র্ক নগরের পরবর্তী মেয়র? অ্যান্ড্রু ইয়াং, এরিখ অ্যাডামস নাকি স্ট্রিঙ্গার?

নিউইয়র্ক নগরে সব দলের অংশগ্রহণে আগামী নভেম্বর মাসে মেয়র নির্বাচন অনুষ্ঠিত হবে। তবে মূল নির্বাচনে লড়াইয়ের আগে আগে শুরু হচ্ছে দলের মধ্যে প্রার্থীদের এগিয়ে যাওয়ার লড়াই। এ লক্ষ্যে আগামী মাসে ডেমোক্র্যাটদের প্রাইমারি নির্বাচন বা প্রাথমিক বাছাই অনুষ্ঠিত হতে যাচ্ছে। ডেমোক্র্যাট অধ্যুষিত এই নগরে আগামী মাসের প্রাইমারি নির্বাচনে যিনি জয়ী হবে, তিনিই হবেন দলের মেয়রপ্রার্থী। ডেমোক্রেটিক দলের প্রাথমিক বাছাইয়ের দিকে এখন সবার চোখ। নিউইয়র্কের মেয়র নির্বাচন ও এর প্রভাব কেবল নিউইয়র্কে নয়, প্রভাব পড়ে পুরো যুক্তরাষ্ট্রে। বিশ্বজুড়েও নিউইয়র্কের মেয়র কে হচ্ছেন, তার প্রতি আগ্রহ থাকে।

নিউইয়র্কের বর্তমান ডেমোক্র্যাট মেয়র বিল ডি ব্লাজিও। তিনি ২০২০ সালে প্রেসিডেন্ট পদে নির্বাচনে দলীয় প্রাথমিক বাছাইয়ে ব্যর্থ হয়েছেন। ২০১৩ সালে নিউইয়র্কের মেয়র পদে নির্বাচিত হওয়ার পর থেকে তাঁর জনপ্রিয়তার হার বেশ নেতিবাচক ও কম ছিল। তাঁর অনেক কর্মকা- নিয়ে বিতর্ক হয়েছে, রয়েছে নানা সমালোচনা। আবার দুই মেয়াদে মেয়র থাকার পর ব্লাজিওর পক্ষে তৃতীয় মেয়াদে নির্বাচনে লড়াই করার কোনো সুযোগ নেই। তাই, এবার সবার আগ্রহ, কে হবেন তাদের পরবর্তী নগরপিতা, যিনি সবার জন্য কাজ করে যাবেন।

নির্বাচনের তোড়জোড় শুরুর পর থেকে ইতিমধ্যে ৪০ জন এই পদে প্রচারের কাগজপত্র জমা দিয়েছেন। অবশ্য বর্তমান মাত্র ১০ জনের মধ্যে বেশ হাড্ডাহাড্ডি লড়াই চলছে। এর মধ্যে আলোচনায় রয়েছেন ডেমোক্রেটিক দলের সাবেক প্রেসিডেন্ট পদপ্রার্থী অ্যান্ড্রু ইয়াং, সাবেক পুলিশ কর্মকর্তা এরিখ অ্যাডামস, প্রগতিশীল কর্মী ডায়ান মোরেলস, আই-নজীবী মায়া উইলি ও নিউইয়র্ক নগরের কম্পট্রোলার স্কট স্ট্রিংগার।

এঁদের মধ্যে স্কট স্ট্রিংগারের সম্ভাবনা বেশ ভালো থাকলেও ইতিমধ্যে তাঁর বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ উঠেছে। তিনি অবশ্য এই অভিযোগ পুরোপুরি অস্বীকার করেছেন। এরপরে রয়েছেন স্যানিটেশন বিভাগের সাবেক কমিশনার ক্যাথরিন গার্সিয়া, যিনি জলবায়ু পরিবর্তন মোকাবিলায় কাজ করার আশ্বাস দিয়েছেন।

নির্বাচনের দৌড়ে বেশ এগিয়ে আছেন এরিক অ্যাডামস। তিনি সাবেক একজন পুলিশ কর্মকর্তা এবং প্রথম কৃষ্ণাঙ্গ ব্যক্তি যিনি ব্রুকলিন বরো প্রেসিডেন্ট হিসেবে সাফল্যের সঙ্গে দায়িত্ব পালন করে যাচ্ছেন।

নির্বাচনের দৌড়ে সবার চেয়ে এগিয়ে আছেন অ্যান্ড্রু ইয়াং, যিনি ডি ব্লাজিওর মতো ইউনিভার্সাল বেসিক আয়ের প্রস্তাব নিয়ে নির্বাচনের মাঠে নেমেছেন। ইয়াং নির্বাচনী প্রচারে নি-উইয়র্ক নগরকে বিটকয়েন ও ক্রিপ্টোকারেন্সি কেন্দ্র হিসেবে গড়ে তোলার উচ্চাভিলাষ প্রকাশ করেছেন।

তবে ইয়াংয়ের চেয়ে নতুন নির্বাচনী জরিপে কিছুটা এগিয়ে রয়েছে অ্যাডামস। অন্যদিকে স্ট্রিংগারের বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ সত্ত্বেও জরিপে জনপ্রিয়তার নিরিখে তিনি তৃতীয় অবস্থানে রয়েছেন।

জেনে রাখা ভালো, এবার নিউইয়র্কে প্রথমবারের মতো র‍্যাংকিংয়ের মাধ্যমে ভোটদান বাস্তবায়ন শুরু হতে যাচ্ছে। শুধু একজনকে ভোট না দিয়ে পছন্দের ক্রমানুসারে প্রার্থীদের তালিকাভুক্ত করে ভোট দেওয়া যাবে। ধরুন, আপনার তিনজন প্রার্থীকেই ভালো লাগে, তাহলে তাদের মধ্যে যাকে সবচেয়ে বেশি ভালো লাগে, তাকে এক নম্বরে, তারপর যাকে একটু কম ভালো লাগে তাকে দুই নম্বরে তালিকাভুক্ত করে ভোট দেওয়া যাবে।

গংগা-তিস্তার পানিবঞ্চিত বাংলাদেশে ফারাক্কা লংমার্চ এখনো প্রাসঙ্গিক

(৩ পাতার পর)

তখন থেকে একতরফা পানি প্রত্যাহার চলতে থাকে এবং বাংলাদেশে দেখাদেয় পরিবেশগত বিপর্যয়। লংমার্চের এক বছর পর শতকরা ৮০ ভাগ গ্যারান্টি ক্লজসহ ১৯৭৭ সালের পাঁচবছর মেয়াদি পানিবন্টন চুক্তি স্বাক্ষরিত হয়।

গঙ্গার পানি বন্টনের জন্য ৩০ বছর মেয়াদি দ্বিতীয় চুক্তি স্বাক্ষরিত হয় ১৯৯৬ সালে। কিন্তু বাংলাদেশ এই চুক্তির ধারা অনুসারে পানি পাচ্ছেনা। এপর্যন্ত তিস্তাসহ অন্যান্য যৌথ নদীতে বাঁধ নির্মান করে একতরফা পানি প্রত্যাহার আরো অনেক বেড়েছে। কাজেই মাওলানা ভাসানীর ফারাক্কা লংমার্চের আবেদন এখনো ফুরিয়ে যায়নি।

মাওলানা ভাসানীর লংমার্চে অনুপ্রানিত হয়ে আইএফসি ২০০৫ সালে চিলমারিতে ব্রহ্মপূত্র নদী পর্যন্ত লংমার্চের আয়োজন করে। সে উপলক্ষ্যে আয়োজিত বিশাল সমাবেশে তিস্তাপাড়ের ১০ লক্ষাধিক মানুষ অংশ নেয়। পরের বছর আইএফসি টাঙ্গাইল জেলার ভূয়াপুরের গোবিন্দদাসি যমুনার চরে আরেক বিশাল সমাবেশের আয়োজন করে।

বিবৃতিতে বলা হয়, বাংলাদেশের উৎস নদী থেকে। কাজেই নদীর অব্যাহত প্রবাহের সাথে বাংলাদেশের জীবন মরণের প্রশ্ন জড়িত।

বিবৃতিতে স্বাক্ষর করেন আইএফসি, নিউ ইয়র্ক-এর চেয়ারম্যান, আতিকুর রহমান সালু, মহাসচিব, সৈয়দ টিপু সুলতান, আইএফসি বাংলাদেশের সভাপতি অধ্যাপক জসিম উদ্দিন আহমাদ, সিনিয়র সহ-সভাপতি ড এস আই খান, সাধারণ সম্পাদক সৈয়দ ইরফানুল বারী এবং আইএফসি সমন্বয়ক মোস্তফা কামাল মজুমদার।

EFFICIENT MEDICAL CARE DHAKA DENTAL P.C.
ডা. বর্ণালী হাসান এমডি ও ডেন্টিস্ট মাহফুজুল হাসান ডি.ডি.এস
দুটি অফিসের মাধ্যমে দীর্ঘদিন ধরে চিকিৎসা সেবা দিয়ে আসছেন

DR. MAHFUJUL HASAN D.D.S

DR. BORNALI HASAN MD
উভয় অফিসে এপয়েন্টমেন্টের জন্য আমাদের সাথে যোগাযোগ করুন
চিকিৎসা সেবায় আগ্রহী ব্যক্তিরা যেকোন একটি অফিসে যোগাযোগ করতে পারেন। প্রায় সব ধরনের মেডিকেইড, প্রাইভেট এবং ইউনিয়ন ইনসিওরেন্স গ্রহণ করা হয়।
মেডিকেইড, ফিডালিস কেয়ার, হেলথ ফার্স্ট ও এ্যাফিনিটি ইনসিওরেন্সের গ্রাহকেরা তাৎক্ষণিক ভাবে দাঁতের চিকিৎসা নিতে পারেন।
আমাদের শাখা দু'টি
JAMAICA
170-09 Hillside Ave. Jamaica, NY 11432
Tel: (718) 291-2710 (MEDICINE),
(718) 480-8877 (DENTAL)
SUNNY SIDE
40-14 Green Point Ave. Sunnyside, NY 11104
Tel: (718) 392-2858 (MEDICINE),
(718) 779-1300 (DENTAL)
General Dentist :
Dr. Hatim Gandhi, D.D.S
Dr. Frederik Fisher, D.D.S

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী

● ইমিগ্রেশন ● রিয়েল এস্টেট
● এক্সিডেন্ট ● ল্যান্ডলর্ড-টেনেন্ট
● ব্যাংক্রাপসি ● ডিভোর্স সহ বিভিন্ন
সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।
মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, Email: azizbbu@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

SHARIF TAX SERVICE

IRS Authorize e-file provider
37-47 77th Street,
Jackson Heights, NY 11372
PH: 917-547-7298
917-858-4249
e-mail: shariftaxservice@gmail.com
SHARIF Q. ALAM (HIRA)
B.Sc. (Hons), MS, DU
20 Years experience
Tax Prepare
NYS-Lic! Real Estate Sale agent
SERVICES:
● Tax Service
● Immigration
● Real Estate

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ
অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেনী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।

অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'
আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় ন্যূনতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।
তাছাড়া ১ মিলিয়ন বা ন্যূনতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।
বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনয়নে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।
দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার খ ঠরংধ'র সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।
আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?
* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিগ্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।
Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

সর্বগ্রাসী ও সর্বত্রবিস্তারী বিভাজন



সিরাজুল ইসলাম চৌধুরী

যে তরুণরা আজ পরস্পরকে খুন-জখম করছে, আসক্ত হচ্ছে নানা ধরনের মাদকে, একসময় তারা যেমন মুক্তিযুদ্ধে ছিল, তেমনি পূর্ববর্তী রাষ্ট্রভাষা আন্দোলনেও ছিল। রাষ্ট্রভাষার জন্য আন্দোলনে জয়যুক্ত হয়েছে; কিন্তু জয়ের প্রমাণ তো দেখতে পাই না, দেখতে পাই মাতৃভাষা কেবলি কোণঠাসা হচ্ছে। শহীদ দিবসের প্রভাতফেরিকে আদর-আপ্যায়ন করে পাহারা দিয়ে নিয়ে যাওয়া হয়েছে মধ্যরাতে, সকালের সেই অরুণ আলো মলিন হয়ে গেছে। রাতের অন্ধকারের কাছে তার আত্মসমর্পণ ঘটেছে। পুঁজিবাদের অপ্রতিরোধ্য তৎপরতা যে সর্বগ্রাসী হতে চলেছে এ হচ্ছে তারই একটি নিদর্শন। একুশ ছিল রাষ্ট্রবিরোধী এক অভ্যুত্থান, রাষ্ট্র তাকে যথাযোগ্য মর্যাদা দেওয়ার অছিলায় আটক করে ফেলেছে। ওদিকে উচ্চ আদালতে বাংলা নেই, ঠিকমতো নেই উচ্চশিক্ষায়ও। বিশ্ববিদ্যালয়গুলোতে বাংলা বিভাগে ভর্তি হতে হবে শুনলে শিক্ষার্থীদের মুখ শুকায়, অভিভাবকরা প্রমাদ গোনেন। স্মার্ট ছেলে-মেয়েরা বাংলা বলতে অস্বস্তি বোধ করে, শিক্ষিত বয়স্করাও বাংলা বলেন ইংরেজির সঙ্গে মিশিয়ে। প্রমাণ দেয় যে তারা পিছিয়ে নেই। এই অস্বাভাবিকতাই এখন নতুন স্বাভাবিকতা।

একুশে ফেব্রুয়ারীর পরিচয় কেন বাংলা ফাল্গুন মাসের তারিখ দিয়ে হবে না, এ নিয়ে বিজ্ঞ মহলে প্রশ্ন উঠেছিল। ফালগুন তার উপেক্ষার উপযুক্ত প্রতিশোধ নিয়েছে। নীরবে। পহেলা ফালগুন এখন বেশ ভালোই সাড়া জাগায়। সঙ্গে থাকে ভালোবাসা দিবস। পহেলা ফাল্গুন ও ভালোবাসা দিবস–এই দুইয়ের কারো সঙ্গেই মাতৃভাষার মর্যাদা রক্ষার জন্য আন্দোলনের কোনো প্রকার সম্পর্ক নেই। উল্টো বিরোধ আছে। পহেলা ফালগুন ও ভালোবাসা দিবসের উদযাপনের ভেতর দিয়ে তরুণরা তাদের দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য উদ্দীপিত হয় না। তাদের আগ্রহটা মোটেই দেশপ্রেমিক নয়, একান্তই ব্যক্তিগত। ভালোবাসা খুঁজতে বের হয়ে তারা



প্রাইভেট হয়ে যায় পাবলিককে দূরে সরিয়ে দিয়ে। পেছনে তৎপরতা থাকে বাণিজ্যের। ফুল, পোশাক, উপহার, রং–এসবের কেনাবেচা বাড়ে। থাকে বিজ্ঞাপন। ঘটে গণমাধ্যমের হৈচৈ। সব তৎপরতা নির্ভেজালরূপে পুঁজিবাদী এবং সে কারণে অবশ্যই একুশের চেতনার বিরোধী। আর একুশের চেতনারই তো বিকশিত রূপ হলো মুক্তিযুদ্ধের চেতনা। মুক্তিযুদ্ধের চেতনাও যে বাণিজ্যের প্রকোপ থেকে নিজেকে রক্ষা করতে পারছে এমনও নয়।

তিন ধারায় শিক্ষা সগৌরবে বহাল রয়েছে। এবং আঘাত যা আসছে তা মূল যে ধারার, বাংলা ধারার ওপরেই বেশি। সেই ধারার পাঠ্যসূচি, পাঠ্যপুস্তক, পরীক্ষাব্যবস্থা–এসব নিয়ে অবিরাম পরীক্ষা-নিরীক্ষা চলছে এবং প্রায় কোনোটাই শিক্ষার্থীদের উপকারে আসছে না। শোনা যাচ্ছে এবার একেবারে প্রাথমিক পর্যায়েই নাকি জাতীয় শিক্ষাসূচির ইংলিশ ভার্সন চালু করা হবে। মাধ্যমিক স্তরে ইংলিশ ভার্সন এরই মধ্যে চালু হয়েছে, তাকে একেবারে প্রাথমিক পর্যায়ে নিয়ে যাওয়ার উদ্যোগ। নিম্নবিত্ত অভিভাবকরা হয়তো খুশিই হবেন, ভাববেন তাঁদের সন্তানরা আর বঞ্চনার শিকার হবে না, তারাও ইংরেজিতে শিক্ষিত হওয়ার অধিকার পেয়ে যাবে। ওদিকে করোনাকালে অন্য সব স্কুল বন্ধ হলেও কওমি মাদরাসা কিন্তু বন্ধ হয়নি। সেখানে ভর্তির সংখ্যা বেড়েছে। আগামী দিনে নিম্নমধ্যবিত্তের যে অংশটি গরিব হয়ে যাবে তাদের ছেলে-মেয়েরা কওমি মাদরাসার দিকেই রওনা দেবে। তাতে দেশের ভালো হবে এমন আশা দুরাশা।

তরুণ পুস্তক প্রকাশক ফয়সল আরেফিন দীপন হত্যার অভিযুক্ত আসামিদের আটজনের শেষ পর্যন্ত ফাঁসির আদেশ হয়েছে। কিন্তু মূল হোতা বলে অভিযুক্ত যে দুজন তারা এখনো ধরা পড়েনি। বিজ্ঞান লেখক অভিজিৎ রায়ের হত্যা মামলার বিচার শেষ হতে প্রায় ছয় বছর সময় লাগল। সে মামলায় পাঁচজনের মৃত্যুদন্ড হয়েছে, একজনের যাবজ্জীবন। কিন্তু মূল যে হোতা সেনাবাহিনী থেকে চাকরিচ্যুত মেজর সৈয়দ মোহাম্মদ জিয়াউল হক, দীপন ও অভিজিৎ উভয় হত্যাকান্ডের জন্যই যে প্রাণদন্ডাদেশ পেল, সে কিন্তু ধরা পড়েনি। অভিজিৎ হত্যাকান্ডে তাঁর স্ত্রী রাফিদা আহমেদ বন্যাও মারাত্মকভাবে আক্রান্ত হয়েছিলেন, কোনোমতে প্রাণে বেঁচেছেন। মামলার রায়ে তিনি সন্তুষ্ট হননি। তাঁর অভিযোগ, ধর্মীয় জঙ্গি নির্মূলে সরকার মোটেই আন্তরিক নয়। অভিজিতের ভাগ্যহীন পিতা অধ্যাপক অজয় রায় সন্তান হারালেন, বিচার দেখে যেতে পারলেন না; প্রিয় সন্তানের মৃত্যু তাঁকে অত্যন্ত কাতর করেছিল, তাঁর জীবনীশক্তির ওপর প্রচন্ড একটা আঘাত এসে পড়েছিল। তাতে তাঁর মৃত্যু ত্বরান্বিত হয়েছে। অভিজিতের মাও মারা গেছেন। অসুস্থ ছিলেন, পুত্র শোকে কাতর হয়ে চলে গেছেন। লেখক হুমায়ুন আজাদ হত্যার বিচার এখনো শেষ হয়নি। যে তরুণরা এঁদের হত্যা করেছে তারা যে এঁদের লেখা পড়েছে এমন মনে হয় না। শুধু শুনেছে এঁরা ধর্মবিরোধী, এঁদের হত্যা করলে বেহেশত নসিব সুনিশ্চিত, তাই ঝাঁপিয়ে পড়েছে মানুষ হত্যার উন্মাদনায়।

পৃথিবী যে ভাগ হয়ে যাচ্ছে এটা নতুন কোনো ঘটনা নয়। দুর্ঘটনাও নয়। অনিবার্যভাবেই তা ঘটে চলেছে। সুবিধাভোগী ও সুবিধাবঞ্চিতদের ভেতর বিভাজনটা অতি পুরনো। একালে বিভাজনটা সর্বগ্রাসী ও সর্বত্রবিস্তারী হয়েছে, এই যা। ভাগটা ওপরের ও নিচের। ওপরে রয়েছে সুবিধাভোগী অল্প কিছু মানুষ, নিচে বিপুলসংখ্যক সাধারণ মানুষ, যারা শ্রম করে এবং যাদের শ্রমের ফল অপহরণ করেই ওপরের মানুষরা তরতাজা হয়। লেখক জনাথন সুইফট তাঁর গালিভার্স ট্রাভেলস বইয়ে আজব কয়েকটি দেশের কল্পকাহিনি লিখেছিলেন। দেশগুলোর একটিতে শাসকরা থাকে উড়ন্ত এক দ্বীপে, নিচে বিস্তীর্ণ এক মহাদেশ, সেখানে বসবাস প্রজাদের। প্রজারা মেহনত করে, তাদের উৎপাদিত খাদ্য যন্ত্রের সাহায্যে তুলে নেওয়া হয় উড়ন্ত দ্বীপে; সুযোগ-সুবিধাভোগী রাজা, তাঁর মন্ত্রী ও পারিষদদের ভোগের জন্য। প্রজাদের বিস্তর অভিযোগ আছে। সেগুলো শোনার ব্যবস্থাও রয়েছে। উড়ন্ত দ্বীপটি যখন যেখানে যায় সেখানকার মানুষের সুবিধার জন্য ওপর থেকে সুতা ঝুলিয়ে দেওয়া হয়। প্রজারা তাতে ইচ্ছা করলে মনের সুখে নিজেদের অভিযোগগুলো কাগজে লিখে সুতায় বেঁধে দিতে পারে। কিন্তু সেই কাগজ কেউ কখনো পড়ে বলে জানা যায়নি। তবে প্রজারা যদি ভুল করে কোথাও বিদ্রোহ করে বসে, তবে তার জন্য উপযুক্ত শাস্তির ব্যবস্থা সে রাজত্বে রয়েছে। উড়ন্ত দ্বীপটি বিদ্রোহীদের এলাকায় ওপরে এসে উপস্থিত হয়; ফলে সূর্যের কিরণ ও বৃষ্টিপাত–দুটি থেকেই নিচের বিদ্রোহীরা বঞ্চিত হয়ে অচিরেই নাকে খত দেয়। বিদ্রোহ দমনের আরেকটি পদ্ধতি উড়ন্ত দ্বীপ থেকে বড় বড় পাথর নিচের মানুষদের লক্ষ্য করে নিক্ষেপ করা।

নিচের মানুষদের ওপর ওপরওয়ালাদের এই শাসন-শোষণের ছবিটি আঁকা হয়েছিল বেশ আগে, ১৭২৬ সালে। এর প্রায় ২০০ বছর পরে ১৯২২ সালে রবীন্দ্রনাথ ঠাকুর একটি নাটক লিখেছিলেন 'মুক্তধারা' নামে। সেটাও ওই ওপর-নিচ সম্পর্ক নিয়েই। ওপরে থাকেন উত্তরকূটের রাজা-মহারাজারা, নিচে বসবাস শিবতরাইয়ের প্রজাদের। প্রজারা নিয়মিত খাজনা দেয়। তবে পর পর দুই বছর দুর্ভিক্ষ হওয়ায় খাজনা ঠিকমতো শোধ করতে পারেনি। শাস্তি হিসেবে ওপর থেকে নিচে বহমান, উত্তর-দক্ষিণে প্রবাহিত নদীর পানি আটকে দেওয়া হয়েছে। নদীর ওপরে মস্ত এক বাঁধ কিছুকাল আগেই তৈরি করা হচ্ছিল, এখন তাকে কাজে লাগানো হলো। বিশ্বকবি রবীন্দ্রনাথ ভবিষ্যদ্দ্রষ্টা ছিলেন, নদীর পানি যে মনুষ্যই নিপীড়নের অস্ত্র হিসেবে ব্যবহৃত হবে সেটা আগেভাগেই দেখতে পেয়েছিলেন। তবে এটা ভাবা নিশ্চয় তাঁর পক্ষেও সম্ভব হয়নি যে ওপরওয়ালাদের হস্তক্ষেপে তাঁর প্রিয় পদ্মা নদীটি তাঁর দেখা 'ছোট নদী'টিতে নিয়মিত পরিণত হতে থাকবে।

লেখক: ইমেরিটাস অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয়

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে

প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই



এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং



আমরা বাংলায় কথা বলি

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি' শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইলো শুভেচ্ছা ও ধন্যবাদ। আশাকরি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ কারণে এই বিভাগ আপনাদেরই জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহে আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

এই বিভাগে আমাদের সম্মানিত পাঠকদের অবগতির জন্য আমরা ইমিগ্রেশন বিষয়ে সাম্প্রতিক পরিস্থিতি ও করণীয় সম্পর্কে অবহিত করে থাকি। আমরা করি এই মহামারি কালে আপনারা নিরাপদ ও সুস্থ আছেন। আমরা জানি যে, করোনা মহামারি আমাদের সকলের জীবন পাল্টে দিয়েছে। গত বছর অনেক অফিস বন্ধ হয়ে গেছে। আর কিছু সীমিত আকারে চলছে। আর কিছু পর্যায়ক্রমে সবকিছু স্বাভিব হতে চলেছে। তবে সবকিছু পুরোপুরি স্বাভাবিক হওয়ার আগে আরো কিছু সময় লেগে যাচ্ছে বলে মন হয়।

অন্য আরও সরকারী বিভাগের মতো ইমিগ্রেশন ও ইমিগ্র্যান্টদের জন্য ব্যতিক্রমী কিছু হতে চলেছে। আমরা চেষ্টা করে যাচ্ছি ইমিগ্রেশন বিভাগের পরিবর্তন ও নতুন বিধি সম্পর্কে আপনাদের অবহিত করতে। এ বিষয়ে আমাদের পরামর্শ হচ্ছে- যে কোন কেস ফাইল করার আগে একবার ইউএস সিআইএস এর ওয়েব সাইটটা চেক করে নেবেন। একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞের সাথে পরামর্শ করে নেবেন। অনেক ইমিগ্র্যান্ট এটর্নীই পরামর্শের জন্যে কোন ফিস দাবী করেন না। ডাকযোগে আমাদের অফিসের সঙ্গেও যোগাযোগ করতে পারেন। ই-মেইল বা টেলিফোনে সুস্পষ্ট ও সুনির্দিষ্ট করে আপনার সমস্যার কথা উল্লেখ করবেন।

ইউএস সিআইএস কতিপয় আই-৫৩৯ ফর্ম পূরণে বাইও মেট্রিক পরীক্ষা স্থগিত করেছে-

আই-৫৩৯ ফর্মের প্রয়োজনে নিচের বিশেষ গ্রুপের জন্যঃ

কতিপয় নন ইমিগ্র্যান্ট ভিসার-ধারীদের ভিসার মেয়াদ বাড়ানো অথবা অন্য নন ইমিগ্র্যান্ট স্ট্যাটাস পরিবর্তনের আবেদন করলে, যেমন বি-ওয়ান/ বি-২ ভিসিটরদের ভিসা ৩ থেকে ৬ মাস বাড়ানোর আবেদন,

ফর্ম আই-৫৩৯ ভিসাধারীরা যদি প্রবেশর সময় প্রদত্ত সময় সীমা বাড়ানোর সিদ্ধান্ত নেন,

এছাড়াও এই ফর্ম একটা নন ইমিগ্র্যান্ট ভিসা থেকে যদি আরেকটি ক্যাটাগরিতে পরিবর্তন করতে চান,

এই ফর্মটি ভি ননইমিগ্র্যান্ট স্ট্যাটাস অথবা ভি স্ট্যাটাস পরিবর্তনের আবেদনেও ব্যবহার করা হয়। এটা এফ এবং এম ভিসা বহাল রাখার জন্যও ব্যবহার করা হয়।

ব্যাকগ্রাউন্টঃ

মার্চ ২০১৯ এর শুরুতে, ইউএসসিসআইএস কতিপয় আই-৫৩৯ ফর্ম এর আবেদনকারীকে তাদের বায়োমেট্রিক এএসসিতে সরকারীভাবে আবেদনকারী এবং সহ আবেদনকারীকে হাজির হতে বলা হয়। মার্চ ২০২০ সালে কোভিডের কারণে এএসসির ফিল্ড অফিসে, এসাইলাম অফিসে শশরীরে বায়োমেট্রিক পরীক্ষা স্থগিত করে। সেই থেকে এএসসি পাবলিকের জন্য পুনরায় খুলে দিলেও শশরীরে বায়োমেট্রিক পরীক্ষার জন্য আর চালু করেনি- কোভিড -১৯ এর কারণে। সাময়িক এই বন্ধের কারণে বহু কেস জমা হয়ে গেছে। আই-৫৩৯ ফর্ম সংশ্লিষ্ট বিপুল সংখ্যাক কেস স্থগিত হয়ে রয়েছে ফলে- (এমপ্লয়মেন্ট অথরাইজেশন আবেদনের ফর্ম আই -৭৬৫)এইচ-৪ এর নন ইমিগ্র্যান্ট (এইচ-১ বি নন ইমিগ্র্যান্টের স্বামী-স্ত্রী এবং সন্তানেরা), এল-২ নন ইমিগ্র্যান্টস (এল-১ এর নন ইমিগ্র্যান্ট স্বামী-স্ত্রী এবং সান্নেতরা) এবং কতিপয় নন ইমিগ্র্যান্ট (ই-১-ই-২ এবং প্রিন্সিপাল নন ইমিগ্র্যান্ট)।

ইউএস সিটিজেনশীপ এবং ইমিগেশন সার্ভিসের সাময়িক বায়োমেট্রিক দাখিলের সাময়িক স্থগিতকরণ শুরু হবে ২০২১ এর ১৭ মে থেকে। স্থগিতকরণ কার্যকর হবে ফর্ম আই-৫৩৯ আবেদনকারীর ভিসা বাড়ানো/ নন ইমিগ্র্যান্ট স্ট্যাটাস পরিবর্তন, আমেরিকায় থাকার সময় বৃদ্ধিকরণ অথবা এইচ-৪, এল-২ এবং ই নন ইমিগ্র্যান্ট স্ট্যাটাস পরিবর্তনের বেলাতেও কার্যকর হবে। ইউএসসিআইএস বায়োমেট্রিক অনুসন্ধান এবং ব্যাক-গ্রাউন্ড চেকিং এর উপর ভিত্তি করে এসব নির্দিষ্ট আবেদকারীর বিষয় বিবেনচনা করবে- ফিঙ্গারপ্রিন্ট ছাড়াই। এই সাসপেনশন ২০২৩ এর মে ১৭ পর্যন্ত বলবৎ থাকবে।

ফর্ম আই -৫৩৯ আবেদনকারীদের যে সব ক্যাটাগরির ক্ষেত্রে বাযোমেট্রিক না দেয়ার আইন বলবৎ থাকবেঃ

ক) অবস্থানের সময় বাড়ানো, অথবা এইচ-৪ ন ইমিগ্র্যান্ট স্ট্যাটাস পরিবর্তনের ক্ষেত্রে।

খ) অবস্থানের মেয়াদ বৃদ্ধি অথবা এল-২ নন ইমিগ্র্যান্ট স্ট্যাটাস পরিবর্তন।

গ) অবস্থানের মেয়াদ বৃদ্ধি অথবা ই-১ নন ইমিগ্র্যান্ট স্ট্যাটাসের পরিবর্তন।

ঘ) অবস্থানের মেয়াদ বৃদ্ধি বা ই-২ নন ইমিগ্র্যান্ট স্ট্যাটাস পরিবর্তন (ই-২ সি, ই-২সি এনএস ই ইনভেস্টর) অথবা

ঙ) অবস্থানের সময়বৃদ্ধি অথবা ই-৩ নন ইমিগ্র্যান্টা স্ট্যাটাস পরিবর্তন (ই-৩ডি নির্বাচনসহ)।



এছাড়াও আই-৫৩৯ ফর্মের সাসপেনসন বলবৎ হবেঃ

* মে ১৭, ২০২১ পর্যন্ত স্থগিতকরণ এবং এখন পর্যন্ত যারা বায়োমেট্রিক সার্ভিস এর জন্য কোন এপয়েন্টমেন্ট পাওয়া যায়নি,
* মে ১৭, ২০২১ তারিখ অথবা তারিখের পোস্ট মার্ক করা নতুন আবেদন। তবে বায়োমেট্রিক্স কেস বাইকেস আবেদন চাওয়ার ক্ষমতা থাকবে ইউএসসিআইএস্থর এর হাতে।

আই-৫৩৯ ফর্মে আবেদনকারীরা ইতোমধ্যেই বায়োমেট্রিক্স সার্ভিসের জন্যে নোটিশ পেয়ে থাকবে। তাদের নির্দিস্ট তারিখে হাজির হতে হবে।

পম, ২০২১ থেকে ফর্ম আই-৫৩৯ এর জন্য শর্তপূরণ সাপেক্ষে বায়োমেট্রিক্স ফিস ৮৫ ডলার আর লাগবে না- যতদিন ফিস স্থগিত থাকবে পৃথকভাবে যদি কেউ বেজ ফিতে আবেদন দাখিল করে তবে সে ক্ষেত্রে বায়োমেট্রিক্স সার্ভিস ফি'তে ফিরে আসবে। ইউএসসিআইএস স্বল্প সময়ের জন্য এবং তারা এই ফিস না দেয়ার জন্য কোন আবেদন প্রত্যাখান করবে না। গ্রেস পিরিয়ডের পর ইউএসসিআইএস যদি কাগজে আবেদন করা কারও আবেদন প্রত্যাখ্যান করে, তবে তাদের বায়োমেট্রিক ফিস ছাড়া নতুন করে আই ৫৩৯ ফাইল করতে হবে। বিস্তারিত জানা যাবে ইউএসসিসআইএস এর ওয়েব সাইটে। অথবা প্রয়োজনবোধে আমাদের অফিসের সাথেও যোগাযোগ করতে পারেন।

সাক্ষাতকার মওকুফের সময় বৃদ্ধি

হোমল্যান্ড সিকিউরিটি ডিপার্টমেন্টের সঙ্গে পরামর্শক্রমে ইউএস সেক্রেটারী অব স্টেট ব্লিংকেন সাময়িকভাবে শশরীরে উপস্থিত হয়ে ভিসার জন্য সাক্ষাতকারের সময় বৃদ্ধি করেছেন। যারা একই শ্রেণীতে নন ইমিগ্র্যান্ট ভিসার জন্যে আবেদন করবেন তাদের ক্ষেত্রে কার্যকর হবে। উদাহরণঃ বি-ওয়ান/ বি-২ ভিজিটর ভিসায় যাদের পাসপোর্ট স্ট্যাটাস ২ বছরের অধিকসময় পার হয়ে গেছে অথচ তারা আবার যুক্তরাষ্ট্রে সফরের পরিকল্পনা করেছেন তাদের ক্ষেত্রে প্রযোজ্য হবে। এ জন্যে অবশ্যই আপনাকে নতুন করে বি-ওয়ান/ বি-টু ভিসার জন্য আবেদন করতে হবে। সেক্রেটারি অব স্টেট কেবল ৪৮ মাসের জন্য এই সময় বৃদ্ধি করেছেন। এই নীতি ৩১ ডিসেম্বও, ২০২১ সাল পর্যন্ত বলবৎ থাকবে। এই পরিবর্তন কন্স্যুলার অফিসাররা কতিপয় নন ইমিগ্র্যান্ট ভিসা আবেদনকারীর ভিসা প্রক্রিয়া সীমিতভাবে করবেন। যাতে কোভি-১৯ সংক্রমণ অন্য আবেদনকারী এবং কন্স্যুলার স্টাফদের মধ্যে না ছড়ায়।

যদি কেউ কারো আত্মীয়স্বজন নন ইমিগ্র্যান্ট ভিসায় (ভিটিজর-বিজিনেস স্টুডেন্ট) যুক্তরাষ্ট্রে ভিজিট করার পরিকল্পনা করছেন এবং তাদের ভিসার সময় সীমা পার হয়ে গেছে, তাদের ইউএস দূতবাসসের অথবা কন্স্যুলেটের ওয়েব সাইটে পুনর্মূল্যায়ন করতে পারেন। বিস্তারিত জানার জন্য যারা বিনা সাক্ষাতকারে আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন।

উল্লেখ্য,আমাদের সম্মানিত পাঠকদের জন্যে প্রয়োজনে আমরা আপনাদের জন্যে পাশে আছি। ইমিগ্রেশন বিষয়ে বিস্তারিত জানতে আমাদের অফিস যোগাযোগ করতে পারেন।

সর্বশেষ আবারো আপনাদের করোনামুক্ত সুস্থ ও সুন্দর জীবনের প্রত্যাশায় আজকের মত এখানেই শেষ করছি। ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪

ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইল: kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদঃ হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

ফারাক্কা লংমার্চ এবং অভিন্ন নদীতে ভাটির দেশের অধিকার

সাপ্তাহিক ২৫ বছরে বাংলা পত্রিকা The Weekly Bangla Patrika

আজাদ খান ভাসানী

বাংলাদেশ নদীমাতৃক দেশ। অথচ নদী নিয়ে আমাদের সুদূরপ্রসারী কোন পরিকল্পনা নেই। যে নদী সৃষ্টিকর্তার আশীর্বাদ হিসেবে আমাদের দু'কূল ঢেলে দিয়েছিল, সেই নদীই আবার গলার ফাঁস হিসেবে আবির্ভূত হয়েছে। স্বাধীনতা পরবর্তী প্রায় প্রত্যেকটি সরকার নদী ব্যবস্থাপনায় উদাসীনতা দেখিয়েছে। উপরন্তু আমাদের পররাষ্ট্রনীতি ভারতের কাছ থেকে অভিন্ন নদীর পানির ন্যায্য হিস্যা আদায় করতেও ব্যর্থ হয়েছে। ভারতও আন্তর্জাতিক রীতিনীতি, আইন কানুনকে বৃদ্ধাঙগুলি দেখিয়ে অভিন্ন নদীতে বাংলাদেশের অধিকার অগ্রাহ্য করে চলছে।

স্বাধীন বাংলাদেশে অভিন্ন নদীতে ভাটির দেশের অধিকার নিয়ে সোচ্চার হয়েছিলেন মজলুম জননেতা মওলানা আবদুল হামিদ খান ভাসানী। তিনি ১৯৭৬ সালের ১৬ মে ফারাক্কা লংমার্চের ডাক দিয়ে প্রকৃতিবাদীদের পক্ষে বিশ্বজনমতের কাছে মানবতার এক অনন্য গীতিকাব্য রচনা করেছিলেন। তিনিই প্রথম ফারাক্কা মিছিলের মাধ্যমে আমাদের দেশকে মরুকরণের বিরুদ্ধে সোচ্চার করেছিলেন। তিনি বলেছিলেন বাংলাদেশের জন্য ফারাক্কা বাঁধ হিরোশিমা-নাগাসাকির চেয়েও ভয়াবহ ধ্বংসাত্মক পরিস্থিতি ডেকে আনবে। অনেকের কাছেই তখন তার এই দূরদর্শীতা বাড়াবাড়ি মনে হয়েছিল। কিন্তু আজ দেশের প্রতিটি দেশপ্রেমিক জনতাই এ ব্যাপারে শঙ্কিত। মওলানা ভাসানী যা বলেছিলেন পরিস্থিতি আজ তার চেয়েও ভয়াবহ। যে ভাসানী স্বাধীনতার কথা বলতে গিয়ে ভারতের 'দালাল' গালি হজম করেছেন; দেশের স্বাধীনতা সার্বভৌমত্ব রক্ষার্থে সেই ভাসানীই 'জলদেবতা' হয়ে 'জলজল্লাদ' এর বিরুদ্ধে ফারাক্কায় লংমার্চের ডাক দিলেন। তখন তিনি অসুস্থ। আহমেদ ছফার ভাষায়- 'পেশাবের বেগ তিনি ধরে রাখতে পারছেন না, বেদনায় তার সমস্ত মুখ ফ্যাকাশে হয়ে উঠেছে। বাংলাদেশের সর্বনাশ ঘটছে এটা তার চেয়ে কেউই আর এতো স্পষ্ট করে বোঝে নি। ফলে জীবনের শেষ সেকেন্ডগুলো তিনি হিসাব করে খরচ করছিলেন।' ৯৬ বছর বয়সেও বাংলার প্রমিথিউস সকল বিভেদ, অনৈক্য ও জড়তা ভেঙ্গে সার্বভৌমত্ব রক্ষার আন্দোলনে শরিক হবার ডাক দিয়ে বাংলাদেশের আপামর জনসাধারণকে হ্যামিলনের বাঁশিওয়ালার মতো নিয়ে গিয়েছিলেন ফারাক্কার প্রান্তরে। স্পষ্টত তিনি এই মিছিলকে জতীয় জাগরণ ও জাতীয় ঐক্যের সংগ্রাম বলে আখ্যা দিয়েছিলেন। ফারাক্কার রাজনৈতিক গুরুত্ব ভবিষ্যৎ বাংলাদেশের স্বাধীনতা সার্বভৌমত্বের রক্ষাকবচ বলে উল্লেখ করেছিলেন। ফারাক্কার প্রাণঘাতি ব্যারাজ ধ্বংস করে দিয়ে বাংলাদেশ ও ভারত সীমান্তের দুই পাশের মানুষ, পশুপাখি, জীব-অনুজীব-অর্থাৎ দৃশ্যগ্রাহ্য বা দৃশ্যের বাইরে থাকা সকল প্রাণের রক্ষা এবং তাদের হেফাজত নিশ্চিত করার জন্য এক অভূতপূর্ব মিছিলে নেতৃত্ব দিয়েছিলেন। যা আজও ফারাক্কা লংমার্চ নামে খ্যাত।



ভাসানীর এই ডাক কেবল ফারাক্কার ন্যায্য হিস্যা আদায়ের ডাকই নয়; এই ডাক জুলুমের বিরুদ্ধে মজলুমের টিকে থাকার ডাক। মাথা নত না করার ডাক। অধিকার আদায়ে বিশ্বজনমতের ডাক। কিন্তু দুঃখের বিষয়, মওলানার মৃত্যুর পর সেই ঐক্য ধরে রাখা যায়নি। উজানের দেশ ভারতকে ভাটির দেশ বাংলাদেশের সঙ্গে পানি ব্যবহার নিয়ে ন্যায্য চুক্তিতে বাধ্য করার জন্য যে জাতীয় ঐক্যের প্রয়োজনীয়তা ছিল তা আজ অবধি গড়ে তোলা যায়নি।

আমরা জানি পাখি ও নদীর কোনো সীমান্ত নেই। তাই পানির দাবিকে যারা ভারত বিরোধিতা বা ভারত প্রীতির দৃষ্টিভঙ্গির মধ্যে সীমাবদ্ধ রেখে নাকে তেল দিয়ে ঘুমানোর কথা ভাবছেন তাদেরও ঘুম একদিন হারাম হয়ে যেতে পারে মিঠা পানির অভাবে অথবা লবণাক্ত আর বানের পানির দাপটে। আমাদের এই সমস্যাকে কেবলমাত্র রাজনৈতিক সমস্যা বলেও পাশ কাটিয়ে যাবার পথ নেই। কারণ আমরা যাদেরকে আমাদের রাজনৈতিক প্রতিভু বানিয়ে তুষ্ট মনে দায়িত্বের শেষ ভাবছি, তাদের বেশীরভাগই পৃথিবীর বিভিন্ন উন্নত দেশে বিকল্প আবাসন গড়ে তুলেছে। তাই এই সমস্যা নিরসনে এ দেশের কৃষক, শ্রমিক, খেটে খাওয়া সাধারণ মানুষকেই ভাবতে হবে। ঐক্যবদ্ধ হয়ে প্রতিরোধ গড়ে তুলতে হবে। আমরা যারা ভাবছি, এ দায়িত্ব আমাদের নয় তারাই এ দেশের নব্বই ভাগ মানুষ। দায়িত্বটা তাই আমাদেরকেই কাধে নিতে হবে। বিশেষ করে ভারতের অভ্যন্তরেই যখন ফারাক্কা বাঁধের ক্ষতিকর প্রভাব নিয়ে কথা উঠেছে। প্রতিবাদ হচ্ছে। জনমত গঠন হচ্ছে।

মনে রাখতে হবে এ লড়াই কোনো দেশ বা জাতীর বিরুদ্ধে নয়। এই লড়াই মানুষ এবং প্রকৃতির বিরুদ্ধাচারণের বিরুদ্ধে প্রকৃতিবাদীদের লড়াই। ভারতের নিপীড়িত জনতা আমাদের পাশে থাকবে বলে আমার দৃঢ় বিশ্বাস। দু'ভাবে আমরা এ ব্যাপারে সোচ্চার হতে পারি। ১) দেশের অভ্যন্তরে প্রবল জনমত গঠন করে, ২) কূটনৈতিক তৎপরতার মাধ্যমে আন্তর্জাতিক চাপ সৃষ্টি করে। আন্তর্জাতিক আইন অনুযায়ী লোয়ার রাইপেরিয়ান দেশের সম্মতি না নিয়ে আন্তর্জাতিক নদীর প্রবাহ বন্ধ করা যায় না। পৃথিবীর কোন দেশই আন্তর্জাতিক আইন, কনভেনশন, চুক্তি এবং জনমত উপেক্ষা করে প্রতিবেশী দেশের উপর পানি আগ্রাসন চালাতে পারে না। এটা পরমাণু সন্ত্রাসের চেয়ে কম নয়। ২০১৪ সালের ১৭ আগস্ট 'আন্তর্জাতিক নদীধারা সনদ' কার্যকর হয়েছে। এই সনদের ৭.১ ধরায় বলা হয়েছে যে, উজানে কোন দেশ আন্তর্জাতিক নদীর পানি এমনভাবে ব্যবহার করতে পারবে না যাতে ভাটির দেশের কোনো ক্ষতি হয়। অববাহিকার এসব দেশের ক্ষতি ও ক্ষতিপূরণ, পানি ব্যবহার নিয়ে বিরোধ, আন্তর্জাতিক আদালত, পরিবেশ রক্ষাসহ বিভিন্ন বিষয়ে নির্দেষনা রয়েছে ওই সনদে। ধারা ৭.২ তে বলা হয়েছে যে, উজানের দেশের পানি ব্যবহারের ফলে ভাটির দেশের ক্ষতি হয় তাহলে তাকে (ভাটির দেশকে) ক্ষতিপূরণ দিতে হবে। তবে বিস্ময়কর হলেও সত্য যে, কোন এক অজানা কারণে বাংলাদেশ আজও ওই সনদ অনুসমর্থন করেনি। বিশেষজ্ঞরা বলছেন, সনদটি আন্তর্জাতিক নদীগুলোর পানিপ্রবাহ ব্যবহারে একটি মানদন্ড। এতে অভিন্ন নদীর পানি ব্যবহারের সার্বিক নির্দেশনা রয়েছে। এছাড়া আর্বিট্রেশন বা আন্তর্জাতিক আদালতে যাওয়ার সুযোগও রয়েছে। সনদটি কার্যকর হওয়ায় ভারত ও মিয়ানমারের সঙ্গে সংযুক্ত নদীগুলো থেকে প্রবাহিত পানির ন্যায্য হিস্যা না পেলে জাতিসংঘের সাধারণ পরিষদে বিষয়টি উত্থাপন করতে পারবে বাংলাদেশ। এর মাধ্যমে নদীবিষয়ক অমীমাংসিত বিষয়গুলো নিয়ে আন্তর্জাতিক আদালতে যাওয়ার সুযোগও থাকবে।

খোদ ভারতের আদালতেই ফারাক্কা ব্যারেজের ফলে পরিবেশ বিপর্যয়ের কারণে ১৩ হাজার কোটি টাকার মামলা হয়েছে। ফারাক্কা ব্যারাজ ভাঙার দাবিতে বিহার রাজ্যেও তীব্র প্রতিবাদ হয়েছে। ত্রিপুরার মুখ্যমন্ত্রী তিস্তার পানি চুক্তি না হওয়ার সমালোচনা করেছেন। অথচ বাস্তবতা হচ্ছে, বাংলাদেশ আজ অকাল বন্যা আর নিদারুণ খরায় মাতম করছে। ভারত শুধু ফারাক্কা বাঁধ নির্মাণ করেই ক্ষান্ত হয়নি উজানের প্রায় প্রতিটি নদীর প্রবাহ কোন না কোনোভাবে রুদ্ধ করে চলেছে। এতে করে ভবিষ্যত বাংলাদেশের জন্য আরও ভয়াবহ পরিবেশগত বিপর্যয়ের আশংকা রয়েছে।

প্রশ্ন হলো, স্বাধীনতা লাভের এতকাল পরেও কেন আমরা আমাদের পানির ন্যায্য হিস্যা নিয়ে জনমত গড়ে তুলতে পারলাম না? সেই কবে মওলানা ভাসানী পথ দেখালেন আমরা কেন সেই পথে অগ্রসর হতে পারলাম না। এক সরকার আসে অন্য সরকার যায়। কিন্তু ক্ষমতার স্বার্থে কেউ ঝেড়ে কাশে না। একদল প্রকাশ্যে অন্যদল পর্দার অন্তরালে ভারতের কৃপাদৃষ্টি প্রত্যাশায় থাকে। আমরা যেমনি নাচাও তেমনি নাচি; বর্ষায় ডুবি আর খরায় পুড়ি।

সবিশেষ ফারাক্কা আন্দোলনকে যারা কেবলই একটি দিবস বলে চালিয়ে দিতে চান, তারা এখনও বুঝে উঠতে পারেননি এর অন্তর্নিহিত সক্ষমতা। তা না হলে আজও বাংলার মানুষেরা ধারণ করতো না ফারাক্কার চেতনা। ত্রিশ লাখ প্রাণের বিনিময়ে অর্জিত স্বাধীনতার মালিকরা আজ বুঝতে পারছেন স্বাধীনতা কেবল ভৌগলিক অখন্ডতার আকাঙ্খা নয়। অধিকার নিয়ে মাথা উঁচু করে বেঁচে থাকার নামই স্বাধীনতা। 'ফারাক্কা সমস্যা'কে উপজীব্য করে সাবেক আমেরিকান গোয়েন্দা কর্মকর্তা ডুয়ান ইভান্স তার সারা জাগানো উপন্যাস 'নর্থ ফ্রম ক্যালকাটা' লিখেছেন। পানি সমস্যাকে ঘিরেই এই উপন্যাসের কাহিনী। বস্তুত এই উপন্যাসের মধ্য দিয়ে আন্তর্জাতিক ও দক্ষিণ এশিয়ার আঞ্চলিক রাজনীতিতে ক্ষমতার ভারসাম্যের লড়াই; পানি ও প্রাণসম্পদের ওপর কৌশলগত ও নিরাপত্তাজনিত নিয়ন্ত্রণ কায়েমের রাজনৈতিক ভাষ্য প্রতিভাত হয়েছে।

পৃথিবীর মানচিত্রে আমরা এমন একটা জাতি যারা কোনদিন কারও শান্তি বিনষ্ট করিনি। কারও ভূখন্ডে শোষণ জুলুম আধিপত্য লাভের চেষ্টা করিনি। তাই অন্য কোনো রাষ্ট্র সে যত শক্তিশালীই হোক না কেন আমাদেরকে দাবিয়ে রাখতে পারবে না। সময়ের প্রয়োজনে ফারাক্কা আন্দোলনের চেতনার ভিত্তির ওপর দাঁড়িয়েই আমাদের ঐক্য নতুন করে প্রতিষ্ঠিত হবে। নদী ও পানি নিয়ে আমাদের আজকের যে সংকট; নয়া বাংলাদেশ বিনির্মাণে তা সম্ভাবনা হিসেবে আবির্ভূত হবে। আর সে দিন বেশি দূরে নয় যেদিন একটি হাত বল্লমের মতো ঝলসে উঠে বলবে।

লেখক: মওলানা ভাসানী'র নাতি। সভাপতি, মওলানা ভাসানী কৃষক সমিতি ও সদস্য সচিব, ভাসানী পরিষদ

MITU DISABILITY CENTER

ROMJAN (Consultant)
646-730-8416

JABBAR SHARIFF
Attomey & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET
$500-$2500 PER MONTH

State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration

Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।
এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।

37-47 73 ST. #215, JAKSON HEIGHTS NY 11372

TEL: 718-701-2666

DR. SADI ALAM, DPM
Foot Specialist

পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

Alam Podiatry, P.C.

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

ইরান ও অপ্রতিরোধ্য ইসরায়েল

সাপ্তাহিক ২৫ বছরে বাংলা পত্রিকা The Weekly Bangla Patrika

জিয়াউদ্দীন আহমেদ

সম্প্রতি ইরানের একটি পারমাণবিক কেন্দ্রে অন্তর্ঘাতমূলক হামলা হয়েছে। অন্তর্ঘাতমূলক হামলায় যে বিস্ফোরণ হয় তাতে তেহরানের দক্ষিণে নাতাঞ্জ পারমাণবিক কেন্দ্রটির কতটুকু ক্ষতি হয়েছে তা স্পষ্ট হয়নি। ঘটনার কয়েকদিন আগে এই পারমাণবিক কেন্দ্রে উন্নতমানের সেন্ট্রিফিউজ সংযোজন কার্যক্রম উদ্বোধন করেন দেশটির প্রেসিডেন্ট হাসান রুহানি। ইউরেনিয়াম সমৃদ্ধ করার কাজে সেন্ট্রিফিউজ ব্যবহৃত হয়, যার মাধ্যমে রিঅ্যাক্টর ফুয়েলের পাশাপাশি পারমাণবিক অস্ত্রও তৈরি করা সম্ভব। এর আগে ইসরায়েলী সাইবার আক্রমণে একই পারমাণবিক কেন্দ্র বিদ্যুৎবিহীন হয়ে পড়েছিল। গত বছরের জুলাই মাসেও নাতাঞ্জ কেন্দ্রের সেন্ট্রিফিউজ স্থাপনায় আগুন লেগেছিল এবং এই আগুন লাগাকেও অন্তর্ঘাতমূলক হামলা বলে উল্লেখ করেছিল ইরান। ইসরায়েলের গোয়েন্দা সংস্থা মোসাদ এই সব নাশকতামূলক ঘটনা ঘটাচ্ছে বলে ইরান মনে করছে। ইরান তাদের সুযোগ মতো যে কোন সময়ে এই সব হামলার প্রতিশোধ নেয়ার প্রতিজ্ঞা করেছে। ইতোমধ্যে সমুদ্রপথে একটি ইসরায়েলি মালবাহী জাহাজের মূল অংশে হঠাৎ করে দুটি বিশাল গর্তের সৃষ্টি হলে ইসরায়েল তার জন্য ইরানকে দায়ী করে। তার আগে ইরানের একটি জাহাজের মূল অংশ ক্ষেপণাস্ত্রের আঘাতে ক্ষতিগ্রস্ত হয়।

আর সর্বশেষ খবর হচ্ছে- ইসরাইলী রকেট হামলায় প্রায় দেড় শতধিক ফিলিস্তিনী নিহত হয়েছে। গাজায় আলজাজিরা'র অফিস ভবন গুড়িয়ে



দেয়া হয়েছে।

ইরানের পারমাণবিক স্থাপনায় এই অন্তর্ঘাতমূলক হামলা এমন সময় ঘটলো যখন যুক্তরাষ্ট্র, ব্রিটেন, ফ্রান্স, জার্মানী, চীন এবং রাশিয়ার সঙ্গে ইরানের সম্পাদিত পারমাণবিক চুক্তিটি পুনরুজ্জীবিত করার কূটনৈতিক তৎপরতা শুরু হয়েছে। ২০১৫ সনে সম্পাদিত এই চুক্তি থেকে ২০১৮ সনে যুক্তরাষ্ট্র বেরিয়ে গিয়েছিল। প্রেসিডেন্ট জো বাইডেন আমেরিকাকে আবার এই চুক্তিতে ফিরিয়ে আনতে চান। উল্লেখিত পারমাণবিক চুক্তি অনুযায়ী ইরান শুধু বিদ্যুৎ তৈরির জন্য সমৃদ্ধ ইউরেনিয়াম উৎপাদন ও মজুত করতে পারবে। ইরান বারবার ঘোষণা দিয়েছে যে, তাদের পরমাণু কর্মসূচি শুধু বিদ্যুৎ উৎপাদনের কাজে ব্যবহার করা হবে; কিন্তু ইসরায়েল তা বিশ্বাস করে না। ইসরায়েল মনে করে ছয় জাতির সঙ্গে সম্পাদিত পারমাণবিক চুক্তি দিয়ে ইরানকে পারমাণবিক বোমা তৈরি থেকে বিরত রাখা যাবে না, ইরানকে দমানোর জন্য অর্থনৈতিক অবরোধ অধিক কর্যকর। ইসরায়েলের বিশ্বাস, ইরানের ওপর অর্থনৈতিক অবরোধ বহাল থাকলে ইরান দুর্বল হবে; হয়েছেও তাই, অবরোধের কারণে ইরানের অর্থনীতি ইতোমধ্যে কঠিন চাপের মুখে পড়েছে। ইসরায়েল মনে করছে, ছয় জাতির সঙ্গে চুক্তি পুনরুজ্জীবিত হলে এই অবরোধ উঠে যাবে এবং ইরান অপ্রতিহত গতিতে সমৃদ্ধির পথে এগিয়ে যাবে। তাই ইসরায়েল চুক্তিটির পুনরুজ্জীবন ভেস্তে দেয়ার অভিপ্রায়ে নাশকতামূলক হামলা চালিয়ে ইরানকে উত্তেজিত করছে।

ইরান গোপনে পারমাণবিক যুদ্ধাস্ত্র তৈরি করছে বলে ইসরায়েল নিশ্চিত। ইরানকে তারা মধ্যপ্রাচ্যের জন্য সবচেয়ে বড় হুমকি মনে করে। ইরানের পরমাণু কর্মসূচিকে ইসরায়েল তাই ধ্বংস করার গোপন তৎপরতা চালাচ্ছে। ইসরায়েল ২০১০ সনে প্রথম কম্পিউটার ভাইরাস দিয়ে ইরানের পরমাণু কেন্দ্রের সেন্ট্রিফিউজ ব্যবস্থাকে অকেজো করে দেয়। গত বছর নভেম্বর মাসে ইরানের শীর্ষ পরমাণু বিজ্ঞানী মহসিন ফখ-রিজাদেহ আততায়ীর আক্রমণে নিহত হন; তিনি ইরানের পারমাণবিক কর্মসূচিকে সামরিক লক্ষ্যে গড়ে তোলার কার্যকলাপ পরিচালনা করছিলেন। এর আগে ইরানের কয়েকজন পরমাণু বিজ্ঞানী রহস্যজনকভাবে মৃত্যুবরণ করেন। ইরানের নাতাঞ্জ পারমাণু কেন্দ্রের সঙ্গে সংশ্লিষ্ট আরও যে সব বিজ্ঞানীকে ইসরায়েলের গোয়েন্দা সংস্থা মোসাদ গোপনে হত্যা করেছে তাদের মধ্যে অন্যতম হচ্ছেন, ড. মাজিদ শাহরিয়ারি, মাসুদ আলী মোহাম্মদী, দারিউশ রেজায়ি, মোস্তফা আহমাদ রোশান।

অপহরণ ও গুপ্তহত্যায় ইসরায়েলের মোসাদ বিশ্বে অদ্বিতীয়। ইসরায়েলের গোয়েন্দা সংস্থা মোসাদ পারে না এমন কোন কাজ নেই। ইসরায়েলের স্বার্থের পরিপন্থি কর্মকান্ডের সঙ্গে সংশ্লিষ্টদের গুপ্তহত্যায় মোসাদ এত পটু যে, মৃতদেহ ব্যতীত আর কোন প্রমাণ তারা রেখে যায় না। এই সংস্থার ক্ষীপ্রতা বিশ্বের কাছে এক বিস্ময়। মোসাদের কিছু গুপ্তহত্যা কল্প কাহিনীকেও হার মানায়। মোসাদ এখনও পৃথিবীর বিভিন্ন প্রান্ত থেকে লুকিয়ে থাকা দ্বিতীয় বিশ্বযুদ্ধের হিটলারের নাজি বাহিনীর উচ্চপদস্থ কর্মকর্তাদের খুঁজে খুঁজে অপহরণ করে ইসরায়েল ফেরত এনে বিচারে সোপর্দ করছে। ১৯৭২ সনের মিউনিখ অলিম্পিকে ইসরাইলি খেলোয়াড়দের ওপর গুলি চালানো ফিলিস্তিনীদের খুঁজে খুঁজে হত্যা করে মোসাদ গোয়েন্দারা। এছাড়াও ইরাকের দূরপাল্লার কামানের গবেষক জেরাল্ড বুল, হামাসের ড্রোন প্রজেক্টের দলনেতা মোহাম্মদ জাওয়ারি, রকেট আধুনিকায়নের ফিলিস্তিনী গবেষক ফাদি আল-বাৎশ, ফিলিস্তিনের ফাতাহ আন্দোলনের উপ-প্রধান আবু জিহাদ, ফিলিস্তিনের ইসলামিক জিহাদ আন্দোলনের প্রতিষ্ঠাতা ফাতহি শাকিকীসহ আবাবিল-১ ড্রোনের আবিষ্কারক মোহাম্মদ আল-জাওয়ারিকে ইসরায়েলের মোসাদ এত নিপুণভাবে হত্যা করেছে যে, হত্যার পর গবেষণার পর গবেষণা করে শুধু ধারণা করা হয়েছে, মোসাদ ছাড়া এমন গুপ্তহত্যা আর কারও পক্ষে করা সম্ভব নয়। বিস্ময়কর বিষয়টি হচ্ছে, মোসাদ পৃথিবীর বিভিন্ন দেশে এই সব গুপ্তহত্যা পরিচালনা করেছে। ১৯৭৯ সনে ইরানে ধর্মীয় নেতাদের ক্ষমতায় আসার পর ইরান ইসরায়েলের অস্তিত্বকেই অস্বীকার করে বসে; ফলে ইসরায়েল তার অস্তিত্ব রক্ষায় ইরানের ঘোরবিরোধী। সিরিয়ার সিভিল ওয়ারে ইসরায়েল কোন পক্ষ অবলম্বন না করলেও ইরান সিরিয়ায় প্রেসিডেন্ট বাশার আসাদকে প্রত্যক্ষভাবে সমর্থন করে যাচ্ছে, সিরিয়ার ভেতরে ইরানের সামরিক ঘাঁটিগুলোতে ইসরায়েলের অপ্রতিরোধ্য বিমানবাহিনী বারবার আক্রমণ করে যাচ্ছে। ইসরায়েলের পার্শ্ববর্তী দেশ লেবাননের শিয়াপন্থি মি-লিশিয়া সংগঠন হিজবুল্লাহর মুসলিম যোদ্ধাদের অত্যাধুনিক অস্ত্রে সজ্জিত করে যাচ্ছে ইরান। ইয়েমেনে সৌদি আরবের বিপক্ষে দাঁড়িয়ে ইরান হুতি সম্প্রদায়কে যুদ্ধাস্ত্রসহ সর্বাত্মক সহায়তা দিয়ে যাচ্ছে। মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে ইরানের এমন প্রত্যক্ষ ও পরোক্ষ উপস্থিতি ইসরায়েলকে ইরানবিরোধী করে তুলেছে। মধ্যপ্রাচ্যে ইরানের এই প্রভাব সৌদি আরবও সহ্য করছে না, তাই ইরানের বিরুদ্ধে ইসরায়েলের কর্মকান্ডকে সৌদি আরব গোপনে সমর্থন যুগিয়ে যাচ্ছে। এমন কী ইরানের পারমাণবিক স্থাপনা ধ্বংস করার জন্য সৌদি আরব ইসরায়েলকে প্ররোচনা দিয়ে যাচ্ছে। যুক্তরাষ্ট্র সম্মত থাকলে ইসরায়েল বহু আগেই ইরানের পারমাণবিক স্থাপনা ধ্বংস করে দিতে পারতো। ইসরায়েলের দৃশ্যমান আক্রমণে ইরানের পারমাণবিক স্থাপনা ধ্বংস হলে মুসলিম জগতে বিরূপ প্রতিক্রিয়া কঠোর হওয়ার সম্ভাবনা থাকায় আমেরিকা সৌদি আরব ও ইসরায়েলের কথায় কান দেয়নি। নাতাঞ্জ পরমাণু কেন্দ্রের স্পর্শকাতর যন্ত্রপাতি মাটির অনেক গভীরে সুরক্ষিত জায়গায় অবস্থিত। তারপরও ইসরায়েল কীভাবে মাটির গভীরে গিয়ে এই বিস্ফোরণ ঘটাল তা শুধু বিস্ময় নয়, গবেষণারও বিষয়। আশ্চার্যের বিষয় হচ্ছে, ইরান এই আক্রমণের পূর্বে একটুও আন্দাজ করতে পারেনি। ইসরায়েল ১৯৮০ সনে ইরাকের পারমাণবিক স্থাপনাও ধ্বংস করে দিয়েছিল, অথচ তখন ইরানের সঙ্গে যুদ্ধাবস্থায় ইরাক সর্বোচ্চ সতর্কতার মধ্যে ছিল। ১৯৭৩ সনের যুদ্ধে মিশরকে দেয়া রাশিয়ার স্পর্শকাতর যুদ্ধাস্ত্র ইসরায়েল অক্ষত অবস্থায় যুদ্ধের ময়দান থেকে তুলে নিয়ে যায়। ইরানের পারমাণবিক কর্মসূচি যে ব্যাহত করা সম্ভব ইসরায়েল তা বারবার প্রমাণ করে দিয়েছে। তাই সংশয় জাগে, ইরানের পারমাণবিক বোমা ইরানের ভূখন্ডে বিস্ফোরিত হবে না তো? তবে ইরান ফিনিক্স পাখি। ১৯৮০ সনে যুদ্ধের শুরুতে ইরাকের সেনারা খুব দ্রুত ইরানের কয়েকশ' মাইল ভেতরে ঢুকে গিয়েছিল, কয়েক দিনের মধ্যে ইরান দখলে আসবে বলে ইরাকের সাদ্দাম হোসেন ঘোষণা দিয়েছিলেন, সেই ঘোষণা আট বছর যুদ্ধ করেও বাস্তবায়ন করতে পারেননি তিনি। সাদ্দামের ইরাক আর ইসরায়েল কিন্তু এক নয়; ইহুদিদের মাথা সাদ্দামের মতো মোটা নয়। সাদ্দাম আর গাদ্দাফির মতো আত্মাহুতি না দিয়ে আন্তর্জাতিক কূটনীতিতে সর্বোচ্চ মানের কৌশলী হতে পারলে ইরান মধ্যপ্রাচ্যের রাজ-নীতিতে অন্যতম খেলোয়াড় হিসেবে ইসরায়েলের সমীহ আদায় করে নিতে পারবে।

লেখক: বাংলাদেশ ব্যাংকের সাবেক নির্বাহী পরিচালক ও সিকিউরিটি প্রিন্টিং করপোরেশনের সাবেক ব্যবস্থাপনা পরিচালক
e-mail: ahmedzeauddin0@gmail.com

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী
Moin Choudhury, Esq.
Hon. Democratic District Leader at Large, Queens, NY
মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।
সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.
917-282-9256
Moin Choudhury, Esq
Email: moinlaw@gmail.com
Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্ম
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration
(To Schedule Appointment Only)
Call:917-282-9256
E-mail: moinlaw@gmail.com



Timothy Bompart
Attorney at Law
Moin Choudhury
Attorney at Law
Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076
Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.







ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব

কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সার্পোট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজ্যুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

মিয়ানমারে সেনা অভ্যুত্থান ও বাংলাদেশ প্রেক্ষিত

লে. জেনারেল মো. মাহফুজুর রহমান (এলপিআর)



২০২০ সালের নভেম্বরের নির্বাচনে অং সান সুচির নেতৃত্বাধীন ন্যাশনাল লিগ ফর ডেমোক্রেসি (এনএলডি) থান টের (Than Htay) নেতৃত্বাধীন ও TATMADAW (মিয়ানমার সশস্ত্র বাহিনী) সমর্থিত ইউনিয়ন সলিডারিটি অ্যান্ড ডেভেলপমেন্ট পার্টির (ইউএসডিপি) বিরুদ্ধে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জনের মাধ্যমে ভূমিধস বিজয় অর্জন করে। TATMADAW তথা মিয়ানমার সামরিক বাহিনী নির্বাচনে ব্যাপক অনিয়ম ও দুর্নীতি হয়েছে বলে অভিযোগ করে যার পরিপ্রেক্ষিতে পুনর্নির্বাচনের দাবি জানিয়ে ফলাফল প্রত্যাখ্যান করে। কিন্তু মিয়ানমার নির্বাচন কমিশন তা বিবেচনায় না নিয়ে সংসদ অধিবেশন প্রস্তুতির কাজ করছিল। মূলত দুটি কারণ TATMADAW কে সেনা অভ্যুত্থানের দিকে পরিচালিত করেছিল-

ক। নির্বাচন কমিশন TATMADAW এর অভিযোগগুলো বিবেচনায় না নেওয়ায় তাদের অহংবোধে আঘাত লাগে, ফলে তারা অসন্তুষ্ট হয়েছিল।

খ। TATMADAW বুঝতে পেরেছিল, সুচি যদি সরকার গঠন করে এবং পরবর্তী ৫ বছর অসামরিক সরকার যদি দেশ পরিচালনা করে তবে রাজনীতিতে এবং দেশ পরিচালনার ক্ষেত্রে (প্রত্যক্ষ ও পরোক্ষভাবে) সামরিক বাহিনীর প্রভাব মারাত্মকভাবে ক্ষুণ্ন হবে। সুতরাং কিছু করতে হলে এখনই, না হয় কখনই তা সম্ভব হবে না। ফলশ্রুতিতে গত ১ ফেব্রুয়ারী সিনিয়র জেনারেল মিন অং হ্লার নেতৃত্বে TATMADAW সেনা অভ্যুত্থান করে।

২। সিনিয়র জেনারেল মিন অং হ্লা: সিনিয়র জেনারেল মিন অং হ্লা একজন বামার (মিয়ানমারের সংখ্যাগরিষ্ঠ সম্প্রদায়)। তিনি সামরিক বাহিনীতে একজন মধ্যম মানের অফিসার হলেও শান্ত, দৃঢ় এবং লক্ষ্য অর্জনে অটল ব্যক্তি হিসেবে পরিচিত। এছাড়া তিনি কিছুটা অহংকারীও বটে। ২০০৮ সালের সংবিধানে (সামরিক বাহিনী প্রণীত) প্রদত্ত ক্ষমতা অপব্যবহার করে তিনি নিজের মেয়াদ পাঁচ বছরের জন্য বাড়িয়ে নিয়েছিলেন যা চলতি বছর শেষ হবে। ২০১১ সালে মিয়ানমার সামরিক বাহিনীর কমান্ডার-ইন-চিফ হওয়ার পরে তিনি বলেছিলেন, 'আমাদের একটি অসম্পূর্ণ কাজ সম্পূর্ণ করতে হবে'। এর পরিপ্রেক্ষিতে আমরা মিয়ানমারে রোহিঙ্গাদের উপর তীব্র নির্যাতন-নিপীড়ন দেখেছি। ২০১৭ সালে রাখাইন থেকে রোহিঙ্গাদের 'জাতিগত নির্মূলকরণের' পরে যখন পশ্চিমা ও বিশ্ব সম্প্রদায় রোহিঙ্গাদের প্রত্যাবাসনের জন্য সচেষ্ট ছিল, তখন তার মন্তব্য ছিল 'আমরা তাদের বিতাড়িত করেছি ফেরত আনার জন্য নয়'। মিয়ানমারের এই শক্তিশালী মানুষটি TATMADAW নামক এমন একটি সংস্থাকে নেতৃত্ব দিচ্ছেন যা শুধুমাত্র একটি সশস্ত্র বাহিনী নয়, তার চেয়েও সম্ভবত অধিক শক্তিশালী একটি সংগঠন।

৩। TATMADAW: প্রত্যক্ষ বা পরোক্ষভাবে TATMADAW বিগত সাত দশক ধরে মিয়ানমার শাসন করছে। দীর্ঘ সময়ের সাথে সাথে সামরিক শাসনের অধীনে সামরিক বাহিনী দানবে পরিণত হয়ে থাকে এবং TATMADAWI এর ব্যতিক্রম নয়। এটি প্রাতিষ্ঠানিক শক্তি সম্বলিত জ্ঞান ও মেধাভিত্তিক এমন একটি সংস্থা যা মিয়ানমারের অন্যান্য সংস্থার উপর প্রাধান্য বিস্তার করেছে। এমন দানবীয় মনোভাবসম্পন্ন ও সাথে মেধার সংমিশ্রণযুক্ত সংস্থা যেকোনো দেশের জন্য বিপদজনক। তারা বিশাল ব্যবসা পরিচালনার মাধ্যমে অর্থনীতিকে অনেকাংশে নিয়ন্ত্রণ করাসহ প্রতিরক্ষা, স্বরাষ্ট্র এবং ইমিগ্রেশন (সীমান্ত) মন্ত্রণালয় নিয়ন্ত্রণ করে। পাশাপাশি পররাষ্ট্র মন্ত্রণালয়েও তাদের প্রভাব রয়েছে। সংবিধানে TATMADAW সমর্থিত রাজনৈতিক দল কর্তৃক নির্বাচনে অর্জিত আসনের পাশাপাশি সামরিক বাহিনীর জন্য পার্লামেন্টে ২৫% আসন বরাদ্দের বিধান রয়েছে। জাতীয় প্রতিরক্ষা এবং নিরাপত্তা কাউন্সিল, দেশের সর্বোচ্চ নির্বাহী সংস্থা, যা প্রয়োজনে সংসদ ভেঙ্গে দেওয়ার ক্ষমতা রাখে। এই কাউন্সলটি সামরিক সংখ্যাগরিষ্ঠ নেতৃত্বাধীন। মিয়ানমার জেনারেলরা অত্যন্ত চতুর। তারা যেভাবে রোহিঙ্গা ইস্যুটি সামাল দিয়েছিলেন এবং এমনভাবে উভয় আঞ্চলিক শক্তি এবং জাতিসংঘ নিরাপত্তা কাউন্সিলের (UNSC) দুই স্থায়ী সদস্যকে তাদের পক্ষে নিয়েছিলেন যে, জাতিসংঘ নিরাপত্তা কাউন্সিলও রোহিঙ্গা ইস্যুতে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে পারেনি। তাদের ভূরাজনীতি এবং ভূকৌশল প্রশংসনীয়। যখন কেউ TATMADAW জেনারেলের সাথে আলোচনায় বসেন, তখন তিনি কেবল কোনো সামরিক ব্যক্তির সাথে বসেন না, একজন বুদ্ধিজীবী, কূটনীতিক, ব্যবসায়ী, রাজনীতিবিদ এবং একটি শক্তিশালী সংগঠনের নেতার সাথে বসেন যাদের কয়েক দশক ধরে দেশ পরিচালনার প্রাতিষ্ঠানিক জ্ঞান রয়েছে। তারা বলে কম, শোনে বেশি এবং তাদের প্রকাশ খুব কম। রোহিঙ্গা ইস্যুর ক্ষেত্রে আমাদের বুঝতে হবে যে আমরা পেশাদারদের সমন্বয়ে গঠিত একটি তুখোড় কূটকৌশলীর বিপক্ষে কাজ করছি।

৪। অং সান সুচি: ১৯৯০ এর দশকে গণতন্ত্র পুনরুদ্ধারের আন্দোলনের জন্য তিনি বিশ্বখ্যাত হয়ে ওঠেন। সামরিক জান্তা কর্তৃক ১৯৮৭-২০১০ সালের মধ্যে তিনি ১৫ বছর গৃহবন্দী ছিলেন এবং ১৯৯১ সালে নোবেল শান্তি পুরস্কারে ভূষিত হয়েছিলেন। ২০১৫ সালে ২৫ বছর পর মিয়ানমারে অনুষ্ঠিত প্রতিদ্বন্দ্বিতামূলক নির্বাচনে এনএলডি বিজয়ী হয়েছিল। ২০১৭ সালের আগস্টে রোহিঙ্গাদের উপর সামরিক ক্র্যাকডাউনের নিন্দা না করায় তিনি সারা বিশ্বে সমালোচিত হন। তার পশ্চিমা সংযোগ, গণতন্ত্র এবং শান্তির পক্ষে লড়াই তাকে উচ্চাসনে অধিষ্ঠিত করেছিল। কিন্তু প্রকৃতপক্ষে তিনি কেবল একজন বর্ণবাদী, ক্ষমতালোভী রাজনীতিবিদ। এটি বলার কারণ-

ক। ২০১৪ সালে আমি যুক্তরাজ্যের স্যান্ডহার্স্ট মিলিটারি একাডেমিতে তার বক্তব্য শুনতে গিয়েছিলাম। বক্তব্যের পরে তার দেশে বিশেষতঃ রোহিঙ্গা সংখ্যালঘুদের উপর নির্যাতনের বিষয়ে তার অবস্থান জিজ্ঞাসা করা হয়েছিল। তিনি উত্তর দিয়েছিলেন, সংখ্যাগরিষ্ঠ এবং সংখ্যালঘু



'উভয়ই ভয়ে' রয়েছে এবং এটি আসলেই ভয়ের বিষয়। তাই এ সম্পর্কে তার কোনো মন্তব্য নেই। তিনি এমন একজন ক্ষমতালোভী রাজনীতিবিদ যিনি ২০১৫ সালে আসন্ন নির্বাচনে জয়লাভের জন্য রোহিঙ্গাদের পক্ষে অবস্থান নিয়ে সংখ্যাগরিষ্ঠ সম্প্রদায় বা TATMADAW এর বিরুদ্ধে যাননি বা তাদের অখুশি করতে চাননি।

খ। ২০১৯ সালের ডিসেম্বরে তিনি হেগ-এ অবস্থিত আন্তর্জাতিক বিচার আদালতে (আইসিজে) ঞঅঞংগঅউঅড কে গণহত্যা এবং 'জাতিগত নির্মূলকরণ' এর অভিযোগ থেকে রক্ষা করতে গিয়েছিলেন। আইসিজে যাওয়ার সিদ্ধান্তের ফলে তিনি দেশে ব্যাপক জনপ্রিয়তা লাভ করেন। তখন মিয়ানমারের প্রতিটি অঞ্চলে সুচির পিছনে TATMADAW জেনারেলদের ছবি সম্বলিত বিলবোর্ড স্থাপন করা হয় এবং তাতে লেখা ছিল 'আমরা আপনাদের সাথে আছি'। তিনি ২০২০ সালের আসন্ন জাতীয় নির্বাচনে জয়লাভ ও ক্ষমতার লোভে গণতন্ত্র ও শান্তির নায়ক হিসেবে অর্জিত তার খ্যাতিকেও ছাড় দিতে প্রস্তুত ছিলেন। আইসিজে আদালত কক্ষে আমরা তার কাছ থেকে মাত্র ২০ ফুট দূরে বসেছিলাম। গাম্বিয়া কর্তৃক উপস্থাপিত গণহত্যার প্রমাণ উপস্থাপনকালে তিনি শান্ত ও উদাসীন ছিলেন। গাম্বিয়ান আইনজীবী যখন পর্দায় ওহহ উরহ গ্রামে গণহত্যার ছবি দেখালেন যেখানে রোহিঙ্গা পুরুষদের একসাথে হাঁটু গেড়ে বসানোর ছবি এবং পরবর্তীতে তাদের শিরচ্ছেদ করা ছবিটি দেখানো হলো, যা আদালত কক্ষের প্রায় সবাইকে স্পর্শ করেছিল। কিছু রোহিঙ্গা বিধবাও আদালত কক্ষে ছিলেন, যাদের ফুঁপিয়ে কেঁদে ওঠা আদালতের পরিবেশকে ভারি করে তুলেছিল। কিন্তু আমি লক্ষ্য করলাম গণতন্ত্র ও শান্তির তথাকথিত জননী সুচির সেদিকে কোনো ভ্রুক্ষেপ ছিলনা। তার মুখে ছিল উদাসীনতার হাসি।

গ। ২০১৩ সালে বিবিসির উপস্থাপিকা মিশাল হোসেন সুচির সাক্ষাৎকার নিয়েছিলন যেখানে তিনি সুচিকে রোহিঙ্গা নিপীড়নের বিষয়টি উল্লেখ করে তা ভালোভাবে নিয়ন্ত্রণ না করায় একটি রাজনৈতিক চ্যালেঞ্জ মোকাবেলায় ব্যর্থতার জন্য চাপ দিচ্ছিলেন। সুচি বিড়বিড় করে তার সেই চিরচেনা বক্তব্য 'দু পক্ষই ভয়ে আছে' বলেছিলেন এবং মিশাল হোসেনের সাথে তার সাক্ষাৎকারে তিনি কোনঠাসা হয়ে উঠেন। সাক্ষাৎকারের পরে সুচি তার একজন সহযোগীর কাছে ক্ষোভ প্রকাশ করে বলেছিলেন, 'কেউ আমাকে বলেনি যে আমাকে একজন মুসলমানের দ্বারা সাক্ষাৎকার নেওয়া হবে'। এরকম আচরণ গণতন্ত্রের জননী, মানবতার আইকন এবং শান্তিতে নোবেল বিজয়ীর হতে পারে না। এই আচরণ একজন খাঁটি বর্ণবাদীর। তিনি একজন ক্ষমতালোভী বর্ণবাদী রাজনীতিবিদ যিনি বামার আধিপত্য দ্বারা আক্রান্ত। তিনি রোহিঙ্গাদের ঘৃণা করেন। তিনি একজন কৌশলী রাজনীতিবিদ হতে পারেন, তবে ঞঅঞংগঅউঅড তার চেয়ে অধিক কৌশলী।

৫। চীন: ২০১৯ সালে চীন সফরকালে সিনিয়র জেনারেল মিন অং হ্লা চীনের রাষ্ট্রপতি শি জিন পিংয়ের সাথে সাক্ষাতকালে রাষ্ট্রপতি শি বলেন, মিয়ানমার চীনের কৌশলগত অংশীদার (কৌশলগত অংশীদার, উন্নয়ন অংশীদারও বটে, তবে উন্নয়ন অংশীদার অবশ্যই কৌশলগত অংশীদার নয়, বাংলাদেশ চীনের একটি উন্নয়ন অংশীদার)। উত্তরে সিনিয়র জেনারেল বলেছিলেন, ঞঅঞংগঅউঅড সর্বদা চীনের পাশে থাকবে। এই শব্দভান্ডারগুলোর গভীর অর্থ রয়েছে। চীনের জ্বালানি নিরাপত্তা একটি কৌশলগত ইস্যু এবং চীনা অর্থনৈতিক বিকাশের মূল কেন্দ্র। চীনের গ্যাস ও তেল পাইপলাইন মিয়ানমারের কিউকফিউ (সিট্যুয়ে) বন্দর থেকে রাখাইন রাজ্যের (যেখানে রোহিঙ্গাদের আবাস ছিল) বেশিরভাগ অংশ হয়ে কুনমিং (চীন) পর্যন্ত বিস্তৃত। চীনের জ্বালানি নিরাপত্তার জন্য মিয়ানমারকে দরকার। চীন যতটা সম্ভব মালাক্কা প্রণালী এবং দক্ষিণ চীন সাগর এড়াতে চাইবে। ফলে সামরিক জান্তাকে সমর্থন করার ক্ষেত্রে চীনের বিবেচনা কৌশলগত, উপরন্তু কোনো নৈতিক দ্বিধাও নেই।

৬। রাশিয়া: মিয়ানমারে চীনের পর বৃহত্তম অস্ত্র বিক্রয়কারী দেশ রাশিয়া। তাদের পারস্পরিক সামরিক সহযোগিতা অত্যন্ত দৃঢ় ও গভীর। সেনা অভ্যুত্থানের পর ২০২১ সালের ২৭ মার্চে মিয়ানমার সশস্ত্র বাহিনী দিবসের কুচকাওয়াজে রাশিয়ার একটি কন্টিনজেন্ট অংশ নিয়েছিল। এমনকি রাশিয়ার উপ-প্রতিরক্ষামন্ত্রীও এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। সিনিয়র জেনারেল মিন অং হ্লাইং রাশিয়ার এই অংশগ্রহণকে কৃতজ্ঞতার সাথে স্মরণ করেছেন। সার্বিক বিবেচনায় রাশিয়ারও জান্তা সমর্থন করার ক্ষেত্রে নৈতিক দ্বিধা নেই।

৭। ভারত: ভারতের কালাদান বহুমূখী ট্রানজিট পরিবহন প্রকল্পটি বঙ্গোপসাগর, কালাদান নদী এবং মিয়ানমারের রাখাইন রাজ্য দিয়ে তার পূর্বাঞ্চলের রাজ্যগুলির সাথে যোগাযোগের জন্য কৌশলগত পরিকল্পনা। ভারত এই প্রকল্পে প্রচুর বিনিয়োগ করেছে। ভারত ও তার পশ্চিমা মিত্ররা চায় না মিয়ানমার চীন দ্বারা পুরোপুরিভাবে নিয়ন্ত্রিত হোক। রোহিঙ্গা ইস্যুতে, ভূরাজনৈতিক কারণে ভারত তার নৈতিক দ্বিধা লুকিয়েছিল কিন্তু মিয়ানমারে অভ্যুত্থানের ঘটনায় তার নৈতিক দ্বিধা গোপন করতে পারেনি।

৮। সম্ভাব্য ভবিষ্যত কি? যতক্ষণ চীন ও রাশিয়ার সমর্থন রয়েছে ততক্ষণ মিয়ানমার সামরিক বাহিনী দুটি কারণে ক্ষমতায় থাকবে-

ক। তারা চাপে পড়ে হাল ছেড়ে দিলে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে দেশ পরিচালনায় তাদের আধিপত্য চিরদিনের জন্য খর্ব হয়ে যাবে।

খ। TATMADAW মনে করে সামরিক বাহিনী ছাড়া মিয়ানমার খন্ডবিখন্ড হয়ে যাবে এবং দেশের সার্বভৌমত্ব বিনষ্ট হবে ও অচল হয়ে পড়বে।

৯। ঐক্য সরকার (Unity Government): যা এনএলডি'র লিডারশিপের আওতায় গঠন করা হয়েছে। এই উদ্যোগ জান্তা সরকারের বিরুদ্ধে মিয়ানমারের নাগরিক অবাধ্যতাকে (Civil Disobedience) আরও বেশি গতি দেবে কিন্তু জান্তা অপসারণে কোনো অগ্রগতি করতে পারবে না বলে অনুমেয়। অঝঊঅঘ ইতোমধ্যে সামিটে যোগ দেওয়ার জন্য মিন অং হ্লাইংকে আমন্ত্রণ জানিয়ে জান্তা সরকারকে বৈধতা দিয়েছে। তবে ঐক্য সরকার তার সামরিক শাখাসহ (সব জাতিগত সশস্ত্র গ্রুপকে একত্রিত করে) ঞঅঞংগঅউঅড এর উপর প্রচন্ড চাপ সৃষ্টি করতে পারলে জান্তার অবস্থানে পরিবর্তন আসতে পারে। এটি মনে রাখতে হবে যে, নিষ্ঠুর শক্তি কেবলমাত্র নিষ্ঠুর শক্তিকেই আমলে নেয়। আন্তর্জাতিক চাপ, নিষেধাজ্ঞা বা আলোচনার মাধ্যমে কোনো ফলপ্রসু সমাধান হবে না বলে অনুমেয়। অতীতে এ সকল চাপ TATMADAW-কে অবনত করতে পারেনি।

১০। ASEAN কর্তৃক শান্তি সমঝোতা: এটি মিয়ানমারের নাগরিক অবাধ্যতার বিরুদ্ধে TATMADAW এর বর্বরতা হ্রাস করতে পারে, তবে সামরিক বাহিনী এনএলডির হাতে ক্ষমতা হস্তান্তর এবং ব্যারাকে ফিরে যাওয়ার বিষয়ে আলোচনা করবে না। TATMADAW মনে করে যে, এই অপশনটি তাদের শক্তি হ্রাসপূর্বক তাদেরকে অসামরিক/রাজনৈতিক শক্তির অধীনস্থ করবে যাতে তারা সম্মত নয়। তবে দেশের পরিস্থিতি স্থিতিশীল হলে নির্বাচিত সরকারের হাতে ক্ষমতা হস্তান্তরের লক্ষ্যে পুনরায় অবাধ ও নিরপেক্ষ নির্বাচনের দাবি পূরণের বিনিময়ে তারা সুচিসহ রাজনৈতিক বন্দিদের মুক্তি দিতে রাজি হতে পারে। তবে যতক্ষণ পর্যন্ত জাতিসংঘ নিরাপত্তা কাউন্সিলের দু'টি স্থায়ী সদস্য তাদের পক্ষে রয়েছে ততক্ষণ তাদের লক্ষ্য থেকে সরে যাওয়ার কোনো সম্ভাবনা নেই। ফলশ্রুতিতে গৃহযুদ্ধের পরিস্থিতি তৈরি হতে পারে, যেখানে সময়ের সাথে সাথে চীন ও রাশিয়ার স্বার্থও ক্ষুণ্ন হবে, আর সম্পদ সমৃদ্ধ মিয়ানমার দরিদ্র হয়ে পড়বে।

১১। বাংলাদেশের জন্য নিরাপত্তা হুমকি: বর্তমানে TATMADAW এর দৃষ্টি ক্ষমতায় টিকে থাকার উপর নিবদ্ধ রয়েছে বিধায় সকল বিচ্ছিন্নতাবাদী সশস্ত্র দলগুলো অত্যন্ত সক্রিয় থাকবে। রাখাইনে আরাকান আর্মিও সক্রিয় থাকবে। রোহিঙ্গা সশস্ত্র গ্রুপকে রাখাইনে আরও শক্তিশালী অবস্থায় দেখা যেতে পারে। আরাকান আর্মি এবং রোহিঙ্গা সশস্ত্র গ্রুপ শান্তিপূর্ণ সহবস্থান নীতি অনুসরণ করতঃ মিয়ানমার সশস্ত্র বাহিনীর বিরুদ্ধে লড়াই করার সম্ভাবনা রয়েছে। ক্যারেন, কাচিন, শান প্রদেশের সশস্ত্র গ্রুপগুলো একই কাজ করবে। তবে যখন TATMADAW দেখবে যে তাদের অবস্থান নড়বড়ে হয়ে উঠছে তখন ইউনিয়নের ত্রাণকর্তা হিসেবে তাদের প্রাসঙ্গিকতা প্রমাণ করার জন্য রাখাইন রাজ্যের নিরাপত্তা পরিস্থিতি নিয়ে মনোনিবেশ করতে পারে। কারণ চীন, ভারত এবং থাইল্যান্ড সীমান্তে অন্যান্য সশস্ত্র দলগুলোর বিরুদ্ধে TATMADAW অভিযান পরিচালনা করতে দ্বিধাবোধ করবে। কিন্তু রাখাইন সংলগ্ন বাংলাদেশ সীমান্তে সামরিক অভিযান পরিচালনার অতীত অভিজ্ঞতা বলে তারা কোনোরূপ দ্বিধা বোধ করবে না। এই পরিস্থিতিতে আমাদের দক্ষিণ-পূর্ব সীমান্তের দুর্গম অঞ্চলে বাড়তি প্রভাব (Spillover effect) পড়তে পারে। অস্ত্র ও মাদক চোরাচালান বৃদ্ধি লক্ষ্য করা যেতে পারে। যখন নেপিডো, ইয়াঙ্গুন এবং মান্ডালের পরিস্থিতি নিয়ন্ত্রণে থাকবে তখন রাখাইনে আরাকান আর্মি এবং রোহিঙ্গা সশস্ত্র গ্রুপের বিরুদ্ধে TATMADAW কর্তৃক সামরিক অভিযান পরিচালনা করা হতে পারে।

১২। সম্ভাব্য করণীয়:

ক। প্রতিবেশী দেশকে অস্থিতিশীল করতে বাংলাদেশের ভূমি ব্যবহারকারী বিদেশি সশস্ত্র দলগুলোর বিরুদ্ধে বাংলাদেশ যে 'জিরো টলারেন্স নীতি' অনুসরণ করে তা বজায় রাখা উচিত।

খ। সীমান্তে নজরদারি বৃদ্ধি এবং গোয়েন্দা তৎপরতা আরও বাড়ানো যেতে পারে (to avoid being surprise)। তবে মিয়ানমারের উদ্ভূত পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করতঃ বাংলাদেশ সাবধানতার সাথে অগ্রসর হতে পারে এবং দ্রুতই কোনো পদক্ষেপ বা পক্ষ নেওয়া থেকে বিরত থাকতে পারে।

গ। এই পরিস্থিতিতে নীরবতা বা মৌন সমর্থনের বিনিময়ে রোহিঙ্গাদের দ্রুত প্রত্যাবাসন নিয়ে আলোচনার জন্য TATMADAW নেতৃত্বাধীন প্রশাসনের সাথে Track Two কূটনৈতিক উদ্যোগ এগিয়ে নেয়া যেতে পারে। এছাড়াও Track Two এর আওতায় রোহিঙ্গাদের এনএলডি নেতৃত্বাধীন ঐক্য সরকারের সাথে সংহতি জানাতে উৎসাহিত করা যেতে পারে। কারণ বর্তমান পরিস্থিতিতে এনএলডি নেতৃত্বাধীন ঐক্য সরকার রোহিঙ্গাদের প্রতি নমনীয় মনোভাব দেখাতে পারে।

ঘ। মানবিক দিক বিবেচনায় রোহিঙ্গাদের আশ্রয় প্রদান/গ্রহণের মাধ্যমে বাংলাদেশ যথাযথ সম্মান অর্জন করেছে। এই মহতী উদ্যোগ যাতে বাংলাদেশের উপর বোঝা না হয়ে দাঁড়ায়। সকল রোহিঙ্গার অধিকারপূর্ণ ও সম্মানজনক প্রত্যাবাসন আজ দূরাশার শামিল। তথাপি, রোহিঙ্গাদের প্রত্যাবাসনই হবে বাংলাদেশের প্রধান লক্ষ্য যা নিত্যনৈমিত্তিক সমস্যা বা বিষয়ের আদলে সমাধা করা যাবে না। আমাদের মনে রাখতে হবে, আমরা TATMADAW এর মতো চতুর ও চৌকষ প্রতিষ্ঠানের সাথে কাজ করছি।

১৩। ২০১৭ সালের রোহিঙ্গা গণহত্যা কেন? মিয়ানমারের দাবি অনুযায়ী, এটি কি শুধুমাত্র তথাকথিত আরসা কর্তৃক মায়ানমার সশস্ত্র বাহিনীর উপর আক্রমণের প্রতিশোধ ছিল? আঞ্চলিক শক্তিগুলো রোহিঙ্গা ইস্যুতে নীরব কেন? কেন প্রায় সকল জাতি গোষ্ঠীর সাথে মিয়ানমার সরকারের দ্বন্দ্ব?

বহিরাগতদের বিরুদ্ধে ভূমিকন্যা মমতার লড়াই : কেন্দ্র বনাম রাজ্য



মোবায়েদুর রহমান

আনুমানিক ৩০ বছর পশ্চিমবঙ্গ শাসন করেছে কংগ্রেস। অবশ্য কংগ্রেসের এই ৩০ বছর শাসনামলেও ২/৩ বছর ভেঙ্গে ভেঙ্গে প্রেসিডেন্টের শাসন জারি ছিলো। কংগ্রেসের পর জ্যোতিবসুর নেতৃত্বে কমিউনিস্ট পার্টি তথা সিপিএম একটানা ৩৪ বছর রাজ্য শাসন করে। কংগ্রেস ছিল একটি সর্বভারতীয় দল। তার আদর্শ ছিলো মূলত ধর্ম নিরপেক্ষতা এবং সর্বভারতীয় জাতীয়তাবাদ। সর্বভারতীয় জাতীয়তাবাদে Sub Nationalism বা উপ জাতীয়তাবাদের কোনো স্থান নাই। তাই পশ্চিমবঙ্গে বাঙালী জাতীয়তাবাদের কোনো বিকাশ ঘটেনি। জ্যোতিবসু যৌবনে ছিলেন একজন কমিউনিস্ট। সেই সময় একজন কমিউনিস্টের কাছে জাতীয়তাবাদের চেয়ে আন্তর্জাতিকতাই বেশি প্রাধান্য পেতো। কংগ্রেস এবং বাম উভয় রাজত্বে সুনির্দিষ্ট কোনো আদর্শ না থাকায় পশ্চিমবঙ্গে বাইরের কর্পোরেট পুঁজি অনুপ্রবেশ করে। তার ফলে বাংলাভাষার ওপরে হিন্দিভাষা প্রাধান্য পায়। কিন্তু তাই বলে হিন্দুত্ব কোনো জায়গা পায়নি।

মমতা ব্যানার্জীর দলের নাম তৃণমূল কংগ্রেস হলেও তার রাজনীতির শেকড় কিন্তু ছিল কংগ্রেস। কংগ্রেস থেকেই তার রাজনৈতিক জীবন শুরু। এক পর্যায়ে কংগ্রেস থেকে বেরিয়ে এলেও তিনি তার নতুন দলের নাম রাখেন তৃণমূল কংগ্রেস। অর্থাৎ কংগ্রেসের গন্ধ কিন্তু রয়েই গেলো। মমতারও কিন্তু সুনির্দিষ্ট কোনো রাজনৈতিক আদর্শ ছিলো না। তবে তিনি হিন্দু-মুসলিম সাম্প্রদায়িক সম্প্রীতিতে বিশ্বাস করতেন। মুসলমানরা যে পশ্চিমবঙ্গের জনসংখ্যার ২৮ শতাংশ, সেটিকে তিনি মূল্য দিতেন। বিগত ১০ বছরে তিনি সবচেয়ে বেশি করেছেন নারীদের জন্য। তিনি হিন্দুদের জন্যও কাজ করেছেন, আবার মুসলমানদের জন্যও কাজ করেছেন।

সদ্য সমাপ্ত বিধানসভা নির্বাচনে বিজেপি যখন উগ্র হিন্দু সাম্প্রদায়িকতা এবং সেই সাম্প্রদায়িকতাভিত্তিক হিন্দু জাতীয়তাবাদকে নির্বাচনের প্রধান ইস্যু বানালো তখন মমতার পক্ষেও একটি আদর্শের আশ্রয় নেওয়া ছাড়া কোনো উপায় ছিলো না। পশ্চিমবঙ্গের ৭২ শতাংশ মানুষ হিন্দু, একথা যেমন ঠিক, তেমনি একথাও ঠিক যে, হিন্দু-মুসলমান মিলে পশ্চিমবঙ্গের ১০০ শতাংশ মানুষই বাঙালী। তাই বিজেপি যখন প্রধান নির্বাচনী শ্লোগান হিসাবে আওয়াজ তুললো 'জয় শ্রীরাম', তখন মমতা ব্যানার্জীকেও নির্বাচনী তলোয়ার হিসাবে ব্যবহার করতে হলো আরেকটি আবেগময় শ্লোগানকে। আর সেটি হলো 'জয় বাংলা'। নির্বাচনটি হচ্ছিল পশ্চিমবঙ্গে, কিন্তু বিজেপির সব কান্ডারী পশ্চিমবঙ্গের বাইরে অর্থাৎ গুজরাট



ও অন্যান্য প্রদেশ থেকে এসে যখন পশ্চিমবঙ্গে জুড়ে বসেন তখন মমতা গর্জে ওঠেন, ওরা বহিরাগত। তিনি এতদূরও বলেন যে, মারাঠা বর্গীদের মত ওরা বাইরে থেকে এসে পশ্চিমবঙ্গ দখল করতে চায়। নরেন্দ্র মোদি ১৬ বার পশ্চিমবঙ্গে আসেন। অমিত শাহ্ তো নির্বাচনকালে সেখানে থেকেই যান। এমনকি বিজেপি প্রধান জে পি নাড্ডা এবং আরএসএস প্রধান মোহন ভগবতও ঘন ঘন পশ্চিমবঙ্গে আসা-যাওয়া করেন। এরা সকলেই কেন্দ্রীয় নেতা। এদের বিরুদ্ধে মমতা আওয়াজ তোলেন, বাংলা শাসন করবে বাঙালীরা, গুজারাটিরা নয়। এভাবেই সদ্য সমাপ্ত নির্বাচনটি কেন্দ্র বনাম প্রদেশের লড়াইয়ে রূপ নেয়।

দুই

এবার নরেন্দ্র মোদি এবং অমিত শাহ্ কোমর বেঁধে মাঠে নেমেছিলেন তৃণমূলকে উৎখাত করতে। নির্বাচনের মাস দুয়েক আগে তাদের শক্তিশালী মিডিয়া উইং এমন একটি আবহ সৃষ্টি করতে সক্ষম হয়েছিল, যার প্রভাবে অনেকেই বিশ্বাস করতে শুরু করেছিলেন যে, কেন্দ্রীয় সরকারের ক্ষমতার দাপট, তাদের উগ্র হিন্দুত্ববাদী সাম্প্রদায়িক প্রচারণা এবং বামফ্রন্ট ও কংগ্রেসের অপরিণামদর্শী এবং অবিবেচক নীতির ফলে বিজেপি এবার পশ্চিমবঙ্গ দখল করবে। যদি কোনো কারণে সেটা সম্ভব না হয় তাহলে শক্তিশালী বিরোধী দল হিসাবে উত্থিত হবে। প্রথমটি হয় নাই। মমতা ব্যানার্জী ২১৩ টি আসন নিয়ে তৃতীয় মেয়াদে বিপুল বিজয় অর্জন করেছেন। বিজেপি মাথার ঘাম পায়ে ফেলতে কসুর করেনি। এই বিপুল পরিশ্রম পন্ডশ্রমে পরিণত হয়নি। ২০১৬ নির্বাচনে যেখানে দলটি পেয়েছিল মাত্র ৩ টি আসন, সেখানে এবার তারা পেয়েছে ৭৭ টি আসন। পেয়ে শক্তিশালী বিরোধী দল রূপে আবির্ভূত হয়েছে।

পশ্চিমবঙ্গের সমগ্র জনগোষ্ঠির ৭২ শতাংশ হিন্দু। ২৮ শতাংশ মুসলমান। বিজেপি ২৮ শতাংশ মুসলিম ভোট প্রত্যাশাও করেনি, বা তাদের ভোটে ভাগ বসাতে চেষ্টাও করেনি। বিষাক্ত হিন্দু সাম্প্রদায়িকতার জিগির তুলে তারা ঐ ৭২ শতাংশ হিন্দু ভোটকে তাদের ভোট ব্যাংক হিসাবে ধরে নিয়েছিল। কিন্তু হিন্দু সম্প্রদায় উহ নষড়পশ বা সদলবলে বিজেপিকে ভোট দেয় নাই। দিলে মমতা ব্যানার্জী এতগুলি আসন পেতেন না।

নির্বাচনী বিশ্লেষকদের সব জল্পনা-কল্পনাকে ভন্ডুল করে দিয়ে মমতা গত বারের চেয়েও বেশি ভোট পেয়ে তৃতীয় মেয়াদে জয়ী হয়েছেন। পশ্চিমবঙ্গের নির্বাচনে একটি বিষয় অত্যন্ত স্পষ্ট হয়ে গেছে যে, ২০২১ সালের দ্বিতীয় প্রান্তিকে এসে ভারত জুড়ে উগ্র হিন্দুত্ববাদের জয়যাত্রা প্রচন্ড হোঁচট খেয়েছে। তামিলনাড়ু এবং কেরালায় বিজেপি কোনো ফ্যাক্টর হয়ে দাঁড়াতে পারেনি। তামিলনাড়ুতে একটি আঞ্চলিক দল জিতেছে এবং কেরালায় প্রকাশ কারাত এবং সিতারাম ইয়াচুরির বামফ্রন্ট বিপুল বিজয় লাভ করেছে। আর পশ্চিমবঙ্গের কথা তো বলার অবকাশ রাখে না। নির্বাচনের অন্তত ২ মাস আগে থেকেই বিজেপির সাবেক সভাপতি এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ তো পশ্চিমবঙ্গকে তার ঘর বাড়িই বানিয়ে ফেলেছিলেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিও এই করোনা কালেও নির্বাচন উপলক্ষে বারবার দিল্লী কলকাতা ছুটাছুটি করেছেন। নরেন্দ্র মোদি তো বাংলাদেশে এসেও গোপালগঞ্জ এবং সাতক্ষিরায় মোতুয়া সম্প্রদায়ের মাঝে নির্বাচনী প্রচারণা চালিয়েছেন। বিজেপির তরফ থেকে দম্ভভরে ঘোষণা করা হয়েছিল যে, তারা নির্বাচনে শুধু জয়লাভই করবেন না, কমপক্ষে ২০০ আসনে জয়লাভ করে পশ্চিমবঙ্গে সরকার গঠন করবেন।

তিন

এই টার্গেট সামনে রেখে তারা যে নির্বাচনী কৌশল ব্যবহার করেন সেটি ছিলো চরম সাম্প্রদায়িক এবং ঘৃণার রাজনীতি। তারা উগ্র হিন্দুত্বকে উস্কে দেন এবং মুসলমানদের বিরুদ্ধে ঘৃণা ছড়াতে থাকেন। বাবু দিলীপ ঘোষ পশ্চিমবঙ্গ প্রদেশ বিজেপির সভাপতি। পশ্চিমবঙ্গের মানুষকে নববর্ষের শুভেচ্ছা জানানো উপলক্ষে তাঁর ফেসবুক এ্যাকাউন্টে লেখেন, 'সকলকে জানাই হিন্দু নববর্ষের শুভেচ্ছা। এটি ভারতবর্ষের জন্য পৌরাণিক এবং ঐতিহাসিকভাবে খুবই গুরুত্বপূর্ণ। এই দিনকে সৃষ্টির প্রথম দিন হিসাবে ধরা হয়। ভগবান রামের রাজ্যাভিষেক হয়েছে এই দিনে। তাই আজকের দিনটা আমাদের কাছে খুব গর্বের। একজন গর্বিত ভারতীয় হিসাবে হিন্দু নববর্ষের প্রথম দিনে সবাইকে শুভেচ্ছা জানাই। (দৈনিক যুগান্তর: ২৪ এপ্রিল, উপসম্পাদকীয়, পৃষ্ঠা ৪)।' সুতরাং দেখা যাচ্ছে যে, বিজেপি জয়লাভ করলে পহেলা বৈশাখকে হিন্দু নববর্ষ হিসাবে পালন করা হতো।

সৌম্য বন্দোপধ্যায় দিল্লীর একজন সিনিয়র সাংবাদিক। তিনি 'দৈনিক প্রথম আলোর' দিল্লী প্রতিনিধি। ১৯ এপ্রিল দৈনিক প্রথম আলোর উপ-সম্পাদকীয় কলামে তিনি লিখেছেন, 'বিজেপি সরকার জম্মু ও কাশ্মীরের বিশেষ অধিকার সংবিধানের ৩৭০ অনুচ্ছেদ বাতিল করেছে। অযোধ্যায় রাম মন্দির প্রতিষ্ঠিত হচ্ছে। অভিন্ন দেওয়ানী বিধি প্রচলনে তিন তালাক প্রথা বাতিল করেছে। জাতীয় নাগরিক পঞ্জী (এনআরসি) তৈরীর উদ্যোগের পাশাপাশি নাগরিকত্ব আইন (সিএএ) পাশ করে অভিষ্ট পূরণে এগোচ্ছে। রাজ্যে রাজ্যে নিষিদ্ধ হচ্ছে গোহত্যা। চালু হয়েছে ধর্মান্তর রুখতে লাভ জিহাদ আইন। বিজেপি



ইসরায়েলি হত্যাকাণ্ডে হতবাক জাতিসংঘ মহাসচিব

ঢাকা ডেস্ক : গাজা উপত্যকায় ইসরায়েলের চলমান হামলায় হতাহতের ঘটনায় হতবাক হয়েছেন জাতিসংঘ মহাসচিব অ্যান্তনিও গুতেরেস। একইসঙ্গে গাজা থেকে ইসরায়েলে চালানো রকেট হামলায় হতাশ হয়েছেন তিনি। খবর আনাদুলুর।

রোববার (১৬ মে) জাতিসংঘ নিরাপত্ত পরিষদে (ইউএনএসসি) দেওয়া এক বক্তব্যে জাতিসংঘ মহাসচিব ইসরায়েল এবং লিফিস্তিনকে 'রক্তপাত, সন্ত্রাস ও ধ্বংসযজ্ঞ' অবসান ঘটিয়ে দ্বি-রাষ্ট্রীয় সমাধানের জন্য আলোচনায় ফিরে যাওয়ার আহ্বান জানান।

তিনি বলেন, 'বর্তমান সংঘাত একেবারেই ভীতিকর। চলমান সহিংসতা কেবল মৃত্যু, ধ্বংস এবং হতাশার চক্রকে স্থায়ী করছে এবং সহাবস্থান ও শান্তির যে আশা তা প্রত্যাখ্যান করে আরও দূরে ঠেলে দিচ্ছে।'

ইসরায়েল ও ফিলিস্তিন সংঘাত এবং গাজায় ইসরায়েলের চলমান বিমান হামলায় ক্রমবর্ধমান উত্তেজনা নিয়ে আলোচনা করতে ইউএনএসসি তৃতীয়বারের মতো বৈঠক করেছে। গুতেরেস বলেন, 'একদিকে রকেট ও মর্টার এবং অন্যদিকে বোমা হামলা বন্ধ করতে হবে।'

জাতিসংঘ যুদ্ধ বিরতির প্রস্তাব নিয়ে সব পক্ষের সঙ্গে আলোচনা করছে জানিয়ে তিনি জোর দিয়ে বলেন, উত্তপ্ত বক্তৃতার অবসান এবং ক্রমবর্ধমান উত্তেজনা প্রশমিত করা সবপক্ষের নেতাদের দায়িত্ব।'

গুতেরেস বলেন, নারী ও শিশুসহ ফিলিস্তিনি নিহতের ঘটনায় তিনি 'হতবাক'। একইসঙ্গে গাজা থেকে চালানো রকেট হামলায় ইসরায়েলে যে ক্ষয়ক্ষতি হয়েছে তাতে তিনি 'হতাশ'।

জাতিসংঘের প্রধান সতর্ক করে বলেন, চলমান সংঘাত কেবল ইসরায়েল এবং ফিলিস্তিনিদের জন্যই নয়, পুরো অঞ্চলকে ভয়াবহ পরিণতির দিকে নিয়ে যাচ্ছে এবং পুরো অঞ্চলের জন্য একটি নতুন বিপদ তৈরি করতে পারে।

গত সোমবার (১০ মে) থেকে ইসরায়েলের চালানো হামলায় এ পর্যন্ত ৫২ শিশু ও ৩১ নারীসহ ১৮১ ফিলিস্তিনি নিহত হয়েছেন। আহত হয়েছেন কমপক্ষে ১ হাজার ২২৫ জন।

বেইজিংয়ে কী ঘটেছিল

(শেষের পাতার পর)

খেলা বন্ধ ছিল। পরে মাঠে ফেরেন। তবে বর্তমানে করোনার কারণে খেলা বন্ধ। সানিয়ার সফলতার গল্পটা সবারই জানা। তবে ক্যারিয়ারে উত্থাপ পতনও রয়েছে তার। সেগুলো সবার কাছে স্পষ্ট নয়। শোয়েবপত্নীর জীবনে অবসাদ এসেছিল একবার। ওইসময় বিপর্যস্ত ছিলেন সানিয়া।

সানিয়া ২০০৮ সালের বেজিং অলিম্পিকের মাঝপথ থেকে সরে গিয়েছিলেন এই টেনিস গ্লামার গার্ল। সেটি নিয়ে হইচই কম হয়নি।

কেন সরে গিয়েছিলেন, তা নিয়ে এতোদিন মুখ খুলেন নি। ১৩ বছর পর এসে এনিয়ে মুখ খুললেন ভারতীয় এই গ্ল্যামার গার্ল। সানিয়া বলেন, 'দেশের হয়ে খেলতে নামলে প্রতিটি ক্রীড়াবিদ সেরাটা দিতে চেষ্টা করে। আমিও তেমন মেজাজ নিয়ে বেইজিং অলিম্পিক শুরু করতে চেয়েছিলাম। তখন আমার বয়স মাত্র ২০। খেলতে গিয়ে দেখলাম, হঠাৎ ডান হাতের কব্জির যন্ত্রণা খুব ভোগাচ্ছে। সেই চোট মানসিকভাবে ভেঙে দেয় আমাকে। তখন শুধুই কাঁদতাম। প্রায় এক মাস খাওয়া দাওয়া বন্ধ করে দেই। প্রায় তিন-চার মাস নিজেকে ঘরবন্দি রেখে মানসিক অবসাদে ছিলাম।'

সেই অলিম্পিকে প্রথম রাউন্ডে সানিয়ার বিপক্ষে লড়ছেন চেক প্রজাতন্ত্রের ইভেটা বেনেসোভা। সেই ম্যাচে ২-৬ ব্যবধানে প্রথম সেটে হেরে যাওয়ার পর দ্বিতীয় সেটে ১-২ ব্যবধানে তখন পিছিয়ে সানিয়া। তখনই তার ডান হাতের কব্জির ব্যথা বাড়তে থাকে। এরপরই অলিম্পিক থেকে সরে দাঁড়াতে বাধ্য হয়েছিলেন এই টেনিস তারকা।

২০০৮ সালের সেই ঘটনা মনে হলে এখন অবশ্য ভুল বুঝতে পারেন সানিয়া। জানালেন, 'মানুষের জীবনে এমন অনেক ঘটনা ঘটে থাকে যেগুলোর উপর নিয়ন্ত্রণ থাকে না আমাদের। বয়স বেড়েছে এখন, এ কারণেই মনে হয় তখন অবসাদে চলে গিয়ে নিজের ক্ষতি না করলেও চলত। আসলে কম বয়সে পরিচিতি পেয়ে যাওয়ার জন্য সবাই বাড়তি আশা করেছিল। সেটা পূরণ করতে না পারার জন্যই হয়তো এতটা বাড়াবাড়ি করে ফেলেছিলাম আমি।'

সেই ভুল থেকে শিক্ষা নিয়ে এখন অনেকটাই বাস্তববাদী হয়েছেন সানিয়া। সিদ্ধান্ত নিতেও শিখেছেন। এ কারণে ধরা দিয়েছে সাফল্য।

করোনায় ভাইকে হারালেন

(শেষের পাতার পর)

বেসরকারি হাসপাতালে তার মৃত্যু হয়।

কভিড আক্রান্ত হয়ে গেল ১ মাস ধরে কলকাতার একটি হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন অসীম বন্দ্যোপাধ্যায়। স্বাস্থ্যবিধি মেনে শনিবার দুপুরে নিমতলা মহাশ্মশানে শেষকৃত্য হবে তার।

অসীম বন্দ্যোপাধ্যায়ের মৃত্যুতে মুখ্যমন্ত্রীর পরিবারে নেমে এসেছে শোকের ছায়া। মুখ্যমন্ত্রীর মেজ ভাই ঘনিষ্ঠমহলে কালী বন্দ্যোপাধ্যায় বলেই পরিচিত ছিলেন।

মিশিগানে এক সপ্তাহে

(শেষের পাতার পর)

বলে পরিবারের সদস্যরা দাবি করেছেন। এসব মৃত্যু সংবাদে বাংলাদেশি কমিউনিটির লোকদের মাঝে শোকের ছায়া নেমে এসেছে। জানা গেছে, রোববার (৯ মে) বিকালে স্থানীয় একটি হাসপাতালে মারা গেছেন নূর মসজিদ কমিটির সাবেক সভাপতি তরিকুর রশীদ চৌধুরী। স্বজনরা বলেছেন, কয়েক মাস আগে তার যুবক ছেলে জাহিদ চৌধুরী তাজের মর্মান্তিক মৃত্যু ঘটে। তিনি এরপর থেকে ছেলে হারানোর শোকে ভেঙে পড়েন। এছাড়াও বার্ধক্য কারণে নানান রোগে ভুগছিলেন। তরিকুর রশীদ এর দেশের বাড়ি হবিগঞ্জ জেলার নবীগঞ্জ উপজেলার কামারগাও গ্রামে। আশির দশকে যুক্তরাষ্ট্রে এসেছিলেন।

এর আগের দিন শনিবার (৮ মে) দুপুর ২টার দিকে হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় করোনা উপসর্গে মারা গেছেন বিশিষ্ট ব্যবসায়ী মুজিবুর রহমান। তিনি ছিলেন ওয়ারেন সিটির হিরাফিস নামক গ্রোসারি স্টোরের মালিক। এছাড়া ডেট্রয়েট সিটির মসজিদ আল ফালাহ্ বোর্ড অব ট্রাস্টির সভাপতি এবং মুনার মিশিগান স্টেট শাখার সদস্য ছিলেন। তার স্বজনরা জানিয়েছেন, মুজিবুর সম্প্রতি করোনা আক্রান্ত হলে তাকে স্থানীয় একটি হাসপাতালে ভর্তি করা হয়। কদিন ভেন্টিলেটর সাপোর্টে থাকার পর মারা যান। তিনি আশির দশকের গোড়ার দিকে যুক্তরাষ্ট্রে এসেছিলেন। সপরিবারে ওয়ারেন সিটিতে বসবাস করছিলেন। তার দেশের বাড়ি সিলেট জেলার ওসমানী নগর উপজেলার খুছগীপুর গ্রামে।

রোববার (২মে) করোনাভাইরাস সংক্রমণে মারা গিয়েছেন কমিউনিটির আরেক পরিচিত মুখ মাওলানা আব্দুল বাছিত। তিনি ছিলেন ইসলামিক সেন্টার অব ওয়ারেনের প্রতিষ্ঠাতা ও খতিব। তিনি ওয়ারেনের একটি হাসপাতালে লাইফ সাপোর্টে থাকা অবস্থায় মারা যান। মাওলানা বাছিতের দেশের বাড়ি মৌলভীবাজার জেলার বড়লেখা উপজেলার সুড়িকান্দি গ্রামে। নব্বইয়ের দশকে যুক্তরাষ্ট্রে এসেছিলেন। তিনি পরিবারের সবাইকে নিয়ে ওয়ারেন সিটিতে থাকতেন।

সোমবার (৩ মে) হাসাপাতালে লাইফ সাপোর্টে মারা গেছেন ওয়ারেন সিটির বাসিন্দা সিরাজুল ইসলাম মাস্টার নামে আরেক বাংলাদেশি প্রবাসী। বৃহস্পতিবার (৬ মে) নিজ বাসভবনে মৃত্যুবরণ করেছেন হেমট্রামিক সিটির সাবেক কাউন্সিলর আবু আহমেদ মুছার মাতা। করোনা সংক্রমণে নয়, তারা বার্ধক্যজনিত অসুখে মারা গেছেন বলে পরিবারের সদস্যরা দাবি করেছেন। তাদের দেশের বাড়ি সিলেট জেলায়। তারা বাংলাটাউন খ্যাত হেমট্রামিক সিটিতে বাস করতেন।

একের পর এক মৃত্যু সংবাদে প্রবাসী বাংলাদেশি কমিউনিটির লোকদের মাঝে শোকের ছায়া নেমে এসেছে। কমিউনিটি অ্যাক্টিভিসরা প্রয়াতদের বিদেহী আত্মার শান্তি কামনাসহ শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানিয়েছেন। এছাড়া শুক্রবার জুম্মার নামাজ শেষে সকল মৃত ব্যক্তি ও অসুস্থদের জন্য বাংলাদেশি প্রবাসী দ্বারা পরিচালিত মিশিগানের প্রতিটি মসজিদে বিশেষ প্রার্থনা করা হয়েছে।

AFFORDABLE SENIOR CARE OF NEW YORK LLC

ASC of NY

Licensed Home Health Care Agency

আমরা বাংলায় কথা বলি

আমাদের অফিস লোকেশন ব্রুকলিনের বাংলাদেশী অধ্যুষিত চার্চ ম্যাকডোনাল্ড এলাকায়

CDPAP

- বাড়িতে থেকেই পরিবারের সদস্যদের স্বাস্থ্য সেবা দিন
- আমরা দীর্ঘদিন ধরে বাংলাদেশী কম্যুনিটিকে সেবা দিয়ে আসছি।
- রোগীকে সেবা করার সম্পূর্ণ খরচ সরকার বহন করে।





Payment : As per wage parity $19.09

CDPAP প্রোগ্রামের আওতায় HHA /প্রশিক্ষণ ছাড়াই আপনার বৃদ্ধ, অসুস্থ বা শারিরীকভাবে অক্ষম মা-বাবা, শ্বশুর-শ্বাশুড়ি, আত্মীয়-স্বজন, পাড়া-প্রতিবেশীদের স্বাস্থ্য সেবা দিয়ে আয় করতে পারেন।

✓ প্রশিক্ষণ ও **HHA** সার্টিফিকেট থাকলে আপনি
আমাদের মাধ্যমে যেকোন রোগীকে স্বাস্থ্যসেবা দিতে পারেন।

✓ আপনি কি **HHA** অথবা **PCA** হিসেবে চাকুরী খুঁজছেন?
তাহলে আপনি আমাদের প্রতিষ্ঠানে সুযোগ সুবিধাসহ আকর্ষণীয় বেতনে চাকুরী করতে পারেন।

CDPAP
প্রোগ্রামের জন্য কোন সার্টিফিকেটের প্রয়োজন নেই।

রোগীর জন্য নিজ গৃহে সেবা পেতে অথবা রোগীকে সেবা দানের বিস্তারিত তথ্য জানতে বাংলায় কথা বলুন।

CDPAP Specialist: Tarin: 347-362-1525, OFF: 718-851-0325

Brooklyn OFFICE

338 East 5th Street, Brooklyn, NY 11218
(Church Ave & East 5 street)
Tarin: 718-851-0325

Jackson Heights OFFICE

37-15, 73rd Street, Jackson Heights Suite # 208
(Bangladesh Plaza)
Solaiman: 302-513-3837

Email: info@ASCofNY.com
www.affordableseniorcarenewyork.com/cdpap.html

Affordable Senior Care of New York, LLC is a Licensed Home Health Care Agency
by the New York State Department of Health

Office Hour : Mon.-Friday (9am-5pm)

সাপ্তাহিক ২৫ বছরে
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

মুক্ত গণমাধ্যম ও আমাদের দায়িত্ব

মীযানুল করীম

সংবাদপত্রের খবর, 'বিশ্ব মুক্তগণমাধ্যম সূচকে গত বছরের চেয়ে আবার এক ধাপ পেছাল বাংলাদেশ।' এটি একটি বেসরকারি আন্তর্জাতিক সংগঠন আরএসএফের (রিপোর্টার্স স্যান্স ফ্রন্টিয়ার্স) স্থিরীকৃত ও ঘোষিত সূচক। তাদের নামের অর্থ হলো– 'সীমানার উর্ধ্বে যে রিপোর্টার' বা সাংবাদিকরা। তাদের মতে, জরিপ করা ১৮০টি দেশের মধ্যে গণমাধ্যমের ক্ষেত্রে ১৫২তম অবস্থানে রয়েছে এ দেশ।

আরএসএফ গত দুই দশক ধরে অর্থাৎ ২০০২ থেকে নিজস্ব সূচকে মুক্তগণমাধ্যমের বিষয়টি তুলে ধরছে। তাদের বক্তব্য, এটি গণমাধ্যমের স্বাধীনতার নির্দেশক। বিভিন্ন দেশের সরকার আপত্তি জানিয়ে বলেছে, এটি 'অগ্রহণযোগ্য'। ২০১৩ সাল থেকে আরএসএফ সূচকে বাংলাদেশের কথাও উল্লেখ করা হচ্ছে। প্রথম থেকেই এ বিষয়ে সরকার ও অন্যদের প্রতিক্রিয়া এক নয়। দেশের মানুষ সাক্ষী গণমাধ্যমের বিদ্যমান স্বাধীনতা প্রসঙ্গের। সরকার বারবার বলেছে, তারা সেন্সরশিপে বিশ্বাসী নয়। এ দিকে জনগণ দেখছে, মিডিয়া 'যে কারণেই হোক', সেলফ সেন্সর বা আত্মনিয়ন্ত্রণের বাস্তবায়ন করে চলেছে। সব মিলিয়ে বলা যায়, দেশে গণতন্ত্রের অবস্থা 'ভালো নয়' বলে মিডিয়াও ভালো থাকার কথা নয়। এভাবেই বছরের পর বছর কেটে যাচ্ছে।

আবার আরএসএফের মিডিয়া ইনডেক্সের প্রসঙ্গ। তারা দাবি করেছেন, বাংলাদেশের অবস্থান ক্রমেই পিছিয়ে যাচ্ছে। কারণ ২০১৯ সালে এ দেশ 'মুক্ত' সাংবাদিকতার বেলায় ছিল ১৫০তম স্থানে। পরের বছর এক ধাপ পিছিয়ে যায়। এবারো এর পুনরাবৃত্তি পরিলক্ষিত হলো। আমাদের মিডিয়া মানের চেয়ে পরিমাণে বা সংখ্যায় এগিয়ে– এমন একটি বিশ্বাস অনেকের। কর্তৃপক্ষ সন্তুষ্ট মিডিয়ার সংখ্যায় আর আত্মনিয়ন্ত্রণে (যা কারো কারো দৃষ্টিতে 'আত্মসংযম')। মিডিয়ামালিক অনেক ক্ষেত্রে অসন্তুষ্ট হলেও কারণটা বলতে চান না, পাছে 'কোনো ঝামেলা হয়'। দেশের সাধারণ মানুষ কার্যত রাজনীতিহীন পরিস্থিতিতে বেঁচে থাকার সংগ্রামে লিপ্ত। তাদের কাছে, মিডিয়ার মরণদশার চেয়ে নিজেদের জীবন-জীবিকার কী দশা, সেটি অধিক গুরুত্ববহ।

আরএসএফের বক্তব্য, সার্ক দেশগুলোর মধ্যে 'মুক্ত গণমাধ্যমের বেলায় বাংলাদেশের অবস্থা ভালো নয়।' কথা হলো, সার্কের দক্ষিণ এশীয় দেশগুলোর কোনটিতে গণতন্ত্রের অবস্থা ভালো? ভারতকে বিশ্বের 'বৃহত্তম গণতান্ত্রিক দেশ' বলা হলেও সেখানেও গণতন্ত্র ক্রমেই বিপন্ন হচ্ছে উগ্রতার কবলে পড়ে। গণতন্ত্র মানসম্মত না



হলে মিডিয়ার মানও ভালো থাকে না। বিকৃত বা 'হ-াইব্রিড' গণতন্ত্র স্বাধীন গণমাধ্যম নিশ্চিত করতে পারে না। একটি দেশে নিয়মিত নিয়ন্ত্রিত নির্বাচন হলেই তাকে 'গণতান্ত্রিক' বলা যায় কি? সেটি নির্বাচিত হলে 'গণতন্ত্রী' হতে পারে, 'স্বেচ্ছাচারী'ও হওয়া অসম্ভব নয়।

আরএসএফের প্রদত্ত সূচক অনুযায়ী, বাংলাদেশ যেখানে ১৫২তম, সেখানে সবচেয়ে ভালো অবস্থানে ভুটান (৬৫তম); এরপর মালদ্বীপ (৭৯) ও নেপাল (১০৬), তার পর যথাক্রমে আফগানিস্তান (১২২), শ্রীলঙ্কা (১২৭), মিয়ানমার (১৪০), ভারত (১৪২) এবং সবশেষে পাকিস্তান (১৪৫)। এই মানক্রম নিয়ে কিছু কথা। ভুটানে বাস্তবে বেসরকারি মিডিয়া নেই। মালদ্বীপের সাম্প্রতিক অস্থিতিপূর্ণ রাজনৈতিক পরিস্থিতির কথা সবার জানা। সে দেশে চীনপন্থী বনাম ভারতপন্থীদের বিরোধের খবর আর গোপন নয়। নেপালের রাজনৈতিক কলহকোন্দল এখন ব্যাপক। আফগান পরিস্থিতি কতটা গণতান্ত্রিক, তা বলা নিষ্প্রয়োজন। শ্রীলঙ্কায় সাম্প্রতিককালে নির্বাচিত স্বৈরাচারের জাতীয়তাবাদী উগ্রতা এবং জনতুষ্টিবাদ ও গরিষ্ঠতাবাদী অপশাসনের অভিযোগ উঠেছে। মিয়ানমারে নির্বাচিত পার্লামেন্ট বাতিল করে সেনাবাহিনীর ক্ষমতা জবরদখল এবং অল্প কিছু দিনেই প্রায় ৮০০ বিক্ষোভকারীর হত্যা আর হাজার হাজার মানুষের গ্রেফতার প্রমাণ করে, সেখানকার পরিস্থিতি কেমন। ভারতের মিডিয়ার দীর্ঘ দিনের সুনাম ক্ষুণ্ন করছে সাম্প্রদায়িক ও কট্টরপন্থী ক্ষমতাসীন মহল। আর পাকিস্তানে হ-য-ব-র-ল দশা এবং নানামুখী সন্ত্রাসের তান্ডব তো বিশ্ববিদিত। তাই যেভাবে আরএসএফ এসব দেশের ক্রমিক অবস্থান নির্ধারণ করেছে, তা প্রশ্নসাপেক্ষ। আরএসএফের অনেক ভূমিকাই প্রশংসনীয়। মুক্ত গণমাধ্যমের বিষয়ে হয়তো পর্যাপ্ত তথ্য না পাওয়ায় তাদের তৈরি করা তালিকা নিয়ে কথা উঠছে। বাংলাদেশের বর্তমান পরিস্থিতি, এখানকার রাজনৈতিক প্রেক্ষাপট এবং গণতন্ত্রের চলমান অবস্থা সবার জানা। হয়তো কেউ বলেন; কেউ চুপ থাকেন এ নিয়ে।

আরএসএফ তাদের সর্বশেষ প্রতিবেদনে বলছে, ২০২০ সালের মহামারী কোভিড এবং লকডাউনের সময়ে সাংবাদিকদের ওপর পুলিশ ও বেসামরিক সহিংসতা উদ্বেগজনকভাবে বৃদ্ধি পেয়েছে। চলমান মহামারী এবং সমাজে এর প্রভাব নিয়ে প্রতিবেদন লেখায় অনেক সাংবাদিক, ব্লগার, কার্টুনিস্টকে গ্রেফতার করা হয়েছে এবং তারা বিচারের সম্মুখীন। বিশেষ উদ্দেশ্যে সাংবাদিকদের মুখ বন্ধ রাখতে সরকারের অস্ত্র হলো ২০১৮ সালের ডিজিটাল নিরাপত্তা আইন। এই আইন বলে, নেতিবাচক প্রচারণার দায়ে ১৪ বছর পর্যন্ত কারাদন্ড হতে পারে। ফলে মিডিয়ায় অভূতপূর্ব সেল্ফ সেন্সর দেখা যায়। ২০১৯ সালে আবার নির্বাচিত হয়ে সরকার কঠোর অবস্থান নিয়েছে গণমাধ্যমের ব্যাপারে। অভিযোগ, দলীয় নেতাকর্মীদের হাতে সাংবাদিকরা সহিংসতার শিকার। তাদের নির্বিচারে গ্রেফতার করা হচ্ছে। ওয়েবসাইট করা হয়েছে বক। আরএসএফ আরো বলেছে, 'যে সাংবাদিকরা দুর্নীতি কিংবা স্থানীয় অপরাধী চক্র নিয়ে অনুসন্ধানী প্রতিবেদন তৈরি করে থাকেন, তারা ভয়াবহ নিপীড়নের শিকার। এতে মৃত্যু পর্যন্ত ঘটছে।'

প্রকৃতপক্ষে শুধু সুষ্ঠু নির্বাচন যেমন পুরো গণতন্ত্র নয়, তেমনি কেবল মুক্তমিডিয়া গণতন্ত্রকে বাঁচাতে পারে না। এ জন্য সরকার ও বিরোধী দলসমেত রাজনৈতিক অঙ্গনে, সমাজ ও জনগণ, এনজিও এবং বুদ্ধিজীবী-বিশ্ববিদ্যালয়ের সক্রিয় সহায়তা প্রয়োজন। মিডিয়ার গণতান্ত্রিক ভূমিকা দেখে জনগণের অনুকূল কোনো শক্তির ভয় পাওয়ার কিছু নেই। মিডিয়াকে স্বাধীনভাবে কাজ করতে দিলে চূড়ান্ত বিচারে দেশ ও সরকারেরই ইমেজ উন্নত হবে। আর যদি মিডিয়ার কেউ কোনো অন্যায় করে থাকেন, সে জন্য তো যথারীতি প্রতিবিধানের ব্যবস্থা আছেই। আইনের সুষ্ঠু প্রয়োগ তখনই সম্ভব, যখন ক্ষমতার অপব্যবহার হবে না। এটি নিশ্চিত করার দায় কার? যারা ক্ষমতাবান, তাদেরও উপলব্ধি দরকার। শুধু একপক্ষ আত্মনিয়ন্ত্রণ করলেই হবে না; সবার কর্তব্যবোধ ও দেশপ্রেম থাকতে হবে। অন্যথায় দায়িত্ব, অধিকার, ক্ষমতা ও আইনসহ সব কিছুর অপপ্রয়োগের শঙ্কা থাকে। বাংলাদেশের স্বাধীনতার ঘোষণপত্রে মানবিক মর্যাদা, সামাজিক ন্যায়বিচার এবং সাম্যের কথা বলা হয়েছিল। আসুন, সবাই সে মহান আদর্শে উদ্বুদ্ধ হই এবং সর্বদা নিয়োজিত থাকি মানবতার কল্যাণে।

লেখক: সাংবাদিক-লেখক

নিরাপত্তা ও বিশ্বস্ততার প্রতীক
SE CI
সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক
(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)
Licensed as International money transmitter by the banking department of the State of New York, New Jersey, Georgia, Maryland & Michigan

উৎসবে আনন্দে
সোনালী এক্সচেঞ্জ আছে সাথে

আমাদের সম্মানিত গ্রাহক ও তাদের পরিবারের সকল সদস্য, কমিউনিটির নেতৃবৃন্দ, সাংবাদিকবৃন্দ ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ সর্বস্তরের প্রবাসী ভাই-বোনদের জানাই পবিত্র ঈদের প্রাণঢালা শুভেচ্ছা।



রেমিটেন্স প্রেরণ ও এ সংক্রান্ত তথ্যের জন্য আমাদের নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA	ATLANTA	BROOKLYN	BRONX	JACKSON HTS	JAMAICA	MANHATTAN	MICHIGAN	OZONE PARK	PATERSON
718-777-7001	770-936-9906	718-853-9558	718-822-1081	718-507-6002	347-644-5150	212-808-0790	313-368-3845	347-829-3875	973-595-7590

দেশের সর্বত্র সোনালী ব্যাংকের সকল শাখায় তাৎক্ষণিকভাবে স্পট ক্যাশ ও যে কোন ব্যাংক একাউন্টে অর্থ পাঠানো হয়।
www.sonaliexchange.com এ লগ ইন করে আপনি ঘরে, অফিসে অথবা যে কোন স্থান থেকে বাংলাদেশে অর্থ পাঠাতে পারেন।

Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



ঘরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে অর্থ উপার্জন করুন

$২১ প্রতি ঘন্টা

নিউইয়র্ক ষ্টেটের হেলথ ডিপার্টমেন্টের সিডিপেপ/হোম কেয়ার প্রোগ্রামের মাধ্যমে আপনি ঘরে বসেই আপনার পিতা-মাতা শ্বশুড়-শ্বাশুড়ী, আত্মীয়-স্বজন ও প্রতিবেশীদের সেবা দিয়ে প্রতি সপ্তাহে অর্থ উপার্জন করতে পারেন।

কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।

আজই যোগাযোগ করুন:

গিয়াস আহমেদ, চেয়ারম্যান / সিইও /৯১৭-৭৪৪-৭৩০৮

Corporate Office	Long Island Office	Bronx Office	Ozone Park Office	Buffalo Office
37-05 74st, 2nd Fl	1 Blacksmith Lane	2148 Starling Ave.	175 B Forbell Street	642 Walden Avenue
Jackson Heights, NY 11372	Dix Hill, NY 11731	Bronx, NY 10462	Brooklyn, NY 11208	Buffalo, NY 14211
917-744-7308, 718-457-0813	718-406-5549	917-744-7308, 718-457-0813	Tel: 917-744-7308	Tel: 347-837-1162

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন



STAR Photography

শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all
Your Professional
Photography Like events
News Conference
Wedding Reception & Modelling

NEHER SIDDIQUEE
MBPS, MIFPO
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

গ্রেটার বাফেলোর
বাংলাদেশী কমিউনিটি সহ
অন্যান্য খবর জানতে
বাফেলোর প্রথম
এবং
একমাত্র
বাংলা সংবাদপত্র
বাফেলো বাংলা
পড়ুন
www.buffalobangla.com

Homeopathy & Herbal
হোমিওপ্যাথিক এন্ড হারবাল
ডাঃ এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA) Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

মহিলাদের:* অনিয়মিত ঋতুস্রাব * স্তনের টিউমার * চুল পড়া * শ্বেতপ্রদর বা লিউকোরিহিয়া * ডিম্বাশয়ের টিউমার (Ovarian Cyst) * Endometriosis, * জরায়ুর টিউমার (Uterus Tumors), * বন্ধ্যাত্ব * ঋতুস্রাবে বিলম্ব ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন ষ্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।
37-15 73rd Street, Jackson heights, NY 11372.
Cell: 917-285-4804, Ph: 718-898-0939
www.vhvshop.com
Business Hours: Monday-Friday: 12:00PM-8:00PM, Saturday-Sunday: 12PM-5PM

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্বতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

পার্কচেস্টারে
অভিজ্ঞ বাংলাদেশি ডাক্তার

আমরা
সব ধরনের ইন্স্যুরেন্স
গ্রহণ করে থাকি

এখানে বাংলাদেশী মহিলা গাইনোকলজিষ্ট, কার্ডিওলোজী, গ্যাস্ট্রো এন্ট্রোলজী, ফিজিক্যাল থেরাপী, পেইন ম্যানেজমেন্ট সহ সব ধরনের চিকিৎসা সুবিধা রয়েছে

ডা. আতাউল চৌধুরী (তুষার) এম.ডি
মেডিসিন বিশেষজ্ঞ (বোর্ড সার্টিফাইড)

ডা. মঞ্জিলা রহমান
গাইনোকলজিষ্ট



TEL: 917-634-9600
917-634-9601
FAX: 888-776-0872

We Provide EKG, Echocardiogram, TLC Exam, Different blood test and much more

1268 White Plains Road, Bronx, NY 10602
E-mail: nyccommunitymedicalcare@gmail.com
Web: www.nyccommunitymedicalcare.com
372 East 204th Street, Bronx, NY 10467

ALL YOUR NEED REAL ESTATE BUYING & SELLING.



Tusher Bhuiyan
Licensed Real Estate Agent

▼ বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
▼ অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!

Century 21
Tri-Boro Terrace Realty
31-08, Astoria Boulevard,
Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
Cellular: (646) 732-9150
E-Mail: tusherb@aol.com

Each Office is Independently Owned and Operate

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine
সীমিত সময়ের জন্য 15% Off
Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

হিলসাইডে বাংলাদেশী ডাক্তার

ডাঃ মোঃ কাওসার রশীদ

Diplomate American Board of Internal Medicine

❊ ফিজিক্যাল এক্সাম ❊ স্কুল ও কলেজের জন্য টীকা ❊ টিএলসি এক্সাম ❊ হজ্ব ও ওমরাহ যাত্রীদের জন্য টীকা ❊ ডায়াবেটিস ❊ উচ্চ রক্তচাপ ❊ থাইরয়েড ❊ এজমা ❊ বাতের ব্যথা ❊ চর্মরোগ ❊ যৌনরোগ এবং অন্যান্য সব ধরনের চিকিৎসা করা হয়।

আমাদের ক্লিনিকে সুলভ মূল্যে রক্ত পরীক্ষা, ইকেজি, স্পাইরোমেট্রি, প্রেগন্যান্সি, টিবি টেস্ট, কান ফুটো করা হয়।

We accept all major insuranPes including Medicare, Medicaid, Metro Plus, Health Plus, GHI, PHS, AETNA, OXFORD, HIP BC & BS, 1199, Union Plan এবং অন্যান্য যাদের ইন্স্যুরেন্স নেই তাদের জন্য হ্রাসকৃত মূল্যে চিকিৎসা করা হয়।

আমরা ১৮ বৎসর বয়স পর্যন্ত ছেলেমেয়েদের জন্য Child Health Plus ইন্স্যুরেন্স করতে সাহায্য করে থাকি।

সোম থেকে শুক্রবার ঃ সকাল ১০টা থেকে বিকেল ৬টা পর্যন্ত, শনিবার ঃ সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত।

168-32 Highland Ave. Jamaica, NY. F ট্রেনে 169th St. (South Side)
Tel: 718-657-8325, 718-657-7300
মেডিক্যাল অফিসে আসার পূর্বে এপয়েন্টমেন্ট করে নিন।

LAW OFFICES

OF
ANDREW MOULINOS
(Licensed Attorney)

মজিবুর রহমান

লাইসেন্সপ্রাপ্ত লিগ্যাল কনসালট্যান্স

718-545-2600, 917-834-9269

*Bankruptcy, Divorce
*Major Accident Cases
*Business, Incorporation
*Investment
*Estate, Litigation
*Landlord & Tenant Commercial
*Real Estate Closing
*Trade Disputes

Trade disputes and Investments involving Bangladeshi legal matters

যোগাযোগ : মুজিবুর রহমান ৯১৭-৮৩৪-৯২৬৯

23-52 31st. Street. Astoria. NY 11105

জ্যামাইকা ও গ্রীন পয়েন্টে বাংলাদেশী ডেন্টিস্ট



আমরা মেডিকেইড, মেট্রোপ্লাস, ফিডালিস কেয়ার, হেলথ্ ফার্স্ট, সিগ্না, এ্যাটনা, মেটলাইফ, গার্ডিয়ান, সেলিডেন্ট ও অন্যান্য Insurance এবং Union Plan গ্রহণ করে থাকি।

ডাঃ মাহফুজুল হাসান ডি.ডি.এস


DR. MAFUJUL HASAN D.D.S.

জ্যামাইকা অফিস
170-09, Hillside Ave,
Jamaica, NY-11432
Ph: 718-291-2710

গ্রীনপয়েন্ট অফিস
40-41, Green Point Ave,
Sunnyside, NY- 11104
Ph: 718-392-2858

KARNAFULLY TAX SERVICES INC

ENTAL



আমার পরিবারের সবার জন্য দাঁতের চিকিৎসার জন্য এস্টোরিয়ায় রয়েছে আমাদের ডেন্টাল অফিস। আমরা সর্বাধুনিক চিকিৎসা সরঞ্জাম ব্যবহার করি। মেডিকেইড গ্রহণ করা হয়।

We Do
Implant & Veneers

ডাঃ মোহাম্মদ নাঈম
ডাঃ ফেরদৌস হুসনে

অংঃড়ৎরধ খড়পধঃরড়হ
২৮-৫৭ ঝঃবরহধি ঝঃৎববঃ,
অংঃড়ৎরধ, ঘণ
ঘ ঃৎধরহ ঃড় ৩০ আব. ঝঃধঃরড়হ
ঞবষ: ৭১৮-২৬৭-০৫০০

Elmhurst Location
81-46 Baxter Ave.
Elmhurst, NY
#7 train to 82st. Station.
Tel: 718-478-1710

ARMAN CHOWDHURY, CPA

ARMAN CPA

- INDIVIDUAL INCOME TAX RETURN
- BUSINESS TAX RETURN
- NON-PROFIT TAX RETURN
- ACCOUNTING & BOOKKEEPING
- RETIREMENT AND INVESTMENT PLANNING
- TAX RESOLUTION SPECIALIST
- ISLAMIC HOME FINANCING

সঠিক ও নির্ভুলভাবে ইনকাম ট্যাক্স ফাইল করা হয়

AUTHORIZED e-file PROVIDER

7 DAYS OPEN

718-475-5686



87-54 168TH STREET, SUITE 201, JAMAICA, NY 11432
Email: armancpa@gmail.com | www.armancpa.com
TO 169 STREET

KARNAFULLY TAX SERVICES INC

কর্ণফুলী ইনকাম ট্যাক্স সার্ভিসেস
KARNAFULLY TAX SERVICES INC

We are Licensed by the IRS

CPA & Enrolled Agent

এর মাধ্যমে ট্যাক্স ফাইল করুন

ইনকাম ট্যাক্স

- Individual Tax Return (All States)
- Self Employed (taxi driver and vendor), /and Sole Proprietorship.
- Small Business
- Corporate Tax Return
- Partnership Tax Return
- Current Year / Prior Years' & Amended Tax Returns
- Individual Tax ID Numbers (ITIN)

AUTHORIZED IRS e-file PROVIDER

Direct Deposit

একাউন্টিং

- Payroll, W-2's, Pay Checks,
- Pay subs, Sales Tax, Quaterly & Year-end filings

NEW BUSINESS SETUP

- Corporation
- Small business (S-corp)
- Partnership
- LLC/SMLLC

ইমিগ্রেশন

- Petition for Alien relatives
- Apply for citizenship or Passport
- Affidavit of Support
- Condition Removal on Green Card
- Reentry Permit
- Adjustment of Status

Representation taxpayers IRS & State tax audit.

আমাদের ফার্মে রয়েছে অভিজ্ঞ
CPA & Enrolled Agent

Special Price for W2 File



Member of AICPA

Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
Admitted to Practice before the IRS
IRS Certifying Acceptance Agent

NOTARY PUBLIC

IRS ENROLLED AGENT

Office Hours:
Monday - Saterday
10:00am - 8pm

Tax Preparation
fee pay by Cradit card

Ph: 718-205-6040, 718-205-6010, Fax : 718-424-0313
karnafullytax@yahoo.com, www.karnafullytax.com
37-20 74th Street. 2nd Floor. Jackson Heights


Fly
Emirates
SPECIAL FARE
Fly to Dhaka With
Emirates Via Dubai
From
New York | Chicago
Washington | Houston
Boston | Los Angeles
718-200-2655
718-406-9745
World Tours and Travel
MD. Shamsuddin, MBA CEO
37-12 75th Street, 2nd Floor, Suite # 206
Jackson Heights, NY 11372


IJ CREATIVE SOLUTIONS
Building Brilliant Brands
১ ঘন্টায় ব্যানার
এখন জ্যামাইকাতে
বিজনেস কার্ড এবং ফ্লায়ার
SAME DAY PICKUP
আপনার ব্যবসা প্রসারে আমাদের ফ্রি পরামর্শ নিন
ডিজিটাল ব্যানার
বিজনেস কার্ড
পোস্টকার্ড
ফ্লায়ার
ক্যালেন্ডার
ডিজিটাল প্রিন্ট অন প্ল্যাস্টিক বোর্ড
সাইন
পোস্টার
ম্যাগাজিন
স্টিকার প্রিন্ট
লেমিনেশন
টি-শার্ট
আইডি কার্ড
মেন্যু
রিসিট বুক
লেটার হেড
ইনভাইটেশন কার্ড
রোল আপ ব্যানার
সাইড ওয়াক সাইন
পাসপোর্ট ফটো
WEB DESIGN
PASSPORT PHOTOS
CONSTRUCTION JOB PROPOSAL WRITTEN
আমরা বিয়ে, জন্মদিন বিজনেস পার্টি, কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠানের ফটোগ্রাফী এবং ভিডিওগ্রাফী করি
100% BEST QUALITY
929-372-7445, 845-793-4580
www.ijcreative.solutions
159-07 Hillside Ave. Jamaica, NY 11432
callijventures@gmail.com


Khalil Biryani House
KHALILS FOOD
SUPER DELICIOUS MENU
WWW.KHALILSFOOD.COM
ORDER NOW
FOR DELIVERY
+1 646-763-5073


PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[100% Scholarship for Training & Job Placement, Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us

এখন আপনাদের আরো কাছে এবং ব্যাপক পরিসরে কাবাব কিং এর পার্শ্বে

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

Bangla Travel

JACKSON HEIGHTS NEW YORK

আপনার নিশ্চিত ভ্রমনের বিশ্বস্ত আয়োজক

আমরা IATA অনুমোদিত | আমরা ARC AIRLINES REPORTING CORPORATION অনুমোদিত

KUWAIT AIRWAYS | Biman BANGLADESH AIRLINES

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

$৬৪৯+

JFK-Dhaka-JFK Return

Emirates | ETIHAD AIRWAYS | QATAR AIRWAYS | DELTA AIR LINES | AmericanAirlines



ঢাকা এয়ারপোর্টে আমাদের রয়েছে নিজস্ব Help Office
যারা ইমিগ্রেশন, লাগেজ পিকআপ সহ সকল সহযোগিতা করবে।

Mohammad B Hossain (Belal)
President & CEO



আমরা সকল এয়ারলাইন্সের টিকেট সরাসরি আমাদের অফিস থেকে ইস্যু করে থাকি।

বাংলাদেশ থেকে আসার টিকেট
সবচেয়ে কম দামে
আমাদের কাছেই পাবেন।

উত্তর আমেরিকার ট্রাভেল ব্যবসায়
সবচেয়ে অভিজ্ঞ ট্রাভেল টিম
শুধুমাত্র ডিজিটাল ওয়ান ট্রাভেল-এ
পাবেন, যারা সর্বদা আপনাদের সেবায় প্রস্তুত



আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
২৬ বছরের অভিজ্ঞ



কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
১২ বছরের অভিজ্ঞ



পুষ্প
ট্রাভেল কনসালটেন্ট
৫ বছরের অভিজ্ঞ

7305 37th Road, Jackson Heights, NY 11372
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)

Phone: 917-396-4140, 917-592-7828

Price Can Be Change Anytime. digitalonetravel@gmail.com www.digitalonetravel.com OPEN 7 DAYS: 11AM -10PM *Terms & Condition may apply. See store for details.



কৃতজ্ঞতা জানিয়ে ফিলিস্তিন সরকারের চিঠি

এফএ কাপ জিতে ফিলিস্তিনের প্রতি সংহতি জানালেন বাংলাদেশী বংশোদ্ভূত হামজা

স্পোর্টস ডেস্ক: নিজেদের ইতিহাসে প্রথমবারের মতো এফএ কাপ জিতেছে ইংলিশ ক্লাব লেস্টার সিটি। এ দলেই খেলেন বাংলাদেশী বংশোদ্ভূত ফুটবল খেলোয়াড় হামজা চৌধুরী। জয় উদযাপনের সময় হামজা এবং আরেক খেলোয়াড় ফোফানা দর্শকদের সামনে তুলে ধরেন ফিলিস্তিনের পতাকা। দেশটিতে চলমান ইসরায়েলি হামলার বিরুদ্ধে প্রতিবাদ জানান এ দুই মুসলিম ফুটবলার।

এর আগে ইসরায়েলী হামলার বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছিলেন লিভারপুলের মি-সরীয় ফরোয়ার্ড মোহামেদ সালাহ, ও আর্সেনাল খেলোয়াড় মোহামেদ এলনিনি। যদিও শেষোক্তজন এর ফলে আছেন তোপের মুখে। ইংলিশ সংবাদ মাধ্যম জানাচ্ছে, তিনি পড়তে পারেন জরিমানা, কিংবা চাকরিচ্যুতির মুখেও।

চেলসিকে ১-০ গোলে হারিয়ে এফএ কাপের শিরোপা ঘরে তোলে লেস্টার সিটি। শনিবার (১৫ মে) রাতে ওয়েম্বলিতে অনুষ্ঠিত ম্যাচের একমাত্র গোল করেন ইউরি টিলেমানস। প্রথমবারের মতো এ শিরোপা জেতায় লেস্টারের খেলোয়াড়, কর্মকর্তা, সমর্থক ও মালিকদের উচ্ছ্বাস ছিল বাঁধনহারা। উৎসব চলাকালীন দুই মুসলিম খেলোয়াড় ফিলিস্তিনীদের প্রতি সংহতি জানিয়ে ইসরায়েলি হামলার বিরুদ্ধে প্রতিবাদ জানান। বড় মঞ্চে এমন নজির দুর্লভ।

কৃতজ্ঞতা জানিয়ে সেই হামজাকে চিঠি লিখল ফিলিস্তিন সরকার


আরেক খবরে প্রকাশ, ফিলিস্তিনে ইসরায়েলী দখলদারদের আগ্রাসনের প্রতিবাদ জানিয়েছেন বাংলাদেশী বংশোদ্ভূত লেস্টার সিটির ফুটবলার হামজা চৌধুরী। শনিবার রাতে চেলসিকে হারিয়ে এফএ কাপ জিতে মাঠেই ফিলিস্তীনের পতাকা উড়িয়েছেন লেস্টারের এই তারকা খেলোয়াড়। ডেইলি মেইল, দ্য মিরর, আলজাজিরা, মিডল ইস্ট মনিটর, এমনকি দ্য টাইমস অব ইসরায়েলেও এ নিয়ে সংবাদ প্রকাশিত হয়েছে।

ডফলিস্তিনের ওপর ইসরায়েলের নির্মমতার এমন প্রতিবাদে হামজার প্রতি কৃতজ্ঞতা জানিয়েছেন ইংল্যান্ডে নিযুক্ত ফিলিস্তিনের রাষ্ট্রদূত হুসাম জমলট। ফিলিস্তিন সরকারের পক্ষ থেকে হামজাদের আনুষ্ঠানিক চিঠি দিয়ে ধন্যবাদ জানিয়েছেন তিনি।

চিঠিতে ফিলিস্তিনের রাষ্ট্রদূত বলেন, "এফ এ কাপের শিরোপা জয়ের ঐতিহাসিক মুহূর্তে ফিলিস্তিনের পতাকা হাতে তুলে নেওয়ায় হামজা চৌধুরী ও ওয়েসলি ফোফানাকে ফিলিস্তিন সরকার ও জনগণের পক্ষ থেকে জানাই গভীর কৃতজ্ঞতা। ফিলিস্তিনের পতাকা ফুটবলের অন্যতম শীর্ষ প্রতিযোগিতার মাধ্যমে তুলে ধরে সংগ্রামী জনতার পক্ষ নেওয়ায় ধন্যবাদ জ্ঞাপন করছি।"

এফএ কাপ জেতায় হামজাদের অভিনন্দন জানিয়ে জমলট হামজাদ বলেন, "শিরোপা জেতায় আপনাদের অভিনন্দন জানাই। আশা করি একদিন লেস্টার সিটি ক্লাব স্বাধীন ফিলিস্তিনের রাজধানী জেরুজালেমে খেলবে।"

'প্রিয় স্বামীকে মিস করছি'



স্পোর্টস ডেস্ক: করোনা ভাইরাসের কারণে আইপিএল স্থগিত হওয়ায় ভারত থেকে দেশে ফিরে হোটেল সোনারগাঁওয়ে ১৪ দিনের প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনে আছেন দেশসেরা ক্রিকেটার সাকিব আল হাসান। স্ত্রী-সন্তানদের দূরে রেখে এবার পাঁচ তারকা হোটেলে ঈদ উদযাপন করেছেন সাকিব। করোনার কারণে মা-বাবার সঙ্গে দেখা করার সুযোগ নেই।

সাকিব যখন বাংলাদেশে হোটেলবন্দি দিন কাটাচ্ছেন ঠিক তখন তার স্ত্রী, দুই মেয়ে এবং এক ছেলে যুক্তরাষ্ট্রে ঈদ উদযাপন করছেন। ঈদে সাকিবকে যে মিস করছে তার প্রমাণ পাওয়া গেল স্ত্রী শিশিরের লেখায়।

নিজের ভেরিফায়েড ফেসবুক অ্যাকাউন্টে শিশির তিন সন্তানকে নিয়ে দুটি ছবি পোস্ট করেছেন। এক ছবিতে ছেলে আইজাহকে কোলে নিয়ে আছেন শিশির। আরেক ছবিতে তার সঙ্গী দুই কন্যা। এই ছবির সঙ্গে শিশির লিখেছেন, 'সবাইকে ঈদ মোবারক। আমাদের সন্তান আইজাহ'র প্রথম ঈদ, তোমাকে মিস করছি প্রিয় স্বামী।'

এদিকে নিজের অফিসিয়াল ফেসবুক পেজে তারকা ক্রিকেটার সাকিব আল হাসান লিখেছেন, 'এই ঈদে, আসুন আমরা আমাদের প্রিয়জনদের সুরক্ষার জন্য ঘরে থেকে উদযাপন করি। সবার জীবনে বয়ে আনুক

রিয়াল ছাড়ার ঘোষণা দিয়েছেন জিদান?




স্পোর্টস ডেস্ক: দলের পারফর্মেন্স এতটাই খারাপ যে জিনেদিন জিদানের ভবিষ্যত নিয়ে আলোচনা শুরু হয়ে গেছে। বেশ চাপে আছেন রিয়াল বস। শোনা যাচ্ছে নানা গুঞ্জন। প্রায় প্রতিটি সংবাদ সম্মেলনেই তার পদত্যাগের প্রশ্ন যেন অবধারিত হয়ে উঠেছে। এর মাঝেই স্প্যানিশ গণমাধ্যমে খবর, মৌসুম শেষে দল ছাড়ার সিদ্ধান্ত খেলোয়াড়দের জানিয়ে দিয়েছেন জিদান! রেডিও ওন্দা জানিয়েছে, গত সপ্তাহে লা লিগায় সেভিয়ার সঙ্গে ঘরের মাঠে ২-২ ড্র ম্যাচের আগে জিদান তার শিষ্যদের নিজের এই সিদ্ধান্তের কথা জানান। ওই ম্যাচে মূল্যবান দুটি পয়েন্ট হারিয়ে লিগ টেবিলের শীর্ষে ওঠার সুযোগ হাতছাড়া করেছিল রিয়াল। এর আগে স্প্যানিশ গণমাধ্যমে খবর বেরিয়েছিল যে, জিদানকে নাকি আর আগের মতো আপন ভাবতে পারছেন না রিয়ালের ফুটবলাররা। তাই দলের পারফর্মেন্সের এমন অবনতি। গত জানুয়ারীতে কোপা দেল ব্রের শেষ বত্রিশে তৃতীয় সারির দল আলকোইয়ানোর বিপক্ষে হেরে বিদায় নেয় রিয়াল। এর আগের সপ্তাহেই স্প্যানিশ সুপার কাপের তারা সেমি-ফাইনালে হেরে যায় আথলেতিক বিলবাওয়ের বিপক্ষে। চেলসির বিপক্ষে ঘরের মাঠে কোনোমতে ড্র করার পর ফিরতি লেগের পরাজয়ে চ্যাম্পিয়ন্স লিগ থেকে তাদের বিদায়ঘণ্টা বাজে। লা লিগাতে আতলেতিকো মাদ্রিদ পথ হারানোয় এখনো

পছন্দের ক্রমানুসারে ভোট দিন

নিউ ইয়র্ক শহরে পছন্দের ক্রমানুসারে ভোট দিন

পছন্দের ক্রমানুসারে সর্বাধিক ৫ জন প্রার্থীকে ভোট দিন



আসন্ন প্রাথমিক নির্বাচনে, ভোটাররা সকল মিউনিসিপ্যাল অফিসের জন্য অনুষ্ঠিতব্য প্রতিযোগিতায় পছন্দের ক্রমানুসারে ভোট দেয়ার প্রক্রিয়া অবলম্বন করে ভোট দেবেন।

▶ প্রাথমিক নির্বাচনের দিন
মঙ্গলবার, ২২ জুন, ২০২১, সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত
অগ্রিম ভোট- শনিবার, ১২ জুন, ২০২১ থেকে রবিবার, ২০ জুন, ২০২১ পর্যন্ত

পছন্দের ক্রমানুসারে ভোটদানের প্রক্রিয়া

আপনি পছন্দের ক্রমানুসারে সর্বাধিক ৫ জন প্রার্থীকে ভোট দিতে পারবেন।

- আপনার প্রথম পছন্দের প্রার্থীকে বাছাই করুন এবং ভোট দেয়ার জন্য ১ম পছন্দ লেখা কলামে তাঁর নামের পাশের বৃত্তটি ভরাট করুন
- আপনার পছন্দের দ্বিতীয় প্রার্থী থাকলে, ভোট দিতে ২য় পছন্দ লেখা কলামে তাঁর নামের পাশের বৃত্তটি ভরাট করুন
- এই ভাবে আপনি সর্বাধিক ৫ জন প্রার্থীকে পছন্দের ক্রমানুসারে ভোট দিতে পারবেন
  - আপনি চাইলে কেবল মাত্র একজন প্রার্থীকে ভোট দিয়ে বাকী কলামগুলো খালি রাখতে পারবেন
  - আপনি প্রতিটি কলামে কেবলমাত্র একজন প্রার্থীকে ভোট দিতে পারবেন
  - আপনি একজন প্রার্থীকে একবারের বেশী ভোট দিতে পারবেন না

আপনার ভোট কেন্দ্র, অগ্রিম ভোটদানের সময়সূচী এবং পছন্দের ক্রমানুসারে ভোট দেওয়া সম্পর্কে জানতে আমাদের ওয়েব সাইট **VOTE.NYC** দেখুন অথবা **1-866-VOTE-NYC** নম্বরে কল করুন।

NYC RANKED CHOICE VOTING

VOTE NYC

Board of Elections City of New York

তারকাদের ঈদ উদযাপন



বিনোদন ডেস্ক: করোনা ভাইরাসের কারনে দেশে অনেকটা সাদামাটাভাবে ঈদ উদযাপন হচ্ছে। তাই ঘরে বসেই চলছে শুভেচ্ছা বিনিময়। দেশের জনপ্রিয় তারকারা সামাজিক মাধ্যমে জানিয়েছেন ঈদের শুভেচ্ছা।

ঈদের দিন নিজের সাজগোজের একটি ভিডিও শেয়ার করেছেন জয়া আহসান। ক্যাপশনে তিনি লিখেছেন, ঈদে আপনাদের অনেক অনেক শুভেচ্ছা। ঈদ মোবারক। এই উৎসবের সময়টা সবার ভালো কাটুক।

মেয়ের সঙ্গে তোলা একটি ছবি পোস্ট করে রাফিয়াত রশিদ মিথিলা লিখেছেন, 'ঈদ মোবারক'।

ছেলের সঙ্গে হাস্যোজ্জ্বল একটি ছবি শেয়ার করে অভিনেতা চঞ্চল চৌধুরী লিখেছেন, 'ঈদ মোবারক'।

ঈদের দিনে সবাইকে শুভেচ্ছা জানিয়েছেন নুসরাত ফারিয়া। নতুন ড্রেসে একটি ছবি পোস্ট করে তিনি লিখেছেন, 'ঈদ মোবারক।'

ঈদের দিনে ভাগ্নেভাগ্নিদের সাথে সময় কাটিয়েছেন আরিফিন শুভ। তিনি লিখেছেন, এবারের ঈদের বড়চেয়ে বড় কাজ ছিলো ভাগ্নেভাগ্নিদের সঙ্গে সময় কাটানো।

শহরের শীতল দলের পক্ষ থেকে ঈদ মোবারক।

নিজের ছবির সঙ্গে ঈদ মোবারক খচিত একটি পোস্টার শেয়ার করেছেন অভিনেতা জিয়াউল হক অপূর্ব।

মেহেদী রাঙা হতের ছবি পোস্ট করে মাহিয়া মাহি লিখেছেন 'ঈদ মোবারক'

মেয়ের সঙ্গে তোলা একটি ছবি পোস্ট করে আজমেরী হক বাঁধন লিখেছেন, ' ঈদ মোবারক।

বাবার সঙ্গে একটি ছবি শেয়ার করে অভিনেতা নিলয় আলমগীর লিখেছেন, 'ঈদ মোবারক'।

ফেসবুকে কয়েকটি ছবি পোস্ট করে জ্যোতিকা জ্যোতি লিখেছেন, 'ঈদ মোবারক ২০২১'।

পরিবারের সঙ্গে ৫টি ছবি পোস্ট করে আসনা হাবিব ভাবনা লিখেছেন, 'আমাদের পক্ষ থেকে আপনাদের ঈদের শুভেচ্ছা।'

নতুন পোশাকে ঈদের শুভেচ্ছা জানিয়ে সংগীতশিল্পী দিলশাদ নাহার কনা লিখেছেন, 'ঈদ'

মায়ের সাথে একটি এবং তার নিজের দুইটি ছবি পোস্ট করে ফারহান আহমেদ জোভান লিখেছেন, 'আমার ঈদ'।

অপেক্ষার অবসান, মুখোমুখি হচ্ছেন তাহসান-মিথিলা

বিনোদন ডেস্ক: দেশের জনপ্রিয় মুখ তাহসান খান ও রাফিয়াত রশিদ মিথিলা। বিবাহবিচ্ছেদের পর তাহসান ও মিথিলার ব্যক্তিজীবন নিয়ে দর্শকদের আগ্রহের মাত্রা আরও বেড়ে যায়। সেটি কখনও নেতিবাচক পর্যায় পর্যন্ত চলে গেছে। কিন্তু দু'জনই নিজেদের সম্পর্কের বন্ধুত্ব, শ্রদ্ধাবোধের জায়গায় স্পষ্ট ছিলেন।

গত ১২ মে বুধবার তাহসান তার ফেসবুকে পেজে একটি স্ট্যাটাস পোস্ট করেন। যেখানে লেখা ছিল, 'শনিবার রাতে একটা সারপ্রাইজ আছে'। ভক্তদের মাঝে যতক্ষণে এই পোস্ট ঘিরে আলোচনা তৈরি হয়, ততক্ষণে মিথিলা আরেকটি স্ট্যাটাস দেন। মিথিলার স্ট্যাটাসের পর আলোচনা যেন পুরোই তুঙ্গে। ঠিক যেন তাহসানের পোস্টের উত্তর দিলেন নিজের ফেসবুক পেজের ওয়ালে। তিনি লিখেছিলেন, 'সত্যি? গারপ্রাইজের অপেক্ষায় রইলাম'। এরপরই থেকেই তাহসান-মিথিলাকে ঘিরে ভক্তদের মাঝে শুরু হয় তুমুল আগ্রহ। অবশেষে সেই অপেক্ষার অবসান ঘটল। ভক্তদের অনেকের ধারণাই সত্যি হলো। দীর্ঘদিন পর তাহসান ও মিথিলাকে পাওয়া যাবে একসঙ্গে।



তাহসান খান ও রাফিয়াত রশিদ মিথিলা। ছবিঃ সংগৃহীত

দেশের একটি ই-কমার্স প্রতিষ্ঠানের 'স্যাটারডে নাইট সারপ্রাইজ' শিরোনামে অনুষ্ঠানে শনিবার (১৫ মে) মুখোমুখি হন তাহসান ও মিথিলা। এটি সঞ্চালনা করেন স্ট্যান্ডআপ কমেডিয়ান নাভিদ মাহবুব।

ইভ্যালির প্রধান বিপণন কর্মকর্তা (সিএমও) আরিফ আর হোসেন গণমাধ্যমে জানান, তাহসানের পর প্রতিষ্ঠানটির ব্র্যান্ড অ্যাম্বাসেডর হতে যাচ্ছেন মিথিলা। সেটি অনুষ্ঠানে ঘোষণা দেওয়া হবে। এছাড়াও তিনি বলেন, 'একটি এক্সক্লুসিভ শো হতে যাচ্ছে এটি। এখানে তাহসান ও মিথিলা তাদের জীবনের নানা অভিজ্ঞতা এবং সামনের পরিকল্পনা নিয়ে কথা বলবেন।'

যেভাবে বদলে গেলো অস্কার

বিনোদন ডেস্ক: করোনা মহামারির কারণে বোঝাই যাচ্ছিলো, চলচ্চিত্র দুনিয়ার সবচেয়ে মর্যাদাপূর্ণ পুরস্কার অ্যাকাডেমি অ্যাওয়ার্ডসের ৯৩তম আসর হবে অন্যরকম। সত্যিই ভিন্ন আমেজ পাওয়া গেছে পুরো আয়োজনে। হলিউডের ডলবি থিয়েটারের পরিবর্তে লস অ্যাঞ্জেলসের রেলস্টেশনে মঞ্চ সাজানো হয়। মনোনয়নপ্রাপ্তদের বাইরে খুব কমসংখ্যক অতিথিকে আমন্ত্রণ জানানো হয়। বাকি মনোনীতরা প্যারিস, প্রাগ, সিডনিসহ বিশ্বের বিভিন্ন দেশ থেকে লাইভ ক্যামেরায় যুক্ত হয়েছেন। নির্ধারিত সময়ের দুই মাস পর হওয়া এই আয়োজনের উল্লেখযোগ্য কিছু দিক একনজরে।

** টানা তৃতীয়বারের মতো কোনো সঞ্চালক ছিলেন না।

** নির্মাতা ও অস্কারজয়ী অভিনেত্রী রেজিনা কিং মঞ্চে হাজির হওয়ার মাধ্যমে মূল অনুষ্ঠান শুরু হয়। ষাটের দশকে মানবাধিকার বিপ্লবে চার কৃষ্ণাঙ্গের যুগান্তকারী ভূমিকা নিয়ে 'ওয়ান নাইট ইন মায়ামি' পরিচালনা করে প্রশংসিত হয়েছেন তিনি। জর্জ ফ্লয়েড হত্যায় শ্বেতাঙ্গ পুলিশ কর্মকর্তা দোষী সাব্যস্ত হওয়ার বার্তা দিয়ে তিনি মঞ্চে বলেন, 'সত্যি বলছি, মিনিয়াপলিসে যদি (সাজার পরিবর্তে) অন্যকিছু হতো তাহলে বিক্ষোভ করতে রাস্তায় নেমে পড়তাম।'

** জর্জ ফ্লয়েডের মৃত্যুর মুহূর্তটি মোবাইল ফোনে ধারণ করা ডারনেলা ফ্রেজিয়ারের কথা মূকাভিনয়ে উল্লেখ করেন আমেরিকান অভিনেত্রী মার্লি ম্যাটলিন।

** কৃষ্ণাঙ্গ অভিনেতা-নির্মাতা টাইলার পেরি পেয়েছেন হিউম্যানিটারিয়ান অ্যাওয়ার্ড। তার নাম ঘোষণা করেন কৃষ্ণাঙ্গ অভিনেত্রী ভায়োলা ডেভিস। নিজের অনুভূতিতে টাইলার পেরি সবার প্রতি ঘৃণাকে না বলার আহবান জানিয়েছেন।

** যুক্তরাষ্ট্রে পুলিশের হাতে কৃষ্ণাঙ্গদের হত্যার চিত্র নিয়ে নির্মিত 'টু ডিস্ট্যান্ট স্ট্রেঞ্জারস' সেরা স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র হয়েছে। এর দুই পরিচালক ট্রেভন ফ্রি ও মার্টিন ডেসমন্ড রো নিজেদের পোশাকে ২৪ ও ২ সংখ্যাটি যুক্ত করে বাস্কেটবল কিংবদন্তি কোবি ব্রায়ান্ট ও তার মেয়েকে সম্মান জানান। খেলোয়াড় জীবনে কোবি ব্রায়ান্টের জার্সি নম্বর ছিল ২৪। আর তাঁর মেয়ে জিয়ানা খেলতেন ২ নম্বর জার্সি পরে। এছাড়া দুই পরিচালকের টাক্সেডোতে ছিলো পুলিশের হাতে নিহত ১৭ কৃষ্ণাঙ্গের নাম।

** অন্যান্যবারের মতো শুরুতে কৌতুক এবং মাঝে নাচ-গানের পসরা ছিলো না।

** মনোনীত কারও ছবির দৃশ্য দেখানো হয়নি। বিজয়ীরা নিজেদের অনুভূতি জানানোর পর বাজেনি কোনো সুর।

** করোনা পরীক্ষার পর আমন্ত্রিতদের ইউনিয়ন স্টেশনের ভেতরে প্রবেশ করতে দেওয়া হয়েছে। এজন্য অনুষ্ঠান চলাকালে কারও মুখে মাস্ক ছিলো না। সামাজিক দূরত্ব বজায় রাখতে আসনবিন্যাসে ছিলো নতুনত্ব।

** ১৯৩০ দশকের জ্যাজ ক্লাবের আবহে সাজানো হয় অস্কার মঞ্চ। ইউনিয়ন স্টেশনে ছিলো মনোনীতদের চিত্রকর্ম।

** অ্যাকাডেমি অব মোশন পিকচার আর্টস অ্যান্ড সায়েন্সেসের ৯ হাজার সদস্যের ভোটে বিজয়ীরা নির্বাচিত হয়েছেন।

** সেরা চলচ্চিত্রের পুরস্কার ঘোষণা করা হয় সেরা অভিনেতা ও সেরা অভিনেত্রীর নাম জানানোর আগেই। সাধারণত অস্কারে সবশেষে সেরা চলচ্চিত্রের ট্রফি দেওয়া হয়। সেরা পরিচালক শাখার পুরস্কারও দেওয়া হয়েছে আগেভাগে। সেরা অভিনেতা শাখার পুরস্কার সবশেষে দেওয়ায় মিশ্র প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে। কারণ বিজয়ী অ্যান্থনি হপকিন্স অনুষ্ঠানে ছিলেন না। আর সেরা অভিনেতা শাখার আরেক ফেবারিট চ্যাডউইক বোজম্যান বেঁচে নেই।

** অস্কারের ইতিহাসে দ্বিতীয় নারী নির্মাতা হিসেবে সেরা পরিচালক শাখার পুরস্কার জিতেছেন ক্লোয়ি জাও। তিনিই প্রথম অশ্বেতাঙ্গ নারী নির্মাতা যিনি এই স্বীকৃতি পেলেন। 'নোম্যাডল্যান্ড' ছবির সুবাদে এসব ইতিহাস গড়েছেন ৩৯ বছর বয়সী এই পরিচালক। অস্কারের ৯২ বছরের ইতিহাসে এর আগে সেরা পরিচালক হওয়া একমাত্র নারী নির্মাতা ছিলেন ক্যাথরিন বিগেলো 'দ্য হার্ট লকার' (২০১০)।

** 'নোম্যাডল্যান্ড ছবিতে অপেশাদার যাযাবরেরা অভিনয় করেছেন। তাদের মধ্যে শার্লেন সোয়াঙ্কিকে সঙ্গে নিয়ে লালগালিচায় হেঁটেছেন চীনা বংশোদ্ভুত আমেরিকান নির্মাতা ক্লোয়ি জাও।

** সর্বাধিক তিনটি পুরস্কার জিতেছে 'নোম্যাডল্যান্ড'। এতে যাযাবর নারীর ভূমিকায় অনবদ্য নৈপুণ্যের সুবাদে সেরা অভিনেত্রী হয়েছেন ফ্রান্সিস ম্যাকডোরম্যান্ড। এর আগে আরও দুবার পুরস্কারটি জিতেছেন তিনি। ফলে পৃথিবী গ্রহে এখন কেবল তার ঝুলিতেই আছে সেরা অভিনেত্রী শাখার তিনটি অস্কার।

** 'নোম্যাডল্যান্ড' ছবির সাউন্ড মিক্সার মাইকেল উলফ স্লাইডার গত মাসে আত্মহত্যা করেন। তার বয়স হয়েছিল মাত্র ৩৫ বছর। তার প্রতি শ্রদ্ধা জানিয়ে ফ্রান্সিস ম্যাকডোরম্যান্ড নেকড়ের মতো গর্জন করে দর্শকদের সিনেমা হলে ফেরার ডাক দেন।

** সর্বাধিক ১০টি মনোনয়ন পাওয়া 'ম্যাঙ্ক' সেরা হয়েছে কেবল দুটি কারিগরি শাখায়। এছাড়া সাউন্ড অব মেটাল, 'জুডাস অ্যান্ড দ্য ব্ল্যাক মেসায়া', "মা রেইনি'স ব্যাক বটম" এবং 'সৌল' দুটি করে পুরস্কার পেয়েছে।

** স্যার অ্যান্থনি হপকিন্স সবচেয়ে বেশি বয়সী হিসেবে অস্কারের সেরা অভিনেতা শাখার পুরস্কার জিতলেন। 'দ্য ফাদার' ছবির মাধ্যমে এটি অর্জন করলেন এই ওয়েলশ তারকা। অনুষ্ঠানে ছিলেন না তিনি। '৮৩ বছর বয়সে এসে এই পুরস্কার পাওয়ার প্রত্যাশা করিনি, সত্যিই করিনি'- বলেছেন অ্যান্থনি হপকিন্স। ২৯ বছর আগে 'দ্য সাইলেন্স অব দ্য ল্যাম্বস' ছবির জন্য অস্কারের সেরা অভিনেতা হয়েছিলেন তিনি। এবার তার জয় ছিলো বড় চমক। কারণ ধারণা করা হচ্ছিলো, গত বছর ক্যান্সারে মারা যাওয়া চ্যাডউইক বোজম্যান "মা রেইনি'স ব্যাক বটম" ছবির জন্য সেরা অভিনেতা হবেন। তার প্রতি শ্রদ্ধা জানিয়েছেন অ্যান্থনি হপকিন্স।



** প্রথম কৃষ্ণাঙ্গ ব্রিটিশ অভিনেতা হিসেবে অস্কার জিতেছেন ড্যানিয়েল কালুইয়া। 'জুডাস অ্যান্ড দ্য ব্যাক মেসায়া'র জন্য সেরা পার্শ্ব অভিনেতা শাখার পুরস্কার গেছে তার ঘরে। ছবিটিতে ব্ল্যাক প্যান্থার পার্টির নেতা ফ্রেড হ্যাম্পটনের ভূমিকায় অসাধারণ মুন্সিয়ানা দেখিয়েছেন ৩২ বছর বয়সী এই তারকা।

** দক্ষিণ কোরিয়ার প্রথম অভিনেত্রী হিসেবে অস্কার জিতেছেন ইয়া-জাঙ উন। আমেরিকা প্রবাসী কোরিয়ান একটি পরিবারকে ঘিরে সাজানো 'মিনারি' ছবিতে দাদির চরিত্রে অসামান্য অভিনয় করেছেন ৭৩ বছর বয়সী এই নারী। তিনি পেয়েছেন সেরা পার্শ্ব অভিনেত্রীর সম্মান।

** সেরা পার্শ্ব অভিনেত্রী শাখায় মনোনীতদের মধ্যে ছিলেন গ্লেন ক্লোজ। অস্কারে এটি ছিলো তার অষ্টম মনোনয়ন। আগের সাতবারের মতোই তিনি ফিরেছেন শূন্য হাতে।

** প্রথম ব্রিটিশ নারী হিসেবে সেরা মৌলিক চিত্রনাট্য শাখার পুরস্কার পেয়েছেন এমারেল্ড ফেনেল। 'প্রমিসিং ইয়াং ওম্যান'-এর সুবাদে এই অর্জনের মালিক হয়েছেন তিনি। এটাই তার পরিচালিত প্রথম ছবি। এর আগে অভিনেত্রী হিসেবে পরিচিতি পেয়েছেন তিনি। ট্রফি গ্রহণের পর এমারেল্ড ফেনেল জানান, ২৩ দিনে ছবিটির চিত্রায়ন শেষের সময় সন্তানসম্ভবা ছিলেন তিনি।

** সেরা রূপসজ্জা ও চুলসজ্জা শাখায় সেরা হয়েছে "মা রেইনি'স ব্যাক বটম"। পুরস্কারটি ভাগাভাগি করেছেন সের্গিও লোপেজ-রিভেরা, মিয়া নিল ও জেমিকা উইলসন। তাদের মধ্যে মিয়া ও জামিকা প্রথম কৃষ্ণাঙ্গ হিসেবে এই পুরস্কার পেয়ে ইতিহাস গড়েছেন।

** "মা রেইনি'স ব্যাক বটম সেরা পোশাক পরিকল্পনা শাখায়ও সেরা হয়েছে। এটি পেয়েছেন ৮৯ বছর বয়সী অ্যান রোথ। সবচেয়ে বেশি বয়সে অস্কারজয়ের রেকর্ড এখন তার দখলে।

** এবারের বাফটা অ্যাওয়ার্ডসের সেরা চলচ্চিত্র, সেরা পরিচালক, সেরা আন্তর্জাতিক চলচ্চিত্র, সেরা অ্যানিমেটেড ছবি, সেরা অভিনেতা, সেরা অভিনেত্রী, সেরা পার্শ্ব অভিনেতা, সেরা পার্শ্ব অভিনেত্রী, সেরা মৌলিক চিত্রনাট্য, সেরা অ্যাডাপ্টেড চিত্রনাট্য এবং সেরা প্রামাণ্যচিত্র শাখায় বিজয়ীরা অস্কারেও জিতেছে।

** সেরা স্বল্পদৈর্ঘ্য প্রামাণ্যচিত্র শাখায় সেরা হয়েছে 'কলেট'। এর গল্প দ্বিতীয় বিশ্বযুদ্ধে ফ্রান্সে নাৎসী জার্মানদের কর্মসংস্থান বিরোধী বিপ্লবের সদস্য কলেট মাহা-ক্যাথেরিনকে ঘিরে। ১৯৪৫ সাল থেকে জার্মানিতে পা রাখতে অস্বীকৃতি জানিয়ে আসছিলেন তিনি। কিন্তু লুসি নামের ইতিহাস পড়ুয়া এক ছাত্রীর সঙ্গে সাক্ষাতের পর তার মনোভাব বদলে যায়। তাই তিনি জার্মানী ভ্রমণে গিয়েছিলেন, যেখানে নাৎসী বন্দিশিবিরে তার ভাই জ্যঁ-পিয়েরেকে হত্যা করা হয়েছিল। অস্কার প্রদানের দিন (২৫ এপ্রিল) তার জন্মদিন।

** স্বল্পদৈর্ঘ্য অ্যানিমেটেড ছবি শাখায় পুরস্কার পেয়েছে 'ইফ অ্যানিথিং হ্যাপেনস, আই লাভ ইউ'। শোকাহত মা-বাবাকে ঘিরে এর গল্প। বন্দুক হামলায় প্রিয়জনকে হারানো সবার প্রতি পুরস্কারটি উৎসর্গ করেন পরিচালক উইল ম্যাককরম্যাক ও মাইকেল গোভিয়ার।

** সেরা পার্শ্ব অভিনেত্রী শাখায় মনোনীত বুলগেরিয়ার মারিয়া বাকালোভা ছয় মিটার চওড়া সাদা গাউন পরে এসেছিলেন। এর ডিজাইন করেছে লুই ভুটন। মারিয়ার পোশাকের দৈর্ঘ্য আর সামাজিক দূরত্বের সীমা একই।

** লালগালিচায় হৃদয় আকৃতির ভ্যানিটি ব্যাগ এনে নজর কেড়েছে ব্রিটিশ গায়িকা সেলেস্ট। এটি বানিয়েছে গুচি।

** এবারের আসরে বিভিন্ন শাখা মিলিয়ে ১৫ জন নারী রেকর্ডসংখ্যক ১৭টি অস্কার ট্রফি জিতেছেন।

** ওয়াল্ট ডিজনি কোম্পানির মালিকানাধীন সার্চলাইট পিকচার্সের নামের পাশে 'নোম্যাডল্যান্ড'-এর মাধ্যমে গত আট বছরে চারবার সেরা চলচ্চিত্র পুরস্কার জমা হলো। ডিজনির আরেক প্রতিষ্ঠান পিক্সার স্টুডিও 'সৌল' ছবির মাধ্যমে দুটি পুরস্কার পেয়েছে। নেটফ্লিক্স এবারের অস্কারে 'ম্যাঙ্ক'সহ মোট সাতটি ট্রফি জড়ো করতে পেরেছে। 'জুডাস অ্যান্ড দ্য ব্যাক মেসায়া'র জন্য দুটিসহ তিনটি পুরস্কার পেয়েছে ওয়ার্নার ব্রাদার্সের মালিকানাধীন এটিঅ্যান্ডটি ইনকরপোরেশন। অ্যামাজন প্রাইমকে দুটি পুরস্কার এনে দিয়েছে 'সাউন্ড অব মেটাল'।

** সেরা আন্তর্জাতিক চলচ্চিত্র হয়েছে ডেনমার্কের 'অ্যানাদার রাউন্ড'। এ নিয়ে দেশটিতে চারবার অস্কার গেলো। আগের তিনটি ছবি ছিলো 'বাবেটস ফিস্ট' (১৯৮৭), পেল দ্য কনকোয়েরর (১৯৮৯) এবং ইন অ্যা বেটার ওয়ার্ল্ড (২০১১)।





এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটি'র ঈদ সামগ্রী বিতরণ সম্পন্ন

কামরুল মুন্নাঃ পবিত্র ঈদ-উল ফিতর উপলক্ষ্যে নিউইয়র্কে এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটি'র উদ্যোগে করোনা ক্ষতিগ্রস্তদের মাঝে বিতরণ করা হয়েছে ঈদ সামগ্রী। ঈদ সামগ্রীর মধ্যে রয়েছে- ঈদ স্পেশাল ফ্রি হালাল ফুড, গ্রোসারি সামগ্রী ও মাস্ক।

গত ১১মে মঙ্গলবার এস্টোরিয়া ওয়েল ফেয়ার সোসাই-টির উদ্যোগে এস্টোরিয়ার ৩৬ এ্যাভিনিউতে এলাকায় বাংলাদেশী কমিউনিটি সহ বিভিন্ন কমিউনিটির বিপুল সংখ্যক মানুষের মাঝে বিনামূল্যে এসব ঈদ সামগ্রী বিতরণ করা হয়।

সোসাইটির সাধারণ সম্পাদক এবং মৌলভীবাজার ডিস্ট্রিক সোসাইটির সাধারণ সম্পাদক জাবেদ উদ্দীনের পরিচালনায় এবং সংগঠনের সভাপতি সোহেল আহমেদের সভাপতিত্বে ঈদ সামগ্রী বিতরণের সময় বক্তব্য রাখেন কংগ্রেসওম্যান কেরোলিন মেলেনি, নিউইয়র্ক সিটির আসন্ন ডেমোক্র্যাটিক প্রাইমারী নির্বাচনে সিটি মেয়র প্রার্থী জেসোলিন টেলার, বাংলা পত্রিকা'র সম্পাদক ও টাইম টেলিভিশন-এর সিইও আবু তাহের, ডেমোক্র্যাট পার্টির কুইন্স ডিস্টিক লিডার এট লার্জ এটর্নী মঈন চৌধুরী, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট সালেহ চৌধুরী, কাজী আশরাফ হোসেন নয়ন, কুইন্স টুগেদার পরিচালক জনাথন ফার্গাস।

এছাড়াও ঈদ সামগ্রী বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কুইন্সের ডিষ্ট্রিক্ট ২৬ থেকে কাউন্সিল মেম্বার প্রার্থী বদরুন খান, স্টেভেন বাগা, জুলিয়া ফরমেন, গেলেনেস গমেস, জুলি উওন, ডিস্ট্রিক্ট ২২ থেকে কাউন্সিল মেম্বার প্রার্থী টিফানি কাবান, এনসওয়াইপিডি'র এনায়েত চৌধুরী,



সুলতানা খানম, মেয়র অফিসের কাজী আতিয়া, অ্যাপোলো ইন্স্যুরেন্সের প্রেসিডেন্ট শমসের আলী, ওয়েলফেয়ার সোসাইটির উপদেষ্টা এমাদ চৌধুরী, দেওয়ান শাহেদ চৌধুরী ও হাজী আব্দুর রহমান, ভাইস প্রেসিডেন্ট কয়েস আহমেদ সহ এমদাদ রহমান তরফদার, মীর জাকির, এহসানুল ইসলাম, মো মাহমুদুল হাসান, ফয়ছল আহমেদ, আব্দুল মোমিত, মোহাম্মদ মির্জা, ফয়ছল আহমেদ, সাবের চৌধুরী, কমিউনিটি অ্যাক্টিভিস্ট সালেহ চৌধুরী, শাহ মিজানুর রহমান, মো. হাবিবুর চৌধুরী, আল আমিন, আবু সোলায়মান, আনোয়ার হোসেন, তানিম চৌধুরী তামিম, সাদমান আহমদ, ফাহিমুজ জামান খান প্রমুখ সহ সংস্থার দায়িত্বশীলবৃন্দ।

এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির সাধারণ সম্পাদক জাবেদ উদ্দিনের সাথে জানান, পবিত্র ঈদ-উল-ফিতর-কে সামনে রেখে প্রায় আড়াই শ পরিবারের মাঝে ঈদে স্পেশাল ফ্রি হালাল ফুড, গ্রোসারী সামগ্রী, ফেস মাস্ক সহ নিত্য প্রয়োজনীয় সামগ্রী বিতরণ করেছি। খাদ্য সামগ্রীর মধ্যে ছিলোঃ মুরগি, চাল, ময়দা, সেমাই, কিসমিস, দুধ সহ হালাল গ্রোসারি সামগ্রী।

করোনা মহামারি শুরুর পর থেকে এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির উদ্যোগে করোনা ক্ষতিগ্রস্ত বিপুল সংখ্যক পরিবারের মধ্যে গ্রোসারি সামগ্রী বিতরণ সহ ভিবিন্ন সময় বিভিন্ন প্রয়োজনীয় ঔষধও বিতরণ করা হয়।

জাবেদ উদ্দীন আরো জানান, এই মহামারি করোনার মধ্যে প্রথম থেকে এখন পর্যন্ত মানুষের জন্য কিছু করতে পেরে নিজেদের ধন্য মনে করছি। তিনি এ সহায়তা অব্যাহত রাখার প্রত্যয় ব্যক্ত করে এ উদ্যোগে সার্বিক সহযোগিতাকারীদের প্রতি কৃতজ্ঞতা জানান।




জ্যামাইকা মুসলিম সেন্টার আয়োজিত টমাস ঈদ জামাত ।


জ্যামাইকা মুসলিম সেন্টার আয়োজিত টমাস ঈদ জামাত ।


জ্যামাইকা মুসলিম সেন্টার আয়োজিত টমাস ঈদ জামাত ।


জ্যামাইকা মুসলিম সেন্টার আয়োজিত টমাস ঈদ জামাত ।


জ্যামাইকা মুসলিম সেন্টার আয়োজিত টমাস ঈদ জামাত ।


জ্যামাইকা মুসলিম সেন্টার আয়োজিত টমাস ঈদ জামাত ।


ফুলতলী সেন্টারের ঈদ জামাত ।


ফুলতলী সেন্টারের ঈদ জামাত ।


ফুলতলী সেন্টারের ঈদ জামাত ।


ফুলতলী সেন্টারের ঈদ জামাত ।

জ্যামাইকায় সর্ব বৃহৎ ঈদের জামাত

(শেষের পাতার পর)

ব্যাপক প্রস্তুতি ।

করোনা মহামারির কারণে সিডিসির স্বাস্থ্য বিষয়ক নির্দেশনা মেনে ঈদের জামাতগুলোতে মসল্লীরা মাস্ক পরিধান এবং সামাজিক দূরত্ব বজায় রাখার পাশাপাশি জায়নামাজ সাথে নিয়ে ঈদের নামাজে অংশ নেন । নিউইয়র্ক তথা উত্তর আমেরিকায় ঈদের সবচেয়ে বড় জামাত অনুষ্ঠিত হয় সিটির কুইন্স বরোর জ্যামাইকায় । জ্যামাইকা মুসলিম সেন্টার (জেএমসি) আয়োজিত এই জামাতে শিশু-কিশোর-কিশোরী থেকে শুরু করে নর-নারী ও বয়োবৃদ্ধ সর্বস্তরের ১২/১৫ হাজার মুসল্লী অংশ নেন । খবর ইউএনএ'র ।

চমৎকার আবহাওয়ায় রং বে রং এর পোশাক পড়ে মুসল্লীরা সপরিবারে ঈদের নামাজ আদায় করেন । অনেকে দূর দূরান্ত থেকে জেএমসি আয়োজিত ঈদের নামাজে অংশ নেন । ঈদের নামাজ আদায় শেষে বিশেষ মুনাজাতে মহান আল্লাহতায়ালার দরবারে করোনা মুক্ত বিশ্ব সহ সমগ্র মুসলিম জাহান তথা মানব জাতির সুখ-সমৃদ্ধি কামনা করা হয়েছে । এছাড়াও করোনাভাইরাসে আক্রান্ত হয়ে নিহতদের বিদেহী আত্মার মাগফেরাত এবং আক্রান্তদের দ্রুত সুস্থতা কামনা করা হয় ।

জ্যামাইকা মুসলিম সেন্টার (জেএমসি): জ্যামাইকা মুসলিম সেন্টারের উদ্যোগে এবার ঈদের দিন বৃহস্পতিবার(১৩ মে) সকাল সোয়া ৯টায় ঈদের জামাত অনুষ্ঠিত হয় টমাস এডিসন হাইস্কুল পার্কে (১৬৮ স্ট্রীট ও ৮৪ এভিনিউ, জ্যামাইকা, নিউইয়র্ক ১১৪৩২) । সংশ্লিস্টদের দাবী এখানে সর্বস্তরের ১২/১৫ হাজার মুসল্লী অংশ নেন এবং এই ঈদের জামাত নিউইয়র্ক তথা উত্তর আমেরিকায় ঈদের সবচেয়ে বড় জামাত । এতে ইমামতি করেন জেএমসি'র খতিব ও ইমাম মওলানা মির্জা আবু জাফর বেগ এবং খুৎবা পাঠ করেন ইমাম শামসে আলী । নামাজের আগে জেএমসি পরিচালনা কমিটির সেক্রেটারী মঞ্জুর আহমেদ চৌধুরীর পরিচালনায় ঈদের নামাজের আগে মূলধারার রাজনীতিক ও নির্বাচিত জনপ্রতিনিধিদের মধ্যে শুভেচ্ছা বক্তব্য রাখেন ইউএস কংগ্রেসওম্যান গ্রেস মেং, কুইন্স বরো প্রেসিডেন্ট ডনোভান রিচার্ড, ষ্টেট অ্যাসেম্বলীম্যান ও সিটির আগামী নির্বাচনে কম্পট্রোলার পদপ্রার্থী ডেভীড ওয়েপ্রীন এবং স্থানীয় কাউন্সিলম্যান জিম জিনারো ও (বাকি অংশ ৩১ পাতায়)



MOHAMMED MUJUMDER

City Council District 18, Bronx

Let's Build Together

347-208-1510
Facebook : Mujumder for the Bronx
web : www.mujumdernyc.com

Stay Alert> Control The Virus

করোনা মহামারি মোকাবেলায় মাস্কের ব্যবহার বাধ্যতামূলক
তাই নিজে সচেতন হউন অন্যদের উৎসাহিত করুন

প্রিয় সম্মানিত ভাই ও বোনেরা,
আমি ২২ শে জুন ২০২১ সালের অনুষ্ঠিতব্য নিউইয়র্ক সিটি ডেমোক্র্যাটিক প্রাইমারী নির্বাচনে ব্রঙ্কসে অবস্থিত পার্কচেস্টার, ক্যাসেলহিল ও সাউন্ডভিউ এলাকা নিয়ে গঠিত নির্বাচনী এলাকা ডিস্ট্রিক্ট-১৮ থেকে কাউন্সিলম্যান পদপ্রার্থী।
পিছিয়ে পড়া এই কম্যুনিটির বাড়ির মালিক, ভাড়াটিয়া, টেক্সি চালক, ছোট ব্যবসায়ী, সরকারি হাউজিং-এ বসবাসকারী জনগণের মুখপাত্র হয়ে কম্যুনিটি হাউজিং, এপ্লয়মেন্ট, শিক্ষা ও বয়স্কদের সেবার মান উন্নয়নে আমি বদ্ধপরিকর।
আসছে ২২ শে জুন ডেমোক্র্যাটিক প্রাইমারী নির্বাচনে আমি আপনাদের ভোট প্রার্থনা করছি। সুতরাং আসুন একসাথে বিজয়ী হই।

Mohammed Mujumder
Candidate for City Councilman, District 18 Bronx.

Paid for by; Mujumder for the Bronx

TIZARAH



★ Grocery
★ Flowers
★ Halal Meat

110-24 Merrick Blvd, Jamaica NY 11433

একটি বাংলাদেশী প্রতিষ্ঠান

তিজারাহ্ গ্রোসারী এন্ড হালাল মিট

জ্যামাইকায়, ম্যারিক ব্লুবার্ডে গ্রোসারীর জগতে এক ঐতিহ্যবাহী নাম

প্রতিদিনই সবকিছু ফ্রেশ

Tel: 631-791-3072

BEST PRICE GUARANTEE

DELIVERY AVAILABLE




এখানে সর্বদাই তাজা হালাল মাংস ও চিকেন পাওয়া যায়

প্রতি সপ্তাহে প্লেনে আনা তাজা মাছ পাওয়া যায়

এখানে পাবেন সকল প্রকার মশলা, বাংলাদেশী তাজা ও ফ্রোজেন মাছ,
টাটকা শাক-সবজি এবং নিত্য প্রয়োজনীয় গ্রোসারী সামগ্রী

১৭ ই মে ট্যাক্স ফাইলিং-এর শেষ দিন

সময় শেষ হবার আগেই দ্রুত ট্যাক্স ফাইল করুন.....



Steven M. Levy CPA

আপনাদের ট্যাক্স ফাইলিং সুষ্ঠু ও নিখুঁতভাবে সম্পন্নের জন্য আমাদের সাথে রয়েছেন সার্টিফাইড পাবলিক একাউন্টেন্ট।

কোনো প্রফেশনালকে দিয়ে ট্যাক্স ফাইল করান
তাহলে সর্বাধিক রিফান্ড পাবেন এবং
ভবিষ্যৎ জটিলতা থেকেও রক্ষা পাবেন।

AUTHORIZED IRS e-file PROVIDER



We are Top 500 intuit Company

Southeast USA Income Tax Services

জ্যাকসন হাইটস:
74-09 37th Avenue, Suite# 206
Jackson Heights, NY 11372
Phone: 718-639-6207
Cell: 917-566-1612

জ্যামাইকাঃ
168-16 Hillside Avenue
Jamaica, NY 11432
Phone:718-487-4507
Cell:646-464- 5944

ব্রংক্স:
1445 Unionport Road, Bronx, NY.
পার্কচেস্টার ফ্যামিলি ফার্মেসির ভিতরে
Phone: 347-621-0378
718-427-5919

e-mail: usa.bd54@gmail.com





ব্রঙ্কসে বন্ধুদের ঈদ পুনর্মিলনী

সুখে দু:খে একে অপরের পাশে থাকার অঙ্গীকার

বাংলা পত্রিকা রিপোর্ট: ব্রঙ্কসে বন্ধুদের নিয়ে গঠিত হয়েছে শিরোনামহীন এক সংগঠন। কোন নামকরণ না হলেও নিয়মিত এরা একসাথে মিলিত হয়। একে অপরের সুখ দু:খে অংশীদার হয়। মাসে অন্তত একবার একসাথে খাওয়া দাওয়া করে। তাদের উদ্যোগেই আনন্দ ও উৎসবের মধ্য দিয়ে গত ১৫ মে শনিবার সন্ধ্যায় ব্রঙ্কসের খলিল বিরিয়ানীতে অনুষ্ঠিত হলো ঈদ পুনর্মিলনী অনুষ্ঠান। অতিথিদের জন্যহরেক রকম মজাদার খাবার রান্না করেন শেফ খলিলুর রহমান।

পুনর্মিলনীতে আসা সবাইকে ধন্যবাদ জানান এ ইসলাম মামুন। তিনি বলেন, ঈদুল ফিতরের আনন্দকে বন্ধুদের মাঝে ভাগাভাগিকরে নিতে, এবং সুখে-দুঃখে একে অপরের পাশে থাকার অঙ্গীকারই এই পুনর্মিলনির মূল লক্ষ্য।

সকলের মঙ্গল কামনা করে দোয়া ও মোনাজাত পরিচালনা করেন মামুনুর রশীদ।

অনুষ্ঠানে উপসিস্থত ছিলেন কামরুজ্জামান বাবু, বিল্লাল ইসলাম, শেফ খলিলুর রহমান, মোজাফফর হোসাইন, মামুনুর রশীদ, স্বপন তালুকদার, সাংবাদিক হাবিব রহমান ও দিদার চৌধুরী, আবুল কালাম আজাদ সুইট এবং নুরে আলম জিকু।



কোভিডে ক্ষতিগ্রস্থ পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ

গত মে ১১ তারিখে জ্যামাইকার ১৬৮স্ট্রীটে "জ্যামাইকা বাংলাদেশী ইর্য়ুথ ফোরামের" উদ্দ্যেগে আসন্ন ঈদকে সামনে রেখে প্রথমবারের মতো কোভিডে ক্ষতিগ্রস্থ পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।

বিকেল সাড়ে চারটা খাদ্য সামগ্রী বিতরণ শুরু হয়, কোভিডে ক্ষতিগ্রস্থ পরিবারের সদস্যরা দীর্ঘ লাইন ধরে খাবার সামগ্রী সংগ্রহ করেন। প্রায় একশ এর বেশী পরিবারের মাঝে এই খাবার সামগ্রী বিতরণ করা হয়। খাবার সামগ্রীর মধ্যে ছিলো - ২০ পাইন্ডের চাল, সেমাই, জুস, হালিম তৈরীর মসলা, চিনি, লবন, তেল, ডাল, পেঁয়াজ, আলু, তেল এবং নুডুলস।

এই আয়োজনকে স্বার্থক করতে "জ্যামাইকা বাংলাদেশী ইর্য়ুথ ফোরামের" সদস্যদের মধ্যে যারা উপস্থিত ছিলেন, তারা হলেন - তানভীর ভূঁইয়া, মো: জাসেম, আসাদ সুমন, সোহরাব রিংকু, ফয়সাল হোসাইন (বিগ মো), তৌহিদুর রহমান, আপেল শেখ, রকি, জুয়েল, মো: উল-াহ, ইমন খান, রিফাত, মাজেদ, সুমন, রিমেল, অনিক রয়, রাফি, হাসান সুমন, কাশেম আজিজ, শিফু, জনি এবং মো: রিপন সহ আরো অনেকে।

এই আয়োজনে আরো সহযোগিতা করেছে ডি.এইচ কেয়ার হোম কেয়ার, ভালো ডট ও.আর.জি এবং সুপার ফ্রেস।



উলেখ্য এবার, জ্যামাইকা বাংলাদেশী ইর্য়ুথ ফোরামের উদ্দ্যেগে ১৬৮ স্ট্রীটের উপর পুরো রোজার মাস ইফতারের আয়োজন এবং পথচারীদের মাঝে ইফতার বিতরন করে। এতে ১৬৮ স্ট্রীটের উপর অবস্থিত বাংলাদেশী স্ট্রীট ফুড - টং এন.ওয়াই.সি এর নাইম ও রিংকু অন্যতম ভূমিকা পালন করেছে।

ঈদের পরে বাংলাদেশে কোভিডে ক্ষতিগ্রস্থ পরিবারের মাঝে এই ধরনের কার্যক্রম করা হবে বলে আয়োজকদের পক্ষ থেকে জানানো হয়। এজন্য তারা ব্যপক প্রস্তুতি গ্রহন করেছে। জ্যামাইকা বাংলাদেশী ইর্য়ুথ ফোরামের এই কার্যক্রমের সাথে, কেউ যদি সংযুক্ত হতে চান তাহলে তানভীর ভূঁইয়া (৩৪৭-৫৬৭-৩৭৭৫) এবং সুমন খান (৩৪৭-৮৩২-৭২৮০) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

নিউইয়র্ক তথা যুক্তরাষ্ট্রের মূলধারায় উদীয়মান রাজনীতিক, ডেমোক্র্যাটিক পার্টি থেকে বিগত নির্বাচনে ষ্টেট অ্যাসেম্বলীওম্যান পদে প্রতিদ্বন্দ্বিতাকারী

মেরী জোবায়দা'র

শুভ জন্মদিনে

অভিনন্দন



ডেভিড সরকার
উপস্থাপক
আশার বাণী, টাইম টেলিভিশন

বহিরাগতদের বিরুদ্ধে ভূমিকন্যা

(১৫ পাতার পর)

থেকে আমিষ তুলে দেওয়া হয়েছে। এমনকি রাম নবমী বা নবরাত্রির মত বিভিন্ন হিন্দু উৎসব পার্বনের সময় জবরদস্তি বন্ধ করে দেওয়া হচ্ছে মাছ মাংসের দোকান। বিভিন্ন পৌরসভা নিয়ম করেছে, রেস্তোরাগুলোকে বাধ্যতামূলকভাবে জানাতে হবে, কোন মাংস তারা ব্যবহার করে। 'হালাল' না 'ঝটকা'। দলের প্রতিটি ব্রেনস্টর্মিং সেশন বা চিন্তন অধিবেশনে মোদি এবং অমিত শাহ্ বলেন, বিজেপিকে হতে হবে আদর্শ প্রতিষ্ঠার বাহন।'

পশ্চিমবঙ্গ দখল করতে না পারলে সেই লক্ষ্য পূরণ অসম্ভব। সর্ব ভারতীয় উপস্থিতির জন্য পশ্চিমবঙ্গ দখল যেমন তাদের জন্য প্রয়োজনীয়, তেমনই মতাদর্শ প্রতিষ্ঠার ক্ষেত্রে। এবারের ভোটযুদ্ধ সেই আলোতেই দেখতে হবে। এরপর সৌম্য বন্দোপধ্যায় মন্তব্য করেছেন, 'সংঘাতটা হয়ে উঠেছে যতটা রাজনৈতিক, ততটাই সাংস্কৃতিক। এক দিকে 'হিন্দী, হিন্দু, হিন্দুত্ব', অন্যদিকে রবীন্দ্রনাথ নজরুলের বহুত্ববাদী বাঙালীত্ব। উত্তর ভারতীয় এক দেশদর্শী মতবাদের আগ্রাসনে এতকালের চেনা বাঙ্গালীয়ানা ভেসে যাবে কিনা, বাঙালীদেরকে তা ঠিক করতে হবে। স্বকীয়তা বজায় রেখে মাথা উঁচু করে বাঁচা, নাকি হিন্দুত্ববাদী প্রভুত্বের কাছে মাথা নোয়ানো? এই ভোট সেই চূড়ান্ত দিক নির্ণয়ের মাহেন্দ্রক্ষণ।' (প্রথম আলো: ১৯ এপ্রিল, উপ-সম্পাদকীয়, পৃষ্ঠা ৮)।

'ডেইলি স্টারে' ২১ এপ্রিলের উপ-সম্পাদকীয় নিবন্ধে একটি চাঞ্চল্যকর তথ্য দেওয়া হয়েছে। বলা হয়েছে, 'পশ্চিমবঙ্গ বিজেপি সভাপতি দিলীপ ঘোষ উত্তর ২৪ পরগনার এক জনসভায় হুমকি দেন যে বিজেপি ক্ষমতায় গেলে ৫০ লক্ষ মুসলিম অনুপ্রবেশকারীকে বের করে দেওয়া হবে। তিনি আরো হুমকি দেন নাগরিকত্ব আইনের প্রতিবাদ করতে গিয়ে যারা ভাংচুর করেছে, তাদেরকে গুলী করা হবে (They will be shot)।'

আলোচ্য কলামে (২১ এপ্রিল, পৃ: ৮) বলা হয়, ত্রিপুরায় বিজেপি সরকার আছে। আসামেও বিজেপি সরকার আছে। এখানে উল্লেখ করা দরকার যে, ২ মের নির্বাচনী ফলাফল মোতাবেক, ১২৬ টি আসন বিশিষ্ট আসাম রাজ্য বিধান সভার নির্বাচনে বিজেপি পেয়েছে ৭৬ টি আসন, কংগ্রেস ৪৮ এবং অন্যান্য ২। এখন যদি পশ্চিমবঙ্গেও বিজেপি ক্ষমতায় আসতো তাহলে বাংলাদেশ চারিদিকে পরিবেষ্টিত হতো উগ্র হিন্দু জাতীয়তাবাদী আদর্শের ৩টি রাজ্য দিয়ে। এর পরিণতি কোনোভাবেই বাংলাদেশের জন্য শুভ হতো না।

চার

এবার বিধান সভার নির্বাচন হয়েছে চারটি প্রদেশে এবং একটি কেন্দ্র শাসিত অঞ্চলে। প্রদেশ চারটি হলো আসাম, পশ্চিমবঙ্গ, তামিল নাড়ু, কেরালা এবং কেন্দ্রশাসিত পদুচারী। এরমধ্যে তিনটি রাজ্যে বিজেপি হেরেছে, দুইটি রাজ্যে জিতেছে। একটু আগেই উল্লেখ করা হয়েছে যে আসাম বিধান সভায় রয়েছে ১২৬ টি আসন। এরমধ্যে বিজেপি এবং তার মিত্র পেয়েছে ৭৬ টি, কংগ্রেস ৪৮ টি এবং অন্যেরা ২টি। আসামেও বিজেপি উগ্র হিন্দু সাম্প্রদায়িক জিগির তুলেছিল এবং তীব্র মুসলিম বিদ্বেষ ছড়িয়েছিল। আসামে প্রতিদ্বন্দ্বীতাকারী অন্যতম দল ছিল অল ইন্ডিয়া ইউনাইটেড ডেমোক্রেটিক ফ্রন্ট (এআইউডিএফ)। বিজেপি নির্বাচনী প্রচারণায় বলে যে আপনারা যদি এআইউডিএফকে ভোট দেন তাহলে আসামের মুখ্যমন্ত্রী হবেন একজন মুসলমান। তারা প্রশ্ন করেন, আপনারা কি মুসলামন বদরুদ্দীন আজমলকে মুখ্যমন্ত্রী করবেন? পদুচেরী বিধান সভার আসন সংখ্যা হলো ৩০ টি। এখানে বিজেপি নেতৃত্বাধীন এনডিএ পেয়েছে ১৬ টি আসন, ইউপিএ পেয়েছে ৯ টি আসন এবং অন্যেরা ৫ টি আসন। কেরালার বিধান সভার আসন সংখ্যা ১৪০ টি। ক্ষমতাসীন বাম গণতান্ত্রিক ফ্রন্ট পেয়েছে ৯৯ টি, সংযুক্ত ডেমোক্রাটিক ফ্রন্ট পেয়েছে ৪১ টি। এখানে বিজেপি কোনো নাক গলাতে পারেনি। তামিল নাড়ু বিধান সভার আসন সংখ্যা ২৩৪ টি। ডিএমকে নামক দলটি পেয়েছে ১৫৩ টি এবং এডিএমকে নামক দলটি পেয়েছে ৮০ টি আসন। এখানে কংগ্রেস বা বিজেপি সহ কোনো সর্বভারতীয় দল কোনো প্রভাব বিস্তার করতে পারেনি। এই নির্বাচনের মাধ্যমে প্রমাণিত হলো যে আগামীতে ভারতের জাতীয় নির্বাচন অর্থাৎ লোকসভা নির্বাচনে বিজেপিকে শক্তভাবে মোকাবেলা করার মত কোনো দল বা মোর্চা এখনো দৃশ্যমান নয়।

পশ্চিমবঙ্গে এখন অবিসংবাদিত নেতা হলেন মমতা ব্যানার্জী। ২০১১ সালের নির্বাচনে তার দল তৃণমূল কংগ্রেস পেয়েছিল ১৮৪ টি আসন। ২০১৬ সালে পায় ২১১ টি আসন। এবার পেয়েছে ২১৩ টি আসন। বলা বাহুল্য, মমতার বিজয় তথা তৃণমূলের বিজয় একটি ভূমিধ্বস বিজয়। তবে একথাও ঠিক বিজেপিও পশ্চিমবঙ্গে শক্তভাবেই ঘাটি গেড়েছে। ২০১১ সালে তাদের একজনও বিধানসভার সদস্য ছিলো না। ২০১৬ সালের নির্বাচনে তারা পায় ৩ টি আসন। কিন্তু এবার ৩ টি আসন থেকে এক লাফে অর্জন করেছে ৭৭ টি আসনে বিজয়। যে পশ্চিমবঙ্গে কংগ্রেস প্রায় ৩০ বছর রাজত্ব করেছে, কমিউনিস্ট পার্টি বা সিপিএম রাজত্ব করেছে একটানা ৩৪ বছর, সেখানে এ দুটি দল একটিও আসন পায়নি। আব্বাস উদ্দিনের দল পেয়েছে ১ টি আসন এবং স্বতন্ত্র একটি আসন। একচেটিয়াভাবে হিন্দু ভোট লাভের জন্য বিজেপি সাম্প্রদায়িকতার বিষবাষ্প ছড়িয়েছে। মমতা ব্যানার্জকে বলেছে 'মমতা বেগম'। মমতার জয় বাংলা শ্লোগানকে বলেছে আরেকটি 'পশ্চিম বাংলাদেশ' গঠনের মতলব। জয়বাংলা শ্লোগানের পাল্টা দলীয় শ্লোগান দিয়েছে 'জয় শ্রীরাম'। আমি 'টাইমস অব ইন্ডিয়া', 'দি হিন্দু' এবং 'আনন্দবাজার পত্রিকা' ভালভাবে পড়ে দেখলাম যে, মোট ভোটের ৪৮ শতাংশ পেয়েছেন মমতা ব্যানার্জী। যেখানে মোট ভোটারের ৭২ শতাংশই হিন্দু সেখানে এই ভূমিধ্বস বিজয় লাভ করতে গেলে হিন্দু ভোটারদেরও সংখ্যাগরিষ্ঠ ভোট লাভ করতে হয়েছে মমতা তথা তৃণমূলকে। ঐসব পত্রিকার মতে, মুসলিম ভোটারদের অন্তত ৯৬ শতাংশ ভোট পেয়েছেন মমতা তথা তৃণমূল। জয় বাংলা শ্লোগানের কাছে জয় শ্রীরাম পরাজিত হয়েছে। পশ্চিমবঙ্গ, কেরালা এবং তামিল নাড়ুতে হিন্দু জাতীয়তাবাদের অগ্রযাত্রা থেমে গেছে।

TODAY'S DENTAL
86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500
আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।
দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য
আপনাদের সেবায়
ডা: কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)
আমরা বাংলায় কথা বলি
REQUEST A FREE CONSULTATION
HOW TO REACH US
718-760-5500
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

একসিডেন্ট ও ইনজুরি কেইসেস
অভিজ্ঞ আমেরিকান ট্রায়াল আইনজীবি দ্বারা পরিচালিত
আইনী প্রতিষ্ঠান
LAW OFFICES OF
SURDEZ & PEREZ, P.C.
SURDEZ & PEREZ, P.C.
We Specialize in Personal Injury and Negligence Cases
Call us:
718-482-7766, 917-562-1368
প্রয়োজনে আমরাই পৌঁছে যাব আপনার কাছে
পরামর্শের জন্য ফি লাগে না
Free Consultation
কেবলমাত্র কেইসে সাফল্য লাভের পরই আমরা ফি গ্রহণ করে থাকি
আমাদের কার্যক্রম ও পরামর্শের ক্ষেত্রসমূহ:
• গাড়ী দুর্ঘটনা • বার্ণ ইনজুরি
• বাস,ট্রেন অথবা মোটর সাইকেল • নির্মাণ কাজে দুর্ঘটনা
• ব্রেইন ইনজুরি • পিছলে পড়ে গেলে
• এলিভেটর একসিডেন্ট • লেড পয়জনিং
• স্কুল লায়াবিলিটি • কুকুর কামড়ালে
• খেলার মাঠে দুর্ঘটনা • ডাক্তারের ভুল চিকিৎসা
আমাদের বৈশিষ্ট্যসমূহ:
অভিজ্ঞতা সম্পন্ন ট্রায়াল এটর্ণী দ্বারা পরিচালিত একটি আইনী প্রতিষ্ঠান। সততা ও নিষ্ঠা। ক্লায়েন্টের পক্ষে রায়ের জন্য দক্ষতার সাথে সর্বাত্মক চেষ্টা। দ্রুত কেস সেটেলমেন্টের নিশ্চয়তা
যে কোন পরামর্শের জন্য যোগাযোগ করুন
Mohammed Ali
718-482-7766
917-562-1368
alimd@surdezlaw.com
alimd1040@yahoo.com
32-72 Steinway Street, Suite# 401
Astoria, NY 11103
www.surdezperezlaw.com

জ্যাকসন হাইট্স কাজী অফিস
সম্পূর্ণ নিরিবিলি পরিবেশে নিউইয়র্ক সিটি কর্তৃক রেজিস্টার্ড কাজীর মাধ্যমে শরিয়ত সম্মতভাবে বিবাহ সম্পন্ন সহ নিউইয়র্ক সিটি'র 'ল' মোতাবেক ম্যারেজ সার্টিফিকেট ও মুসলিম কাবিননামা প্রদান করা হয়।
বিস্তারিত তথ্যের জন্য ঃ ৭১৮-৬১৮-৪০৯৩
৪১-২২ ৭৫ স্ট্রিট, ১ম তলা, এলমহার্স্ট, নিউইয়র্ক ১১৩৭৩

গান শিখুন
বাংলাদেশ কমিউনিটির সঙ্গীত অঙ্গনে অতি পরিচিত মুখ
সবিতা দাস
উচ্চাঙ্গ সঙ্গীতসহ সব ধরনের নৃত্য, গান ও তবলা শিক্ষা দেয়া হয়। বাংলা শিক্ষা ফ্রি
বহ্নিশিখা সঙ্গীত নিকেতন
৩৫-১৮, ৩৩ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
যোগাযোগঃ (৭১৮) ৭২১-৩৬৫১, ৭১৮-৮১০-৬৮৫৮

মুসলিম কাজী অফিস
ISLAMIC MARRIAGE SOLEMNIZER (NYC/S. REGISTERED)
ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো ও নিউইয়র্ক সিটির 'ল' অনুযায়ী ম্যারেজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।
মাওলানা ক্বারী মোহাম্মদ রহমতউল্লাহ মজিদী
এম, এম, বিএস-সি (অনার্স) এম,এস-সি (ভূগোল)
খতিব : ম্যানহাটন ডাউনটাউন ক্যানাল স্ট্রীট জুমা মসজিদ
ইমাম : বায়তুল ইসলাম মসজিদ এন্ড কমিউনিটি সেন্টার, ব্রঙ্কস
ম্যারেজ রেজিস্ট্রার : নিউইয়র্ক স্টেট, ইউএসএ।
পরিচালক : এম, সেতারা ট্রেড ইন্টারন্যাশনাল লিঃ (বাংলাদেশ)। বাংলাদেশ থেকে হজ্ব ও ওমরার বুকিং চলছে।
গ্রুপ ভিত্তিক/বাসায় গিয়ে 'বিশুদ্ধ কোরআন শিক্ষা' দেওয়া হয়।
যোগাযোগঃ ৬৮-১৫, ৩৮ এভিনিউ, ২য় তলা, উডসাইড, নিউইয়র্ক ১১৩৭৭ (৭- ট্রেন, ৬৯ সাবওয়ে-এর অর্থরুক উত্তরে)
ফোনঃ 347-612-7397, 718-565-8219



২০ দল নিয়ে বিশ্বকাপ আয়োজনের পরিকল্পনা আইসিসি'র

স্পোর্টস ডেস্ক: করোনাভাইরাসের কারণে স্থগিত হয়ে গেছে গত বছরের টি-টোয়েন্টি বিশ্বকাপ। মারণ এই ভাইরাসের কারণে এবারও সংক্ষিপ্ত ফর্ম্যাটের বিশ্বকাপ হওয়া নিয়ে রয়েছে সংশয়। তবে এর মধ্যেই ২০২৪ টি-টোয়েন্টি বিশ্বকাপ ২০ দলের করার ভাবনা আইসিসি'র। চলতি বছরই অক্টোবর ও নভেম্বরে ভারতে মাটিতে হওয়ার কথা টি-২০ বিশ্বকাপ। কিন্তু ভারতে করোনার প্রকোপে শেষ পর্যন্ত এই টুর্নামেন্ট কোথায় আয়োজিত করা যায় তা নিয়ে নতুন করে চিন্তা ভাবনা করছে বিশ্ব ক্রিকেটের সর্বোচ্চ নিয়ামক সংস্থা। ভারতের পরিবর্তে ২০২১ টি-টোয়েন্টি বিশ্বকাপ হতে পারে সংযুক্ত আরব আমিরাতে। আগামী বছর অস্ট্রেলিয়ার মাটিতে হওয়ার কথা ২০২২ টি-টোয়েন্টি বিশ্বকাপ। এর মধ্যেই ২০২৪ টি-টোয়েন্টি বিশ্বকাপ নিয়ে পরিকল্পনা শুরু করে দিল আইসিসি।

একটাকোবাড় বিশ্বকাপ দল সংখ্যায় পরিবর্তন এনেছে আইসিসি। কখনও টিম কমিয়েছে তো, কখনও আবার বাড়িয়েছে। ২০২৪ টি-টোয়েন্টি বিশ্বকাপে দল ফের বাড়াতে চলেছে সর্বোচ্চ নিয়ামক সংস্থা। দলে বেড়ে হতে পারে ২০। তবে তার আগে ২০২১ এবং ২০২২ টি-টোয়েন্টি বিশ্বকাপে অংশ নেবে ১৬টি দল। আইসিসি ২০২১ সালের তুলনায় আরও চারটি দলকে ঐ টুর্নামেন্টে যুক্ত করার কথা ভাবছে আইসিসি। টি-টোয়েন্টি ক্রিকেটের জনপ্রিয়তা বৃদ্ধি পাওয়ার কারণে এই পদক্ষেপ বলে মনে করছেন অনেকেই।

তবে ৫০ ওভারের অর্থাৎ ওয়ানডে বিশ্বকাপ অবশ্য অন্য নীতি নিয়েছে আইসিসি। দলের সংখ্যা কমিয়ে ১৪ থেকে ১০-এ নিয়ে আসা হয়েছে। যদিও ফের শোনা যাচ্ছে, ১০ দলের পরিবর্তে ফের ১৪ দলের টুর্নামেন্ট করার কথা ভাবছে আইসিসি। ২০০৭ সালে ক্যারিবিয়ান দ্বীপপুঞ্জে ওয়ানডে বিশ্বকাপ হয়েছিল ১৬ দলের। কিন্তু ২০১১ বিশ্বকাপে তা কমিয়ে করা হয়েছিল ১৪। ২০১৫ বিশ্বকাপেও ১৪টি দল খেললেও ২০১৯ সালে অর্থাৎ শেষ বিশ্বকাপে ১০টি দল খেলে। তবে কমনওয়েলথ বা অলিম্পিকে ক্রিকেটের অন্তর্ভুক্তর কথা ভেবে ফের টি-টোয়েন্টি বিশ্বকাপে দলের সংখ্যা বাড়াতে চলেছে আই-সিসি।

হামলা চালিয়ে যাওয়ার ঘোষণা নেতানিয়াহুর

বাংলা পত্রিকা ডেস্ক: ইসরায়েল এবং ফিলিস্তিনের মধ্যে চলমান লড়াই যেরকম তীব্র হয়ে উঠেছে তাতে খুব শিগগিরই এই সংঘাত একটি 'পূর্ণাঙ্গ যুদ্ধে' রূপ নিতে যাচ্ছে বলে আশঙ্কা করা হচ্ছে। গাজায় মুহুর্মুহু বিমান হামলা চালিয়ে যাচ্ছে ইসরায়েল। রকেট হামলায় চালিয়ে জবাব দিচ্ছে ফিলিস্তিনী প্রতিরোধ সংগঠন হামাস।

শনিবার (১৫ মে) শাতি শরণার্থী শিবিরে ইসরায়েলি ক্ষেপণাস্ত্র হামলায় মৃত্যু হয়েছে আটটি শিশু ও দুই নারীর। গুঁড়িয়ে দেওয়া হয়েছে আল জালা টাওয়ার নামে একটি বহুতল ভবন। সেখানে আল-জাজিরা, এপিসহ বেশ কয়েকটি আন্তর্জাতিক সংবাদমাধ্যমের অফিস ছিল। ইসরায়েলের দাবি, জঙ্গি সংগঠন হামাসের দপ্তর ছিল আল জালা টাওয়ারে।



এ ঘটনার পর আলাদাভাবে ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু ও ফিলিস্তিনের প্রেসিডেন্ট মাহমুদ আব্বাসের সঙ্গে ফোনে কথা বলেছেন আমেরিকান প্রেসিডেন্ট জো বাইডেন। মূলত দু'পক্ষের মধ্যে চলমান সংঘাত থামাতে তাদের সাথে কথা বলেন বাইডেন। নেতানিয়াহুর সাথে কথোপকথনে ইসরায়েলের আত্মরক্ষার অধিকারকে সমর্থন জানান বাইডেন। একইসঙ্গে বেসামরিক জনগণ ও সাংবাদিকদের জীবন রক্ষার আহ্বানও জানান তিনি। এদিকে আল জালা টাওয়ার গুঁড়িয়ে দেওয়ার কয়েক ঘণ্টা পরে ফেসবুকে দেওয়া এক পোস্টে ইসরায়েলি প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু ঘোষণা দিয়েছেন, যতক্ষণ পর্যন্ত না ইসরায়েলের নিরাপত্তা নিশ্চিত হবে ততক্ষণ পর্যন্ত হামাসের ওপর হামলা চলতে থাকবে।

ফেসবুক পোস্টে নেতানিয়াহু লিখেছেন, 'আমি সন্ত্রাসবাদী মাথাগুলোকে বলি, তোমরা লুকিয়ে থাকতে পারবে না। মাটির উপরেও নয় এবং মাটির নিচেও নয়। কাউকেই ছাড় দেওয়া হবে না। আমরা সন্ত্রাসের টাওয়ার ভেঙ্গে গুঁড়িয়ে দিয়েছি। এই টাওয়ারগুলো সন্ত্রাসী সংগঠনের সদর দপ্তর এবং অফিস হিসেবে ব্যবহার করা হতো। হামাস নেতাদের ঘরবা-ড়িও ধ্বংস করে দিচ্ছি। হামাস ও ইসলামী জিহাদের সন্ত্রাসীদের লক্ষ্যবস্তুতে আমরা আঘাত করছি। আমরা কোন নিরা-পরাধ মানুষকে হত্যা করছি না। যতদিন না আমরা আমাদের লক্ষ্য পূরণ করছি এবং ইসরায়েলের সকল নাগরিকদের শান্তি ও নিরাপত্তা নিশ্চিত করতে পারছি ততদিন পর্যন্ত এই অপারেশন চলবে।'

আন্তর্জাতিক গণমাধ্যমগুলো জানিয়েছে, গত ১০ মে থেকে শনিবার পর্যন্ত ইসরায়েলি বাহিনীর হামলায় মোট ১৪০ জন ফিলিস্তিনী নিহত হয়েছেন, যাদের মধ্যে ৩৯ জনই শিশু। আহত হয়েছেন আরো অন্তত ৯৫০ জন। অপরদিকে হামাসের রকেট হামলায় মৃত্যু হয়েছে নয়জন ইসরায়েলীর। এর মধ্যে একজন ভারতীয় নারী ও একজন ইসরায়েলি সেনা সদস্য রয়েছেন।

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

উইকেন্ড মাক্তাব ও আফটার স্কুল

আল্লাহ্‌র অশেষ মেহেরবাণীতে নিউইয়র্কের সাউথ জ্যামাইকায় আপনার সন্তানের ধর্মীয় শিক্ষার জন্য আল-মানসুর কালরচারাল সেন্টারে সুব্যবস্থা হয়েছে, তাই পাবলিক স্কুলগামী ৯৮ভাগ মুসলিম শিক্ষার্থীকে আফটার স্কুল ও উইকেন্ড মাক্তাবের মাধ্যমে প্রয়োজনীয় জাগতিক শিক্ষার পাশাপাশি অত্যাবশ্যকীয় ধর্মীয় শিক্ষালাভের সুযোগ করে দেয়াই আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য।

ফুলটাইম হিফ্‌জুল কোরআন ক্লাস

ইহা একটি পূর্ণাঙ্গ সিলেবাস সম্বলিত ৫ বছরের কোর্স যেখানে কায়দা-কোর্‌আন শিক্ষার পাশাপাশি দোয়া, আক্বীদা, আখ্‌লাক, ফিক্‌হ ও হাদীস এবং ইসলামিক ইতিহাস শিক্ষা দেয়া হয়।

সামার ক্লাস
সামার ভ্যাকেশনের সাথে সামঞ্জস্য রেখে সম্পূর্ণ একটি সিলেবাস।
সপ্তাহে ৪ দিন, জুলাই ০২-আগস্ট ৩০।
সকাল ১০:৩০ - দুপুর ১:৩০

বৈশিষ্ট্য সমূহঃ
বিজ্ঞ আলেমদের তত্ত্বাবধানে পরিচালিত
অভিজ্ঞ শিক্ষক মন্ডলী
সিলেবাস ভিত্তিক শিক্ষা ব্যবস্থা
শিক্ষাদানের ভাষা ইংরেজী
সেমিষ্টার ভিত্তিক শিক্ষা ব্যবস্থা
ছেলে মেয়েদের আলাদা সুব্যবস্থা
ভর্তি চলছে!

সম্মানিত সচেতন অভিভাবক! আপনার সন্তানের ধর্মীয় অনুভূতি জাগরণে আপনাকেই নিতে হবে সঠিক সিদ্ধান্ত, আর তা বাস্তবায়ন ও সার্বিক সহযোগিতায় আমরা দৃঢ় প্রতিজ্ঞাবদ্ধ।

পরিচালক ঃ শায়েখ মুফ্‌তি মোহাম্মদ আব্দুল্লাহ্‌
প্রাক্তন ইমাম, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট কারেকশনাল সার্ভিস।

Al-Mansoor Cultural Center
Learning • Reflecting • Celebrating • Growing
ভর্তি চলছে
Tel: 718-475-0904
646-545-1943
646-545-7924
107-57 154 Streeet, Jamaica, NY 11433

কিশোরীদের হরমোন জনিত স্বাস্থ্য সমস্যা

(শেষের পাতার পর)

ও মহিলাদের প্রজননক্ষম সময়ে হয়ে থাকে (১৫-৪৪ বছর) সংখ্যার কিছুটা তারতম্য হলেও ১৫ বছর থেকে বয়স ৪৪ বছরের দিকে যত আগাতে থাকে, পলিসিস্টিক ওভারি সিন্ড্রোমের রোগীর সংখ্যা তত বৃদ্ধি পেতে থাকে (২.২%-২৬.৭%)।

পৃথিবীর প্রত্যেকটি দেশেই পলিসিস্টিক ওভারি সিন্ড্রোমের রোগীর সংখ্যা আলাদা আলাদা রকম এবং এ সংখ্যা রোগ শনাক্তকরণের ক্রাইটেরিয়ার কারণেও আলাদা হতে পারে। ইউরোপের দেশগুলোর প্রজননক্ষম মহিলাদের ১৫-২০ শতাংশ এ সমস্যায় আক্রান্ত।

আমেরিকার দেশগুলোতে এর সংখ্যা ২০ শতাংশের কাছাকাছি। এশিয়ার দেশগুলোতে এ সংখ্যা আরও বেশি হবে বলে আশঙ্কা করা হয়। তবে বাংলাদেশে এ হার ২৫ শতাংশের কাছাকাছি হবে বলে ধরে নেওয়া হয়।

পলিসিস্টিক ওভারি সিন্ড্রোম মূলত নারীদেহে এন্ড্রোজেন (পুরুষ যৌন হরমোন)-এর আধিক্যের কারণে সংঘটিত শারীরিক সমস্যা। এক্ষেত্রে নারীদেহে এন্ড্রোজেন হরমোনের প্রভাবে বিভিন্ন রকম লক্ষণ দেখা দিতে থাকে।

যেমন- ক) অনিয়মিত মাসিক খ) অতিরিক্ত রক্তস্রাব গ) মুখে ও শরীরে অত্যধিক লোম (পুরুষালি) ঘ) ব্রণ মুখে ও শরীরের অন্যান্য অংশে। আরও কিছু শারীরিক সমস্যা এর সঙ্গে থাকতে পারে- তলপেটে ব্যথা, মকমলেরমতো কালো ত্বক (ঘাড়, বগল ইত্যাদি জায়গায়) বন্ধ্যত্ব।

এ রোগীদের টাইপ-২ ডায়াবেটিস হওয়ার ঝুঁকি অনেক বেড়ে যায়। এদের অনেকেই দৈহিক স্থূলতায় আক্রান্ত হয়, নাকডাকা ও ঘুমের সময় হঠাৎ করে শ্বাস বন্ধ হওয়া, হৃদরোগের ঝুঁকি বেড়ে যাওয়া, মানসিক ভারসাম্যহীনতা ও জরায়ু ক্যান্সারের ঝুঁকি বৃদ্ধি পেতে পারে।

পলিসিস্টিক ওভারি সিন্ড্রোম একটি জীনগত ত্রুটি ও পরিবেশগত ত্রুটির সমন্বিত ফল। জীনগত ত্রুটি আছে এমন কিশোরীর দৈহিক ওজন বৃদ্ধি পাওয়া, খুব কম শারীরিক শ্রম সম্পাদন করা ও ঝুঁকিপূর্ণ খাদ্য গ্রহণ করা ইত্যাদি এ রোগের সম্ভাবনা বাড়িয়ে দেয়।

পলিসিস্টিক ওভারি সিন্ড্রোম দেখা দেয় যখন, ডিম্বাশয় অতিরিক্ত পরিমাণে টেস্টোস্টেরন হরমোন তৈরি করতে উদ্দীপ্ত হয়। যার পিছনে পিটুইটারি গ্রন্থি কর্তৃক অতিরিক্ত এলএইচ (LH) নিঃস্বরণ ও দেহে ইনস্যুলিন রেজিস্ট্রেন্সের উপস্থিতি।

পলিসিস্টিক ওভারি সিন্ড্রোম নাম হওয়ার প্রধান কারণটি হলো, এ রোগিনীদের ডিম্বাশয়ে বিভিন্ন বয়সি, বিভিন্ন আকারের, বিভিন্ন সংখ্যার সিস্ট থাকতে পারে। কিন্তু এটি পরিষ্কারভাবে একটি হরমোনজনিত সমস্যা। অধিকাংশ রোগীর দেহে ইনস্যুলিন রেজিস্ট্রেন্স থাকে এবং তারা স্থূলকায় হয়।

লক্ষণগুলো:

১। অনিয়মিত মাসিক: বেশিরভাগ মেয়েদের ৪০ বা ৪৫ বা ৫০ দিন বা কারও কারও ক্ষেত্রে আরও বেশি দিন পর ঋতুস্রাব হয়। অধিকাংশ ক্ষেত্রে অল্প মাত্রায় ঋতুস্রাব হতে পারে, কারও কারও ক্ষেত্রে অতিরিক্ত ঋতুস্রাব হয়। মাসের পর মাস ঋতুস্রাব বন্ধ থাকাও অস্বাভাবিক নয়। বয়ঃসন্ধিকালের শুরুতেই এ সমস্যা শুরু হতে পারে, প্রজননক্ষম সময়ে অন্য যে কোনো সময়েও এ সমস্যা শুরু হতে পারে।

২। বন্ধ্যত্ব: যতজন নারী সন্তান নিতে ব্যর্থ হচ্ছে, তাদের একটা বড় অংশই পলিসিস্টিক ওভারি সিন্ড্রোমের কারণে হয়। আর এ বন্ধ্যত্বের কারণ হলো- ঋতুচক্রের অনেকগুলোতেই ডিম্বানুর অনুপস্থিতি।

৩। পুরুষালি হরমোনের অধিক মাত্রায় উপস্থিতিও এর বহিঃপ্রকাশ। এর ফল স্বরূপ নারী দেহে পুরুষদের মতো লোম দেখা দিতে পারে (হার্সোটিজম), মুখে বা শরীরের অন্যান্য জায়গায় ব্রণ হওয়া, পুরুষালিটাক ইত্যাদি। প্রতি চারজন পলিসিস্টিক ওভারি সিন্ড্রোমের নারীর তিনজনের দেহে এ লক্ষণগুলো থাকে।

৪। মেটাবলিক সিন্ড্রোম: এতে পলিসিস্টিক ওভারি সিন্ড্রোমে আক্রান্ত নারীর দেহে ইনস্যুলিন রেজিস্ট্রেন্সের লক্ষণগুলো প্রকাশ পেতে থাকে- ক্রমশ দৈহিক ওজন বৃদ্ধি হওয়া, ক্ষুধা বৃদ্ধি পাওয়া, দুর্বলতা, স্মৃতিশক্তি দুর্বলতা, ঘাড়ের পিছনে বা বগলে নরম কালো ত্বকের উপস্থিতি, রক্তের গ্লুকোজ কিছুটা বেড়ে যাওয়া, কলেস্টেরল অস্বাভাবিক থাকা ইত্যাদি।

*** রোগ শনাক্তকরণ:**

পলিসিস্টিক ওভারি সিন্ড্রোম শনাক্ত করতে সচরাচর নিুলিখিত ক্রাইটেরিয়ার যে কোনো দুটির উপস্থিতি আবশ্যক-

- নারীদেহে অতিরিক্ত এন্ড্রোজেন হরমোন উপস্থিতির প্রমাণ।
- অনিয়মিত ঋতুস্রাব।
- ডিম্বাশয়েসিস্ট।

*** পরীক্ষা-নিরীক্ষা**

- সিরাম টেস্টোস্টেরন, এলিস, এফএসএইচ।
- পেটের আল্ট্রাসনোগ্রাম।
- ওজিটিটি।

*** চিকিৎসা**

জীবন-যাত্রা ব্যবস্থাপনা: চিকিৎসার শুরুতেই খাদ্য ব্যবস্থাপনার দিকে গুরুত্বপূর্ণভাবে নজর দিতে হবে। খাদ্য ব্যবস্থাপনা রোগিনীর দৈহিক ওজন কাঙ্ক্ষিত মাত্রায় পৌঁছাতে সাহায্য করবে, বিপাকীয় প্রক্রিয়ার উন্নতি ঘটাবে যাতে করে ইনস্যুলিন রেজিস্ট্রেন্স কমে যাওয়ার সম্ভাবনা বৃদ্ধি পাবে। আদর্শ জীবন-যাপন ব্যবস্থাপনা রোগিনীর হৃদরোগ ও ডায়াবেটিস হওয়ার ঝুঁকি কমাবে।

পলিসিস্টিক ওভারি সিন্ড্রোমের খাদ্য তালিকায় শর্করার আধিক্য কম থাকবে, শকসবজি (আলু বাদে), রঙিন ফলমূল ও আমিষজাতীয় খাদ্য প্রাধান্য পাবে।

দৈহিক ওজন বিবেচনায় রেখে শারীরিক শ্রমের ব্যবস্থা করতে হবে।

*** ওষুধ**

- মহিলাদের জন্ম নিয়ন্ত্রের জন্য ব্যবহৃত পিলগুলো যাতে স্বল্প মাত্রায় ইস্ট্রোজেন ও প্রজেস্ট্রেরন থাকে, তা খুব সহায়ক ওষুধ।
- মেটফরমিন
- অবাঞ্ছিত লোম দূর করবার ক্রিম
- প্রজনন সম্ভাবনা বৃদ্ধির ওষুধ

পলিসিস্টিক ওভারি সিন্ড্রোমে আক্রান্ত নারীদের অধিকাংশই এ সমস্যার শারীরিক লক্ষণগুলোকে খুব দ্রুত বুঝতে পারেন না। কেউ কেউ লক্ষণগুলো বুঝতে পারলেও সংকোচ বোধের কারণে চিকিৎসকের শরণাপন্ন হতে দেরি করেন। যেহেতু রোগটির ব্যাপকতা ও সুদূরপ্রসারী স্বাস্থ্য ঝুঁকি আছে, তাই প্রজননক্ষম বয়সের সব নারীকে তার এ সমস্যা আছে কিনা জানার জন্য হরমোন বিশেষজ্ঞের শরণাপন্ন হওয়া জরুরি।

লেখিকা: হরমোন ও ডায়াবেটিস বিশেষজ্ঞ। সহকারী অধ্যাপক, এন্ডোক্রাইনোলজি বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়।

জ্যামাইকায় সর্ব বৃহৎ ঈদের জামাত

(২৬ পাতার পর)

পুলিশ প্রিসেঙ্কটের প্রতিনিধি। জেএমসি পরিচালনা কমিটির পক্ষ থেকে শুভেচ্ছা বক্তব্য রাখেন ট্রাষ্টিবোর্ডের চেয়ারম্যান সৈয়দ আবু মুজাফফর ও পরিচালনা কমিটির সভাপতি ডা. সিদ্দিকুর রহমান।

এছাড়াও শুভেচ্ছা বক্তব্য রাখেন, নিউইয়র্ক সিটির আগামী নির্বাচনে কুইন্স বরো প্রেসিডেন্ট পদপ্রার্থী ও সাবেক কাউন্সিলওম্যান এলিজাবেথ ক্রাউলী, সিটি কাউন্সিল পদপ্রার্থী মৌমিতা আহমেদ, মোহাম্মদ সাবুল উদ্দীন ও সাইফুল রহমান খান হারুন এবং কুইন্স কাউন্টির জাজ পদপ্রার্থী এটর্নী সোমা সাঈদ।এই ঈদের জামাতে সাবেক এমপি ও সাপ্তাহিক ঠিকানা'র ভারপ্রাপ্ত সম্পাদক এম এম শাহীন, সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক ডা. ওয়াজেদ এ খান, জেএমসি'র সাবেক সভাপতি ডা. এম এম বিল্লাহ, বিশিষ্ট লেখক মাহমুদ রেজা চৌধুরী, বিশিষ্ট ব্যবসায়ী হাজী শামসুল ইসলাম, বাংলাদে সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক একেএম ফজলে রাব্বী, যুক্তরাষ্ট্র যুবদলের সভাপতি জাকির এইচ চৌধুরী, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির প্রতিষ্ঠাতা ও সভাপতি মোহাম্মদ ফখরুল ইসলাম দেলোয়ার সহ বিপুল সংখ্যক বিশিষ্ট ব্যক্তি অংশ নেন।

আল আরাফা ইসলামিক সেন্টার: জ্যামাইকার আল আরাফা মসজিদের উদ্যোগে মসজিদে ঈদের ৪টি জামাত যথাক্রমে সকাল ৭টা, ৮টা, ৯ টা এবং ১০টায় অনুষ্ঠিত হয়। এখানে মহিলাদের জন্য পৃথক ব্যবস্থা ছিলো বলে মসজিদের সেক্রেটারী তরিকুল ইসলাম মিডিয়াকে জানান।

মসজিদ মিশন সেন্টার: জ্যামাইকার হাজী ক্যাম্প মসজিদ নামে পরিচিত মসজিদ মিশন সেন্টারে ঈদুল ফিতরের ৪টি জামাত অনুষ্ঠিত হয় যথাক্রমে সকাল ৭টা, ৮টা, ৯টা ও ১০টায়।

আমেরিকান মুসলিম সেন্টার: জ্যামাইকার আমেরিকান মুসলিম সেন্টারের উদ্যোগে পবিত্র ঈদুল ফিতরের দিন ২টি জামাত হয় যথাক্রমে সকাল সাড়ে ৮টা এবং সকাল ১০ টায় রুফুস কিং পার্কে (১৫০-২৯ জ্যামাইকা এভিনিউ, নিউইয়র্ক-১১৪৩৫)। এখানেও মহিলাদের জন্য বিশেষ ব্যবস্থা ছিল।

দারুস সালাম মসজিদ: জ্যামাইকার দারুস সালাম মসজিদ ভবনে ঈদের ৫টি জামাত যথাক্রমে সকাল ৭টা, ৭:৪৫, সাড়ে ৮টা, সোয়া ৯টা ও ১০টায় অনুষ্ঠিত হয়। প্রথম জামাত ছাড়া প্রত্যেক জামাতে মহিলাদের জন্য পৃথক ব্যবস্থা ছিলো।

বায়তুল জান্নাহ মসজিদ: পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে ব্রুকলীনের বায়তুল জান্নাহ জামে মসজিদ-এর উদ্যোগে মসজিদ সংলগ্ন ম্যাকডোনাল্ড এভিনিউ এর উপর এভিনিউ সি এবং চার্চ এভিনিউ এর মাঝে উন্মুক্ত রাস্তায় ঈদের জামাত অনুষ্ঠিত হয় সকাল সোয়া ৮টায়। এতে হাজার হাজার মুসল্লী অংশ নেন।

আল আমিন জামে মসজিদঃ এস্টোরিয়াস্থ আল আমিন জামে মসজিদের উদ্যোগে পবিত্র ঈদুল ফিতরের দিন ৪টি জামাত অনুষ্ঠিত হয় যথাক্রমে সকাল ৭টা, ৮টা ও ৯টায় এবং ১০টায়। চতুর্থ জামাতে মহিলাদের ন্যাজের জন্য বিশেষ ব্যবস্থা ছিলো।

নির্বাচনের তোড়জোড় শুরুর পর থেকে ইতিমধ্যে ৪০ জন এই পদে প্রচারের কাগজপত্র জমা দিয়েছেন। অবশ্য বর্তমান মাত্র ১০ জনের মধ্যে বেশ হাড্ডাহাড্ডি লড়াই চলছে। এর মধ্যে আলোচনায় রয়েছেন ডেমোক্রেটিক দলের সাবেক প্রেসিডেন্ট পদপ্রার্থী অ্যান্ড্রু ইয়াং, সাবেক পুলিশ কর্মকর্তা এরিখ অ্যাডামস, প্রগতিশীল কর্মী ডায়ান মোরেলস, আইনজীবী মায়া উইলি ও নিউইয়র্ক নগরের কম্পট্রোলার স্কট স্ট্রিংগার।

এদের মধ্যে স্কট স্ট্রিংগারের সম্ভাবনা বেশ ভালো থাকলেও ইতিমধ্যে তাঁর বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ উঠেছে। তিনি অবশ্য এই অভিযোগ পুরোপুরি অস্বীকার করেছেন। এরপরে রয়েছেন স্যানিটেশন বিভাগের সাবেক কমিশনার ক্যাথরিন গার্সিয়া, যিনি জলবায়ু পরিবর্তন মোকাবিলায় কাজ করার আশ্বাস দিয়েছেন। নির্বাচনের দৌড়ে বেশ এগিয়ে আছেন এরিক অ্যাডামস। তিনি সাবেক একজন পুলিশ কর্মকর্তা এবং প্রথম কৃষ্ণাঙ্গ ব্যক্তি যিনি ব্রুকলিন বরো প্রেসিডেন্ট হিসেবে সাফল্যের সঙ্গে দায়িত্ব পালন করে যাচ্ছেন। নির্বাচনের দৌড়ে সবার চেয়ে এগিয়ে আছেন অ্যান্ড্রু ইয়াং, যিনি ডি ব্লাজিওর মতো ইউনিভার্সাল বেসিক আয়ের প্রস্তাব নিয়ে নির্বাচনের মাঠে নেমেছেন। ইয়াং নির্বাচনী প্রচারে নিউইয়র্ক নগরকে বিটকয়েন ও ক্রিপ্টোকারেন্সি কেন্দ্র হিসেবে গড়ে তোলার উচ্চাভিলাষ প্রকাশ করেছেন। তবে ইয়াংয়ের চেয়ে নতুন নির্বাচনী জরিপে কিছুটা এগিয়ে রয়েছে অ্যাডামস। অন্যদিকে স্ট্রিংগারের বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ সত্ত্বেও জরিপে জনপ্রিয়তার নিরিখে তিনি তৃতীয় অবস্থানে রয়েছেন। জেনে রাখা ভালো, এবার নিউইয়র্কে প্রথমবারের মতো র‍্যাংকিংয়ের মাধ্যমে ভোটদান বাস্তবায়ন শুরু হতে যাচ্ছে। শুধু একজনকে ভোট না দিয়ে পছন্দের ক্রমানুসারে প্রার্থীদের তালিকাভুক্ত করে ভোট দেওয়া যাবে। ধরুন, আপনার তিনজন প্রার্থীকেই ভালো লাগে, তাহলে তাদের মধ্যে যাকে সবচেয়ে বেশি ভালো লাগে, তাকে এক নম্বরে, তারপর যাকে একটু কম ভালো লাগে তাকে দুই নম্বরে তালিকাভুক্ত করে ভোট দেওয়া যাবে।

বাঙালি যোদ্ধার কাছে ধরাশায়ী হয়েছিল

(প্রথম পাতার পর)

পর থেকে তীব্রতর হয়। এবার গাজা উপত্যকা থেকে ইসরাইল অভিমুখে এখন পর্যন্ত সহস্রাধিক রকেট ও ক্ষেপণাস্ত্র ছুড়েছে হামাস, যার অধিকাংশই আয়রন ডোম প্রতিরোধ ব্যবস্থা দিয়ে প্রতিহত করেছে ইসরাইল। এদিকে ইসরাইলি বিমান বাহিনীর ছোড়া গোলায় ধ্বংসস্তূপে পরিণত হচ্ছে ফিলিস্তিন। সমর বিশেষজ্ঞদের ভাষ্যে, পালটা বিমান হামলা করা না গেলে ইসরাইল সব সময়ই অপ্রতিরোধ্য। এমন পরিস্থিতিতে অনেকেই স্মরণ করেছেন ১৯৬৭ সালের তৃতীয় আরব-ইসরাইল যুদ্ধের ইতিহাস, যে যুদ্ধে ইসরাইলের যমদূত হয়ে হাজির হয়েছিলেন বাংলাদেশের সেনা কর্মকর্তা সাইফুল আজম সুজা। সাইফুল আজম পৃথিবীর ইতিহাসের একমাত্র যোদ্ধা যিনি একক ব্যক্তি হিসেবে সর্বোচ্চ সংখ্যক ইসরাইলি যুদ্ধবিমান ভূপাতিত করার অনন্য রেকর্ড গড়েছেন। একাই নাকানিচুবানি খাইয়েছিলেন বর্বর ইসরাইলি সেনাদের। এমন কৃতিত্বের জন্য বাংলাদেশের এই বৈমানিককে সে সময় 'নাত আল-সুজাহ' সামরিক সম্মাননায় ভূষিত করা হয়। এই বীর যোদ্ধার সেই গৌরবময় ইতিহাস হয়ত অনেকের অজানা। চলমান ফিলিস্তিন-ইসরাইল সংঘর্ষ পরিস্থিতিতে এই যোদ্ধার ১৯৬৭ সালে ইসরাইলকে প্রতিহত করার সেই ইতিহাস পাঠকের উদ্দেশে তুলে ধরা হলো- পাকিস্তান বিমানবাহিনীতে কর্মরত অবস্থায় ১৯৬৭ সালের জুন মাসে তৃতীয় আরব-ইসরাইল যুদ্ধ শুরু হয়। যুদ্ধে অংশ নিতে ইরাকি বিমানবাহিনীতে বদলি হন সাইফুল আজম সুজা। পশ্চিম ইরাকে অবস্থান নিয়ে ইসরাইলিদের বিরুদ্ধে যুদ্ধ করছিলেন তিনি। যুদ্ধ শুরু হওয়ার মাত্র ৫ দিনের মাথায় গাজা এবং সিনাইয়ের কর্তৃত্ব নিয়েছিল ইসরাইল। জুনের ৫ তারিখে সিরীয় বিমানবাহিনীর দুই-তৃতীয়াংশ শক্তি ধ্বংস করে দেয় ইসরাইলি বিমান সেনারা। তেমন কোনো প্রতিরোধ ছাড়াই ইসরাইল পশ্চিম তীর এবং জেরুজালেম তারা দখল করেছিল। দখল করেছিল সিরিয়ার গোলান মালভূমিও। তাদের সামনে বিন্দুমাত্র প্রতিরোধ তৈরি করতে পারেনি মধ্যপ্রাচ্যের কোনো দেশ। এ সময় ইসরাইলিদের যমদূত হয়ে জর্ডানে যান সাইফুল আজম। ৬ জুন আকাশ থেকে প্রচন্ড আক্রমণে মিসরীয় বিমানবাহিনীর যুদ্ধ-সরঞ্জাম গুঁড়িয়ে দেয় ইসরাইলি বাহিনী। একই দিন বেলা ১২টা ৪৮ মিনিটে চারটি ইসরাইলি সুপারসনিক 'ডাসল্ট সুপার মিস্টেরে' জঙ্গি বিমান ধেয়ে আসে জর্ডানের মাফরাক বিমান ঘাঁটির দিকে। এবার তাদের লক্ষ্য জর্ডানের ছোট্ট বিমানবাহিনীকে নিশ্চিহ্ন করে দেয়া। সে সময় ইসরাইলি সুপারসনিকের বিরুদ্ধে লড়াই চালিয়ে যাওয়ার মতো সমকক্ষ বিমান আরবীয়দের ছিল না। তবু ইসরাইলিদের ঠেকাতে মাফরাক বিমান ঘাঁটি থেকে 'হকার হান্টার' জঙ্গি বিমান নিয়ে বুক চিতিয়ে উড়াল দেন সাইফুল আজম। আর সেই হকার হান্টার দিয়েই ক্ষিপ্রগতির দুটি ইসরাইলি সুপারসনিক ঘায়েল করে ফেললেন সাইফুল আজম। তার অব্যর্থ আঘাতে ভূপাতিত হয় একটি ইসরাইলি 'সুপার মিস্টেরে'। আরেক আঘাতে প্রায় অকেজো হয়ে ধোঁয়া ছাড়তে ছাড়তে কোনো মতে পালিয়ে ইসরাইলি সীমানায় গিয়ে আছড়ে পড়ে আরেকটি বিমান। সে দিন অকুতোভয় বৈমানিক সাইফুল আজমের অকল্পনীয় বীরত্বের কারণে ইসরাইলের পুরো পরিকল্পনাই ভেস্তে যায়। উল্টো নিজেদেরই দুটো বিমান হারায় তারা। এমন বীরত্বের জন্য পুরস্কারস্বরূপ সাইফুল আজমকে 'হুসাম-ই-ইস্তিকলাল' সম্মাননায় ভূষিত করে জর্ডান সরকার। সাইফুল আজমের কাছে ইসরাইলি বৈমানিকদের ধরাশায়ী হওয়া পরদিনই তার কৃতিত্বে ইরাকি বৈমানিক দলের কাছে চরমভাবে পরাজিত হয় ইসরাইল। ৭ জুনে ইরাকের 'এইচ-থ্রি' ও 'আল-ওয়ালিদ' ঘাঁটি রক্ষা করার দায়িত্ব পড়ে এক ইরাকি বৈমানিক দলের কাঁধে। আর সাইফুল আজম সেই দলের অধিনায়ক। সে দিন চারটি 'ভেটোর বোম্বার' ও দু'টি 'মিরেজ থ্রিসি' জঙ্গি বিমান নিয়ে আক্রমণ চালায় ইসরাইল। একটি 'মিরেজ থ্রিসি' বিমানে ছিলেন ইসরায়েলি ক্যাপ্টেন গিডিওন দ্রোর। দ্রোরের গুলিতে নিহত হন আজমের উইংম্যান। তার হামলায় ভূপাতিত হয় দুটি ইরাকি বিমান। পরক্ষণেই এর জবাব দেন আজম। তার অব্যর্থ টার্গেটে পরিণত হয় দ্রোরের 'মিরেজ থ্রিসি'। সে আঘাতের পর বাঁচার উপায় না পেয়ে যুদ্ধবন্দি হিসেবে ধরা দেন ক্যাপ্টেন দ্রোর। ওই যুদ্ধবন্দির বিনিময়ে জর্ডান ও ইরাকের সহস্রাধিক সৈন্যকে মুক্ত করে ইসরাইল। এই ঘটনার মধ্য দিয়ে আরব-ইসরাইল যুদ্ধের প্রথম ৭২ ঘণ্টায় সাইফুল আজম একটি অনন্য রেকর্ড তৈরি করেন। ইতিহাসে তিনিই একমাত্র ব্যক্তি যিনি ভূপাতিত করেছেন সর্বোচ্চ তিনটি ইসরাইলি বিমান। যে জন্য তাকে 'নাত আল-সুজাহ' সামরিক সম্মাননায় ভূষিত করা হয়। সাইফুল আজমই পৃথিবীর ইতিহাসে একমাত্র বৈমানিক যিনি চারটি দেশের বিমানবাহিনীর সৈন্য হিসেবে দায়িত্ব পালন করেছেন। এই চারটি দেশ হল পাকিস্তান, জর্ডান, ইরাক ও মাতৃভূমি বাংলাদেশ। এ ছাড়া আটটি ভিন্ন দেশের আট বাহিনীর বিমান পরিচালনা করেছেন আজম। যুক্তরাষ্ট্র, পাকিস্তান, ইংল্যান্ড, জর্ডান, ইরাক, রাশিয়া, চীন ও নিজ মাতৃভূমি বাংলাদেশের হয়ে বিমান চালিয়েছেন তিনি। যুদ্ধক্ষেত্রে অনন্য সব অর্জন আর ইতিহাস গড়া সাইফুল আজমকে ২০০১ সালে ইউনাইটেড স্টেটস এয়ার ফোর্স বিশ্বের ২২ জন 'লিভিং ইগলস'-এর একজন হিসেবে স্বীকৃতি দেয়। সাবেক এই সেনা কর্মকর্তার যে সব কর্মকান্ড বিশ্ববাসীর কাছে বাংলাদেশকে গর্বিত করে সে সব ঘটনার কথা বর্তমান প্রজন্মের অনেকেরই অজানা। অনেকে হয়ত তার পরিচয়ও জানেন না। পাবনা-৩ আসনের সাবেক সংসদ সদস্য ছিলেন তিনি। বাংলাদেশ বিমানবাহিনীর সাবেক প্রধান এয়ারভাইস মার্শাল ফখরুল আজম তার ভাই। কিংবদন্তি এই বীর বাঙালি প্রয়াত হয়েছেন গত বছরে। ২০২০ সালের জুনে করোনায় আক্রান্ত হয়ে মারা যান তিনি। তার বয়স হয়েছিল ৮০ বছর।

টিকা গ্রহণকারীদের মাস্ক ছাড়া থাকার

(প্রথম পাতার পর)

দিয়েছে যুক্তরাষ্ট্র। এই ঘোষণাকে আমেরিকার জন্য এক মহান দিন হিসেবে আখ্যা দিয়েছেন দেশটির প্রেসিডেন্ট জো বাইডেন। বৃহস্পতিবার ওভাল অফিসে রিপাবলিকান আইনপ্রণেতাদের সঙ্গে মাস্ক খুলে ফেলেন তিনি। নতুন নির্দেশনায় বেশিরভাগ জায়গায় ঘরের ভেতরে বা বাইরে মাস্ক পরার বাধ্যবাধকতা শিথিল করা হয়েছে। তবে জনাকীর্ণ বাস, প্লেন এবং হাসপাতালে তা পরতে বলেছেন মার্কিন কর্মকর্তারা। যুক্তরাষ্ট্রের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্রের (সিডিসি) সর্বশেষ নির্দেশনায় বলা হয়েছে, পূর্ণ টিকা গ্রহণকারীরা শারিরীক দূরত্ব মেনে চলাও শিথিল করতে পারে। হোয়াইট হাউসের রোজ গার্ডেনে প্রেসিডেন্ট জো বাইডেন এবং ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিসকে নতুন এই নির্দেশনা মেনে চলতে দেখা যায়। পুরোপুরি টিকা নেওয়া হয়েছে এমন ব্যক্তিদের ক্ষেত্রে কোভিড স্বাস্থ্যবিধি শিথিল করার জন্য বাইডেনের প্রশাসনের ওপর চাপ ছিল। যুক্তরাষ্ট্রে স্বাভাবিক জীবনযাত্রায় ফেরার ক্ষেত্রে আরেকটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে আসছে হেমন্তে সেদেশের সব স্কুল পুরোপুরি চালু করার আহ্বান জানিয়েছেন ১৭ লাখ সদস্যের আমেরিকান ফেডারেশন অব টিচারস লেবার ইউনিয়নের সভাপতি।

যুক্তরাষ্ট্রে ইমিগ্র্যাশনে পাবলিক চার্জ

(প্রথম পাতার পর)

অক্টোবরে দেওয়া ট্রাম্পের নির্দেশনায় বলা হয়েছিল, স্বাস্থ্যবিমা বা হেলথ ইন্সুরেন্স ক্রয়ের সক্ষমতা দেখাতে না পারলে অভিবাসন ভিসায় আবেদনকারীদের যুক্তরাষ্ট্রে ঢুকতে দেওয়া হবে না। এ দেশে প্রবেশের ৩০ দিনের মধ্যেই অনুমোদিত স্বাস্থ্যবিমা গ্রহণের সক্ষমতা আছে অথবা আগাম জানা যায়, এমন রোগের যুক্তিসংগত চিকিৎসা ব্যয় বহনের যথেষ্ট অর্থ রয়েছে, সেটি প্রমাণ করার নিয়ম চালু করেছিলেন ট্রাম্প। ৩০ দিনের মধ্যেই স্বাস্থ্যবিমা ক্রয়ে সক্ষম না হলে তাদের আবার নিজ দেশে ফেরত পাঠানোর কথাও বলা হয়েছিল সেই নির্দেশনায়।ট্রাম্পের এমন নির্দেশনার পর অভিবাসী মহলে ব্যাপক প্রতিক্রিয়া শুরু হয়। বিশেষ করে পারিবারিক অভিবাসনে যুক্তরাষ্ট্রে আসা লোকজন সমস্যায় পড়েন। অভিবাসনকে নানা কালাকানুন দিয়ে নিয়ন্ত্রণ করার চেষ্টা করেছিলেন ট্রাম্প। প্রেসিডেন্ট জো বাইডেন ক্ষমতায় এসে যুক্তরাষ্ট্রে একটি মানবিক অভিবাসনব্যবস্থা গড়ে তোলার ঘোষণা দিয়েছেন। ট্রাম্পের সময়ে অভিবাসনবিরোধী বেশ কিছু বৈরী নির্দেশনা তিনি ইতিমধ্যেই নির্বাহী আদেশের মাধ্যমে বাতিল করেছেন। প্রেসিডেন্ট জো বাইডেন স্বাস্থ্যবিমা ক্রয়ের সক্ষমতা নিয়ে ট্রাম্পের জারি করা নির্দেশনাই শুধু বাতিল করেছেন, এমন নয়। 'পাবলিক চার্জ' নামের আরেকটি নির্দেশনায় বলা হয়েছিল, যুক্তরাষ্ট্রে সরকারি সুবিধা যেমন স্বাস্থ্যসেবা, খাদ্যনিরাপত্তা, আবাসন নিরাপত্তার মতো সহযোগিতা গ্রহণ করলে গ্রিন কার্ড দেওয়া হবে না। বাইডেন প্রশাসনের পক্ষ থেকে বলা হয়েছে, বিস্তারিত পরীক্ষা-নিরীক্ষা না করে ট্রাম্পের আরোপিত এমন নির্দেশনাটিও আপাতত কার্যকর করা হচ্ছে না। পাবলিক চার্জ কার্যকর করা নিয়ে রক্ষণশীলদের পক্ষ থেকে একটি মামলা করা হয়েছে। মামলাকারীরা পাবলিক চার্জ বিধি কার্যকর করে অভিবাসন নিয়ন্ত্রণ করার পক্ষে। যুক্তরাষ্ট্র অভিবাসন হোমল্যান্ড সিকিউরিটি বিভাগের নিয়ন্ত্রণাধীন নানা সংস্থার মাধ্যমে পরিচালিত হয়ে থাকে। হোমল্যান্ড সিকিউরিটি বিভাগের এক বিবৃতিতে বলা হয়েছে, পাবলিক চার্জ কার্যকর করা বা স্বাস্থ্যবিমা ক্রয়ের আর্থিক সক্ষমতা যাচাই করার মতো বিধিবিধান যুক্তরাষ্ট্রের জনস্বার্থ পরিপন্থী। নথিপত্রহীন শিক্ষার্থীদের করোনা প্রণোদনাসহ খাদ্য ও আবাসন সহযোগিতা পাওয়ার ক্ষেত্রে ট্রাম্প আরোপিত বাধা দূর করে সম্প্রতি বাইডেন প্রশাসনের পক্ষ থেকে আগেই একটি নির্দেশনা জারি করা হয়েছে। ১৪ মে প্রেসিডেন্ট জো বাইডেন অল্প বয়সে যুক্তরাষ্ট্রে আসা ছয়জন অভিবাসীর সঙ্গে সভা করেন। ডাকা (ডেফার্ড অ্যাকশন ফর চাইল্ডহুড অ্যারাইভালস) নামের পরিচিত ওই কর্মসূচি সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামা চালু করেছিলেন।ট্রাম্প প্রশাসনের সময় কর্মসূচিটি বন্ধ করে দেওয়া হয়। জো বাইডেন ক্ষমতায় এসে ডাকা কর্মসূচি আবার চালু করেন। ক্ষমতায় আসার পর এ কর্মসূচির আওতায় থাকা অভিবাসীদের মার্কিন নাগরিকত্ব দেওয়ার ঘোষণা দেন তিনি। তিনি সমস্থিত অভিবাসন আইন প্রণয়নের জন্য আবারও আইন প্রণেতাদের প্রতি আহ্বান জানিয়েছেন। বেশ কিছু রিপাবলিকান আইনপ্রণেতাও ডাকা কর্মসূচির প্রতি সহানুভূতিশীল। সমস্থিত অভিবাসন আইন নিয়ে বিতর্কের দীর্ঘসূত্রতা এড়িয়ে দ্রুত ডাকা কর্মসূচির অন্তর্ভুক্ত অভিবাসীদের বৈধতা দেওয়ার পৃথক আইন করা হতে পারে। এ নিয়ে রিপাবলিকান আইন প্রণেতাদের সঙ্গে সমঝোতা করার চেষ্টা করছেন প্রেসিডেন্ট জো বাইডেন।

জ্বলছে গাজাঃ নিহত ১৩২

(প্রথম পাতার পর)

ধ্বংস হয়ে গেছে বলে জানিয়েছে ফিলিস্তিনের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়। সেনাবাহিনীর মুখপাত্র বলেছেন, তারা এই রিপোর্ট যাচাই করে দেখছেন। ইসরাইল ও ফিলিস্তিনের মধ্যে যখন সহিংসতা বা যুদ্ধ ৫ম রাতে পড়েছে, তখনও মার্কিন ও আরব কূটনীতিকরা এর ইতি টানার আহ্বানের মধ্যেই সীমাবদ্ধ রয়েছেন। গাজার সাধারণ জনগণকে দেখা গেছে এক কাপড়ে ঘর ছেড়ে নিরাপদ আশ্রয়ের দিকে ছুটে যাচ্ছেন। এ খবর দিয়েছে বার্তা সংস্থা রয়টার্স। এতে বলা হয়, ভোর রাতে গাজার উত্তরাঞ্চলে তীব্র বিমান হামলা চালিয়েছে ইসরাইল।

ফিলিস্তিনি চিকিৎসকরা বলেছেন, এতে কমপক্ষে চারজন নিহত হয়েছেন। স্থানীয় অধিবাসীরা বলছেন, ভূমধ্যসাগরে অবস্থানরত ইসরাইলি বিমান বাহিনীর বোট থেকে গোলা নিক্ষেপ করা হয়েছে। তবে তা গাজা ভূখ-ে আঘাত করতে ব্যর্থ হয়েছে। জবাবে গাজা থেকে ইসরাইলের দক্ষ

বাসা ভাড়া

ব্রুকলীনের লিন্ডেন এবং হেগম্যান-এর উপর তিন বেডরুম এর সেমি বেসমেন্ট বাসা ভাড়া দেওয়া হবে। যাতায়াত: ৩ ট্রেনে পাঁচ মিনিট, ৮৩ বাস বাসার সামনে এবং এ/সি ট্রেন ট্রান্ফার নেয়া যাবে। যোগাযোগ: **৩৪৭-৮৫৮-১২৮৬**
মে-১৭/২৪

HOME FOR SALE

101 Herman st. Buffalo NY. 1 & 1/2 Story 4 bedrooms 1 bathroom, drive way, back yard, conveniently located, Mashjeed; 33 free way, Bus stops, Restaurants, nearby. Asking $59500; Tenants just moved out. Looking for written offer or text please, until June 20th; I will call the highest two offers by 25th of June. Please contact 716-544-3646 or email ritochow@yahoo.com
মে-১৭/২৪/৩১/০৭

বাসা ভাড়া

ব্রঙ্কস পার্কচেস্টার সাবওয়ের কাছে ৬ ট্রেনে ১৩-৪২ Pugsleyএ-ভিনিউ সেমিবেসমেন্টে ১, ২, ৩ বেডরুমের বাসা ভাড়া দেয়া হবে। প্রয়োজনে শুধু রুমও দেয়া হবে।
৭১৮-৮৬৪-৭৩৬৭

অ্যাপার্টমেন্ট ভাড়া

ব্রঙ্কসের ওয়েস্টচেষ্টার স্কয়ারে (জেরেগা এভিনিউর কাছে) তিন বেডরুম ও দুই বাথরুম-এর অ্যাপার্টমেন্ট ১ জুন থেকে ভাড়া হবে। যোগাযোগ: ইসলাম চৌধুরী। ফোন: ৭১৮-৭৯০-৮১৮৭
মে-১০/১৭

আবশ্যক

ব্রঙ্কসের খলিল বিরিয়ানী হাউজের জন্য জরুরি ভিত্তিতে ম্যানেজার, ওয়েটার/ওয়েট্রেস পদ সমূহে লোক নিয়োগ করা হবে। অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। যোগাযোগ: ৯২৯-৬২৪-৮৩৯৮

আবশ্যক

একটি মেডিকেল অফিসের জন্য মেডিকেল এসিসটেন্ট, সনোগ্রাফার ও রিসেপসনিস্ট আবশ্যক। যোগাযোগ: ২১২-২২৬-৮০০০
মে-১০/১৭

বাসা ভাড়া

সানিসাইড, ৪৬ স্ট্রীট এবং ৪৮ এভিনিউ অধূমপায়ী মুসলিম পরিবারের জন্য ২য় তলা সম্পূর্ণ নতুনভাবে তৈরি করা দুই বেড রুম বাসা ভাড়া দেয়া হবে। মোট ভাড়া ২০০০ ডলার। যোগাযোগঃ ৯১৭-৫৬২-১৩৬৮
এ-১৯/২৬

WANTED

We are looking for a meat store helper. Store in 160-02 Hillside Ave, Jamaica NY. Good pay based on experience. Contact: 646 610 1983 / 646 248 3437
এ-১৯/২৬

বেসমেন্ট ভাড়া

জ্যামাইকার হলিসে ৯৪-৩০ ১৯৯ নিউইয়র্ক-১১৪২৩ এ সুন্দর পরিবেশে হিলসাইড এভিনিউর কাছে একটি সুন্দর সেমি বেসমেন্ট (টু বেডরুম, বাথরুম কিচেন) পহেলা এপ্রিল থেকে ভাড়া হবে। যোগাযোগ:

বাসা ভাড়া

ব্রঙ্কসের থ্রসনেক এলাকায় (১০৩৭ কুইন্সি এভিনিউ) ১ বেড রুমের একটি ওয়াকিং বেসমেন্ট ভাড়া হবে। বিএক্স-৪০ এবং বিএক্স ৪২ বাস স্টান্ড সংলগ্ন। যোগাযোগ: ৯১৭-৫৮৭-৯৬১৬
মা-১৫/২২

রুম ভাড়া

ব্রুকলীনের সি ট্রেন সাবওয়ে এবং শেফাড় এভিনিউর পাশে ৪৩০ এসেক্স স্ট্রীটে সুন্দর, ভদ্র পরিবেশে কর্মজীবি পুরুষদেও জন্য বেড-বি-ছানা সহ পৃথক রুম, কিচেনের সাথে ডাইনিং রুমে চেয়ার-টেবিল ও ইন্টারনেটের সুবিধায় ভাড়া হবে। যোগাযোগ: ৬৩১-২৩০-০২৩০ অথবা ৭১৮-৩৪৮-৮৪২২.
মা-১৫/২২/২৯

বাসা ভাড়া

ওজনপার্কে ড্র স্ট্রীট, গ্লেনমোর এভিনিউ এবং পিটকিন এভিনিউর মাঝখানে তিন রুমের বাসা ভাড়া দেয়া হবে। এক ব্লকের মধ্যে মসজিদ ও স্কুল। কাছেই এ ট্রেনের গ্র্যান্ড এভিনিউ সাবওয়ে। যোগাযোগ: ৯১৭-৩৩৫-৫৭৯১ অথবা ৩৪৭-৪৫৯-৮৩২৫
মা-০৮/১৫

বাসা ভাড়া

জ্যামাইকার ১৬০-১৯ ৮৪ ড্রাইভ-এ গর্জিয়াস দুটি বড় বেডরুম, ওয়াকিং ক্লোজেড, ম্যাসিভ লিভিংরুম, ফুল কিচেন ও ডাইনিং স্পেস, ফুল বাথরুম এবং ব্যাক এন্ট্রেস এর বাসা ভাড়া হবে। আলোচনা সাপেক্ষে গাড়ী পার্কিং এর ব্যবস্থা। ই/এফ ট্রেনের পার্সন্স বুলেভের্ড সাবওয়ে ১০ মিটি হাঁটা পায়ের দূরত্ব এবং ৪ মিনিটের দূরত্বে কিউ৬৫, কিউ২৫ ও কিউ৩৪ বাস স্টপেজ। যোগাযোগ: ১+৯১৭-৮২১-১০১৮ অথবা ১+৯১৭-৭৭০-২৯৬৭
মা-০১/০৮

সেমি বেসমেন্ট ভাড়া

জ্যামাইকার হিলসাইড এভিনিউ সংলগ্ন ৮৭ ড্রাইভ ও ১৩৯ স্ট্রীটে রেনোভেটেড ১ বেডরুম, বিগ লিভিংরুম ও ডাইনিং-এর সেমি বেসমেন্ট ভাড়া হবে। এফ ট্রেন সাবওয়ে ৩ মিনিটের দূরত্ব। যোগাযোগ: ৬৪৬-৫২৫-৭৩১৫
ফে-১৫/২২

আবশ্যক

নিউইয়র্কের জনপ্রিয় চ্যানেল টাইম টেলিভিশন-এর জন্য ভিডিও এডিটিং ও আইটি বিভাগের জন্য অতিসত্বর একাধিক শিক্ষানবীশ এডিটর আবশ্যক। আগ্রহীদের মধ্যে পরবর্তীতে যে বা যারা ভালো করবেন তাদেরকে স্থায়ীভাবে নিয়োগ দেয়া হবে।

যোগাযোগ: ৭১৮-৪৮২-৯৯২৩ অথবা ৭১৮-৪৮২-১১৬৯

পাত্রী চাই

আমেরিকায় বসবাসরত ও প্রতিষ্ঠিত সম্ভ্রান্ত মুসলিম পরিবারের সন্তান, ৫ ফুট ৬ ইঞ্চি, সুদর্শন, এমবিএ ডিগ্রী-ধারী পাত্রের জন্য পাত্রী চাই।

যোগাযোগ: ৯২৯-৫৩০-৫২৯৩।
ই-মেইল: 3800rahman@gmail.com

উডসাইডে থ্রী ফ্যামেলী বাড়ি বিক্রি হবে

HOUSE FOR SALE IN WOODSIDE

37-11 59th St, Woodside, NY 11377
Vacant House : 3 Family
Building size: 3,080 sq ft
Building dimensions: 20ft x 52ft
Lot size: 2,483 sq ft
Lot dimensions: 25 ft x 100 ft
3 stories Legal house: 9 Bedrooms, 3 full Baths
Very close to 7 Train station
Parking: Shared driveway, Garage with 2 parking spaces
Zoning district: RSB
Price: If you pay with cash: $1.4 million. If you pay with Mortgage: $1.475 million

Contact the Owner
(718) 600-6058

স্টারলিং হোমিও কর্ণার ব্রঙ্কস
ডা. বিশ্বজিৎ চৌধুরী

DHMS (BD) BMBS (Ind) NHC (USA)
Homeopathic Consultant
সম্পূর্ণ পার্শ্বপ্রতিক্রিয়া মুক্ত হোমিও ঔষুষের মাধ্যমে নানা প্রকার জটিল রোগ আরোগ্য সাধ্য।

স্বল্পমূল্যে জার্মানী ও আমেরিকান ঔষুধ দ্বারা চিকিৎসা করা হয়
2140 Starling Avenue, Bronx, NY 10462
Ph: 347-595-4631
Mon-Sat. (2pm-8pm)
Sunday Closed

HOUSE FOR SALE

3543 Whillett Avenue,
Bronx, NY 10467
2 FAM, Cash $399,000/-
106-38 Guy R Brewer Blvd.
Jamaica, Queens, NY
One Fam + Store. Cash $499,000/=
234 East 92nd Street, Brooklyn,
3 Fam, $889,000/= Cash
Call: 917-523-4451
mkskarn@gmail.com

بسم الله الرحمن الرحيم

পাত্র চাই

New York- এ পিতা-মাতার সঙ্গে বসবাস করেন। (U.S.A. Citizen) পাত্রী Bachelor in Biomedical Engineer, From City College, CUNY, and Master in Biomedical Engineer, From Penn Univercity, Philadelphia বর্তমানে পেশাগত কাজে কর্মরত। পাত্রীর জন্য ৩২+ বয়সের যোগ্য পাত্র যোগাযোগ করুন।
Mobile Tel. No 646-591-4696
Res: 718-931-2509
e-mail: moondhs@gmail.com

বিনামূল্যে হেলথ ইন্স্যুরেন্স চান

আপনি কি বিনামূল্যে নিউইয়র্ক ষ্টেট অনুমোদিত হেলথ ইন্স্যুরেন্স পেতে চান? তাহলে আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে হেলথফাস্ট, ফিডালিস কেয়ার, মেট্রোপ্লাস, ইউনাইটেড হেলথ কেয়ার সহ অন্যান্য ইন্স্যুরেন্স প্লান পেতে সহায়তা করব!
শেখ সিরাজ, বাংলাদেশ সেন্টার
Bangladesh Center Inc
ফোন: ৯১৭-৫৪৭-৬৮৩২

সিকিউরিটি ক্যামেরা

আপনার বাসা, অফিস বা কর্মস্থল সিকিউরিটি ক্যামেরা লাগিয়ে নিরাপদ করুন।
ঘরে-বাইরে, কাছে-দূরে যেখানেই থাকুন আপনার সম্পদ ফোনের পর্দায় দেখুন।
আমরা সবচেয়ে কম খরচে অল্প সময়ে সিকিরিটি ক্যামেরা লাগাই। আজই যোগাযোগ করুন।
ফোন : 917-455-5308
ইমেইল: techlifeusa@gmail.com
Tech Life USA : 179-51 Hillside AV, Jamaica, NY-11432

কাজী অফিস

(সিটি কর্তৃক রেজিষ্ট্রিকৃত)

কাজী মোঃ বেলাল হোসেন
ইউএস এয়ারফোর্সের অধীনে কুয়েতস্থ আমেরিকান এ্যাম্বাসির প্রাক্তন দোভাষী অফিসার
বর্তমান ইমাম : বাইতুন নূর মসজিদ, ওজপনপার্ক।
ইসলামী শরীয়ত অনুযায়ী বিবাহ পড়ানো এবং নিউইয়র্ক সিটির ল' মোতাবেক ম্যারেজ সার্টিফিকেট ও মুসলিম কাবিননামা প্রদান করা হয়। ইংরেজী, আরবী এবং বাংলায় বিবাহ অনুষ্ঠান পরিচালনা করা হয়। সপ্তাহে ৭ দিন খোলা। নিউইয়র্ক সিটির প্রতিটি এলাকায় সেবা প্রদান করা হয়।
যোগাযোগ: 201-839-7579
৮৮-১৯ লিবার্টি এভিনিউ, ওজনপার্ক, নিউইয়র্ক-১১৪১৭

ফরিদ সভাপতি, সেকেন্দার সম্পাদক

(শেষের পাতার পর)

(সাউআ, আমেরিকা)-এর ২০২১-২০২২ সালের নতুন কার্যকরি কমিটি গঠিত হয়েছে। গত ৭ মে শুক্রবার বিকেলে জ্যাকসন হাইটস্থ বাংলাদেশ প্লাজায় অনুষ্ঠিত এক সভায় নির্বাচন কমিশনের প্রধান এম এ রশীদ নতুন কমিটি ঘোষণা করেন। এসময় কমিশনের অপর দু'জন সদস্য যথাক্রমে রেজাউল করিম ও আব্দুল আজিম উপস্থিত ছিলেন। নতুন কমিটির কর্মকর্তারা হলেন: মীর ফরিদ উদ্দীন আহমেদ-সভাপতি, রেজাউল এইচ চৌধুরী মানিক-সহ সভাপতি, সেকেন্দার আলী-সাধারণ সম্পাদক, যুগল কিশোর নাথ-যুগ্ম সাধারণ সম্পাদক, আনিসুল হক সোহেল-সাংগঠনিক সম্পাদক, আব্দুল আজিম-কোষাধ্যক্ষ ও তানভীর সিদ্দীকী রনি-সাংস্কৃতিক ও সমাজকল্যান সম্পাদক, কার্যকরি সদস্য মনোয়ারুল ইসলাম, তপতী রায়, প্রভাত বোস ও আসাদুজ্জামান কিরন। এম এ রশীদ ও রেজাউল করিম বিদায়ী কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদক হিসেবে গঠনতন্ত্র অনুসারে নতুন কার্যকরি কমিটির সদস্য। সংগঠনের সদস্যদের আবেদনের প্রেক্ষিতে নির্বাচন কমিশন এ কমিটি গঠন করে। সদস্য পদে একাধিক প্রার্থী আবেদন করেন। তবে আলাপ ও আলোচনার প্রেক্ষিতে একজন সদস্য তার প্রার্থীতা প্রত্যাহার করায় পুরো কমিটিই বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়।

নতুন কমিটি ঘোষণা করার পর সভাপতি মীর ফরিদ উদ্দীন আহমেদ বিদায়ী কমিটির কর্মকর্তাদের ধন্যবাদ জানান। তিনি বলেন, ঐক্য ও পারস্পারিক সম্পর্কের ভিত্তিতে সংগঠনকে এগিয়ে নিতে হবে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন এম এ মামুন, অলোক পাল, পাভেল চৌধুরী, শুভ ময় ও ফাতেমা মামুন। -প্রেস বিজ্ঞপ্তি।

ইসরাইলকে সমর্থণ করায় মেয়রপ্রার্থী

(শেষের পাতার পর)

অ্যান্ড্রু ইয়াংকে মুসলিম কমিউনিটিতে বিশেষ করে বাংলাদেশী মুসলিমদের মাঝে তীব্র প্রতিক্রিয়া দেখা দেয়। উদ্ভুত পরিস্থিতির অপ্রীতিকর ঘটনা এড়াতে ঐদিন আয়োজিত এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির ঈদ উপহার (খাদ্য সামগ্রী) বিতরণ অনুষ্ঠানে উপস্থিত হননি।

ঘটনাটি জানাজানি হওয়ার পর মূলধারার মিডিয়ায় খবরটি গুরুত্বের সাথে প্রচার ও প্রকাশিত হয়। দ্যা নিউইয়র্ক টাইমস ও এনওয়াই-ওয়ান টিভি চ্যানেল সহ বিভিন্ন মিডিয়ায় খবরটি প্রচারিত হয়।

এব্যাপারে এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটি ইনক'র সাধারণ সম্পাদক জাবেদ উদ্দীন বলেন, পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে আমাদের সংগঠনের পক্ষ থেকে ক্ষতিগ্রস্ত মানুষের মাঝে 'ঈদ উপহার' হিসেকে খাবার বিতরণের কর্মসূচী গ্রহণ করি। এজন্য ১১ মে মঙ্গলবার বেলা ৩টার দিকে এস্টোরিয়ার ৩৬ এভিনিউতে এই কর্মসূচী বাস্তবায়নের উদ্যোগ নেয়া এবং সেখানে ৩০০ মানুষের মাঝে খাবার প্যাকেট বিতরণে কথা ছিলো। কিন্তু আগের দিন অর্থাৎ সোমবার রাতে মেয়র প্রার্থী অ্যান্ড্রু ইয়ং-এর টুইট ঘিরে বিভিন্ন মহলে বিশেষ করে মুসলিম কমিউনিটিতে মিশ্র প্রতিক্রিয়া দেয়া দেয়। কেউ কেউ আমাকে এবং আমাদের সংগঠনের কর্মকর্তাদের কাছে ফোন করে তীব্র প্রতিক্রিয়া জানায় এবং মেয়র প্রার্থী অনুষ্ঠানে আসনে প্রতিবাদ জানানো হবে বলে উল্লেখ করে। পরবর্তীতে সংগঠনের কর্মকর্তারা বিষয়টি নিয়ে জরুরী আলোচনার পর মেয়র প্রার্থী অ্যান্ড্রুর অনুষ্ঠানে না আসাই ভলো বলে মতামত দিলে আমি তার সেক্রেটারীর সাথে কথা বলে তাকে অনুষ্ঠানে না আসতে অনুরোধ জানাই এবং তার টুইট নিয়ে মুসলিম কমিউনিটির প্রতিক্রিয়া ও প্রতিবাদের কথা উল্লেখ করি। পরবর্তীতে বিষয়টি মিডিয়ায় নজর কাড়ে এবং মূলধারার বিভিন্ন মিডিয়ায় গুরুত্বের সাথে খবরটি প্রকাশিত হয়। সেখানে কোন কোন মিডিয়া আমার সাক্ষাৎকারও নেয় এবং প্রচার করে।

তিনি বলেন, বৃহত্তর স্বার্থে এবং স্পর্শকাতর ইস্যু নিয়ে কমিউনিটিতে যাতে কোন ভুল-লবুঝাবুঝি না হয় বা মেয়র প্রার্থী অ্যান্ড্রুর উপস্থিতিতে কোন অপ্রীতিকর ঘটনা না ঘটে তার জন্যই তাকে অনুষ্ঠানে না আসার অনুরোধ জানানো হয়। তিনি বলেন, মুসলমান হিসেবে আমরা ফিলিস্তিনী জনগণের স্বাধীনতার সংগ্রামকে স্বাগত জানাই ও সমর্থন করি। আমি আশা করছি নিউইয়র্কে মুসলিম কমিউনিটি মিলেমিশে উদ্ভুত সমস্যার সমাধানে এগিয়ে আসবেন।

শেখ হাসিনার স্বদেশ প্রত্যাবর্তন

(শেষের পাতার পর)

বঙ্গবন্ধু হত্যাকান্ডের পর ছয় বছরের নির্বাসনজীবন কাটিয়ে ১৯৮১ সালের এই দিনে তিনি দেশের মাটিতে ফিরে আসেন। তাঁকে বহনকারী উড়োজাহাজটি সেদিন বিকেলে ভারতের রাজধানী নয়াদিল্লি থেকে কলকাতা হয়ে তৎকালীন ঢাকা কুর্মিটোলা বিমানবন্দরে এসে পৌঁছায়। এ সময় সারা দেশ থেকে আসা লাখো মানুষ তাঁকে স্বাগত জানায়, ভালোবাসায় সিক্ত হন বঙ্গবন্ধুকন্যা।

করোনা মহামারির কারণে আজ স্বাস্থ্যবিধি মেনে নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে দিবসটি উদযাপন করবে আওয়ামী লীগ এবং এর সহযোগী ও ভ্রাতৃপ্রতিম সংগঠনগুলো। দিবসটি উপলক্ষে এক বাণীতে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, 'শেখ হাসিনার স্বদেশ প্রত্যাবর্তন বাংলাদেশের গণতন্ত্রের ইতিহাসে একটি মাইলফলক।'

১৯৭৫ সালের ১৫ আগস্ট 'জাতির জনক' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের বেশির ভাগ সদস্যকে হত্যা করা হয়। তখন বিদেশে অবস্থানের কারণে ঘাতকদের হাত থেকে বেঁচে যান বঙ্গবন্ধুর দুই কন্যা শেখ হাসিনা ও শেখ রেহানা। ওই সময় স্বামীর সঙ্গে জার্মানিতে থাকা শেখ হাসিনা পরে ভারতে আশ্রয় নেন।

বঙ্গবন্ধু হত্যাকান্ডের পর বাংলাদেশকে স্বাধীনতাবিরোধীদের ধারায় নিয়ে যেতে ঘাতকগোষ্ঠী নানা ষড়যন্ত্রে লিপ্ত হয়। দুর্যোগের মধ্যে আওয়ামী লীগের নেতারাও বিভক্ত হয়ে পড়েন। পরে ১৯৮১ সালের ১৪, ১৫ ও ১৬ ফেব্রুয়ারী ঢাকায় অনুষ্ঠিত আওয়ামী লীগের জাতীয় কাউন্সিলে শেখ হাসিনার অনুপস্থিতিতেই তাঁকে দলের সভাপতি নির্বাচন করা হয়। এরপর তাঁর দেশে ফেরা ঠেকাতে নানাপ্রতিবন্ধকতা সৃষ্টি করে তৎকালীন জিয়াউর রহমানের সরকার। সামরিক শাসকের রক্তচক্ষু ও নিষেধাজ্ঞা উপেক্ষা করে ১৯৮১ সালের ১৭ মে প্রিয় স্বদেশভূমিতে ফিরে আসেন শেখ হাসিনা।

শেখ হাসিনার দেশে ফেরার দিনটিতে রাজধানী ঢাকা মিছিলের নগরীতে পরিণত হয়। সকাল থেকে মধ্যরাত পর্যন্ত ঢাকা শহর মিছিল আর স্লোগানে প্রকম্পিত হয়। দুর্যোগপূর্ণ আবহাওয়া আর প্রচন্ড ঝড়-বৃষ্টি উপেক্ষা করে লাখ লাখ মানুষ মিছিল নিয়ে রাস্তায় নামে। কুর্মিটোলা আন্তর্জাতিক বিমানবন্দর ও শেরেবাংলানগর পরিণত হয় জনসমুদ্রে। শেখ হাসিনাকে এক নজর দেখতে সেদিন দেশের বিভিন্ন প্রাণ্ত থেকে মানুষ ঢাকায় ছুটে আসে। 'জয় বাংলা, জয় বঙ্গবন্ধু' ধ্বনিতে প্রকম্পিত হয় রাজধানীর আকাশ-বাতাস।

সেদিন শেরেবাংলানগরে জনতার সংবর্ধনার জবাবে বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনা বলেন, 'সব হারিয়ে আমি আপনাদের মাঝে এসেছি, বঙ্গবন্ধুর নির্দেশিত পথে তাঁর আদর্শ বাস্তবায়নের মধ্য দিয়ে জাতির পিতার হত্যার প্রতিশোধ গ্রহণে আমি জীবন উৎসর্গ করতে চাই।' তিনি আরো বলেন, 'জীবনে ঝুঁকি নিতেই হয়, মৃত্যুকে ভয় করলে জীবন মহত্ব থেকে বঞ্চিত হয়।'

স্বদেশ প্রত্যাবর্তনের মধ্য দিয়ে শেখ হাসিনার নিরবচ্ছিন্ন দীর্ঘ সংগ্রাম শুরু হয়। তিনি দীর্ঘ চার দশক ধরে আওয়ামী লীগের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন। তিনি বহুবার হামলার শিকার হয়েছেন। তাঁকে বাঁচাতে গিয়ে তাঁর সহযোদ্ধারা জীবন দিয়েছেন। জেল-জুলুম সহ্য করেছেন, কিন্তু থেমে যাননি তিনি। চারবার প্রধানমন্ত্রী নির্বাচিত হয়েছেন। বর্তমানে টানা তৃতীয় মেয়াদে প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করছেন।

আওয়ামী লীগের কর্মসূচি

আজ সোমবার বাদ জোহর জাতীয় মসজিদ বায়তুল মোকাররমসহ দেশের সব মসজিদে দোয়া ও মিলাদ মাহফিলের আয়োজন করা হয়েছে। মন্দির, প্যাগোডা, গির্জা, উপাসনালয়ে দেশব্যাপী বিশেষ প্রার্থনা কর্মসূচির অংশ হিসেবে সকাল ৬টায় তেজগাঁও হলি রোজারি চার্চে খ্রিস্টান সম্প্রদায়, সকাল ১০টায় রাজধানীর মেরুল বাড্ডায় আন্তর্জাতিক বৌদ্ধ বিহারে বৌদ্ধ সম্প্রদায় এবং সকাল ১১টায় ঢাকেশ্বরী জাতীয় মন্দিরে হিন্দু সম্প্রদায় প্রার্থনা সভার আয়োজন করেছে। সকাল ১০টায় রাজধানীর ২৩ বঙ্গবন্ধু এভিনিউয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে ঢাকা মহানগর উত্তর আওয়ামী লীগের উদ্যোগে সীমিত পরিসরে এক আলোচনাসভা অনুষ্ঠিত হবে। এতে আওয়ামী লীগের কেন্দ্রীয় নেতারা বক্তব্য দেবেন। বিকেল ৩টায় গুলিস্তানে মহানগর নাট্যমঞ্চে ঢাকা মহানগর দক্ষিণ আওয়ামী লীগের উদ্যোগে সীমিত পরিসরে এক আলোচনাসভা অনুষ্ঠিত হবে।

CHEF WANTED
শেফ আবশ্যক
জরুরী ভিত্তিতে একজন দক্ষ শেফ আবশ্যক। বাফেলোতে মনোরম পরিবেশে নতুন রেষ্টুরেন্টে কাজ করার জন্য, কারী, তান্দুর অভিজ্ঞতা সম্পন্ন। অতী সত্বর যোগাযোগ করুন।
করিম: (917) 435-7084

কাজী অফিস
নিউইয়র্ক সিটি কর্তৃক রেজিষ্ট্রিকৃত কাজী
ইমিগ্রেশন ও সিটির ল' মুতাবিক ম্যারেজ সার্টিফিকেট প্রদান করা হয়। সহীহ ও সুন্নতী তরিকাহ বিবাহ পড়ানো হয় এবং সাক্ষীর ব্যবস্থা করা হয়। সব সময় খোলা। ইংরেজী অথবা বাংলায় বিবাহ অনুষ্ঠান পরিচালনা হয়।
Cell: 347-527-6438
ইমাম জুবাইর রাশিদ
সানিসাইড মুসলিম সেন্টার
৩৯-১৮ ৪৭ এভিনিউ, সানিসাইড, কুইন্স, নিউইয়র্ক ১১১০৪
Email:abuljubayer@gmail.com

টাইম ইনকাম ট্যাক্স সার্ভিসেস
আইআরএস অনুমোদিত e-file
• ট্যাক্স সার্ভিসেস
• নির্ভূল ট্যাক্স ফাইলিং
• নূন্যতম ফি
Our Services
> Individual Tax / Business Tax
> Self-employed Tax Include Taxi Driver & Vendor
> Corporate Tax/partnership Tax
> Small Business/vendor License, Individual tax ID Application.
Immigration
> Asylum/Citizenship application
> Petition for Relative/Affidavit of support
> Green Card / Work Authorization Renew
> Re-Entry Permit / travel Documents
All Kinds of Immigration Services
Kaysar Rahman, Tax Practitioner
37-50 74th St, 1st FL, Jackson Heights, NY 11372
Tel: 718-708-2456 Email: timetax2019@gmail.com

দালাল দ্বারা প্রতারিত হবেন কেন?
বাফেলোতে বাড়ি কেনা-বেচায়

নতুন প্রজন্মের বিশ্বস্ত লাইসেন্সড সেলস পার্সন
রাফি সাফওয়ান
ঝামেলামুক্ত সহযোগিতা দিচ্ছে
সিদ্ধান্ত নেয়ার পূর্বে যোগাযোগ করুন :
267-992-3201
Park Realty
of Western New York
155 Summer St
Buffalo, NY 14222

মুসলিম কাজী অফিস
Imam & Khatib
Bangla Bazar Jame Masjid
1351 Odell St, Bronx, NY 10462
ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো হয় এবং নিউইর্ক সিটি ল অনুযায়ী ম্যারিজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।
Quazi Moulana Abul Kashem Eahea
Ba (Hons), MA (Bangla)- Kamil-Hadith, Tafsir, Fiqh
Marriage Registrar New York State
(Muslim Nikah & Marriage Solemnization NYC)
Tel: 347-208-9055
Email:abuleahea@gmail.com

হাউজ কিপিং জব করতে চাই
হাউজ কিপিং জব (যেমন- সুইপ ও মপ করা, রান্নায় সাহায্য করা) করতে ইচ্ছুক। ঘন্টায় ৫/১০ ডলার বেতন পেলেই চলবে। যোগাযোগ: গডফ্রে রোজারিও (প্রাক্তন অফিস সহকারী, বাংলাদেশ সুপ্রীমকোর্ট)।
ফোন: ৩৪৭-৮৪৯-৭৫৪৯
৩৪৭-৮৪৯-৭৫২৩

মুসলিম কাজী অফিস

নিউইয়র্ক সিটি কর্তৃক রেজিস্ট্রিকৃত
কাজী মাওলানা ওবায়দুল হক
ইমাম ও খতিব পার্কচেষ্টার ইসলামিক সেন্টার
ইসলামী শরীয়ত অনুযায়ী বিবাহ পড়ানো এবং নিউইয়র্ক সিটির ল মোতাবেক ম্যারেজ সার্টিফিকেট ও মুসলিম কাবিননামা প্রদান করা হয়। সপ্তাহে ৭ দিন খোলা।
পরামর্শের জন্য যোগাযোগ করুন ৩৪৭-৩২০-৭২১৮
13-75 Virginia Avenue, Bronx, New York 10462

MATRIMONIAL SERVICE
কাজী অফিস (NYC Registered)
GET MARRIED ISLAMIC WAY BY
KAZI MOWLANA MD. ABUL KHAIR
IMAM & KHATUB
MASJID AL-ABRAR CULTURAL CENTER USA INC.
70-50, Broadway (Basement), Jackson Heights, NY 11372.
Phone: 646-732-7125, 929-277-7444

পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে

এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটি ইউএসএ ইনক'র পক্ষ থেকে দেশবাসী সহ সকল প্রবাসী বাংলাদেশীকে জানাই



ঈদোত্তর শুভেচ্ছা

বিশ্ব হোক করোনামুক্ত, ঘরে ঘরে আসুক
শান্তি আর সমৃদ্ধি



সোহেল আহমেদ
সভাপতি
ফোন: ৭১৮-৩০৭-৯৫৪৩

জাবেদ উদ্দিন
সাধারণ সম্পাদক
ফোন: ৩৪৭-৮৯৮-৮৩৮৩

এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটি ইউএসএ ইনক
website: astoriawelfaresociety.com



বাংলা পত্রিকা

প্রান্তিক পৃষ্ঠা

The Weekly Bangla Patrika

বাংলা পত্রিকা | The Weekly Bangla Patrika // Monday // May 17 // 2021

ইসরায়েলকে জোরালো সমর্থন বাইডেনের



বাংলা পত্রিকা ডেস্ক: ইসরায়েলকে জোরালো সমর্থন জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। নেতানিয়াহুর সঙ্গে ফোনালাপে বাইডেন বলেন, হামাস ও অন্যান্য সন্ত্রাসীগোষ্ঠীর রকেট হামলা ঠেকাতে নিজেকে রক্ষা করার অধিকার ইসরায়েলের আছে। একই সঙ্গে গাজায় নির্বিচারে বোমা হামলা বন্ধের কথা বলেছেন তিনি। অন্যদিকে ইসরায়েলকে লক্ষ্য করে গাজা থেকে রকেট হামলা বন্ধ করতে ফিলিস্তিনের প্রেসিডেন্ট মাহমুদ আব্বাসকে বলেন বাইডেন। একই সঙ্গে তিনি ফিলিস্তিনের সঙ্গে যুক্তরাষ্ট্রের অংশীদারত্ব জোরদারে নিজের প্রতিশ্রুতিও ব্যক্ত করেছেন। সেই সঙ্গে সাংবাদিককের নিরাপত্তার বিষয়েও সচেতন থাকতে বলেছেন বাইডেন। শনিবার (১৫ মে) আলজাজিরা ও এপির হাউসে হামলা করার পর এ কথা বলেন তিনি। উল্লেখ্য, ইসরায়েল ও ফিলিস্তিনীর মধ্যে লড়াই এখনো অব্যাহত রয়েছে। সর্বশেষ পাওয়া খবরে নিহতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১৪৯।



উত্তর আমেরিকা জুড়ে ফিলিস্তিনীদের বিক্ষোভ

বাংলা পত্রিকা ডেস্ক: উত্তর আমেরিকা জুড়ে নগরীগুলোতে ফিলিস্তিনের প্রতি সংহতি প্রকাশ করে বিক্ষোভ করেছে হাজার হাজার ফিলিস্তিনী। শনিবার (১৫ মে) এ বিক্ষোভ করে তারা। এ সময় তারা গাজায় ইহুদি রাষ্ট্র ইসরায়েলের বিমান হামলা বন্ধের আহবান জানায়। প্রায় দুই হাজারের বেশী লোক ব্রুকলীনের বে ব্রিজ এলাকায় সমবেত হয়ে তারা "ফ্রি, ফ্রি প্যালেস্টাইন" এবং "ফ্রম দ্য রিভার টু দ্য সি, প্যালেস্টাইন উইল বি ফ্রি" এই শ্লোগান দিতে থাকে।

তারা ফিলিস্তিনের পতাকা তুলে ধরে এবং "এন্ড ইসরাইলি এপার্থহেইড" এবং "ফ্রিডম অব গাজা" লেখা পাকার্ড প্রদর্শন করে। অনেক ইহুদি এই বিক্ষোভে যোগ দিয়েছে, তারা "নট ইন মাই নেম"এবং "সলিডারিটি উইথ প্যালেস্টাইন" লেখা প্ল্যাকার্ড প্রদর্শন করেন।

বিক্ষোভকারীরা বিপুল আরব জনসংখ্যা অধ্যুষিত এলাকার সড়ক প্রদক্ষিণ করার সময় কয়েক ডজন পুলিশ এই শান্তিপূর্ণ বিক্ষোভের দিকে তাকিয়ে থাকে। নিউ-ইয়র্ক, বোস্টন, ওয়াশিংটন, মন্ট্রিয়েল, মিসিগান ও ডিয়ারবনসহ নগরীগুলোতে এই বিক্ষোভে ফিলিস্তিনের প্রতি সংহতি প্রকাশ করা হয়।

কানাডায় পবিত্র ঈদুল ফিতর উদযাপিত

বাংলা পত্রিকা ডেস্ক: কানাডায় সাদামাটাভাবেই উদযাপিত হলো মুসলিম সম্প্রদায়ের ধর্মীয় উৎসব পবিত্র ঈদুল ফিতর। শুক্রবার (১৪ মে) ঈদ উদযাপিত হলেও করোনার কারণে কোথাও ঈদের নামাজ অনুষ্ঠিত হবার খবর পাওয়া যায়নি। মেনিটোভা থেকে সাকিবুর রহমান খান জানান, সেখানেও ঈদের কোনো জামাত অনুষ্ঠিত হয়নি। এমন কি করোনার বিধি নিষেধের জন্য কেউ কারো বাড়িতেও বেড়াতে যায়নি।



এদিকে ঈদের রাতে কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো ফেসবুকে এক মিনিটের বক্তব্যে ঈদ উপলক্ষে মুসলিম সম্প্রদায়কে শুভেচ্ছা জানান। তিনি বলেন, দীর্ঘ এক মাস সিয়াম সাধনা শেষ। এই গত মাসটি ছিল প্রার্থনা, প্রতিফলন এবং ত্যাগের সময়। কানাডায়, এই দিনটি সাধারণত পরিবার এবং প্রিয়জনদের জন্য বিশেষ সকালের ঈদের নামাজে যোগ দেয়, একে অপরের বাড়িতে বেড়াতে যায়। কিন্তু করোনার কারণে বিকল্প উপায়ে ঈদ উদযাপন করতে হচ্ছে।

তিনি আরও বলেন, এই কঠিন সময়ে কানাডার মুসলিম সম্প্রদায় নানা ভাবে অবদান রেখে যাচ্ছে সেজন্য ধন্যবাদ জানাচ্ছি। আর পরিবারের পক্ষ থেকে সোফি এবং আমি ফিতর উদযাপনের জন্য আন্তরিক শুভেচ্ছা জানাচ্ছি।


অপর দিকে, অন্টারিও প্রদেশের বাংলাদেশী বংশোদ্ভূত সংসদ সদস্য ডলি বেগমও ঈদের শুভেচ্ছা জানান। তিনি এবং তার স্বামী ব্যারিস্টার রিজওয়ান রহমান এক ভিডিও

ফিলিস্তিনে পরিস্থিতির অবনতিতে সম্পূর্ণ দায়ী ইসরাইল : ওআইসি

বাংলা পত্রিকা ডেস্ক: ফিলিস্তিনে সামগ্রিক পরিস্থিতির অবনতিতে ইসরাইলকে অভিযুক্ত করেছে মুসলিম দেশগুলোর আন্তর্জাতিক সংগঠন ইসলামি সহযোগিতা সংস্থা-ওআইসি। রোববার সংস্থাটির সদস্য ৫৭ দেশের পররাষ্ট্রমন্ত্রী ও প্রতিনিধিদের অংশগ্রহণে জরুরি ভার্চুয়াল বৈঠক অনুষ্ঠানের পর এক যুক্ত বিবৃতিতে এই অভিযোগ করে সংস্থাটি। বিবৃতিতে বলা হয়, পুরো অধিকৃত ফিলিস্তিন ভূখন্ডে ফিলিস্তিনী জনগণের বিরুদ্ধে কৌশলগত অপরাধের মাধ্যমে পরিস্থিতির অবনতির জন্য দখলদার শক্তি ইসরাইল সম্পূর্ণভাবে দায়ী।

বিবৃতিতে জাতিসংঘের নিরাপত্তা পরিষদকে সংকটের সমাধানে শিগগির ব্যবস্থা নেয়ার সাথে সাথে আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি ইসরাইলের আগ্রাসী তৎপরতা বন্ধের উদ্যোগের আহবান জানানো হয়। এর আগে ফিলিস্তিনজুড়ে চলমান অস্থিরতা ও গাজায় ইসরাইলি আগ্রাসন অব্যাহত থাকায় ওআইসি সভাপতি সৌদি আরবের অনুরোধে রোববার জরুরি এই ভার্চুয়াল বৈঠক আহবান করা হয়।

বৈঠকের শুরুতে উদ্বোধনী ভাষণে সৌদি পররাষ্ট্রমন্ত্রী ফয়সল বিন ফারহান আল-সউদ বলেন, 'ফিলিস্তিনিদের বিরুদ্ধে ইসরাইল নগ্নভাবে



সহিংসতা সৃষ্টি করছে। আমরা জেরুসালেমে ফিলিস্তিনিদের বাড়ি ইসরাইলের দখল করার নিন্দা জানাই।'

তিনি আরো বলেন, 'পূর্ব জেরুসালেম ফিলিস্তিনী ভূমি। আমরা এর কোনো ক্ষতি মেনে নেবো না।'

ইসরাইলি সামরিক আগ্রাসন বন্ধে সৌদি পররাষ্ট্রমন্ত্রী তার ভাষণে আন্তর্জাতিক সম্প্রদায়কে উদ্যোগের আহবান জানান। পাশাপাশি দুই রাষ্ট্রভিত্তিক সমাধানের ওপর ভিত্তি করে শান্তি আলোচনা আবার শুরু করার জন্য চেষ্টার আহবান জানান তিনি।

ফিলিস্তিনের পররাষ্ট্রমন্ত্রী রিয়াদ মালিকি বৈঠকে তার ভাষণের শুরুতে ইসরাইলের 'কাপুরুষোচিত হামলার' নিন্দা জানান।

তিনি বলেন, 'ফিলিস্তিনি জনতার জাগরণ স্পষ্ট করেছে, জেরুসালেম এক সম্মানিত সীমারেখা। আমাদের জনগণ ইসরাইলের ঘাতক যন্ত্রের কাছে আত্মসমর্পন করবে না।' মালিকি বলেন, 'আল্লাহর কাছে আমাদের বলা প্রয়োজন, শেষদিন পর্যন্ত আমরা প্রতিরোধ করবো। দীর্ঘমেয়াদের দখলদারিত্বের মধ্যে আমরা চলছি। এটি সমস্যার ভিত্তি। কোনো ধারাবাহিকতা ছাড়াই ফিলিস্তিনীদের বিরুদ্ধে অপরাধ সংগঠিত হয়েছে।'

বৈঠকে তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী মওলুদ চাভুশওলু তার ভাষণে বলেন, 'পূর্ব জেরুসালেম, পশ্চিম তীর ও গাজায় সাম্প্রতিক অস্থিরতার জন্য ইসরাইল এককভাবে দায়ী।'

তিনি বলেন, 'আমাদের উচিত ন্যায়বিচার ও মানবতার পক্ষে দাঁড়ানো। এখানো আর কোনো বিবেচ্য বিষয় নেই। এখন সময় আমাদের একতা ও ঐক্যমত প্রদর্শনের। উম্মাহ আমাদের নেতৃত্ব ও সাহসের প্রত্যাশা করে এবং তুরন্ত প্রয়োজনীয় সকল পদক্ষেপ নিতে প্রস্তুত রয়েছে।'

তুর্কি পররাষ্ট্রমন্ত্রী সহিংসতা বন্ধে আন্তর্জাতিক সম্প্রদায়ের দায়িত্ব পালনের পাশাপাশি জাতিসংঘের সাধারণ পরিষদের ২০১৮ সালের প্রস্তাব অনুযায়ী বেসামরিক ফিলিস্তিনীদের রক্ষায় আন্তর্জাতিক প্রতিরক্ষা ব্যবস্থাপনার গুরুত্ব তার ভাষণে উল্লেখ করেন। একইসাথে ফিলিস্তিনীদের অধিকার লংঘনের দায়ে অপরাধী ইসরাইলি রাজনীতিবিদ ও সামরিক কর্মকর্তাদের আন্তর্জাতিক অপরাধ আদালতের (আইসিসি) অধীনে জবাবদিহিতার আওতায় নিয়ে আসার কথা জানান তিনি।

ইরানের পররাষ্ট্রমন্ত্রী মোহাম্মদ জাওয়াদ জারিফ তার ভাষণে ইসরাইলকে গণহত্যা ও মানবতার বিরুদ্ধে অপরাধের দায়ে অভিযুক্ত করেন। তিনি বলেন, 'ইসরাইল শুধু প্রতিরোধের ভাষাই বোঝে এবং ফিলিস্তিনের জনগণ তাদের আত্মরক্ষায় এবং বর্ণবাদী এই শাসনের বৈষম্য প্রতিকারের পূর্ণ অধিকারী।' গাজায় অবরোধ ও সহিংসতা বন্ধে আন্তর্জাতিক সম্প্রদায়ের দায়িত্ব উল্লেখ করে ইসরাইলি অপরাধের প্রামান্য দলিল সংগ্রহে একটি পেশাদার আন্তর্জাতিক পর্যবেক্ষক সংস্থা প্রতিষ্ঠার আহবান জানান ইরানি পররাষ্ট্রমন্ত্রী।

পাকিস্তানের পররাষ্ট্রমন্ত্রী শাহ মাহমুদ কোরেশি তার ভাষণে বলেন, 'ইসরাইল গাজায় মানবাধিকার আইন লংঘন করছে।' তিনি আরো বলেন, 'অবিলম্বে গাজায় ইসরাইলি আগ্রাসন বন্ধ করতে হবে।'

পাকিস্তানী পররাষ্ট্রমন্ত্রী বলেন, 'ইতিহাসে এমন সময় আসে যখনকার সিদ্ধান্ত পরবর্তী প্রজন্ম স্মরণ করে। এই সময় ইতিহাসের সঠিক পক্ষে থাকা জরুরি। এখনই সেই রকম এক মুহূর্ত। আমাদের উচিত হবে না ফিলিস্তিনী জনগণকে সংকটের মুখে ফেলে যাওয়া।' মালয়েশিয়ার পররাষ্ট্রমন্ত্রী হিশামুদ্দিন হুসাইন তার ভাষণে বলেন, 'অনিচ্ছাকৃত হলেও আমরা দখলদার শক্তিকে আমাদের নিরবতার মাধ্যমে লজ্জাজনকভাবে উৎসাহিত করে আসছি।' তিনি বলেন, 'ফিলিস্তিনীদের ইসরাইলের শত্রুতামূলক তৎপরতা থেকে রক্ষায় ওআইসির উচিত কেন্দ্রীয় ভূমিকা পালন করে সর্বোচ্চ প্রচেষ্টা চালানো।'



খোলা মাঠে আমেরিকান মুসলিম সেন্টারের মুসলিম সেন্টারের ঈদ জামাত









সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
Safwan Travel & Multi Services Corp.



Mohammed Abdul Khaleque
MLT A.D. (CUNY Bronx Community College)

IATA Accredited Approved Travel Agent

AUTHORIZED e-file PROVIDER

২০ বছরের বেশি ইনকাম ট্যাক্স ফাইলের অভিজ্ঞতা সম্পন্ন

Design, Printing,Flyer, Business Card,Banner, Poster & more!

লিগ্যাল মাধ্যমে সর্বোচ্চ ট্যাক্স রিটার্নের নিশ্চয়তা এবং বিনামূল্যে পরামর্শ দেওয়া হয়

দেশে যাওয়ার পথে ওমরাহ্ পালনের সুযোগ

এয়ার লাইন্স টিকেট সেল সর্বনিম্ন মূল্যে! ৬৪৯+

We Provide
- Individual Tax
- Corporation Tax
- Partnership Tax
- Non-profit Tax
- Gift Tax
- Sale & Payroll Tax
- IRS & State Tax audit Representation
- Immigration
- Accounting
- Bookkeeping
- Business License
- Business Incorporation

নাক্টোর শাড়ী ঘর



Special Eid-Sale

ঈদ উপলক্ষে ৫০% পর্যন্ত ছাড়

শাড়ী, সালোয়ার,কামিজ, বোরকা, পানজাবী, বেড সিট, হেজাব, লুঙ্গী এবং অন্যান কাপড়ের বিশাল সমাহার

এয়ার লাইন্স টিকেট ও নির্ভূল ট্যাক্স ফাইলিং এর জন্য একটি নির্ভরযোগ্য বিশ্বস্ত প্রতিষ্ঠান।

Phone: 347- 621- 4940,718-300-7429

1217 White Plains Road , Bronx , NY 10472

BOMBAY
TRAVELS & GRAPHICS INC.

Grand Opening Special Grand Opening Special Grand Opening Special

সব থেকে সস্তায় টিকেট গ্যারান্টি

টার্কিস এয়ারলাইন্সে সেল সাথে ৩টি লাগেজ ফ্রি

Domestic & International





Bahalul Syed (uzzal)
President

স্পেশাল সেল: সাউদিয়া এয়ারলাইন্স

Emirates | ETIHAD AIRWAYS | SAUDIA | QATAR AIRWAYS | KUWAIT AIRWAYS | TURKISH AIRLINES | SINGAPORE AIRLINES | AmericanAirlines

DESIGN & PRINTING
- BANNER
- FLYER
- MAGAZINE
- POSTER
- CALENDAR
- BUSINESS CARD

PASSPORT PHOTO

168-25A Hillside Avenue, Jamaica NY 11432

Phone: 718-725-1332, Cell: 347-586-7124, Email: bombaytg@gmail.com

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS
Direct Lender
□ Low Closing Cost □ Good Rate
Call 718-507-LOAN for Approval
70-17, 37th Ave. Suite# 2F, Jackson Heights, NY 11372
Licensed Mortgage Banker of New York
M. Kamal, MLO
CPA

৭ জুলাই থেকে আনডকুমেন্টেডদের জন্য ১৫ হাজার ডলারের স্টিমুলাস আবেদন শুরু

নিউইয়র্কে প্রাণের স্পন্দন

এমদাদ চৌধুরী দীপু: প্রাণ ফিরেছে বিশ্বের রাজধানী খ্যাত নিউইয়র্কে। শনিবার রাত ছিল উৎসবের জনপদ নিয়ইয়র্ক। এক বছর আগে যে জনপদ ছিল মহামারী আক্রান্ত, প্রাণহীন নগরী, আজ সেখানে প্রাণের স্পন্দন। এক বছর আগে অজানা ভয়-আতংকের মাঝে ছিল যাদের জীবন, আজ তাদের মুখে হাসি আর আনন্দ, খুশীতে অনেকে আত্মহারা। বাংলাদেশী কমিউনিনিটির মধ্যেও উৎসব আনন্দ লক্ষনীয়। ঈদের আনন্দের পাশাপাশি যেনো করোনা থেকে মুক্তির আনন্দ সবার মাঝে। ব্যস্ত দিনপার করছেন রেঁস্তোরা ব্যবসায়ীরা। সাধারণ নাগরিক, ব্যবসায়ী এবং কর্মজীবী মানুষকে নানা আর্থিক সহায়তা, (বাকি অংশ ৬ পাতায়)



শাওয়ালের ছয় রোজায় পূর্ণ বছরের নেকি

হাবিবা রহমান উজরা

শাওয়াল মাসের ছয় রোজাকে ইসলাম বিশেষ গুরুত্ব দিয়েছে। পূর্বসূরি আলেমরা অত্যন্ত গুরুত্বের সঙ্গে রমজান মাসের রোজা পালন করতেন। (বাকি অংশ ৬ পাতায়)

শেখ হাসিনার স্বদেশ প্রত্যাবর্তন দিবস আজ

ঢাকা ডেস্ক: আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৪১তম স্বদেশ প্রত্যাবর্তন দিবস আজ ১৭ মে। (বাকি অংশ ৪৪ পাতায়)

হেলথ টিপস

কিশোরীদের হরমোন জনিত স্বাস্থ্য সমস্যা

ডা. শাহজাদা সেলিম

পলিসিস্টিক ওভারি সিন্ড্রোম একটি হরমোনজনিত স্বাস্থ্য সমস্যা যা সবচেয়ে বেশি সংখ্যক মানুষকে আক্রান্ত করছে। এটি প্রধানত বালিকা (বাকি অংশ ৩১ তায়)

খেলার খবর

বেইজিংয়ে কী ঘটেছিল জানালেন সানিয়া মির্জা

স্পোর্টস ডেস্ক: ভারতের টেনিস সেনসেশন সানিয়া মির্জা কয়েক দশক ধরে দাপটের সঙ্গে খেলে যাচ্ছেন। মাঝখানে মা হয়েছেন, এ কারণে (বাকি অংশ ১৫ পাতায়)

জ্যামাইকায় সর্ব বৃহৎ ঈদের জামাত

নিউইয়র্ক (ইউএনএ): বিপুল উৎসাহ-উদ্দীপনা আর ধর্মীয় ভাব-গম্ভীর পরিবেশে নিউইয়র্ক সহ উত্তর আমেরিকায় ১৩মে বৃহস্পতিবার পবিত্র ঈদুল ফিতর পালিত হয়েছে। করোনাভাইরাসের কারণে গত বছর খোলা মাঠে ঈদের জামাত অনুষ্ঠিত না হলেও এবছর করোনা পরিস্থিতির উন্নতি হওয়ায় সিডিসি'র স্বাস্থ্য নির্দেশনা মেনেই আয়োজন করা হয়েছে ঈদ জামাত। এজন্য উত্তর আমেরিকার বিভিন্ন মসজিদ ও ইসলামিক সেন্টারের উদ্যোগে নেয়া হয় (বাকি অংশ ২৬ পাতায়)



জ্যামাইকা মুসলিম সেন্টার আয়োজিত টমাস এডিসন হাইস্কুল মাঠে সর্ববৃহৎ ঈদ জামাত

সাঈদ তারেক-এর কলাম

আর জিদ নয়!



ঈদের আগে বাড়ী ফেরা নিয়ে লাখ লাখ মানুষের অবর্ণনীয় দুর্ভোগ দুর্দশার মুখেও দুরপাল্লার বাস লঞ্চ ট্রেন খুলে না দেয়ার অমান-বিক জিদের কারন রহস্যাবৃতই রয়ে গেলো!(বাকি অংশ ৩৯ পাতায়)

সাউআ আমেরিকা'র নতুন কমিটি

ফরিদ সভাপতি, সেকেন্দার সম্পাদক





নিউইয়র্ক: শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন অব আমেরিকা (বাকি অংশ ৪৪ পাতায়)


ইসরাইলকে সমর্থণ করায় মেয়রপ্রার্থী অ্যান্ড্রু ইয়াংকে এস্টোরিয়াবাসীদের বয়কট

বিশেষ প্রতিনিধি: স্বাধীনতাকামী ফিলিস্তিনীদের উপর নির্বিচারে রকেট হামলাকারী ইসরাইলকে সমর্থণ করায় মেয়রপ্রার্থী অ্যান্ড্রু ইয়াংকে এস্টোরিয়াবাসী প্রবাসী বাংলাদেশীরা বয়কট করায় তিনি স্থানীয় বাংলাদেশী একটি সংগঠনের অনুষ্ঠানে যোগ দিতে পারেননি। গত ১০ মে সোমবার রাতে নিজের টুইটারে একতরফাভাবে ফিলিস্তিনীদের বিরুদ্ধে ইসরাইলের পক্ষে অবস্থান নেয় মেয়র প্রার্থী (বাকি অংশ ৪৪ পাতায়)



ব্রঙ্কসে চাঁদ রাতে চাঁদের হাট

বাংলা পত্রিকা রিপোর্ট: ব্রঙ্কসে বাংলাবাজার বিজনেস এসোসিয়েশন (বিবিবিএ)-এর উদ্যোগে এই প্রথমবারের মত উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠিত হয়েছে চাঁদ রাত মেলা। ঈদুল ফিতরের আগের দিন গত ১২ মে (বাকি অংশ ৩৯ পাতায়)



যে প্রক্রিয়ায় বাড়ি বিক্রেতা প্রতারিত করতে পারেন



এম কামাল: এমনও হতে পারে বাড়ি বিক্রেতার দৃষ্টিতে সবচেয়ে বাজে রিয়েল এস্টেট এজেন্ট বিক্রয় এজেন্ট হিসাবে (বাকি অংশ ৩৮ পাতায়

এপি-আলজাজিরার অফিস গুঁড়িয়ে দিল ইসরায়েল, যা বলল যুক্তরাষ্ট্র

বাংলা পত্রিকা ডেস্ক : ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা উপত্যকায় অবস্থিত একটি ভবন গুঁড়িয়ে দিয়েছে ইসরায়েলি বাহিনী। এই ভবনটিতে কাতারভিত্তিক সংবাদমাধ্যম আলজাজিরার ও এপির কার্যালয় ছিল। এর আগেই ইসরায়েলের সামরিক বাহিনী আলজাজিরার কার্যালয়ে হামলা (বাকি অংশ ৩৭ পাতায়)

মিশিগানে এক সপ্তাহে পাঁচ বাংলাদেশীর মৃত্যু

বাংলা পত্রিকা ডেস্ক : যুক্তরাষ্ট্রের মিশিগান অঙ্গরাজ্যে এক সপ্তাহের মধ্যে পাঁচজন বাংলাদেশির মৃত্যু হয়েছে। এদের মধ্যে দুইজন করোনায় মারা গেছেন। অন্যরা বার্ধক্যজনিত রোগে মারা যান (বাকি অংশ ১৫ পাতায়)

করোনায় ভাইকে হারালেন মমতা

বাংলা পত্রিকা ডেস্ক : করোনায় নিজ মেজ ভাই অসীম বন্দ্যোপাধায়কে হারালেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। শনিবার সকালে কলকাতার একটি (বাকি অংশ ১৫ পাতায়

J.K. GAIN MULTISERVICES
A company you can trust ....
• Tax Services
• Life Insurance
• Health Insurance
• Auto Insurance
• Home Insurance
• Business Insurance
• TLC Insurance
• DDC. (6 hrs.)
MassMutual
LOW COST GUARANTEE
Authorized e-file Provider
Notary Public
Jaydeb Gain
ছয় ঘন্টার ডিফেন্সিভ ড্রাইভিং কোর্স
10% Insurance Cost Deduction
Up to 4 points Removal
Tel: 347-536-5107
41-15 75th Street, Suite 2
Elmhurst, NY 11373
Email: gain_jaydeb@yahoo.com
www.JKGainMulti.com

সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
IATA Approved Travel Agent
সেল সর্বনিম্ন মূল্যে! নিউইয়র্ক-ঢাকা-নিউইয়র্ক ৬৪৯+ Tax
Tel: 347 - 621- 4940, Cell: 718-300 -7429
1217 White Plains Road,Bronx,NY 10472. E-Mail: Safwantravel@gmail.com

এস্টোরিয়ায় ডিজিটাল ট্রাভেলস
ফোন: 718-721-2012
বিস্তারিত ৭ পৃ ষ্ঠায় দেখু ন

জ্যাকসন হাইটসে
মেঘনা ট্রাভেলস
718-478-1920
718-930-1494
বিস্তারিত ৩০ পাতায়

Largest & Most Reliable Travel Agent
CONCORDE
Travel Inc
Jackson Heights: 347-448-6175
Manhattan: 212-563-2800
Call: 917-355-7374
(বিস্তারিত ৫১ পাতায়)

ট্রাভেল ব্যবসায় দীর্ঘদিনের অভিজ্ঞতার আলোকে ওজনপার্কের প্রাণকেন্দ্রের অবস্থিত গ্লোবাল এয়ার সার্ভিস আপনাকে দিচ্ছে নিরাপদ এবং ঝামেলামুক্ত আকাশ ভ্রমণের সুযোগ।
গ্লোবাল এয়ার সার্ভিস
GAS GLOBAL AIR SERVICE
Your Trusted Travel Guide...
Call Now
718-296-8996
718-296-8787
718-296-5875
BRITISH AIRWAYS
WALL STREET FINANCE LLC
76-01, 101 AVE, OZONE PARK, NY 1141
FAX: 718-296-8259, EMAIL: GLBL001@YAHOO.COM

Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd Floor), LIC, NY 11101, USA. Tel: 718-482-9923, 718-482-1169. Fax: 718-482-9935. Email: banglapatrikausa@gmail.com